## অচিন্ত্যকুমার সেনপ্তপ্ত

मार्थाय विद्यक्तमा

এম. সি. সরকার আগও সব্স প্রাইভেট লিমিটেড ১৪ বহিম চাটুজ্যে স্থীট, কলিকাতা ৭৩

## প্রকাশক: স্থপ্রিয় সরকার ে সি. সরকার অ্যাপ্ত সন্স প্রাইভেট লিমিটেড ১৪, বৃদ্ধিয় চাটুন্মে স্থীট, কলিকাতা-৭৩

প্রথম সংস্করণ : শ্রাবণ ১৩৬৫

मूजक: ञीविषयक्ष मामस

১৫/১, ঈশ্বর মিল লেন কলিকাভা-৬ "আমরা হচ্ছি নর, ও নরের মধ্যে ইন্দ্র। পাতাল-কোঁড়া শিব বসানো শিব নয়। যেন খাপখোলা তরোয়াল নিয়ে বেড়াচ্ছে। বেশি আসে না, সে ভাল। বেশি এলে আমি বিহ্বল হই।"

**শ্রীরামকৃষ্ণ** 

"ত্যাগী না হলে তেজ হয় না। সকলে ভাবো, আমরা অনস্তবলশালী আত্মা—দেখ দেখি কি বল বেরায়। কিসের দীনহীনা? আমি ব্রহ্মময়ীর বেটা। কিসের রোগ কিসের ভয় কিদের অভাব? নিজের মনে মনে বলো, আমি আত্মা, আমি পূর্ণ, আমার আবার রোগ কি। বলো ঘণ্টাখাইনেক ত্চার দিন। সব রোগবালাই দূর হয়ে যাবেওঁ"

বিহৈবকানন্দ

"পড়েছ মাতৃদেবো ভব, পিতৃদেবো ভব, আমি বলি দরিজ্বদেবো ভব মুর্থদেবো ভব। দরিজ মুর্থ অক্সানী কাতর এরাই ভোমার দেবতা হোক। যে ধর্ম গরিবের ছংখ দূর করে না, মাতৃষকে দেবতা করে না তাকি আবার ধর্ম?"

বিবেকানন্দ

## ভূমিকা

ক্লৈব্যের দেশে অনন্থ বীর্য, জাড্যের দেশে অমিত কর্ম, মৃচ্ডার দেশে অলন্থ জ্ঞান, বিবেকানন্দ আবিভূতি হলেন বাংলাদেশে পুরুষদিংহরপে। নয়নে বিভাবস্থ কঠে পাধভন্ত। এনে ডাক দিলেন হরে হরে বজের মত উদাতনির্ঘোষঃ উত্তিষ্ঠিত, জাগ্রত, প্রাপ্য বরান নিবোধত। ওঠো, জাগো, যতক্ষণ না চরমতমকে প্রাপ্ত হও ততক্ষণ পর্যন্থ বিরত হয়ো না নিবৃত্ত হয়ো না। বীজের মধ্যে সংহত ভাবে নিগৃচ ভাবে রয়েছে যে বনস্পতি তাকে পরেপুশেষ্টল আদেগজেশোভার উচ্চুদিত করো।

'আমি এক ধর্ম মানি, ভার নাম পরোপকার।' বললেন স্থামীজি। আর সেই পরোপকার শুধু তুর্গভের তুর্দশামোচনই নয় মাহুষকে ভার আজার অবমাননা থেকে উদ্ধার করা। দীনহীন ভাগ্যের কার্পণ্যে মাহুষ যে ক্ষুত্র-থর্ব নয়, নয় সে যে অস্পুত্রত অধম পঞ্চম, সে বে ভেজােমর অমৃত্রপুরুষ, ভার অমােঘ মহিমা যে অমর জ্যােভিতে উদ্বারিত মাহুষকে ক্ষেই হ্রমহান অধিকারে আর্
করা। মাহুষের মধ্যে ইশ্বরকে স্থীকার করা জাাবিদ্ধার করা অভ্যর্থ না করা। বিশ্বের বিভারই বিষ্ণু। অকিঞ্নের মধ্যেও অনস্ত-এশ্বর্য নারায়ণ। ভাই স্থামীজি সোহহং বলে নিজের কাজ গুছিরে ক্ষুরে পড়েননি, মাহুষকে ভার পরম্বত্র সভার পৌছে দেবার সাধ্য করেছেন। মাহুষ ভো শুরু অয়ের প্রভানী নয়, পর্যায়ের প্রসাদেরও অংশীদার। ভাই বিবেকানন্দের আদর্শ জীবসাম্য নয়, শিবসাম্য।

কর্ম জ্ঞান ভক্তি ও প্রেমের জ্ঞান্ত সমন্ধা। কর্ম স্থান জ্ঞান প্রাপ্তি ভক্তি জাখাদন জ্ঞান ছিত্তর পহিপ্র, প্রগাঢ় জ্ঞান হৈছাই প্রেম। কর্ম ছাড়া জ্ঞান নেই জ্ঞান ছাড়া ভক্তি নেই ভক্তি ছাড়া প্রেম নেই। আর বিনা প্রেমদে না মিলে নন্দলালা।

স্থ-চন্দ্র একসঙ্গে। স্বামীজি একদিকে সর্বপাপবিশুদ্ধাত্মা স্থ্, আরেকদিকে সর্বপ্রেমমোহনাত্মা স্থাংশু।

কিন্তু আমাদের কি হবে ? আমাদের ত্যাগ নেই যোগ নেই জ্ঞান নেই ভক্তি নেই। উদ্ধ কাষ্টের অন্তর থেকে কি করে মুক্তি দেব অব্যক্ত অগ্নিকে ? স্বামীজি বলনে, তুমিও নিঃম্ব নত, ভোমারও অন্ত আছে, তার নাম কর্ম। শারীরং কেবলং কর্ম। কর্ম করেই জাগাও পুরুষকারকে। পুরুষকার জাগলেই জাগবে ঈশ্রক্তুপা, প্রজ্ঞানচক্ষ্। আর সেই জ্যোতির্ময় জ্ঞান থেকেই ভন্ধা ভক্তি। যতক্ষণ মলয় হাভয়া না আসে, পাধা চালিয়ে যাও। যতক্ষণ মল না পাভয়া যায় ততক্ষণ যুঁড়ে যাও মুক্তিকা।

এ বই সেই জল পাবার জন্মে খননের চেষ্টা।



বীরেশ্বর বিবেকানন্দ

'বড় হয়ে কী হবি রে বিলে।' বাবা হঠাৎ জিগগৈস করলেন। বাবার চোখের দিকে ভাকাল একবার বিলে। বললে, 'কোচোয়ান হব।'

তার মানে, গাভি চালাব। চাব্ক মেরে ঘোড়া ছোটাব। কিসের চাব্ক ? চেতনার চাব্ক। ঘোড়া ছটো কে-কে। ধর্ম আর কর্ম। আর গাভি! গাভি হচ্ছে আমাদের এই অলস দেশ। গাভি তো নয় গাধাবোট।

সাত বছর বয়সে অমনি একটা স্বপ্ন দেখেছিল ঐ ছেলে। শিবপূজা করে তাকে পেয়েছেন বলে মা জার নাম রেখেছিলেন বীরেশ্বর। সেই থেকেই দাঁড়িয়ে গেল বিলে।

অন্নপ্রাশনের সময় নতুন নামকরণ হল। নাম দাও নরেন্দ্র।
নরের মধ্যে যে শ্রেষ্ঠ তার নাম আবার কী হবে ও ছাড়া!

স্লেহভরে বলেন ঠাকুর রামকৃষ্ণ: 'ও আমাদের প্রাহাই করে না। কেনই বা করবে বলো! আমরা হচ্ছি নর, আরু ও হচ্ছে আমাদের ইন্দ্র, আমাদের রাজা, আমাদের অধিপতি।'

ভালো নাম নতুন হল বটে কিন্তু ডাক-নাম থেকে গেল ঐ বিলে। ঠাকুর বলেন, 'লরেন।'

বাপ বিশ্বনাথ দত্ত, মা ভ্বনেশ্বরী। বাপ হাইকোর্টের এটর্নি, দেদার রোজগার। দানেধ্যানে মৃক্তহন্ত। গানে-বাজনায় উৎসাহী। বাইবেল পড়েন আর হাফেজ আর্ত্তি করে শোনান। আর মা ? রামায়ণ-মহাভারত পড়েন, সংসারের জাঁতা ঘোরান আর পুত্তের আশায় শিবপুঁজা করেন।

স্বরং শিব এসে জন্মালো তাঁদের ধরে। গৌর মুখার্জি লেনের বাড়িতে। পৌব মাসের শেষ দিনে, মকর সংক্রোন্থিতে। সোমবারে। সুর্যোদয়ের ছ'মিনিট আগে।

বাঙলা সাল বারোশ উনসত্তর। ইংরেজি সাল আঠারোশ তেবট্ট। তারিখ :২ই জামুয়ারি।

শিব নয় তো কি। ছুর্দান্ত ছেলে। তাওব শুরু করে দিয়েছে সংসারে। এ জিনিস ভাঙছে, ও জিনিস ছুঁড়ে ফেলছে। সব এলোমেলো তছনছ করে দিছে। আদর দিয়ে বা ভয় দেখিয়ে কিছুতেই শাস্ত করা যাছে না। বাড়ির লোকজন সবাই হাক্লান্ত হযে পড়েছে। মা ভ্বনেশ্বরী বলছেন বিরক্ত হয়ে, 'শিব চাইলাম, এ যে দেখছি এক ভূত এসে জন্মালো।'

কি কবে ঠাণ্ডা করা যায়। কি কবে বন্ধ করা যায় এই উদ্ধণ্ড নৃত্য।
এক উপায় শুধু আছে। কি করে মাথায় এল ভূবনেশ্বরীর।
'শিব' মন্ত্র আউরে থানিকটা ঠাণ্ডাজল ছেলের মাথায় ঢেলে দিলেন।
ব্যস, ফুসমস্তরে ঠাণ্ডা। আর চীৎকার নেই, জিনিস ছোঁড়াছু ভি
নেই। একেবারে ভালোমানুষ ভোলানাথ।

'এমনি ধারা ছুষুমি যদি করিস, শিব তোকে নিয়ে যাবে না কৈলাসে।' মা তাকে ভয় দেখান।

এ একটা সভ্যি ভয়ের কথা সম্পেহ নেই। কেননা বিলের ভারি শিব হবার ইচ্ছে। শিব হযে যাঁড়ের পিঠে চড়ে কৈলাস বেড়ানো।

এক টুকরো গেরুয়া কাপড় পরে সেদিন বসেছে চুপচাপ। বসেছে আসন-পি<sup>\*</sup>ড়ি হযে, চোখ বৃদ্ধে।

কি যেন ঘটবে অভাবনীয়।

মা চমকে উঠে জিগগেস করলেন, 'এ কী হচ্ছে রে বিলে ?' বিলে নিশ্চিস্তকণ্ঠে জ্বাব দিলে, 'আমি শিব হয়েছি।'

কে ওকে বলে দিয়েছে শির্ণাড়া থাড়া করে চোথ বৃদ্ধে ধ্যান ইয়ানেই সাথাই জুটা গলার । তথু গলার না, গাছের শেকড়ের মত আজি ক্রিছে টোকে। থেকে-খেকে চোথ মেলে ডাকার,

अस चर्चक , वर्ग), बरम्ब करे । मान, कारक बरम

মা বলেন, 'ভূমি ধ্যানই করো বাপু শাস্ত হয়ে, ভোমার জটার কাজ নেই।'

সাধ্-সম্ভরা আসে ভিকে করতে! কারু মাথায় মস্ত জটা।
তাদের দেখে বিলে মহাখুনী। কৈলাসের খবর জিগগেস করে।
এই শীতে শিবই বা কেমন আছেন! যদি ভিকে-টিকে না দাও
খোকাবাব্, কি করে কৈলাসের ভাড়া জোটাই। ঠিকই তো!
মূল্যবান কী জিনিস আর বিলে দিতে পারে, পরনে আছে একখানা
ছোট নববন্ত্র, তাই দিয়ে দিলে অকাতরে।

কাপড় কি হল রে বিলে ?' তীক্ষকণ্ঠে মা জিগগেস করলেন। 'সাধুকে দিয়ে দিয়েছি।' পুলকিত বিশ্বয়ে বললে বিলে, 'জানো মা, কাপড় বেচে পয়সা পাবে। পয়সা জমিয়ে কৈলাসের টিকিট কাটবে —'

এ আরেক নতুন বিপদ হল দেখছি। তাই দোরগোড়ায় সাধু এসে দাড়ালেই মা তাকে ঘরের মধ্যে বন্ধ করে শ্লাখেন। মা'র একার সাধ্যি নেই পারেন তার সঙ্গে, তাই তাকে শাসৰ-দমন করবার জ্বতে ছ-ছটো ঝি রেখে দিয়েছেন বিশ্বনাথ। তিনজ্বের সঙ্গে একা কি করে এটি উঠবে ? ঘবেব মধ্যে তাকে ঠেলে দিয়ে বাইরে থেকে দবজায় শেকল লাগিয়ে দেয় অনায়াসে।

তা দিক। কিন্তু ঘরের জানলা তো খোলা আছে। তারই মধ্যে দিয়ে ঘরের জিনিস ছুঁড়ে ফেলতে লাগল বাইরে, কৈলাসগামী সাধ্দের উদ্দেশ্তে! নাও তোমরা সব কুড়িয়ে, জামা-কাপড় থালা-গোলাশ বই-খাতা—সব তোমাদের ভিক্ষে দিচ্ছি।

তথন খুলে দাও দরজা। শিব বলে মাথায় আবার জল ঢালো।

বাজিতে এক রাজ্যের পোষা প্রাণী। ছথেল গাই, ছাগল, মরুর,

ক্রোগাল। নানা রঙের পাখি, নানা জাতের পায়রা। একটা বাঁদর।

ক্রি. জাব এদের সঙ্গে। আর্র ভাব, বাবার গাড়ি হাঁকায় বে

ক্রিয়ারান নেই কোচোয়ানের সঙ্গে। মাথায় পাগড়ি, হাভে চাবুক,

ক্রের মত চেহারার সে লোকটা। কেমন অলম্বলে। শিব

ভো ব তৈর উপর চড়ে, চলে চিমে-তেভলায়। ভার চেয়ে কোচোয়ান অনেক ভালো। আমি কোচোয়ান হব। বেগবান ঘোড়া ছোটাব।

মার কাছে বসে রামায়ণ পড়ে। রামকে বড় ভালো লাগে। মাটির একটি রাম-সীতার যুগল মৃতি কিনে এনেছে মেলা থেকে। তাই নিরালায় বসে পূজো করে তার থেয়ালমত।

শুণু কোচোয়ানের সঙ্গে নয়, সইসের সঙ্গেও তার বন্ধৃতা। কিন্তু সইসের বড় কটা কেন, কী হল তোমার ? আর কি হবে, সংসারের ঝামেলা। কি কুক্ষণেই যে বিয়ে করেছিলুম, বিয়ের থেকেই সংসার, আর তার থেকেই যত হঃখ, যত ঝকমারি।

ঠিকই তো। রাম-সীতারও যত ছঃখ সব এই বিয়ে হয়েছিল বলে। তবে ? চলবে না রাম-সীতা, যারা ছঃখ পাবার জন্মে জেনে-শুনে বিয়ে করে চলবে না তাদেরকে ভালোবাসা। আন্তাবলের সইস বিলের মন খাঁটি করে দিয়েছে —বিয়ে ভালো নয়, বিয়ে ঝঞ্চেট।

চলবে না যুগল মুর্তি। তার চেয়ে শিব ভালো, একাকী শিব।
রাম সীতার মুর্তি ছুঁড়ে ফেলে দিল রাস্তায়। এতটুকু দিধা
করল না। তার আদর্শের সঙ্গে যার মিল নেই তাকে সে এমনি
করেই নস্তাৎ করতে পারে। স্বশ্ন ভেঙ্গে গেল বলে আফসোস
করে না। হোক তা মধ্র হোক তা স্বর্ণময়, সমস্ত বন্ধন থেকে মুক্তি
চাই। মুক্তি চাই সমস্ত আসক্তি থেকে।

विल (य निष्कृष्टे भिव।

ঠাকুর বলেন, 'বসানো শিব নয়, পাতাল ফোঁড়া শিব।'

2

জ্ঞাত যাবে, জ্ঞাত গেল — এই কেবল কানে আসে। জ্ঞাত যে কি জ্ঞানিস, কি করে কোন পথ দিয়ে যে চলে যায় ভেবে পায় না বিলে। ও কি টাকা-কঙ্কি যে হারিয়ে যায় ? না, ও কি জামাকাপড় ছি ভূ যায় ? চামড়ার মতন ও কি গায়ে লেগে থাকে ? নানা জাতের মকেল আসে বাবার কাছে। বৈঠকখানায় তাদের জন্তে আলাদা-আলাদা হুঁকো। এটা বামুনের এটা শুদ্ধুরের ওটা মুসলমানের। এ যদি ওরটাতে মুখ দেয় তাহলেই জাত যায়। ধোঁয়া হয়ে বেরিয়ে যায় বোধহয়। জানতে ভারি কৌতুহল হল বিলের। আমি তো কায়েত, মুসলমানের হুঁকোতে টান দিলে জাত নিশ্চয়ই বেরিয়ে যাবে মুখ দিয়ে, কিংবা নাক দিয়ে নিশ্বাসের সঙ্গে। দেখি বেরুবার সময় আবার তাকে ধরতে পারি কিনা।

মুসলমানের হু কোতেই টান দিলে সটান।

'ও কি হচ্ছে রে বিলে ?' বাবা কখন ঢুকে পড়েছে ঘরের মধ্যে। 'দেখছি কোনখান দিয়ে জাত যায়!'

বিশ্বনাথ তো থ।

জাত যায় না। জাত বলে কিছু নেই। যাকে ছোট করে রেখেছি, যাকে ছুঁই না, সেও আমাকে ছোট করে রেখেছে, সেও আমাকে ছোয় না। কিন্তু যদি তাকে ছুঁই, সে আমার ছাত ধরে পাশে এসে দাড়ায়। প্রদেশ তখন দেশ আর দেশ তখন মহাদেশ হয়ে ওঠে।

প্রতিরাত্তে অস্কৃত স্বপ্ন দেখে বিলে। চোথ ব্যলেই ছ-ভুক্কর মাঝখানে একটা আলার বিন্দু ফুটে ওঠে, সেটা ক্রমশ ঘোরে, বড় হয়, ফেটে পড়ে অসক্স ঔজ্জ্বল্যে সর্বদেহ স্নান করিয়ে দেয়। ঘুম আসবার এইটেই ব্ঝি স্বাভাবিক রীতি, এই প্রথমটা মনে হয়। সমবয়সীদের জিগগেস করে, হ্যা রে, ঘুমোবার সময় কপালের মধ্যে আলো দেখিস ? ঘুম নানেই তো অস্ক্রকার, অস্ক্রকার দেখি। এ আরেক ভাবনা ধরল। কে এর উত্তর দেবে ?

'লরেন, ঘুমিয়ে পড়বার আগে আলো দেখিস ?' জিগগেস করলেন ঠাকুর।

'তুমি কি করে জানলে ?' 'যে করেই জানি না কেন, দেখিস কিনা ? 'দেখি।'

উৎফুল হলেন ঠাকুর। বললেন, 'তোর এমন চকু ভূই দেখবিনে ?'

পাড়ার ছেলেদের সঙ্গে নানারকম থেলা থেলে বিলে। একটা থেলা হছে ধ্যান ধ্যান থেলা। ভার মানে, সবাই চোখ বৃজে বসে পায়ের উপর পা মৃড়ে, আর কৈলাসবাসী নিবের কথা ভাবে। কতকণ পরে বিলের কাছে তা আর খেলা থাকে না, একটা অপূর্ব তন্ময়তায় ভা সত্য হয়ে ওঠে। আসন ছেড়ে আর উঠতেই চায় না। সেদিন একটা সাপ এসেছে সামনে। 'সাপ—' বলে ভয় পেয়ে সঙ্গীরা সব ছুট দিলে, কিন্তু বিলে নির্বিচল। নাগ যার নিরোভ্ষণ সেই মহাদেব আকর্ষণেই এসেছে বৃঝি এই বিষধর। খানিককণ স্তর্ক হয়ে থেকে সাপ আবার চলে গেল এ কৈ-বেঁকে।

'সবাই ছুটে পালাল, ছুই উঠলি না যে ?' বাবা জিগগেদ করলেন।

'কে জানে! সাপ যে এসেছে শুনতেই পাইনি। আমি এক আনন্দসাগরে ডুবে ছিলাম।' চারপাশে তাকালো একবার বিলে। 'কিন্তু কই, সাপ আমাকে কিছু করল না তো!'

ছ-বছর বয়সে বাবা পাঠশালায় পাঠিয়েছে। কিন্তু ছেলের মুখে বকাটে বুকনির আভাস পেয়ে বিশ্বনাথ প্রমাদ গুণলেন। ছাড়িয়ে আনলেন ইক্ষুল থেকে। দরকার নেই আর বার-তার সঙ্গে মিশে বা-তা কথা শিখে। বাড়িতে মাস্টার রাখলেন। একা-একা পড়বে কি, পাড়ার কটি ছেলে জোটালো। দল বেঁধে পড়তে না পেলে ক্ষথ নেই। যা কিছু করো দল বেঁধে করে। দলের দলপতি হয়ে করো।

আরেক রকম খেলা ছিল বিলের, তার নাম রাজা-উজির খেলা। বাজির পুজোর দালানের সব চেয়ে উচু যে সিঁজি সেইটে হচ্ছে সিংহাসন। আর, সন্দেহ কি, সেখানে বিলে ছাড়া আর কারু বসবার অধিকার নেই। তার মানে সব সময়ে বিলেই হচ্ছে রাজা, আর সকলে পাত্র-মিত্র, মন্ত্রী যন্ত্রী, সৈত্য-সেনাপতি। সিংহাসনে বসে করমান জারি করছে, বিচার করছে, দও মুণ্ডের ব্যবস্থা করছে। যুদ্ধ-বিগ্রহ বটাচ্ছে, সন্ধি-শান্তি করছে। আর সবাই বিলের হকুমে ছুটোছুটি

করছে, খাটছে-পিটছে, বিলে সিংহাসনে দৃঢ়াসীন। সে দীন-ছনিয়ার মালিক, সমুক্রাহরা পৃথিবীর সম্রাট।

অন্তত বাভির মাস্টারের কাছে তাই। যা একবার শোনে তাই অবিকল মুখস্থ বলে দেয় বিলে। সাত বছর বয়সে, প্রায় সমস্ত মুগ্গবোধ ব্যাকরণ তার ওষ্ঠাগ্রে। রামায়ণের অনেক কাণ্ড মহাভারতের অনেক পর্বও তাই। রামায়ণ গান করে এমন এক দল একবার এসেছিল বাভিতে। গাইছে আপন মনে, হঠাৎ উঠে দাভিয়ে বিলে তাদের সংশোধন করলে। বই খুলে দেখালে তাদের ভূল হচ্ছে পাঠে। গাইয়ের দল তো অবাক্। কে এ শ্রুতিধর! কে এ শ্রুতিমান!

খেলতে-খেলতে পুজোর দালানের বারান্দা খেকে পড়ে গেল বিলে। পড়ে গেল নিচে, একটা পাধরের উপর। পড়ে কপাল ফেটে গেল। জীবনের শেষ দিন পর্যস্ত ডান চৌখের উপরে কপালে ছিল সেই কাটা দাগ।

ঠাকুর বললেন, 'ঐ আনাতে ওর শক্তি বাধা পেয়েছে, নইলে ও জগৎসংসার চুর্ণবিচুর্ণ করে দিতে পারত !'

আমি নিজেকে, নিজের অহংকে চুর্ণবিচুর্ণ করব। নেব তোমার মধ্যে মহৎ আশ্রয়, পরম আশ্রয়।

'এই তাখ, দেখেছিস আমার হাতের রেখা!' সঙ্গীদের সামনে নিজের ডান হাত মেলে ধরে বিলে। 'বল তো এ রেখার মানে কি?'

कि মানে কে জানে! সবাই তাকিয়ে থাকে হাঁ করে।

'এ রেখার মানে হচ্ছে আমি সল্লেসী হব।' কত বড় গর্বের কথা, চোখেমুখে দীপ্তি নিয়ে বলে। সল্লেসী হওয়া মানে যেন কত বড় দিখিজয়ী হওয়া।

হাঁ।, তুই সরেসী হবি ? তাহলেই হয়েছে। সঙ্গীরা টিটকিরি দেয়। বাপ মন্ত এটনি, আছিস রাজার হালে, কুস্থমের বিছানায়। ফুলের ঘায়ে যারা মূছ্ 1 যায়— দেখেছিস ? তারই ওপারে কৈলাস। বড়-বড় সাধুরা সব হিমালয়ে থাকে, গভীর শুহা আর গহন জঙ্গলের মধ্যে। কৈলাস পাহাড়ের উপর মহাদেবের সঙ্গে তাদের দেখা হয়। যদি মহাদেবেক দেখতে চাস তবে আগে চেলা হতে হবে সাধুদের। কি করে হবি ? আগে সাধুদের পায়ে খুব মাথা খুঁড়তে হবে। তাতে যদি ওদের দয়া হয় তবে ওরা পরীক্ষা নেবে। ভীষণ কঠিন পরীক্ষা। ইস্কুলের পড়া বলা তাে তার কাছে জল। কি রকম জানিস ? প্রত্যেককে একথানি বাঁশ দেবে সাধুরা। আর সেই বা্ঁশের উপর শুয়ে খুমুতে হবে সারা রাত। পারবি ? নট নড়নচড়ন। পড়ে গেলেই ফেল। কিন্তু যদি না পড়ে রাত কাটাতে পারিস, তা হলেই সয়েসী। প্রথম নম্বরের চেলা। আর, একবার চেলা হতে পারলেই কৈলাসে শিবদর্শন। কিন্তু, যাবি একবার হিমালয় ?

হিমালয়ের কোলে বিরাট এক অশ্বর্থ গাছের নীচে স্বামী বিবেকানন্দ ধ্যানে বসেছেন। সঙ্গে সহচর অথগুলনন্দ স্বামী, পূর্ব নাম গঙ্গাধর গাঙ্গুলি। ধ্যানের পর বলছেন বিবেকানন্দ: 'গঙ্গাধর, জীবনের একটি অমূল্য মুহুর্তের সঙ্গে সাক্ষাৎ হল। সমস্ত সমস্তার উত্তর পেয়ে গেলাম।'

কি উত্তর জানতে চাইল না গঙ্গাধর। পরে স্বামীজির ডায়রি খুলে দেখলে। দেখলে লেখা আছে: যা ক্ষুদ্র পরমাণু তাই বিরাট ব্রহ্মাণ্ড। ত্বইই এক। আর, সবই আমার এই দেহের মধ্যে, তৃণখণ্ড থেকে সূর্যপিণ্ড। আমি ক্ষুদ্র নই খর্ব নই অল্প নই অকিঞ্চন নই—

এইই ভারতবর্ষ। ইউরোপ-আমেরিকা প্রমাণুর মধ্যে ধ্বংসের মারণান্ত্র দেখে, ভারতবর্ষ দেখে ছন্দোময় বিশ্বসংসার। শুধু কল্পনা নয়, বিজ্ঞানেরও চর্চা-চেষ্টা করে। একটা কিছু কল্পনা করে নিয়েই তো বিজ্ঞানের অগ্রগতি। আজ ষা প্রভ্যক্ষ প্রমাণের মধ্যে, গত কাল তাই ছিল নিছক কল্পনা।

কলকাতায় নতুন গ্যাসের আলো বসেছে। তাই বিলেরও চাই গ্যাস বানানো।

কে বললে হবে না ? পুরোনো দস্তার নল নিয়ে আয় কতগুলো, এনে দে একটা মেটে হাঁড়ি আর এক গোছা খড়। চোখের সামনে জ্যান্ত গ্যাস বানিয়ে দেব।

বার-বাভির উঠোনে গ্যাস-ঘর বসিয়েছে। জালিয়ে দিয়েছে খড়।
নল দিয়ে ধেঁায়া যাচ্ছে উপরে। বিলে মহা খুঁশি। কোমরে হাত
রেখে দাঁভিয়ে বলছে বুক ফুলিয়ে, ছাখ, এরই জোরে সারা শহরের
আলো জলছে। যদি কারখানা বন্ধ করে দি, দিগ বিদিক অস্ককার।
কতক্ষণ পরেই বলছে আবার নিজের মনে, নাঃ, এ কিচ্ছু হচ্ছে না।
সঙ্গীদের উদ্দেশ্য করে বলছে, আরো আগুন দে, খুব ফুঁলাগা, গ্যাস
বড় কম বেরুছে—

পুরোনো কল কজা টিন কেনেস্তারা দিয়ে রেলগাড়ী বানাচ্ছে। গ্যাস দিয়ে শুধু আলো জ্বনছে না, গাড়ি চলছে। স্তর্নতার গাড়ি চলছে চৈতক্যের আশুনে।

নতুন সোডা-লেমনেড এসেছে কলকাতায়। তবে তারও একটা কারখানা খুলে ফেল। আঙ্গুলের একটা চাপ দিলে অমনি ঠাওা জল ভস্ করে উঠল। তাই তো চাই। কখন কোথায় একটা কল টিপে দেব অমনি বন্দী নির্জীব জল বেগোচ্ছল হয়ে উঠবে।

সেই মন্ত্র নিয়েই তো এসেছি। মন্থরকে স্বরান্থিত করব।
নিশ্বেষ্টকে উল্লমময়। যা দেখছ মৃত তাই উজ্জীবিত হয়ে উঠবে।

আমি সেনপিতি। ছটি সৈত্ত আমার অনুচর। তাদের নামগুলি শুনে রাখো, টুকে রাখো। তারা হচ্ছে কি আর কে, কবে আর কোখায়, কেন আর কেমন করে।

পদার্থ কি ? ঈশ্বর কে ? সৃষ্টি কবে ? স্বর্গ কোপায় ? জন্ম কেন ? মৃত্যু কেমন করে ?

মোট কথা, ঘাড় কাত করে মেনে নেব না কিছুই। স্বচক্ষে প্রতক্ষ্য করব। প্রশ্নের সত্তর নেব। ভাবের হাটে ফিরি করব না, বৃদ্ধির দোকানে যাচাই করে জিনিস কিনব। অনুমানের ধার ধারব না, প্রমাণের মান রাখব।

পাড়ার কোন এক ছেলের বাড়িতে চাপা গাছ আছে! তার ডালে চেপে দোল খায় বিলে। বসে-বসে নয়, পায়ের সঙ্গে ডাল জড়িয়ে, মাথা নিচু করে। গেল, গেল ব্ঝি গাছটা। বাড়ির ব্ড়ো মালিক হাঁ-হাঁ করে ওঠে। গাছ না যাক, ছেলেটা যাবে। পড়বে মুখ থুবড়ে। বিন্দুমাত্র ভয় নেই বিলের। ডানপিঠের মরণ গাছের আগায়।

ছেলেটাকে কি করে নির্ত্ত করা যায় বৃদ্ধি আঁচলো বৃড়ো। মুখ গন্তীর করে একদিন বললে, 'ও গাছটায় উঠিস নে।'

'कि रश উঠলে ?' সাফ প্রশ্ন করে বিলে।

'ও গাছে ব্ৰহ্মদত্যি আছে i'

'তাই নাকি ? কি রকম দেখতে ব্রহ্মদত্যি ?

'ওরে বাবাঃ, ভয়স্কর দেখতে।' বাজির মালিক চোখ বড় করলে।
'নিশুতি রাতে শাদা চাদর মুড়ি দিয়ে ঘুরে বেড়ায়।'

'তাই নাকি ? তবে রাত করে আসতে হবে একদিন। গাছে চড়ে অক্ষদত্যি দেখব।

'কি সর্বনাশ!' বাজির মালিক মাথায় হাত দিলে। 'দিনের বেলায়ই ফেলে দেয় গাছ থেকে। রাতে চড়লে তো তার কথাই নেই। ঘাড় মটকে দেবে।'

ভয়ের কথা সম্পেহ নেই। কিন্তু রাভ করেই এসেছে আজ বিলে। বড় ইচ্ছে ব্রহাদত্যির সক্ষে একটু মোলাকাত হয়। শভহন্তে বারণ করতে লাগল সঙ্গীরা। নিঘ্বাত মারা যাবি। পৈত্রিক প্রাণটা খোয়াবি বেখারে।

'দিনের বেলা কিছু করতে পারল না দেখি না এবার তার রাতের কেরামতি।' বিলে দিব্যি গাছে চড়ে বসল। আর সব ছেলেরা মিলিয়ে গেল হাওয়ায়।

ওরে কি হল বিলের ? পরদিন পরস্পারের মুখে চাওয়াচাওয়ি করতে লাগল ছেলেরা। ওরে, ভালো আছে তো ! ঘাড় সিধে আছে ? মেরুদও সিধে আছে। স্থ্যু আছি বৃদ্ধির থররোক্তে! সেখানে কুসংস্কারের কুয়াশা নেই।

লোকে একটা কিছু বললেই বিশ্বাস করতে হবে ? বলে কিনা, বইয়ে লেখা আছে। বইয়ে লেখা থাকলেই মানতে হবে নির্বিবাদে ? কখনো না। নিজে বাজিয়ে দেখব, খাঁটি কি মেকি নিজে নেব যাচাই করে। সভা কি এতই সোজা ? আমেরিকা আছে এ বললেই বিশ্বাস করব ? যেতে হবে আমেরিকা। সংশ্যের সমুদ্র পেরিয়ে আবিকার করব মহাদেশ।

রাল্লায় ওস্তাদ হয়েছে বিলে। নিয়ে আয় যার যা সম্বল, চাল, ডাল, তেল, সুন, আমি নবীন স্বাদের ভোজ্য তৈরি করে দেব। গোলমরিচের ভাঁভো একটু বেশি হবে তাতে। ঝাল হবে। বেশ তো, পরের মুখে ঝাল খাবি না. নিজের মুখেই ঝাল খাবি।

শুধু বনভোজন নয়, থিয়েটার পার্টি খলল বিলে। হল-ঘরে স্টেজ বাঁধল। এবার লেগে যা পার্ট ম্থস্ত করতে। কেন্ট-বিষ্টু সাজতে। কিন্তু হায় বেশি দিন নয় তার কাকা এসে ভেঙে দিলে স্টেজ। যাক গে স্টেজ, কুস্তির আথড়া করব। পালোয়ান হব। প্রতিকুলকে পরাভূত করব। উঠোনের এক পাশে খুলব ব্যায়ামাগার। লাভের মধ্যে হল এই, এক খুড়ত্তো ভাইয়ের হাত ভেঙে গেল। খুড়ো এসে ভেঙে দিল আড্ডাখানা। ব্যায়ামের সাজ-সরঞ্জাম দিল দ্ব করে: যাক গে বাভির আখড়া, পাড়ায় নবগোপাল মিত্তিরদের যে আখড়া আছে তাতে ঢুকব সকলে। আমাদের সকলকে বীর-বলবান হতে হবে। রুক্ষ মাটি খুঁড়ে আনতে হবে পানীয়ের জল। গুকনো কাঠ থেকে বার করতে হবে নিহিত আগুন। অস্তর-গুহায় ঘুমিয়ে আছে যে সিংহ, জাগাতে হবে সে কেশরীকে।

তুধু মন্তিকে বলবান হব না, ফুদয়ে বলবান হব না—শরীরেও বলবান হব।

'তোমরা আমাদের একটু সাহায্য করবে ?' নৌকো থেকে লাফিয়ে পড়েই পাড়ে দেখতে পেল ছজন গোরা সৈতা! হাতে ছোট লাঠি, তাই ঘুরোতে-ঘুরোতে হাওয়া খাচেছ। একটুও ভয় পেল না বিলে। সামনে এগিয়ে এসে ভাঙা-ভাঙা ইংরিজিতে জিগগেদ করল স্পৃষ্ট।

কে এই অকুতোভয় ছেলে। আশ্চর্য দীপ্তি চোখে-মুখে। সৈত্য হজন অবাক হয়ে গেল। একে সাহেব তায় সৈত্য—এতটুকু ভড়কাল না! আর, ঐ তো স্কুলে যাওয়া ছোট একটা ছেলে, স্পর্ধা দেখেছ?

কি হয়েছে বলো তো! উপেক্ষা করে সরে যেতে পারল না।
সৈত্য হজন গাড়াল নিজ্ঞিয়ের মত।

বন্ধুদের নিয়ে যাচ্ছিলুম মেটিয়াবৃক্তজ, নবাবের চিড়িয়াখানা দেখতে। নৌকোয় যাওয়া-আসা! ফেরবার পথে একটি বন্ধুর অন্থথ হয়ে পড়েছে। বমি করে ফেলেছে। মাঝিরা বলছে আমাদের পরিকার করে দিতে। আমরা বলছি দ্বিগুণ ভাড়া দিচ্ছি, আমাদের রেহাই দাও। আমাদের কথায় কান দিচ্ছে না। এখন পাড়ে এসে বলছে, নামতে দেবে না কাউকে। মার-ধোরের ভয় দেখাচ্ছে। কি জুলুম বলো তো! আমি লাফিয়ে পালিয়ে এসেছি। বন্ধুদের এখন উদ্ধার করা চাই। তোমরা একটু আসবে এদিকে ?

হর্ণর্য সৈন্সের কর্কশ হাতের মধ্যে নিজের ছোট হাতটি ওঁজে দিল বিলে। সাধ্য নেই সে স্পর্শ প্রত্যাখ্যান করতে পারে। চলো, দেখি কোথায় তোমার নৌকো!

কি সর্বনাশ ! ওরে, হ-হুটো সৈক্ত নিয়ে এসেছে। কি হবে ! আর এগিয়ো না বাবারা, ছেড়ে দিচ্ছি, এখুনি ছেড়ে দিচ্ছি। অবাক্যব্যয়ে ছেড়ে দিল ছেলেগুলোকে। মুহুর্তের ইঙ্গিতে ইন্দ্রজাল ঘটে গেল।

খিয়েটারে যাচ্ছিল সৈত্ত হজন। বিলেকে জিগগেস করলে, যাবে আমাদের সঙ্গে? না, ধত্যবাদ। স্নিগ্ধ হাস্তে বিদায় নিল বিলে। নিজের বন্ধদের সঙ্গে গিয়ে মিললে।

গঙ্গার ঘাটে ইংরেজের মানোয়ারী জাহাজ এসেছে। চল দেখে আসি।

কি করে যাবি ? ছাড় লাগবে যে। বড় সাহেবের দস্তখতী ছাড়। কেন, চাইলে দেবে না আমাদের ?

ওরে বাবা, কে দাড়াবে ঐ লালমুখো জাঁদরেলের কাছে ? হুমকে উঠলে হাত-পা সেঁধিয়ে যাবে পেটের মধ্যে। আদার বেপারীর জাহাজের খোঁজে দরকার নেই।

না, পেছপা হব না! দেখি চেষ্টা করে। চেষ্টার অসাধ্য কি।
নিজের হাতে একটা দরখান্ত লিখল বিলে। চৌরক্সিতে আপিস।
ঠিকানা খুঁজে নিয়ে ঠিক গিয়ে হাজির হল দরজায়। তেতলায়
সাহেবের দপ্তর। বিলে লক্ষ্য করে দেখল সব লোক ঐ তেতলায় গিয়ে
জড় হচ্ছে! আমিও সোজা উঠে যাব তেতলায়। পেশ করব
দরখান্ত। যদি কিছু প্রশ্ন করে, ঠিক-ঠিক জবাব দেব। আমি তো
শুধু নিজের জত্যে চাইছি না, বন্ধুদের জন্মও চাইছি।

কিন্তু সিঁ জির প্রথম ধাপেই উদ্ধন্ত বাধা। চাপরাশ পরা খোট্টাই দারোয়ান। তুমি কে হে বাপু ? নোটি ইছর হয়ে হাতি চড়বার সধ! দেখছ না যারা হোমরা-চোমরা, সমাজের কেষ্ট-বিষ্টু, তারাই শুধু উপরে যাচ্ছে! তুমি কোথাকার পুঁচকে ছেলে, তোমার আম্পর্ণাকে বিলহারি।

ফিরিয়ে দিল বিলেকে। তাভিয়ে দিল।

কিন্তু ফেরবার পাত্র আর যেই হোক, বিলে নয়। বলে না পারি কৌশলে আদায় করব।

তাকিয়ে দেখল, বাড়ির পিছন দিকে লোহার একটা ঘোরানো

সি<sup>\*</sup>ড়ি আছে। সম্পেহ কি, ও-পথে চাকর-বাকররা যাতারাত করে। সেই সি<sup>\*</sup>ড়ি বেয়ে উপরে উঠে গেলে কেমন হয়। ধরা পড়লে মার না দেয়! চোর না ভাবে!

কুছ পরোয়া নাই। ছাড়পত্র আদায় করতে যাচ্ছি। যে ভাবেই হোক, আমার আদায় করা নিয়ে কথা।

ঠাকুর বলেন, অমুরক্ত করে আদায় করতে না পারিস বিরক্ত করে আদায় করে নে। সেধে-কেঁদে না পারিস ধরে-বেঁধে উপ্তল কর তোর হিস্সা।

তেতলায় উঠে গেল সটান। ভিজের মধ্যে মিশে গেল আলগোছে। টেবিলের উপর ঝুঁকে পড়ে একমনে সই করে চলেছে সাহেব। মুখ ভূলে তাকাবারও সময় নেই।

একের পর এক, আর সকলের মত, ছাড়পত্র সই করিয়ে নিল বিলে।

পলকের জন্মে চোথ ভূলল বৃঝি সাহেব। আর কি, আদায় করে নিয়েছি। ভূমিও নাও এবার আমার চকিতদীপ্ত চক্ষুর প্রসন্নতা।

সামনের সি<sup>\*</sup>ড়ি দিয়ে নামল এবার বৃক ফুলিয়ে। এ কি, তুমি কি করে গিয়েছিলে? দারোয়ান অবাক হয়ে বললে।

বিলে হাসল গর্বভরে। বললে, 'আমি জাতু জানি।'

কি মনে হয় আমাকে দেখে ? আমি বাজিকর। মড়ার হাড়ে ভেল্কি দেখাতে পারি। শুকনো কাঠে পারি ফুল ধরাতে, পাথর ভেদ করে আনতে পারি ছ্য়ধারা। এই যে দেখছ মরা নদী এতে আনতে পারি ছ্লাল্ড জলোচ্ছাস।

যা বাঁকা তাকে সোজা করতে পারি। জড়ত্বের মধ্যে আনতে পারি গতিহ্যতি। যা জীবন্মতে তাকে করতে পারি প্রাণচঞ্চল। বিপদে আমাকে রক্ষা করো এ আমার প্রার্থনা নয়। বিপদে আমি যেন নির্ভয়-নির্বিচল থাকতে পারি এই আমার প্রতিশ্রুতি।

নবগোপাল মিত্তিরের আখড়ায় ডন-বৈঠক করে বিলে। সঙ্গে অনুবর্তী বন্ধুরা। এত প্রতাপ-উত্তাপ বিলের, তারই উপর আখড়ার ভার ছেড়ে দিলেন নবগোপাল।

শুধু জন-বৈঠক কি, ট্রাপিজ খাটাও। দোলনায় হলতে হলতে কসরৎ দেখাও। বন্ধুরা ধরলে এসে বিলেকে। শুধু স্থলে-জলে নয় অস্তরীক্ষেও বলশালী হও।

সেই ট্রাপিজ খাটাতেই সেদিন মহা বিপদ উপস্থিত। গুরুভার ফ্রেম কিছুতেই খাড়া করতে পারছে না ছেলেরা। খানিকটা খাড়া করে তো পায়ের দিকের গর্ভ ফসকে যায়—আগে গর্ভে পায়া ঢোকাতে চাও তো সাধ্য কি ফ্রেমটাকে উপরে জোলা।

হিমসিম খেয়ে যাচ্ছে। রাস্তায় লোক দাঁড়িরে গেছে ছেলেদের কাশু দেখবার জক্তে। অথচ কেউ এগিয়ে আসছে না সাহায্যে। এ যেন এক বিনি পয়সার সার্কাস।

লক্ষ্য করে দেখল বিলে, ভিড়ের মধ্যে একজন জোয়ান ইংরেজ দাঁড়িয়ে। পোশাক দেখে মনে হচ্ছে জাহাজের লোক। সরাসরি তার কাছে এসে বিলে জিগগেস করলে, তুমি একটু হাত লাগাবে ?

ইংরেজ নৌ-কর্মচারী এক কথায় রাজি হয়ে গেল। পরের উপকার করা মানেই তো ঈশ্বরের উপাসনা করা।

এবার দড়ি বেঁধে টেনে তোলো এই দারু-দৈত্যকে। পা ছটো সাহেব গর্ডে ঢোকাবে, তোমরা মাথাটা টেনে তোলো। হেঁইয়ো হো, হেঁইয়ো হো—

দড়ি ছি ভৈ গেল সহসা। দারু-দৈত্য ছিটকে পড়ল ভূতলে। আর পড়বি তো পড়, একেবারে সাহেবের মাথার উপর। সর্বনাশ হয়েছে। সাহেবের মাথায় কাঠ পড়েছে না ছেলেগুলোর মাথায় বাচ্চ পড়েছে। যার যে দিকে চোখ যায় ছুটে পালাল সবাই। এখুনি পুলিশ আসবে, কে জানে চামড়া ছুলে নিয়ে ডুগড়ুগি বানিয়ে ছাড়বে। চাচা আপন বাঁচা।

কিন্তু বিলে অচঞ্চল। আহত বন্ধুর জন্মে মন চঞ্চল হয়েছে সন্দেহ নেই, কিন্তু স্থান থেকে ভ্রষ্ট হল না। আহতকে পরিত্যাগ করে নিজেকে নিরাপদ করা, কাপুরুষের কাজ। আহতকে নিরাপদ করাই পরমধর্ম। কোনো গুরুর কাছ থেকে পাঠ নেয়নি বিলে. অন্তরে যে একজন সদাজাগ্রত গুরু আছেন তিনিই বলে দিলেন।

নিজের কাপড় ছি ড়ৈ ফেলল বিলে। নিজের হাতে বেঁধে দিল ব্যাণ্ডেজ। চোথে মুথে জল ছিটোতে লাগল। কোখেকে একটা পাখা চেয়ে এনে বসল হাওয়া করতে।

জ্ঞান হয়েছে সাহেবের। চোখ চেয়েছে।

উঠো না, উঠো না, ডাক্তার আনতে পাঠিয়েছি। এখান থেকে তোমাকে ধরাধরি করে নিয়ে যাচ্ছি সামনের ইস্কুলে। সেখানে ব্যবস্থা করেছি তোমার বিছানার। ডাক্তার তোমাকে ছুটি দিলেই চলে যেও আস্তানায়।

সাত দিন লাগল সাহেবের ভালো হতে। কে এক বিদেশী নাবিক, সাত দিন অক্লাস্ত তার সেবা করল বিলে। স্থস্ত করে তুলল। প্রসন্ধ্র সাহেব বললে, এবার আমি বাড়ি যাই।

দাঁড়াও, তোমার জ্বন্মে ছোট্ট এই একটি টাকার থলে সংগ্রহ করেছি।

वर्ला कि ? विशृद्धत भरका काकिया त्रहेन मारहव।

কত না জানি ক্ষতি হয়েছে তোমার এত দিনে। আমাদের জ্বতে কত তুমি কষ্ট পেলে। আমাদের ভালবাসা, আমাদের কৃতজ্ঞতা কি করে তোমাকে জানাতে পারি বলো। কণা-কণা মধু সংগ্রহ করে রচনা করেছি এই মধুচক্রে। তুমি তোমার করপুট ভরে নাও।

প্রাণপুট ভরে নিয়েছি। বন্ধু, ভূমি কে ?

টাকার থলে গ্রহণ করল সাহেব। অনেক দূর সমৃদ্রে তাকে পাড়ি দিতে হবে, ধুসর দিগন্তরেখা অতিক্রম করে, জানে না কোথার তার বন্দর, কোথায় তার যাত্রা শেষ। কিন্তু আজ এক পরম পাথেয় সে লাভ করল জীবনে। যাত্রা অনির্দেশ্য হোক, পাথেয়ও তার অক্ষয়। সে ভারতবর্ষের একটি বালকের ভালোবাসা।

সেবা আর প্রেম। এতেই আমি সব্যসাচী।

জীবে দয়া নয়, জীবে সেবা। শিথিয়ে দিলেন শ্রীরামকৃষ্ণ। দয়া করবি, তোর স্পর্ধা কি! কাকে দয়া করবি ? যাকে দয়া করবি ভাবছিস সে তো শুধু জীব নয়, সে শিব। সে ঈশ্বরের প্রতিনিধি। সে কি ছোট, সে কি অকিঞ্চন যে তাকে দয়া করবি ? সে ঈশ্বরের প্রতিভাস। তাকে তোর সেবা করতে হবে, শ্রাজা করতে হবে, ভালোবাসায় স্নান করিয়ে দিতে হবে।

মানুষের সেবাই ঈশ্বরের আরাধনা। মানুষের ছোঁয়াই ঈশ্বরের ছোঁয়া।

আছা-অন্ত এই মানুষে বাইরে কোথাও নাই। বাইরে কোথাও নাই।

মায়ের সঙ্গে রায়পুর যাচছে বিলে। মধ্যপ্রদেশের রায়পুর। বাশা আগেই গিয়েছেন। এখন মাকে নিয়ে যাবার ভার পড়েছে বিলের উপর। কি রে পারবি নে ?

সবে থার্ড ক্লাসে উঠেছে তখন বিলে। তেরো-চৌদ্দ বছর মোটে বয়স। ঘাড় হেলিয়ে বললে, খুব পারব। অনায়াসে। আমি থার্ড ক্লাশের ছাত্র বটে কিন্তু একেবারে থার্ড-ক্লাশ নই।

কি কঠিন রাস্তা তখন রায়পুরের। নাগপুর পর্যন্ত ট্রেন হয়েছে, তাও এলাহাবাদ আর জব্দপুর হয়ে—তারপর গরুর গাড়ি। ঢালা, টানা গরুর গাড়ি। প্রায় পনেরো দিনের রাস্তা। যেতে হবে জ্লুলের মধ্যে দিয়ে, উচু-উচু পাহাড়ের গা ঘেঁষে। অজ্ঞানা বিপদের মুখ দেখে-দেখে। আসুক না চোখের সামনে, বিপদকে বিলে কানা-ক্ডিরও কেয়ার করে না। একটা গাভিতে বিলে একেবারে একা। আরেকটাতে মা আর ভাইয়েরা।

গাড়ি চলেছে তো চলেছে। চলেছে বিদ্ধাপর্বতের রহস্তরাজ্যে।
এই সেই বিদ্ধা যে সূর্যকে প্রতিরোধ করবার জন্মে মাথা তুলেছিল।
শুক্র অগস্ত্য এল দেখা করতে। শুক্রকে প্রণাম করবার জন্মে
নত হল বিদ্ধাচল। শুক্র বললে, যতক্ষণ না ফিরি থাকো
এমনি ভাবে। তথাস্তা অগস্তা আর ফিরল না, বিদ্ধাও রইল তেমনি
নত শিরে।

এই সেই হেঁটমুগু পাহাড়। তব্, চোখ যায় না এত উচু! আর গা-ভরা কত বনশোভা। কঠিন যেন কোমলের নামাবলী পরে রয়েছে। কত গাছ, কত লতা, কত ফুল, কত পাখি। কে এসব এঁকে রেখেছে, কার জন্ম! কে এসে দেখবে এই ফুল, কে এসে শুনবে এই কাকলী! আর, যখন এসে দেখবে ফুলটিই দেখবে! যখন এসে শুনবে, কুজনটিই শুনবে! দেখবে না আর কারু আনন্দচকু, শুনবে না আর কারু গাভীরগুঞ্জন!

একবারও ভাববে না কে এমন করেছে ? কে এসব মেলে ধরেছে চোখের সামনে ?

হঠাৎ একটা মৌচাকের উপর চোখ পড়ল। কি আশ্চর্য, পাহাড়ের প্রায় চূড়া থেকে শুরু করে শেষ পর্যন্ত বিরাট একটা ফাটল, আর তারই গা জুড়ে প্রকাশু এই মৌচাক। অজানা পাহাড়ে কি করে মধু-র সংবাদ পেল এই মক্ষিকারা! কিসের আকর্ষণে এসে পড়েছে দলে-দলে! মক্ষিকার অক্ষোহিণী। প্রত্যেকের শ্রামে প্রত্যেকের আহরণে গড়ে ভুলেছে এই মধুসৌধ! তিল-তিল শ্রাম, কণা-কণা আহরণ! কত শক্তি, কত সংগ্রাম, কত ধৈর্য, কত নিষ্ঠা!

অনন্তের ভাবে ডুবে গেল বিলে।

রায়পুরে ইস্কুল নেই, কোথায় তবে পড়ি এবার ? ভালোই হল, বাবা পড়াতে বসলেন ! নিজের চিস্তাকে উস্কে দেবার জন্মে পড়ানো; পরের চিস্তাকে চাপিয়ে দেবার জন্মে নয়। তেমনি করেই পড়াতে লাগলেন বিশ্বনাথ। ভালোই হল, বিভেব্দ্ধি কতদূর হল কে জানে একটি জাগ্রত মনের সংস্পর্শে এসে দীপ্ত বৃদ্ধির স্বাদ পেলাম।

আচ্ছা, আমার এমন কেন হয় বলতে পারো? এক জায়গায় গিয়েছি, নতুন জায়গা, কিন্তু দেখে হঠাৎ মনে হয়েছে, এ আমার চেনা, কোন দিন যেন এসেছিলাম এখানে! ভেবে আর কিছুতেই ঠিক করতে পারছি না! এ যেন সেই বাড়ি সেই গাছপালা, সেদিনও যেন এমনি ধরনেরই হয়েছিল কথাবার্তা! কিন্তু কবে বলো তো! এখানে আবার কবে এসেছিলাম এর আগে।

কি নিবি রে বিলে ? খুশী হয়ে বাবা দিজে চাইলেন পুরস্কার। বিলে বললে, আপনার যা ইচ্ছে।

বাবা একটি ঘডি দিলেন।

সূর্যের সঙ্গে ঘড়ি মেলাও। জীবনের চলার ছন্দকে মেলাও তেমনি ঈশ্বরের সঙ্গে।

ইস্কুল ডিঙিয়ে ঢুকল এসে কলেজে। প্রথমে প্রেসিডেন্সি, এক বছর পরে জেনারেল এসেম্বলি ইনস্টিটিউশনে বা স্কটিশ চার্চ কলেজে।

অধ্যক্ষ উইলিয়ম হেপ্টি ইংরিজি পড়াচ্ছেন। পড়াচ্ছেন ওয়ার্ডস-ওয়ার্থের কবিতা। প্রকৃতির সৌন্দর্য দেখে কবির যে তন্ময়তা এসেছিল আর তন্ময়তা থেকে যে ভাবাবেশ, তারই বর্ণনা করেছেন কবি। ছেলেরা কিছুই ব্ঝছে না। কাকেই বা বলে তন্ময়তা, কাকেই বা ভাবাবেশ।

ঐ অবস্থা আদে ধ্যানমগ্নতা থেকে। আর তেমনি ধ্যানে আবিষ্ট হতে হলে চাই মনের ঐকান্তিক বিশুদ্ধি। তেমনি দৃষ্টাস্থ আর দেখা যায় না আজকাল। ছেলেদের বোঝাচ্ছেন হেস্টি-সাহেব। একমাত্র একজনকে জানি, একজনকে দেখেছি, যিনি পৌচেছেন সেইখানে। সেই অত্যুজ্জল পবিত্রতায়। তিনি হচ্ছেন দক্ষিণেশ্বরের রামকৃষ্ণ পর্মহংস।

কে রামকৃষ্ণ ? কোথায় দক্ষিণেশ্বর ?

C

ইস্কুলে থাকতে একবার বক্ততা দিয়েছিল বিলে। পুরোনো মাসটার চলে যাচ্ছে বিদায় নিয়ে, সেই উপলক্ষে সভা। সভাপতি শ্বং স্থরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। দেশ-নেতা বাগ্যী স্থ রেন্দ্রনাথ, বানান্ পালটে শ্রেন্দ্রনাথ। এখন তাঁর সামনে উঠে গাঁড়িয়ে কিছু বলো কেউ ছেলেরা। ছেলেরা লজ্জায় মরে গেল, এ ওর মুখ চাওয়াচাওয়ি করতে লাগল। অথচ ছেলেদের তরফ থেকে কেউ নাবললেও ভালো দেখায় না। তাদের শিক্ষক চলে যাচ্ছেন চিরদিনের মত, এতটুকু কৃতজ্ঞতাও কি তাদের নেই ?

তুই বল। তুই বল। ঠেলাঠেলি করতে লাগল এ ওকে। কিছু লিখে এনে বলতে বললে বরং হত। এ একেবারে এক্স্নি-এক্স্নি বলা, বিন্দুমাত্ত তৈরি হবার সময় না পেয়ে। তাও কিনা মাতৃভাষায় নয রাজভাষায়। বাঙলায় নয় ইংরিজিতে।

কোনো ভয় নেই। উঠে দাড়াল বিলে। শুরু করল বক্তৃতা। কি উদাত গন্তীর সে কিশোর কঠস্বর। দাড়াবার কি সে তেজ শুজু ভঙ্গি। কি সে সাহস-সহজ ভাষা!

প্রায় আধ ঘণ্টা বললে একটানা। প্রথমে শিক্ষকের গুণবর্ণনা করলে, পরে বললে নিজেদের বিচ্ছেদত্বঃখের কথা। বক্তৃতার মধ্যেও একটি গঠনশিল্প আছে। যোলো বছরের ছেলে দেখালে সে কৌশলকলা। মুগ্ধ হলেন স্থরেক্সনাথ। মুগ্ধ হল শ্রোত্মগুলী। সবাই দেখলে ভবিশ্বৎ ভারতবর্ষের রূপকার দাড়িয়ে আছে চোথের সামনে।

বিশ্বনাথ দত্ত উদার হাতে খরচ করেন টাকা-পয়সা। কে একজন আত্মীয় শিখিয়ে দিল বিলেকে, এমনি করে যদি টাকা ওড়ান, কি রেখে যাবেন ওদের জন্মে ? যা, গিয়ে জিজ্ঞেস কর বাবাকে।

তাই করল বিলে। कि রেখে যাচ্ছেন আমাদের জন্মে ?

বিশ্বনাথ দত্ত একবার তাকালেন পুত্রের দিকে। বললেন, 'আরশিতে নিজের চেহারাটা ছাখ্। তাহলেই বুঝবি কী তোকে দিয়ে গেলাম।'

দেয়ালে ঝুলছে লম্বা আয়না। নিজের প্রতিবিম্বের দিকে তাকিয়েও দেখল না বিলে। ব্ঝতে পেরেছে সহজে, বাবা কি বলতে চান। বলতে চান, দিয়ে গোলাম তোকে বলদৃপ্ত ভঙ্গি, সাহসবিস্তৃত ব্ক, দুঢ়োদ্ধত মেরুদণ্ড। দিয়ে গোলাম তোকে পাহাড়-টলানো শক্তি, আঘাতবিজয়ী নিষ্ঠা, পৃথিবী-জাগানো ভালোবাসা। আর চেয়ে ছাখ্তার চোখ ছটির দিকে। একেই বলে পদ্মপলাশলোচন। ভুই পদাপলাশলোচন হয়ে অখিললোকলোচনকে দেখবি।

ঠাকুর বললেন, 'নরেন যেন খাপখোলা তলোয়ার।'

আবার বললেন, 'ও বড় ফুটো-ওলা বাঁশ, আনেক জিনিস ধরে। আর সকলে কাঠিবাটা, নরেন রাঙাচকু রুই।'

শুধুই কি বাবার জন্মে । মা ছাড়া কি কোনো ছেলে বড় হতে পেরেছে । চন্দ্রমণির জন্মে রামকৃষ্ণ, ভূবনেশ্বরীর জন্মে নরেন্দ্রনাথ।

রাগের মাথায় বিলে মাকে কি একটা কটু কথা বলে ফেলেছিল। কথাটা কানে উঠল বিশ্বনাথের। অহ্য কোনো শাসন করলেন না বিশ্বনাথ, ঘরের দেয়ালে কয়লা দিয়ে বড়-বড় অক্ষরে লিখে রাখলেন, নরেনবাব্ এই কটু বাক্য বলেছেন তাঁর মাকে। তোমরা, বন্ধুরা, যারা আস নরেনের কাছে, দেখে যাও নরেনের কীর্তি।

মর্মদাহ আর কাকে বলে। লঙ্জায় মাথা তুলতে পারছে না বিলে। মাগো, তুমি মধুময়ী, জীবনে আর কটু বলব না ভোমাকে। তথন বিলে অনেক ছোট, মার কাছে একদিন কেঁদে পড়ল, মাগো, হনুমান তো এখনো এলো না—

ভূবনেশ্বরী প্রথমটা কিছু ব্ঝতে পারলেন না। বললেন, 'সে কি কথা? হনুমান আসবে কী!'

'বা, এই যে বললেন কথকঠাকুর, কলাবাগানে খোঁজ গে, দেখা পাবি। কত খুঁজলুম, কত বদে রইলুম, কই এলো না তো—'

ব্যাপারটা ব্ঝে নিলেন ভ্বনেশ্বরী! সারা রামায়ণে হর্মানের মত আর কাউকে অত ভালো লাগে না বিলের। শুধু বীর নয় মহাবীর হর্মান। সাগর লাফালো লঙ্কা পোড়ালো সূর্যকে বগলদাবা করল, গন্ধমাদন পাহাড় আনলে মাথায় করে। চিরব্রহ্মচারী, মৃত্যুহীন হর্মান। কথকতা শুনতে গিয়েছে বিলে, কথায় কথায় হর্মানের প্রসঙ্গ এদেছে। বিলে কান খাড়া করে রইল। হর্মানকে নিয়ে রঙ্গরসের ঢেউ তুললে কথকঠাকুর। কত বা তার অঙ্গভঙ্গি। যাও না ঐ সামনের কলাবাগালে, দেখতে পাবে মুঠোয় চেপে কলা খাচ্ছে হর্মান।

কথকঠাকুরের কথা, মনে-প্রাণে বিশ্বাস করল বিলে। বাজির পাশে বাগান, সেখানে এক কলাগাছের নিচে বসে রইল চুপচাপ। কখন না জানি আসবে সেই বায়ুনন্দন। কিন্তু রুথাই বসে থাকা। এলো না।

সেই ছঃখই মার কাছে নিবেদন করছে বিলে। মা সান্তনা দিয়ে বললেন, 'আজ হয়তো রামের কাজে আর কোণাও গিয়েছে, আরেকদিন আসবে। তুমি বসে আছ, আর সে আসবে না ?'

কোথায় সেই হনুমান ? সেই বলকান্তিমান মহাতেজা ?

'দে দিকি দেশে মহাবীর হন্মানের পূজা চালিয়ে।' সিংহবিক্রমে ছক্ষার দিলেন বিবেকানন্দ: হুর্বল বাঙ্গালী জাতের সামনে এই মহাবীর্যের আদর্শ তুলে ধর্। দেহে বল নেই, হাদয়ে তেজ নেই—কি হবে এইসব জড়পিওওলো দিয়ে, ঘরে-ঘরে মহাবীরের পূজা লাগা।'

বি. এ পরীক্ষার মোটে একমাস বাকি, গ্রীন-এর "ইংরেজ জাভির

ইতিহাসের" এক পৃষ্ঠাও পড়া হয়নি। পড়বে কি, একখানা বইও বিলের নেই। কণ্টেস্টে একখানা যোগাড় করল এক সহপাঠীর থেকে অনেক চেয়ে-চিস্তে। মাত্র তিন দিনের কড়ার। তাই সই। তিন দিনেই ঘুরে আসব তিন-ভুবন।

দরজা বন্ধ করল বিলে। আগোপাস্ত আয়ত্ত করবার আগে বেরুচ্ছি না ঘর থেকে। শুধু চোথের সামনে তিনবার সূর্যকে উঠতে দেখব আকাশে আর তিনবার নামতে দেখব অস্তাচলে। এর মধ্যে ছ-চোখের পাতা আর এক করব না।

কী স্থাপর হয়ে উঠেছে দেখতে। আনক্ষস্থপর নরেন্দ্রনাথ। সবল-স্থঠাম দেহ, বিশাল ছটি চোখ, শানিত দীপ্তির সঙ্গে ভাবভোর স্নিগ্ধতা। বীর্যের সঙ্গে মাধুর্যের কোলাকুলি। যেন একটি নির্মল-নিধুমি শিখা জলছে ব্রহ্মচর্যের।

তারপর কী স্থন্দর গান গায় বিলে। ওস্তান্ধ আহম্মদ খাঁর চেলা বেণীগুপ্ত, সেই তার গানের গুরু। তারপর মুদ্ধ বাজায়, সেতার বাজায়, তানপুরা তো আছেই। শুধু তাই ! নাচে। যেন মহাকাল মহাদেবের নৃত্য। তা তা থৈ থৈ, তা তা থৈ থৈ।

বাজিতে বজ গোলমাল, তাই নিরিবিলি পাজান্তনা করতে চলে এল মামাবাজি। রামতন্ত্ বোসের গলিতে, দোভালায় একটি ছোট্ট চোরকুঠুরিতে। দিবিয় ফাঁকা বাজি, কোন ঝামেলা নেই। আর এই চোরকুঠুরি তো নয় যেন মন্দিরের মণিকোঠা। ঘরের নাম দিয়েছে টঙ। আট হাত লথা, চার হাত চওজা। সক্ষ একটা ক্যাম্বিশের খাট, মেঝেতে হেঁজা মাত্রর, ময়লা বালিশ, ছটো বাঁয়া-তবলাও গজাগজি যাছে। বাঁয়া কখনো বা খাটিয়ার নিচে, কখনো বা তা বিলেরই বসবার চেয়ার। একপাশে সেতার তানপুরা, আরেকপাশে থেলো হুঁকো, গুল আর ছাই ঢালবার সরা, তামাক-টিকে-দেশলায়ের সরঞ্জাম। আর বই ? বই সর্বত্র। তাকে, খাটের উপর, খাটের নিচে। এখানে-সেখানে। দেওয়ালে ঘজি টাঙানো, একখানি কাপজ, একটা জামা, আরেকটা চাদর কুলছে। মলিন, ছিরপ্রায়।

বেশে-বাসে আরামে-বিলাসে লক্ষ্য নেই। কি যেন একটা অসাধাসাধন করবে সেই তপস্থায় সমাসীন।

অক্স গোলমাল নেই কিন্তু বন্ধুদের ভিড় আছে। বেলা এগারোটা, খেয়েদেয়ে এসে পড়ছে একমনে, কোখেকে আড্ডাধারী বন্ধু এসে হাজির। ভাই, রান্তিরে পড়িস, এখন হুটো গান গা।

গানের কথা একবার বললেই হল। নে, তবে বাঁয়াটা নে। বই ঠেলে ফেলে সেতার তুলে নিল বিলে। নে, ঠেকা দে।

'ওরে বাবা, তোর সঙ্গে বাঁয়া ধরব আমি ?' বন্ধু কুঁকড়ে গেল। 'কলেজে টেবিল চাপড়ে বাজাই বলে সত্যি-সত্যি কি আর বোল ফোটাতে পারি ?'

বেশ করে দেখে নে। বাজনার বোল ভোকে বলে দিচ্ছি। এমন কিছু শক্ত নয়।

গলা ছেড়ে গান ধরল বিলে। শোকস্তর দেশে নেমে এল যেন আনন্দের নিঝ রিণী। আনন্দেরই সাগর থেকে এসেছে আজ বান, দাঁড় ধরে আজ বস্ রে সবাই, টান্ রে সবাই টান্। এই বিষণ্ণ-বিবর্ণ দেশকে নিয়ে যাব আনন্দের বন্দরে।

দিন যে কোনখান দিয়ে চলে গেল খেয়াল নেই কারুর। খেয়াল নেই কখন চাকর মিটমিটে দ্বীপ রেখে গেছে এক কোনে। রাভ দশটার সময় খেয়াল হল খিদে পেয়েছে। আর, যাই বলো, খিদের কাছে আর গান নেই।

আজ বি. এ পরীক্ষার প্রথম দিন। সূর্য ওঠবার আগেই উঠে পড়েছে বিছানা ছেড়ে। একটা বই নিয়ে নাজাচাড়া করছে, হঠাৎ কি থেয়াল হল, চোরবাগানে এসে উপস্থিত। বন্ধু দাশর্থি আর হিরিদাসের বাড়ি। তারা তথনো ঘুমে, তাদের শোবার ঘরের দরজার সামনে এসে দাড়াল বিলে। উদাত্ত কণ্ঠে গান ধরল:

"অচল ঘন গছন গুণ গাও তাঁহারি, গাও আনন্দে সবে রবি চক্র তারা— সকল তরুরাজি সাজি, ফুলে ফলে গাও রে—" কার কণ্ঠস্বর ? ধড়মড় করে উঠে বসল বন্ধুরা। বাইরে ছুটে এল। তুই, নরেন ? আর একখানি গা। আর একখানি ধর।

স্থরের স্বধুনী নেমে এল পাষাণী মাটিতে। স্থরের আগুন লেগে গেল পুল্পে-পর্ণে, পক্ষিকাকলীতে। বিলে আবার গান ধরলঃ

> "মহাসিংহাসনে বসি শুনিছ হে বিশ্বপিতঃ তোমারি রচিত ছন্দ মহান বিশ্বের গীত মর্ত্তোর মৃত্তিকা হয়ে, ক্ষুদ্র এই কণ্ঠ লয়ে আমিও ছুয়ারে তব হয়েছি হে উপনীত।"

কোথায় সকলে উঠে পড়বে, তা নয়, গান ধরেছে। কি হবে পড়ে শুনে যদি তা না ঈশ্বররহস্থের মীমাংসা করে ? পড়ে ইতিহাস ব্ঝব, অঙ্ক ব্ঝব, কিন্তু বুঝব কি ঈশ্বরকে ? আর ঈশ্বরকে না জানা পর্যন্ত জ্ঞান নেই।

সেই এক জানার নাম জ্ঞান, অনেক জানার নাম অজ্ঞান। বললেন শ্রীরামকৃষ্ণ।

কিশোর গদাধর যথন এদেছে প্রথম কলকাতায়, তার দাদা বামকুমার তাকে টোলে ভরতি করে দিতে চাইলেন। বললেন, এবার একটু লেখাপড়া কর।

লেখাপড়া ? লেখাপড়া করে কি হবে ?

বা, রোজগার করতে হবে না ? কিছু শাস্ত্র-ব্যাকরণ পড়ে নিলে অন্তুত পুরুত-গিরিটা তো করতে পারবি।

'দাদা, চালকলা-বাঁধা বিভে দিয়ে আমার কি হবে ? তা দিয়ে আমি কি করব ' বললে সেই সরল-তরল গদাধর।

তার মানে? তবে তুই কী চাস?

আমি চাই জ্ঞান ! সেই একটা মহান আবিকারের উদার আনন্দ। যিনি আকাশের তারায় থেকেও আবার চোখের তারায় আছেন, সূর্যে থেকেও আছেন আবার শিশিরে, কে তিনি ? যাঁর গুণে সবাইকে স্থেম্মর বলে দেখি, প্রিয় বলে ভালোবাসি, তিনি না জানি কত স্থামর-প্রিয় ! একবার জানতে হবে না তাঁকে ? যিনি গভীরের চেয়েও গভীর নিবিড়ের চেয়েও নিবিড় তাঁর ঠিকানাটা একবার খুঁজে নেব না ? এ জীবনটা বয়ে যেতে দেব ? বাজে-খরচে উভিয়ে দেব পুঁজিপাটা ?

আবার গান ধরল বিলেঃ

"হরিরসমদিরা পিয়ে মম মানস মাতো রে,

একবার লুটায়ে অবনীতল, হরি হরি বলে কাঁদো রে।"
'এ কী, আজ পরীক্ষা না ?' পাশের বাজি থেকে আরেক সহপাঠী
এল ছুটে। 'কোথায় সকালবেলা ফুটোফাটা একট্ ঝালিয়ে নেবে,
তা নয় উলটে ফুরতি ওড়াছে।'

'তাছাড়া আবার কি। মাথাটা সাফ রাখছি।' নরেন বললে দরাজ গলায়: 'ঘোড়াটা খেটে এলে তাকে ডলাই-মলাই করে তাজা করে নিতে হয়। তেমনি গান গেয়ে শরীর মনকে শাস্তি দিচ্ছি!'

## b

কিন্তু ঈশ্বর বলে সভিয় কি কেউ আছেন ? চোখ দিয়ে দেখা যায় না, হাত দিয়ে ধরা যায় না, কান দিয়ে শোনা যায় না, এমন কি কেউ থাকতে পারে ? থাকতে পারে ভো কোথায় ? কোন সমুক্তে, কোন পর্বতে, কোন অটবীতে ?

তোমার মনের মধ্যেই একটি মৌনী সমুদ্র আছে। আছে একটি ভূক্স গিরিশৃক্ষ। একটি গহন কাস্তার। সেখানেই তাকে সন্ধান করো।

ব্রাহ্মসমাজে গিয়ে মিশেছে নরেন। সেখানে বিচার-বৃদ্ধি দিয়ে স্থারের কিনারা করতে চায়, শুধু অন্ধ বিশ্বাস দিয়ে নয়, তাদেরকে তার ভালো লাগে। কঠোর ব্রহ্মচারীর মত দিন কাটায়। মাটিতেশোয়, নিরামিষ খায়, পরনে থান ধৃতি ও গায়ে চাদর, এর বেশি আর

পোশাক নেই। সমাজে গান গায়। প্রার্থনা করে। মধ্যরাত্তি পর্যন্ত ধানে নিশ্চল হয়ে থাকে।

তব্, কই সেই ঈশ্বর ? সাজা নেই শব্দ নেই, নিধর সমুদ্রে এত-টুকু বৃদ্ধু দ ফোটে না। রন্ধ্রহীন অন্ধকার। আলোক-কণিকার আভাস নেই এতটুকু।

কি করে থাকবেঁ ? যদি তার হাতে সত্যিই প্রদীপ থাকত একবার অস্তত দেখতে পেতুম তার মুখ !

দ্বিধায়-দ্বন্দ্বে ছিন্নভিন্ন হয়ে যাচ্ছে নরেন। কে তাকে সন্ধান দেবে, কে দেবে সিদ্ধাস্ত! কে জানান দেবে সেই মহা অজানার।

সর্বশ্রেষ্ঠ ধর্মগুরু মহর্ষি দেবেন্দ্রনাথ। তাঁর সৌম্যুসহাস্থ বদাক্ত জীবন বড় আকর্ষণ করেছে নরেনকে। নরেনের মনে হল যদি ঈশ্বরসন্ধান কেউ দিতে পারে তো তিনি। তার এই উদ্মাদ জিজ্ঞাসার পরম নির্ত্তি তাঁর হাতে।

গঙ্গার উপর নৌকোয় বাস করছেন মহর্ষি। একদিন হঠাৎ তাঁর সামনে এসে আবিভূতি হল নরেন। যেন দৈত্যের মত কি এক অতিকায় প্রশ্ন তাকে তাড়া করেছে, সমাধানের শাশ্রয় তাকেই নিতে হবে। আর বহুশাখাবিস্তীর্ণ বটবৃক্ষের মত এত বড় আশ্রয় আর কে আছে মহর্ষি ছাড়া ?

শাস্ত মনে চোথ বুজে উপাসনা করছিলেন মহর্ষি। উত্তেজিত ঝড়ের মত তাঁর নিভ্তকক্ষে ঢ়ুকে পড়ল নরেন। জিগগেস করল তীক্ষ কণ্ঠে, 'আপনি ঈশ্বরকে দেখেছেন ?

মহর্ষির ধ্যান ভেঙে গেল। তাকিয়ে দেখলেন, নরেন। ছটি বিশাল-বিশদ চোধ যেন ভাগবতী দীপ্তিতে জ্বলছে।

এই যে তোমাকে দেখছি চোখের সামনে এই কি ঈশ্বরকে দেখা
নয় ? এই যে জ্যোতিরাত্মা সূর্য, গভীরাত্মা সমূদ্র, গহনাত্মা পর্বত এ
কি ঈশ্বরের প্রকাশ নয় ? এই যে ফুল হয়ে ফোটা তারা হয়ে ফোটা
এটি কি নয় ঈশ্বরের প্রক্ষুটন ? পত্ত-পুঞ্জে এই যে সমীরমর্মর, এই যে
কলিতললিত বিহগকুজন এইটিই কি নয় ঈশ্বরসঙ্গীত ? হাদয়ে যে

একটি অনেন্দের বাসা এইটিই কি তাঁর স্থান্ধ নয় ? আর এই যে নদী-নির্জনে পরিব্যাপ্ত একটি প্রশান্তির অমুভব এইটিই কি নয় তাঁর স্পর্শসান ?

'দেখেছেন আপনি ঈশ্বর ?'

অপূর্ব প্রশ্ন। ভাগবতী মতি না হলে কি এই জিজ্ঞাসা কারু
কর্তে কোটে ?

`মহর্ষি উদারনেত্রে হাসলেন। কিন্তু হাঁ-না সরাসরি উত্তর দিলেন না। তার অর্থ হয়তো এই, আমি দেখলে তোমার কী লাভ ? তোমাকে নিজে দেখতে হবে। খনির অন্ধকারে দেখবে সেই হিরণ-মণি।

তাই বললেন, 'কী সুন্দর উজ্জ্বল তোমার ছটি চোখ। যেন যোগীচফু!

যোগীচক্ষু নয়, চর্মচোখে দেখতে চাই তাকে। দেখাতে পারেন ? কেউ দেখাতে পারো ?

এখানে-ওখানে চুঁজতে লাগল নরেন, খুঁজতে লাগল মাথা । মন্ত্র-যন্ত্র ইন্দ্রজাল নয়, একেবারে স্পষ্ট, স্থপ্রত্যক্ষ, দেখাতে পারে। ঈশ্বরকে ? জ্ঞানাঞ্জন-শলাকা দিয়ে অজ্ঞানতিমিরাস্কের চোখ খুলে দিতে পারো কেউ ?

আমি পারি।

তুমি পারো, কে তুমি ?

আমি কেট নই, কিছু নই। আমি এক মুখখু গেঁয়ো পুজুরী বাহ্মণ।

পূজো করো তুমি ?

আমি শুধু মা মা বলে কাঁদি। মাকে ভালোবাসি। ভালোবাসাই আমার পূজা। কান্নাই আমার সে-পূজার গঙ্গাজল।

'ওরে বিলে, বাড়ি আছিস্ ?'

কে যেন ডাকছে বিলেকে।

কে ? পাড়ার স্থরেশ মিত্তির দরজায় দাঁড়িয়ে। 'চল আমার বাজি চল। গান গাইবি।' গান গাইতে সব সময়েই নরেন গলা বাড়িয়ে আছে। তবু উপলক্ষাটা কি!

'আমাদের বাজিতে ঠাকুর রামকৃষ্ণ এসেছেন। নাম শুনেছিস তো ? সেই রাসমণির বাগানে দক্ষিণেশ্বরে যিনি থাকেন। কেশব সেন যাঁর কথা লিখেছেন কাগজে।'

অমন কত লোক লেখে! ভূ-ভারতের সাধুসন্নেসীর কি কোনো অভাব আছে ? এসেছেন তো এসেছেন তাতে আমার কি!

'ওরে গান গাইবি । তিনি বড় ভজন শুনতে ভালোবাসেন। ভালো গাইয়ে কাউকে যোগাড় করতে পারিনি। শেষে তোর কথা মনে পড়ল।' কাঁধের উপর অনুনয়ের হাত রাখল সুরেশ। 'চল ফু'খানা গাইবি চল।'

এ কে! চমকে উঠলেন রামকৃষ্ণ। যেন আগুনের সঙ্গে বারুদের দেখা হল, চুম্বকের সঙ্গে লোহার। পূর্ণিমার চক্ষের সঙ্গে ফেনিল-নীল জলনিধির। কোথায় একে আগে দেখেছি বঙ্গো তো?

দেখেছি এক জ্যোতির্ময় স্বপ্নে। সাতটি ঋষি বসে আছে ধ্যানমগ্ন হয়ে। আকাশের সেই সাত তারা। অত্তি অঙ্গ্রা ক্রতু পুলস্ত্য পুলহ মরীচি বশিষ্ঠ। যে জ্যোতির্মণ্ডলে এরা বসে আছে তারই কিয়দংশ ঘনীভূত হয়ে ছোট্ট একটি দেবশিশুর আকার নিলে। দেবশিশু একজন খ্যাবির কোলে চড়ে ছ'হাত দিয়ে তার গলা জড়িয়ে ধরল, তার ধ্যান ভাঙাবার জন্মে ডাকতে লাগল মৃছ-মৃছ। খ্যাবি চোথ মেললেন। শিশু বললে, আমি চললুম, তুমিও এস।

রামকৃষ্ণ দেখলেন, এ যে সেই ঋষি। শিশুর টানে ঠিক চলে এসেছে পৃথিবীতে।

শিশুর টান মানে রামকৃষ্ণের টান। রামকৃষ্ণ সেই শিশু।

শিশুর মত সরল। শিশুর মত পবিত্র। শিশুর মত শ্রণাগত।

আর বিবেকানন্দ ঋষির মত যোগী, ঋষির মত তেজস্বী। পরিপূরক হিসেবে আরেকজনকে চাই। রথী আর সার্থী। ভাব আর রূপ। দেহ আর আত্মা। একিঞ্চ আর অন্তর্ন। বৃদ্ধদেব আর আনন্দ। গৌরাঙ্গ আর নিত্যানন্দ। তেমনি এরামকৃষ্ণ আর নরেক্সনাথ।

ওরে কোথায় ছিলি তুই এতদিন? কি করে ভূলে ছিলি আমাকে?

মনের ভাব মনে রেখে শাস্ত হয়ে গান শুনলেন রামকৃষ্ণ। কি সুন্দর গায়!

কাদের বাজির ছেলে ? কোথায় থাকে ? কে ডেকে আনল ? 'ও স্থুরেশ, ওকে আরো একখানা গাইতে বলো।'

আরো একখানা গাইল নরেন। তন্ময়, বিভোর হয়ে গেলেন রামকৃষ্ণ।

গান শেষ হলে কাছে এগিয়ে এলেন ব্যাকুল হয়ে। তৃপ্ত চোখে দেখতে লাগলেন দেহলক। কী স্থলর দেখতে। যেন রামায়ণের রামের মত। তৃই হাতে সেই হরধনুভঞ্জন বিপুল বিক্রম। আবার তৃই চোখে সেই কমলকোমল শিশিরশান্ত করুণা। কথার স্থরে মিনতি মাঝিয়ে বললেন, 'একবারটি যাবে দক্ষিণেশ্বরে? আমি বড় একা। আমার দিন আর কাটে না।'

কি মিষ্টি করে কথা বলে এই সাধু। সলজ্জ মুখে হাসল নরেন। বললে, 'যাব।'

যাব বললে, কই আর এলো না তো! তখন কেন কাপড়ের খুঁটে বেঁধে আনলাম না! বাঁধতে চাইলেই যেন বাঁধা যেত! আমি তার কে! আমাকে সে মানবে কেন! কোন স্থাথ সে ধরা দেবে!

কোনো খোঁজ নিইনি, রাখিনি কোনো ঠিকানা। কার ছেলে তুই, কত তোর বাড়ির নম্বর। তোকে দেখেই আর সব হিসেব আমার ভূল হয়ে গেল। এখন কাকে পাঠাই, কোথায় পাঠাই, কোন দেশ থেকে ডেকে আনি। তুই নিজের থেকে একবার আসতে পারিস না দয়া করে? আমি মৃখখু বামূন, আমার বাইরে কোনো জৌলুস নেই, কিন্তু শোন, তোকে বলি অন্তরে আমার অনন্ত স্নেহ। সে সমুদ্র কি

ভূই শুকিয়ে দিবি ? ভূই কি ভাতে স্নান করবি নে ? করবি নে সম্ভরণ ?

ওরে, একবার আয়। এক জীবন মা'র জন্মে কেঁদে মরেছি— এখন বৃঝি ভোর জন্যে কের কেঁদে মরব। তুই তো ঐ পাষাণীর মত কঠিন নোস, তুই তো রক্ত-মাংসের তবে তুই কেন সাড়া দিবিনে !

যেমন গামছা নিংছোয় তেমনি বৃকের ভিতরটা কে যেন মৃচছে দিছে হাত দিয়ে। এদিক-ওদিক তাকান রামকৃষ্ণ, এই বৃঝি সে এল। ঐ বৃঝি তার পায়ের শব্দ। অন্ধকারে চোধ খুললেই যেন দেখতে পাব সেই নয়নলোভন ভূবনশোভনকে।

রাত্তে স্বপ্ন দেখেন, যেন সে এসেছে।

গা ঠেলে তুলে দিল ঠাকুরকে, বললে, ওঠো, চেয়ে দেখ, আমি এসেছি—

এসেছিস ? সত্যি ? এত রাত্রে ? কিন্তু কই, কোথায় ভূই ? অন্ধকারে হাতড়ে বেড়ান রামকৃষ্ণ। গঙ্গার ব্যথিত কলকলম্বর ভেসে আসে বাতাসে—সে নেই, সে আসেনি, সে এসে আবার চলে গেছে।

শেষকালে মার মন্দিরে গিয়ে কেঁদে পড়লেন। মা, কুপা কর, মুখ
ছলে চা। একবারটি তাকে এনে দে। তার মুখখাঁনি একবার দেখি।
দেখি সেই তার অরবিন্দ নেত্র ছটি। তোর কাছে কিছু চাইনি, আর
কিছু চাইও না। রাজ্য চাই না, রত্ন চাই না, মোক্ষ চাই না, ভূই শুধু
একবারটি ওকে এখানে নিয়ে আয়। ও নইলে আমার প্রাণের কথা
ব্রবে কে ? আর কাকেই বা তা কইব প্রাণ খুলে ?

তুই সব জানিস, সব ব্ঝিস, আর এটুকু ব্ঝবি নে ?

কি ঘুরছিস তুই এখানে-সেথানে ? যদি মুর্তিমান ধর্মকে দেখতে চাস চলে যা দক্ষিণেশ্বর। দেখে আয় রামকৃষ্ণকে। সুদক্ষিণকে।

বিলেকে বললেন একদিন রাম দত্ত। দূর সম্পর্কের আত্মীয়। বিশ্বনাথের ঘরে থেকেই মানুষ।

যাব বললেই কি যেতে পারি ? তুমি যদি না টানো। তুমি যদি না পথের সন্ধান দাও !

নতুন গাভ়ি কিনেছে স্থরেশ। গাড়ি মানে ঘোড়ার গাড়ি। একদিন বললে এসে বিলেকে, ওরে, যাবি দক্ষিণেশ্বর ?

যাব।

কেন যাবে বিচার করেও দেখল না। ও কি একটা যাবার মত জায়গা ? কে না কে এক সাধু সেখানে আন্তানা গেড়েছে—গাছতলায় বসা সাধু নয় তো পেটবোরেগী—তার কাছে যাবার এত তাড়া কিসের ? বোলে-চালে কিছু আছে বলে তো মনে হয় না। শাস্ত্র-দর্শন দ্রের কথা, এক অক্ষর লেখাপড়া শেখেনি বলেই তো শুনেছি। কী সে দেবে, কী বা পারে সে দিতে ? জীবনের এত সব জটিল হরহ রহস্তের উপর কী করবে সে আলোকপাত ?

তব্, এক কথায় নিজেরও অজানতে বলে উঠল বিলে, 'যাব।'
চোখ ছটি যেন ভরে আছে ভালোবাসায়। সেই আলোকপাতেই
যেন সমস্ত জীবন-রহস্তের অর্থোন্মোচন হবে।

তাড়াতাড়ি করে বেরিয়ে পড়ল। শরীরের দিকে লক্ষ্য নেই, মন উড়ে চলেছে কোন স্থদ্রের সন্ধানে। মাথার চুল অগোছালো, বেশবাস উদাসীন, শুধু ময়লা একখানি চাদর গায়ে। পরিচিত সংসার থেকে যেন আলাদা হয়ে এসেছে। যেন সংসারই বিদেশ, চলেছে অন্য নিকেতনে, নিজ নিকেতনে। মনকে শাস্ত হতে বললেন রামকৃষ্ণ। ওরে, এসেছে। এত ডেকেছি এত কেঁদেছি, না এসে কি পারে ? তুই চঞ্চল হোসনে, উদ্বেল হোসনে। আগে ওর গান-টান শুনি। মুখখানি দেখি তৃপ্তি করে। এসেছিস? আয়—

সক্তে আবার কটা ছোকরা বন্ধু নিয়ে এসেছিস কেন। একা-একা আসতে পারন্তিনে ?

মেকেতে মাহুর পাতা, বসতে বললেন রামকৃষ্ণ। বললেন, 'একটা গান ধর।'

গান তো নয়, ধ্যান। ধ্যানে যেন আরুত হয়ে আছে নরেন। উন্মুক্ত, উদাত্ত গলায় গান ধরল:

> মন চল নিজ নিকেতনে সংসার বিদেশে বিদেশীর বেশে ভ্রম কেন অকারণে॥

বোল-আনা মন-প্রাণ-ঢালা গান। তুনে ঠাকুর আর সামলাতে পারলেন না নিজেকে। উঠে নরেনের হাত ধরলেন হাত ধরে টেনে আনলেন উত্তরের বারান্দায়। ঘরের দরজা বন্ধ করে দিলেন বাইরে থেকে।

শীতকাল বলে উত্তর দিকের থামের ফাঁকগুলো বাঁপ দিয়ে ঘেরা।
মৃতরাং ঘরের দরজা বন্ধ হতেই বেশ একটু নিরিবিলি হল জায়গাটা।
কাক্লর কিছু দেখবার জো নেই।

নরেন ভাবল সাধু বৃঝি কিছু উপদেশ দেবেন। খুলি ঝাড়বেন মামুলি কথার।

ঠাকুর, ও সব ঢের শুনেছি। মুখের কথা পচে গিয়েছে। ছাপার অক্ষরও ঝাপসা হয়ে মুছে গিয়েছে এত দিনে।

কিন্ত এ কি, জীরামকৃষ্ণ কাঁদছেন। অঝোরে কাঁদছেন। যেন কত পরিচিত, কত অন্তরঙ্গ, এমনি অনুযোগের স্থরে বলছেন, 'ওরে, নামাকে ছেড়ে এত দিন কোপায় ছিলি ?'

নরেন ভো নিশুক, নির্বাক।

'এত দিন পরে আসতে হয় ? তোর জ্ঞানত কত দিন ধরে আমি বসে আছি একবারও ভাবলিনে সে কথা ? তুই এত নির্মম ? একবারও মনে পড়ল না আমাকে ?'

এ কি পাগলের প্রলাপ ? কিন্তু, পাগল ভো, কাঁদে কেন এমন করে ?

'বিষয়ী লোকের কথা শুনে-শুনে আমার কান দয় হয়ে গেল।
এবার, আয়, ভোর মুখে একটু হরিকথা শুনি। আমার কান জুজােক,
আমার প্রাণ জুড়ােক। শুধু শুনব না, বলব। ভোকে কভ কথা
আমার বলবার আছে। কভ কথা। মনের কথা, প্রাণের
কথা। সে সব কথা বলভেন না পেয়ে এই ভাখ আমার পেট ঢাক
হয়ে রয়েছে—'

शामत ना कामत रक वर्ण रमत नत्रनरक।

'শেষকালে মা'র কাছে গিয়ে কেঁদে পজ্লাম। মা, ওকে একবারটি এনে দে। অমনিধারা শুদ্ধ ভক্ত না পেলে বাঁচব কি করে? কার সঙ্গে কথা কইব ? কাঁদতে-কাঁদতে ঘুমিয়ে পজ্লাম। ভারপর কি হ'ল জানিস না বৃঝি ?'

পাথুরে চোখে তাকিয়ে রইল নরেন।

'মাঝরাতে তুই আমার ঘরে এলি। হাাঁ, তুই, স্পষ্ট তুই। এদে আমায় তুললি গা ঠেলে। বললি, আমি এদেছি—'

'কই আমি তো কিছু জানি না।' কৌতুহলের অলস একটি হাসির রেখা ফুটল বিলের মুখের উপর: 'আমি তো তখন আমার কলকাতার বাজিতে তোকা খুম মারছি।'

'ভূমি জানো না বৈ কি। ভূমি যদি না জানো তবে আর কে জানে।' বলে অকস্মাৎ হাত জোড় করে দাঁড়ালেন সামনে। বেমন লোকে মন্দিরে দেবতার সামনে দাঁড়ার। গাঢ়-গদ্গদ্ স্থরে বললেন. 'কিন্তু আমি জানি প্রভূ, ভূমি সেই পুরাণ পুরুষ, ভূমিই সেই পরমনিধান, ভূমিই সেই সপ্তর্বিমপ্তলের ক্ষবি। ভূমি নররূপী নারারণ। ভূমি জীব-জগতের হুংখ হরণ করতে আবার শরীর ধরেছ—'

আমি এটর্নি বিশ্বনাথ দত্তের ছেলে, কলেজে বি-এ পড়ছি, সামাপ্ত ছাত্র—আমাকে এ সব কথা! আমি কি পৃথিবীতে আছি, না কি চলে এসেছি গন্ধর্বনগরে ?

'ভূই একট্ বোস, ভোর জত্যে খাবার নিয়ে আসি।' দরজা ঠেলে ঘরের মধ্যে ঢুকে পড়লেন রামকৃষ্ণ।

চিত্রার্পিতের মত দাঁভিয়ে রইল নরেন। এ কে, কাকে সে দেখতে এসেছে? এক মুহূর্তের পরিচয়, তাইতে এত ভালোবাসা! ভেবেছিলুম, পাগল। কিন্তু পাগল কি ভালোবাসে? মধ্র করে কথা কয়? সুধাসমুদ্রের চেউ তোলে অস্তুরে?

চকিতে ফিরে এলেন রামকৃষ্ণ। হাতে সন্দেশের থালা। হাতে করে নরেনের মুখের কাছে সন্দেশ ছুলে ধরলেন। বললেন, 'নে, খা, হাঁ কর।'

মুখ সরিয়ে নিল নরেন, বললে, 'সে কি, সঙ্গে আমার বন্ধুরা রয়েছে। থালাটা আমার হাতে দিন, বন্ধুদের সঙ্গে ভাগ করে খাই।'

থালা ছাড়বার পাত্রই কিনা রামকৃষ্ণ! জার করে সন্দেশ মুখে পুরে দিতে লাগলেন: 'ওরা পরে খাবে'খন। তুই আগে খা। কৌশল্যা হয়ে রামকে খাইয়েছি, যশোদা হয়ে ননীগোপালকে। নে, হাঁ কর—'

'অত পারব না থেতে।'

'তা পারবে না বৈ কি !' জোর করে খাইয়ে দিলেন সমস্ত। প্রক্রেণেট নত সলেন সিন্তিতে। বল্লেন 'বল জাকা

পরক্ষণেই নত হলেন মিনতিতে। বললেন, 'বল, আবার আসবি ?'

কণ্ঠস্বরের কাকুতি মর্মন্ত পর্যন্ত স্পর্শ করল। না করে এমন শক্তি যেন খুঁজে পেলনা শরীরে। বললে, 'আসব।'

'আর ভাখ, শিগগির করে আসবি।'

'ভাই আসব।'

'আর শোন্', একট বেন গলা নামালেন রামকৃষ্ণ: 'একা-একা আসবি। অভ বন্ধুবান্ধবের কি দরকার!' খাড় নেড়ে সায় দিল নরেন। বন্ধুদের নিয়ে ফিরে এল কলকাতা।

ফিরে এলেই কি চলে আসা যায় ? মন যে পড়ে থাকে। দুরে এলেও মন যায় উভ়ে-উভ়ে।

কিন্তু এ সে কী দেখে এল দক্ষিণেশ্বরে ? একজন মাত্র সাধ্, না, আর কিছু ? যদি শুধু একজন মাত্র সাধ্, তবে এমন করে টানে কেন ? কত সাধু দেখেছে সে গাছতলায়, মঠে-মন্দিরে, হাটে বাজারে। দেখে বরং বিতৃষ্ণা হয়েছে। কিন্তু এর মুখের দিকে চেয়ে দেখ চেয়ে দেখ মনোহর চোখ হটির দিকে। কি যেন আছে যা পৃথিবীর আর কিছুতে নেই। আর কিছুতে দেখনি।না সূর্যে না চল্রে না সমুক্তে না নীলাম্বরে।

তবে কি পাগল ? পাগল কি এত আনন্দে ভরা থাকে ? এত লাবণ্যে ? এত স্নিগ্ধতায় ?

তবে কী দেখে এলাম ? স্বপ্ন, না ইন্দ্ৰজাল ?

বা, এমন সে কী করেছে? সন্দেশ খাইয়েছে আর বলেছে, 'ভত্ত্বমিন,' অর্থাৎ তুমিই সেই ঈশ্বর। এতে এমন আর কী বাহাছরি! প্রত্যেক মানুষ্ঠ তো ঈশ্বরের প্রতিমূর্তি, ঈশ্বরের প্রতিভাস। সেইটেই একটু উচ্চকণ্ঠে ঘোষণা করেছে শুধু।

শুধু কি তাই ? শুকনো কাঠে যে আগুন ঘুমিয়ে ছিল তাকে বেন চকিতে জাগিয়ে দিয়েছে। অব্যক্তকে প্রকাশিত করেছে। নিহিতকে নিজাশিত। তুমি শুধু সাড়ে তিন হাত লম্বা মাংসপিশুময় সামাশ্য দেহ নও, তুমি অনস্থের আয়তন, তুমি অমিতবলশালী পরমাশ্বা। নিয়ে এসেছে সে বৃহতের সংবাদ, মহতের সংবাদ। একটি শুশুর মধ্যে ধানিত করেছে উদার সমুদ্রকে।

ভূমি অল্প নও, ভূমি অভিশয়। ভূমি ক্ষু নও, ভূমি অপরিমেয়। ভূমি অমৃতের সন্তান নও, ভূমি অমৃতের সন্তান।

দ্র ছাই, কি হবে অত ভাবনা ভেবে! আমার কলেজের পড়া পড়ে রয়েছে, তাইতে মন দিই। আমি কে তা জেনে আমার কী এসে বাবে! এদিকে পাশ করতে না পারলে সব করা! विल वह निरम् वमन।

কিন্তু, কি সর্বনাশ, আসল কথাই তো জিজ্ঞেস করা হয়নি। তুপু সন্দেশ খেয়ে আর স্তব তুনে চলে এলাম, যা জানতে গিয়েছিলাম তাই জানা হল না ? সব ভূল হয়ে গেল ?

কী জানতে চাস ? স্মিতস্নিশ্বহান্তে সেই হুইটি মনোহর চোখ মনের মধ্যে উজ্জ্বল হয়ে উঠল।

দেখা যায় ঈশ্বরকে ?

তিনি যখন আছেন, তখন তাঁকে আর দেখা যাবে না ? যেকালে তিনি আছেন দ্রষ্টব্য হয়েই আছেন।

আছেন গ

জগৎ দেখলেই বোঝা যায় তিনি আছেন। প্রাণরক্ষশালায় এত যে দীপ জলছে সেখানে নেই কেউ নাট্যকার; এত যেখানে আ আর শৃত্যলা সেইখানে নেই কেউ শিল্পী । এত যেখানে স্থর আর ছন্দ সেখানে নেই কেউ কাব্যকর্তা । নিয়ম আছে নিয়ামক নেই !

দ্র ছাই, পড়ার বই ছুঁড়ে ফেলে দিক্ল টেবিলে। কথা দিয়ে এসেছি যাই আরেকবার। তাকে দেখে আদি। নিয়ে আদি প্রথমে প্রশ্নের শেষ উত্তর।

ওরে আয়, দেখা দে। এদিকে কাঁদছেন বসে রামকৃষ্ণ। সেই যে আসবি বলে গেলি আর এলিনে। আমি যে ভোর জন্মে পথ চেয়ে বসে আছি। তুই এলে আমি বিহ্বল হই, বিবশ হয়ে পঞ্জি—জানি, সব জানি, তবু তুই আয়। দেখা দে।

সেদিন গাড়িতে গিয়েছিল, আজ চলেছে হেঁটে।

গাড়িতে গিয়েছিল বলে পথের দ্বন্ধ ঠিক ব্ঝতে পারেনি সেদিন।

এ যে পথ আর ফুরোয় না! আর কত দূর ?

আরো উত্তরে যা। উত্তরে গেলেই উত্তর মিলবে। সেখানেই আছেন সেই লোকোত্তর।

সেদিনের মতই ছোট তক্তপোশটিতে বসে আছেন। যেন কার জয়ে অপেক্ষা করছেন শুরু হয়ে। মুহুর্ত গুনছেন। ঘরে লোকজন আর নেই যেন সবাইকে সরিয়ে দিয়ে বসে আছেন একজনের জয়ে। উদাস, উচ্চকিত।

নরেন এসে দাঁভাল সামনে।

ওরে, এসেছিস ? শিশুর মত আহলাদে ফেটে পড়লেন রামকৃষ্ণ। তোর জন্মে বসে আছি কখন থেকে। আয় আয় বোস আমার পাশটিতে। আহা, মুখখানি শুকিয়ে গেছে দেখছি। কিছু খাবি ?

নরেন একটু দূরে সরে বসল কুষ্ঠিত হয়ে। একটু কেমন ভয়-ভয় করতে লাগল। পাগল আবার হঠাৎ কি করে বসে কে জানে।

তোর কুষ্ঠা, আমার অকার্পণ্য। তোর নিষেধ, আমার আবরণ। তোর ভয়, আমার অভয়-প্রসন্ধতা। তুই দূরে বসিস, আমি কাছে আসি সরে-সরে।

ঠাকুর সরে-সরে কাছে এগুতে লাগলেন। এবার ব্ঝি ধরে ফেলবেন নরেনকে। কি-এক অঘটন ঘটিয়ে দেবেন না জানি।

ঠিকঠাক কিছু একটা ভেবে নেবার আগেই তার গায়ের উপর ডান পা ভূলে দিলেন রামকৃষ্ণ। মৃহুর্তে সব বেন ওলটপালট হয়ে গেল। মনে হল দেয়াল-ছাদ সব বেন উড়ে গিয়েছে, হয়ে লোক নেই, শুধু আকাশময় নিঃসীম শুদ্রতা। সেই পরিব্যাপ্ত শুদ্রতায় যেন মিশে যাচ্ছে, কয়ে যাচ্ছে, গলে যাচ্ছে নরেন্দ্রনাথ।

আমি বলে যে একটা আলাদা অন্তিম্ব তা যেন আর থাকছে না। বিশ্বময় একটিমাত্র চেতনার মধ্যে মিশে যাচ্ছে এই শরীরাবদ্ধ সঙ্কীর্ণ চেতনা।

এই বোধ হয় মৃত্যু।

আতক্তে আর্তনাদ করে উঠল নরেন: 'ওগো, তুমি আমার এ কী করলে ? আমার যে মা আছেন, বাবা আছেন—'

খল খল করে হেসে উঠলেন রামকৃষ্ণ। ও, তাই আছেন নাকি ? তোর সঙ্গে যখন প্রথম দেখা হয়েছিল জিগগেসও করিনি, তুই কার ছেলে, তোর বাপের নাম কি, কি করে, তোর কে-কে আছে ? কী দরকার আমার ও-সব খোঁজ-খবরে ? তুই আছিস, তুই এসেছিস, এই তোর শ্রেষ্ঠ পরিচয়। আমি আম খেলে এসেছি, আম খেয়ে যাব। বাগানে কত আম গাছ আছে কত তার শাখা-প্রশাখা এ হিসেবে আমার কী হবে ? আমটি খাব আর তার সংবাদটি দিয়ে যাব জনে-জনে।

নরেনের আর্ডস্বর কি-রকম যেন বাজাল বৃকের মধ্যে। পা সরিয়ে নিলেন তার গা থেকে। স্থেহসুধাসিঞ্জিত কোমল হাতথানি বৃকের উপর বৃলিয়ে দিতে লাগলেন। বললেন, 'তবে থাক, এখন থাক। একবারে হয়ে কাজ নেই। আস্তে আস্তে হবে। কালে হবে। কালের ফলের মত মিষ্টি আর কি আছে।'

নিমেষে আবার সব স্বাভাবিক হয়ে গেল। ছাদ-দেয়াল ঠিক ঠিক বসল এসে যে-যার জায়গায়। জিনিসপত্র ফিরে পেল তাদের আগের অস্তিত্ব, আগের অবস্থান। গাছপালা নদী-মাঠ সব আৰার চিত্রান্ধিত হল। ফিরে এল আবার সহজের স্থ্যমা।

তবে এটা কী হয়ে গেল পলকের মধ্যে ? ভেলকি ? ভোজবাজি ? ভাছাড়া আবার কি । বিশ্বব্রহ্মাণ্ড উড়ে গেল চোখের সামনে ? সাধু নিশ্চয়ই কোনো ম্যাজিক জানে । ব্ল্যাক আর্টি । নয়তো বা ছিপনটিজম !

বললেই .হল ? আমি একজন স্বস্থ-সমর্থ দৃঢ়কার যুবক, এভ আমার মনের জোর, এভ প্রবল আমার ব্যক্তিম, এভ সহজে আমাকে অভিভূত করে ফেলবে ? কে জানে কি, অভিভূত তো করল, চক্ষের সামনে ঘটালো তো দৃশ্বাস্তর, জন্মের মধ্যে জন্মাস্তর—দরকার নেই ওঁর কাছে এসে। ঘরের ছেলে ঘরে পালাই। কখন কি ভেলকি লাগিয়ে দেয় ঠিক নেই।

পরক্ষণেই মন আবার রুখে দাঁড়াল। যদি ভেলকিই হয় বের করে দিতে হবে সে বৃজক্ষকি। যদি পাগলামিই হয় প্রমাণ করতে হবে সে উন্মন্ততা। ছেড়ে দেওয়া হবে না। বিচার-বিশ্লেষণ করে পৌছুতে হবে স্থির সিদ্ধান্তে।

ওরে, আমি পাগল: শিশুর চেয়ে সরল, ফুলের চেয়েও শুচি, জননীর চেয়েও স্নেহময়—সেই আত্মভোলা সাধু যেন বলছে নরেনের কানে-কানে। পাগল না হলে কি ঈশ্বরকে পাওয়া যায় ? লোকে টাকার জত্যে পাগল, নাম-যশ প্রভাব-প্রভাপের জত্যে পাগল, একবার ঈশ্বরের জত্যে পাগল হতে দোহ কি। আমায় দে মা পাগল করে, আমার কাজ নাই জ্ঞান-বিচারে।

শোন, আরো শোন। আমি ভেলকি জানি। মরা নদীতে বান ডাকাই। শুকনো কাঠে ফোটাই বসন্তমগ্ররী। যে ভূচ্ছ তাকে অসামাগ্র করি। যে মিয়ুমাণ তাকে অফিডজীবনের আস্বাদ দিই।

যাই কেননা বলো, ঠিক ধরে ফেলব। তাই সাবধান হয়ে আবার গিয়েছে নরেন। দুরে-দুরে থেকে লক্ষ্য করতে হবে। আর যদি ব্যাকুল হয়ে স্পর্শপ্ত করে অমনি একেবারে আচ্ছন্ন হতে দেব না নিচেকে। রুচ, দুচ থাকব।

দক্ষিণেশ্বরের মন্দিরের কাছেই, প্রায় গা-ঘেঁষে বছু মল্লিকের বাগান-বাড়ি। বেড়াতে-বেড়াতে সেধানেই সেদিন ঠাকুর নিয়ে এসেছেন নরেনকে। কত কথা বলছেন তার ঠিক নেই। কত আনন্দের কথা, ভালোবাসার কথা।

আমি ভোমাকে ভালোবাসি। এ-কথা বলার মত আনন্দ আর

কি আছে? যদি ঈশ্বরকে ভালোবাসতে পারি, জগতের জনকে জনে-জনে জানাতে পারি সে-কথা। তবে সে আনন্দ দেশহীন দিকহীন আদি-অন্তহীন। অবধি-পরিধিহীন। বল জগতে এসে তুই এই বড় আনন্দটা থেকে কেন নিজেকে বঞ্চিত রাখবি ?

যহ মলিকের বৈঠকখানায় গিয়ে বসেছেন ঠাকুর। পাশে নরেন। এই ভুবন-লোভনের সান্নিধ্য ছেভে দূরে সরে বসে নরেনের সাধ্য কি।

কখন আবার তাকে ছুঁয়ে দিয়েছেন ঠাকুর। কত অবহিত কত ধীর স্থির করে রেখেছিল নিজেকে, বেঁধেছিল কত অট্ট শাসনে, সব এক নিশ্বাসে নস্তাৎ হয়ে গেল। চূর্গ-বিচূর্ণ হয়ে গেল বৃদ্ধি-বিজ্ঞানের অহস্কার। আবার ঘটল সেই দৃশ্বাস্তর, উঠে গেল ইন্দ্রিয়ের যবনিকা।

कि चंडेल कि कात।

খানিক পর চর্মচক্ষে চেয়ে দেখল ঠাকুর তার বৃকে হাত বৃলিয়ে দিচ্ছেন। সিঞ্চন করছেন করুণার ধারাপাত।

আসল কথাই জিগগেস করা হয়নি ঞ্ তদিন। সেদিন তাই সেই সরাসরি প্রশ্নই করে বসল বিলে: 'এত শ্লেমা-মা করো মাকে দেখতে পাও তুমি ?'

'দেখতে পাই কি রে !' অগাধ সারল্যে ঠাকুর হেসে উঠলেন: ভার সঙ্গে বসে কথা কই, খাই, মার পাশটিতে ছোটটি হয়ে ঘুমূই—'

বিলেও হেসে উঠল। হেসে উঠল বিদ্ধপে। এ কখনো সম্ভব হতে পারে ? একটা পাথরের পুতৃল, ঘরের মধ্যে বন্দী হয়ে আছে, বোবা অন্ধ একটা জড়পিও, সে নড়ে-চড়ে হাঁটে-চলে এ নিছক আজগুবি। কায়াহীন কাব্যকথা। শুধু হাঁটে-চলে না, কথা কয়, হাসে, এমনকি টাকরায় জিভের শব্দ করে খায় নাকি ভারিয়ে-ভারিয়ে। গাঁজাখুরি আর কাকে-বলে ? আর, মায়ের ওই ভো একট্থানি খাট, ভার মধ্যে জড়সড় হয়ে শোন কি করে ঠাকুর ?

কিন্তু ভূড়ি দিয়ে উড়িয়ে দিতেও জোর পায় না! এমন যার লাবণাঢালা মুখ সে কি মিথো কথা বলতে পারে? কোথাও কি ছলনার এডটুকু ভন্ত আছে, কুয়াশার এডটুকু রেখা? তাই বলে তো বৃদ্ধি-বিবেচনা বিসর্জন দিতে পারি না। বোলজানা বাচাই করে নেব। যুক্তির শানের উপর আছড়ে ফেলে বারে-বারে বাজিয়ে তবে দেধব খাঁটি না মেকি। ছেড়ে কথা কইব না।

'ও তো একটা পাষাণের পুত্তলি। স্থবির জড়পিও।'

'জড়পিও !' ঠাকুরের বিন্দুবিসর্গ রাগ নেই। 'ওরে জড় তো চৈতত্যের ছদ্মবেশ। আর জীব তো ঈশ্বরের প্রতিরূপ।'

'वलालाहे हल ? जव जिश्वत ?'

'সমস্ত। ধূলিকণা থেকে নক্ষত্রকণা।'

'ঘটি বাটি থালা গ্লাস — সব ?' পরিহাসের ঝাঁজ আর লুকোতে চাইলনা বিলে :

ঠাকুর স্নিশ্বহাস্তে অথচ দৃঢ় প্রত্যয়ের সঙ্গে বললেন, 'নিশ্চয়। ঘটি বাটি থালা গ্লাস—সমস্ত।'

হয় এ লোক জেগে-জেগে ঘুমোয় নয়তো ঘুমিয়ে- ঘুমিয়েও দেখে। এর সঙ্গে তর্ক করে লাভ নেই। তার চেয়ে হাজরার সঙ্গে হুটো কথা কই।

পুরো নাম প্রতাপ হাজরা। বাজিঘর ছেড়ে দক্ষিণেশ্বরে এসে বসেছে, মতলব ঠাকুরকে ধরে যদি কিছু স্থরাহা হয়। ঠাকুর বলেছেন, রাজার বেটা হ, মাসোহারা পাবি। রাজার বেটা হবার দিকে ঝোঁক নেই, হাজরার লক্ষ্য মাসোহারার দিকে।

কেন থাকবেনা লক্ষ্য ? সব পরিশ্রমেরই পুরস্কার আছে আর এই যে কঠোর কুছুদাধন করছি, আসনে বসে এত জপতপ, এত মালা-ফেরানো, এর বাবদ কোনো মুনাফা মিলবে না ? বড়লোকের খোসামুদি করে কত কিছু আদায় করা যায়, আর সকলের যিনি বড়-লোক তাঁকে স্তবন্তুতি করে মিলবে না কিছু চালকলা, ছটো নেহাৎ আলুমূলো ? নইলে খাটনি পোষাবে কেন ?

'হাজরা শালার ভারি পাটোয়ারি বৃদ্ধি।' ঠাকুর সাবধান করে দেন ভক্তদের। 'ওর কথা শুনিসনে। ও জপতপ করে আবার দালালিও করে। টাকাওয়ালা লোক দেখলে কাছে ডাকে।'

40.71

বিনিময়ে মুখের বস্তু একটা পাব তার জন্মে ডাকব ঈশ্বরকে? আমি যে ঈশ্বরকেই পেতে চাই—সর্বোন্তম যে সুখ, পরমতম যে প্রাপ্তি। সোনার বদলে গিলটি দিয়ে মন ভোলাব? মণির বদলে কাচ? সোনা ফেলে গ্রন্থি দেব অঞ্চলে?

ঈশ্বর পাওয়ার মানে কি ? ঈশ্বর হওয়া। নদী কি সমুদ্রকে পায় ? নদী সমুদ্র হয়। ঈশ্বর হওয়া যায় কি করে ? মানুষ হয়ে। মানুষ বলে প্রমাণিত হয়ে। সে প্রমাণ হবে কিসে ? বড় হয়ে ও ভালো হয়ে। বৃহৎ হয়ে ও মহৎ হয়ে। যখনই মানুষ বৃহৎ আর মহৎ তথনই মানুষ ঈশ্বর।

অত তত্ত্বকথার ধার ধারি না। হাজরা যা বলে মন্দ বলে না।
নরেনের তাই অভিমত। জুটবে না নগদ বিদায়, হা-পিত্যেশ করে
মরব, এমন রাজার হয়ারে মাথা কুটতে যাব কেন ? থাটিয়ে নেবে
অথচ জুটিয়ে দেবে না এ কেমনতরো কারিগর ? শুধু ঘষা পয়সা
আর পাঁচহাতি একখানা ঠেটির বদলে কর্মব না পুরুতগিরি।

ঠাকুর পরিহাস করে বলেন, 'হাজরা ইচ্ছে নরেনের ফেরেও।'

বারান্দায় বসে হাজরা তামাক সাজ ছে। তার পাশে এসে বসল নরেন। টিকে ধরিয়ে ছঁকোটা নরেনের দিকে বাড়িয়ে দিল। টানতে লাগল নরেন। একমুখ ধোঁয়া ছেড়ে বললে, 'শুনেছেন, বলছে কী অসম্ভব কথা!'

'কী বলছে ?' ভুকু কুঁচকে প্রশ্ন করল প্রভাপ।

'বলছে, ঘটি বাটি থালা গ্লাস সব নাকি ঈশ্বর। ইট কাঠ লোহা লক্কড—সমস্ত ।'

'পাগল কি না বলে!' ছ'কোর জত্যে হাত বাড়াল হাজরা।
'শুধু তাই নয়। আমি আপনি—রাস্তার ঐ লোক, নৌকোর
ঐ মাঝি—সব নাকি ঈশ্বর।'

হো-হো-হো করে হেসে উঠল হাজরা। যেন কী এক অলীক অসার কথা বলেছে এক অর্বাচীন। সেই ব্যঙ্গের হাসিতে যোগ দিল নরেন। ঠাকুর ঘরে ছিলেন, সেই ব্যক্তের হাসি তাঁর কানে চুকল। নিমেষে তিনি একটি বালকের মতন হয়ে গেলেন। বাহ্যজ্ঞানের লেশমাত্র রইল না। প্রনের কাপড়খানি বগলে নিয়ে বেরিয়ে এলেন বাইরে।

'কি বলছিস রে নরেন ?' হাসতে হাসতে কাছে এসে ছুঁরে দিলেন নরেনকে। ছুঁয়েই সমাধিস্থ হয়ে গেলেন।

সর্ব-অঙ্গে শিউরে উঠল নরেন, নিগৃঢ়তম শিরাতস্থতে। যেমন বসস্তম্পর্শে পুষ্পতরু। অন্ধকারের স্পর্শে তারা-ফুটে-ওঠা ধুসরাম্বর:

বৃঝি একেই বলে স্পর্শমণি। লোহার সোনা হয়ে ওঠা। মৃত্তিকার হয়ে ওঠা স্বর্গ।

বেন চোখের সমূখ খেকে একটা পর্দা সরে গেল। ছই চর্মচকু বুজে গিয়ে জেগে উঠল অমর্ভচকু, অমৃত্চকু। চেয়ে দেখল সমস্ত কিছু প্রাণময় গতিময় জ্যোতির্ময় হয়ে উঠেছে। সমস্ত কিছু একটা দীপ্ত সন্তায় উচ্চারিত। সমস্ত কিছু ঈশ্বরময়, ঈশ্বরঝক্কত।

একেই বৃঝি বলে মৃক্তি। দৃষ্টির মৃক্তি। অন্তরের স্থইচবোর্ডে অজানা একটি স্থইচ টিপে দিল কে, নবীন আলোকে অদেখা আলোকে সমস্ত কিছু আলোকময় হয়ে উঠল। নতুন চেতনায় নতুন চাঞ্চল্য। নতুন পরিধেয়ে নবতন পরিচয়।

দেখল নিজেকে। দেখল ঈশ্বরকে। দেখল ঈশ্বরছাড়া কিছু নেই। ঘটি বাটি থালা গ্লাশ হুঁকো কলকে হাজরা দত্ত সব ঈশ্বর। মাকিমালা মুটে মজুর কামার ছুতোর জেলে জোলা সব ঈশ্বর। ব্রাক্সণ-আচণ্ডাল। আব্রহান্তম।

এমনিতরো দেখাই বৃঝি ঈশ্বরকে দেখা।

এ কি, চোখে খোর লাগল নাকি? চোখ বৃজ্জ নরেন।

অস্ককারেও সেই ঈশ্বর। সেই চৈতগ্রহাতি। হাজরা রইল সেই

উক্নো কাঠ হরে, উদ্প্রাস্তের মত তাড়াতাড়ি বাড়ি কিরল নরেন।
পথবাট গাড়িখোড়া সব বেন জলম্ভ প্রাণস্রোত। অনস্তবাত্রার
বৈগোজ্লাস।

বাজিতে এসেও সেই ভাব। ইট কাঠ কজি বরগা দরজা জানলা কিছুই আর জড়বন্ধ নয়, সব প্রাণচঞ্চল, বেগচঞ্চল। খাট চৌকি চেয়ার টেবিল বিছানা বালিশ—সমস্ত। সব কিছুর মধ্যে ঈশ্বরই বসে আছেন, ঈশ্বরই নড়ছেন-ফিরছেন। কোনো কিছুকে ঈশ্বর থেকে আলাদা করে নেওয়া যাচ্ছে না। সব কিছু ঈশ্বর-বহুমান ঈশ্বর-ভাসমান।

মা খাবার দিয়ে গেলেন। নরেন খেতে বসল। আশ্চর্য, ডাল-ভাত মাছ-তরকারি, তার মধ্যেও ঈশ্বর বসে আছেন।

'কি রে, বসে আছিস কেন ? খা।' মা তাড়া দিলেন। কে পরিবেশন করছে ? কে খাচ্ছে ? কাকেই বা খাচ্ছে ? সব সেই ঈশ্বর। দাতা ঈশ্বর, ভোক্তা ঈশ্বর, ভোগ্যভোজ্যও ঈশ্বর।

বিরাট একটা অমুভূতির দেশে চলে এল নরেন। যেন ডাঙায়-ওঠা মাছ নেমে পড়ল তার আপন সরোবট্টে। স্বধাম-সরোবরে।

कि ख এ कि जानम, ना, यहा ? नाकि यहा गाय जानम ?

পরদিন সকালে রাস্তায় নেমেও সেই কুশা। ঐ যে গ্যাসপোস্ট দাঁজিয়ে আছে ও কি শুধু গ্যাসপোস্ট ? ও তো ঈশ্বর, ও তো আমি। ঐ যে গাজি আসছে ছুটে ওই তো ঈশ্বর ছুটে আসছে, আমাকে, ঈশ্বরকে জড়িয়ে ধরতে। যে মারে আর যে মরে সব ঈশ্বর। হাজিকাঠ বলি ধড়া ঘাতক—সমস্ত। বিনাশও ঈশ্বর উদয়ও ঈশ্বর। বিনাশের পৃষ্ঠপটে অবিনাশী আবির্ভাব।

বিকেলে বেড়াতে এসেছে হেদোয়। লোহার রেলিঙে মাথ। ঠুকছে নরেন। আর আর্তনাদ করছে, বল ছুই কে ? তুই কি ঈশ্বর? তুই কি আমি ? যহু মলিকের বাগানে গিয়ে আবার কাঁদতে বসেছেন ঠাকুর।

ওরে আয়, দেখা দে। সেই যে চলে গেলি আর এলিনে। তোকে না দেখলে যে চোখ ব্যথা করে। ব্কটা শৃশু ঠেকে। কুধা-নিদ্রা উদ্ধ্ পালায়।

ওরে আয়। বিনিম্র চোধে শীতলবাহিনী সুষুপ্তির মত। শোকার্ত বুকে সম্ভাপনাশিনী সাম্বনার মত। ওরে আয়, শুকনো মাঠে বেমন আকাশঢালা বৃষ্টি নেমে আসে।

আশেপাশে লোক বিজ্ঞপ করে ঠাকুরকে। 'কে না কে এক কায়েতের ছেলে তার জন্মে এত আকুলিব্যাকুলি।'

সত্যিই তো, কার ছেলে, বাপ কি করে, কেমন অবস্থা, কোথায় ঠিকানা, কিছুই তো জিগগেস করিনি। কি আশ্চর্য, ভূলে গিয়েছিলাম একেবারে। এমন ভূলও হয় মানুষের !

কি করব, ও যে সব-ভোলানো! কী হবে জেনে আমার ওর নামগোত্ত, ওর কুলকোণ্ডী, ও আপনাতেই আপনার পরিচয়। নিজের কীর্তিতে নিজের দীপ্তিতে চরিতার্থ। নিজের অস্তিকে অর্থান্বিত। ওকে দেখলেই সব দেখা, শেষ দেখা হয়ে গেল। ও যে আর কিছু দেখতে দেয় না।

'কি যে বলেন মশাই তার ঠিক নেই।' আরেকজন টিপ্পনী কাটে: 'ঐ তো ওর সামাত্য পড়াশুনো, হুটো মোটে পাশ করেছে। ওর জত্তে অধীর হওয়া কি সাজে ?'

ভোর জন্মে অধীর হব তুই কী পড়াশুনা করেছিস তার বিচার করে? লোকে যখন কাঁদে তখন কি শাস্ত্র-ব্যাকরণের খবর নেয় ?

সামাশ্র পড়াশ্বনো ? বলো কি তোমরা ? ওর জুড়ি আর একটাও ছেলে আছে ত্রিসীমায় ? বেমন গাইতে-বাজাতে তেমনি বলতে-কইতে তেমনি আবার লেখার-পড়ার। এডটুকু মেকি নেই ওর মধ্যে, বাজিয়ে দেখ গিয়ে, টং টং করছে। তাছাড়া জানো আসল খবর ? রাতভোর ধ্যান করে ও। ধ্যান করতে-করতে সকাল হয়ে যায়, হু স্থাকে না। ও কি হেঁজিপেজি ? ও ব্রহ্মমন্ত্রীর বেটা।

কিন্তু যার জভে এত মমতা এত আকুলতা তার এতটুকু করণানেই।

সেদিন যদি বা এল, বললে মূখের উপর, 'ভূমি ঈশ্বরের রূপ-টুপ যা দেখ সব ভোমার মনের ভূল।'

আবার সেই কথা ?

হাঁা, আবার সেই কথা। খুরে-ফিরে আবার সেই সন্দেহ। বারে-বারে পড়ি, বারে-বারে উঠি। একবেলা মানি ভো আর একবেলা মাথা ঠকি। এক ঢেউয়ে আরেক ঢেউয়ে ভলিয়ে বাই।

'সে কি রে ? নিজের চোখে দেখি যে সব। শুনি সব স্বকর্ণে। নিজের চোখ-কানকে অবিশ্বাস করব ?' শিশুর সহজ সারল্যে তাকিয়ে থাকেন ঠাকুর।

'মাথার গরমে ছায়া দেখেন।' জোর গালায় বললে নরেন, প্রায় নিষ্ঠুরের মত, 'হাওয়ায় কোথায় কি শব্দ হয় আর ভাবেন ছায়া কথা কইছে!'

'छूडे वनामहे इन ?'

'আর আপনি বললেই বা হবে কেন ? প্রমাণ কি ?' নরেন রুখে দাঁভাল।

প্রমাণ কি ! ঠাকুর তাকিয়ে রইলেন আবিষ্টের মত । কি হলে, কেমন করে হলে প্রমাণ হয় ? সামনে যে ওটা একটা গাছ কি করে প্রমাণ করবে ? বৃক্ষরূপে ও যে ঈশ্বর দাঁভিয়ে নেই তাই বা তোমাকে কে বললে ?

'পশ্চিমের বিজ্ঞান হাতেনাতে দেখিয়ে দিয়েছে চোখ-কান অনেক জায়গায় ভূল দেখে, ভূভ দেখে।' বললে নরেন। 'আপনি যা সব দেখছেন-শুনছেন সব আপনার সেই চোখ-কানের ভূল। নইলে যা সভ্যি অনুষ্ঠ ভাকে দেখা যাবে কি করে ? যা অচল ভা কি করে নড়বে-চড়বে ?'

আমার মধ্যে তো প্রাণ আছে। বের করে দেখাও সেই প্রাণ।
না দেখেও সেই প্রাণকে তো স্বীকার করছ। আমার মধ্যে তো মন
আছে। কত সে উড়ছে-ঘুরছে, দশদিগন্ত পার হয়ে কত দেশ-দেশান্তর।
সে মনকে সুল চক্ষ্র বিষয়ীভূত করো। মন আবার ব্যথা পায়, মন
আবার তৃপ্তিতে ভরে ওঠে। প্রামাণিত করো সেই মন, দেখাও তার
আকার-প্রকার। পারো, পারো দেখাতে ?

ওধার থেকে হাজরা আবার ফোড়ন দেয়: 'শুধু হাঁটে-চলে নয়, হাত বাড়িয়ে সন্দেশ-কলা খায়। নুপুর বাজিয়ে নাচে।'

'मव (४ को, शक्षावाकि।' वर्ल हर्ल शिन नर्द्रन।

সব যেন ফাঁকা মরুভূমি হয়ে গেল। এ কথনো হতে পারে ? যা তিনি এতদিন দেখে এসেছেন চোখের উপর, অনুভব করেছেন স্পর্শের মধ্যে, সব ভূয়ো, ভিত্তিহীন ? মন্দিরে গিয়ে মায়ের কাছে কেঁদে পড়লেন ঠাকুর। মা, নরেন যা বলে গেল এ সত্যি ? তুই শুধু পাথরের পুতুল ? তুই বোবা, কথা কইতে পারিস না ? তুই কালা, শুনতে পাস না আর্তনাদ ? তুই অনজ, অচল, তুই শুধু আলভ্যের পিও ?

মা নড়ে উঠলেন। কথা কয়ে উঠলেন। বললেন, ওর কথা শুনিস কেন ? যাক না কিছুদিন, ও নিজেই একদিন দেখতে পাবে আমাকে। মন্দিরে এসে দাড়াবে আমার সামনে। কিছু ভাবিসনে। আজ কঠিন হয়ে আছে, থাক, দেখবি কদিন পরেই নেই আর কাঠিত। বিশ্বাসে ঘনীভূত, ভক্তিতে দ্রবীভূত হয়ে গিয়েছে।

তাই বলো। আশ্বস্ত হলেন ঠাকুর। আশ্বক আরেকবার, সোজা তাভ়িয়ে দেব এখান থেকে। যাকে মানে না, গ্রহণ করে না, তার কাছে আসা কেন ?

ঘনখোর ছুর্যোগের রাত্রে এসেছে এবার। তাও নৌকোয় করে, আকাশজোড়া বিপদ-বাধা মাধায় নিয়ে।

ধাপ্পাবাজি বলে তো চলে এলাম, কিন্ত আগাগোড়া বৃজক্লকি এই

বা প্রাণে ধরে বলতে পারি কই ? সত্যের দ্বারা বাক্যের শোধন হয়।
এঁর যা বাক্য এ ভো দহন-উত্তীর্ণ সোনার মত পরিশুদ্ধ, ধুমলেশ্রীন
আঞ্জনের মত পরিচ্ছন্ন। এর মধ্যে অপলাপের দ্বায়া কোথায় ? তাই
বলে আবার খটকা লাগে নরেনের, তাই বলে একটা প্রস্তরপুত্তলি
হাটে-চলে তাই বা সম্বীরে বিশ্বাস করি কি করে ? নিশ্চয় কোনো
গোপন-রহস্ত আছে। সে রহস্ত আবিদ্ধার করতে হবে। নইলে সুখ
নেই, স্থৈনেই।

এই ছর্ষোগের রাত্তিই সেই আবিক্ষারের স্থবর্ণক্ষণ। নিশ্চয়ই এখন কেউ নেই ঠাকুরের আশেপাশে। তার মত ডানপিটে আর কে আছে যে ঝড়জল মাথায় করে চলে আসবে অসময়ে শু শ্যার আরাম ছেড়ে ? একলাটি আছেন ঠাকুর, চুপিচুপি উকিয়্<sup>\*</sup>কি মেরে এবার ঠিক দেখে নেব কাপ্তথানা, জারিজুরি ধরে ফেলব।

ঠাকুর ঠিক টের পেয়েছেন পায়ের শব্দ।

'(本 ?'

नरत्रन हुপ।

'কে, নরেন ?' ডেকে উঠলেন ঠাকুর। 'আয় ভিতরে আয়।' কত বড় আশ্রায়ের ডাক। অমৃতনিঝর। কেন সংশয়সন্দেহের বড়রৃষ্টির মধ্যে বাইরে দাড়িয়ে আছিস ? আয় আমার এই স্লেহচ্ছায়া-নিবিড় পক্ষিনীড়ে।

দরজা খোলা। চুকে পভল নরেন।

আসনে বসে আছেন ঠাকুর। কোথায় কি ভোজবাজি, কোথায় কি ভারুমতীর খেলা, সহজ আনন্দে বসে আছেন তন্ময় হয়ে। ষা সহজ তার রহস্তভেদই বোধহয় সব চেয়ে কঠিন। যা সরল তার কে পরিমাপ করবে !

বিরক্তির ভাব দেখিয়ে ধমকের স্থরে ঠাকুর বললেন, 'ভূই আমাকে নিস না, মানিস না, তবু ভূই আসিস কেন ?'

সভ্যি তো, কেন আসি ? চিত্রার্গিতের মত দাঁড়িয়ে র**ইল** নরেন। হাঁ।, কেন আসিস ? উত্তর দিতে হবে ভোর। কোথাকার কে এক মৃথবুঁ পুক্রী বামুন, দক্ষিণেশ্বরের কালীঘরে পড়ে থাকে, সে কী করে না করে, কী দেখে না দেখে, তাতে তোর কী মাথাব্যথা ? আরো কত হয়তো পুক্রী বামুন আছে এখানে-ওখানে, তাদের কাছে যাস, না, তাদের ঘরে গিয়ে উকি মারিস ? কী এমন তোর দায় যে ছর্যোগ মাথায় করে আসতে হবে ? বাভির কাছের গলি নয়, নয় বা কিছু এক ডাকের পথ, তাও এই রাতে, নৌকা করে! কিসের গরজ, কিসের কি! আমি কার সঙ্গে কি কইলুম বা না কইলুম, কার নজাচড়া দেখলুম কি না-দেখলুম তাতে তোর কি এসে গেল ? যাকে বিশ্বাস করিস না তার কাছে কেন আসিস ? কেন ?

যে প্রশ্ন নিয়ে এসেছিল ঠিক সেই প্রশ্নেরই মুখোমুখি দাঁড়াতে হল নরেনকে। দাঁড়াতে হল উত্তরের জন্মে! সে উত্তর ঠাকুরকে নয় তাকেই এখন দিতে হবে। ঠাকুরের রহস্ত নয়, তার নিজের রহস্তেরই উন্মোচন চাই। সভি্যি, সে কেন আসে? কেন এসেছে এই ছর্মোগের নদী পেরিয়ে? যার সঙ্গে মভান্তর তার প্রতি আবার মমতা কেন? যাকে সে মানে না সেই আবার টানে কি করে? যাকে তাজিয়ে দয় আবার গিয়ে তারই পায়ে পড়ে! যে আক্রমণ সয় তারই এত আকর্ষণ?

উত্তরের জন্মে অন্ধকার হাতভাতে লাগল নরেন। অন্তরের অন্ধকার। সত্যি, কেন আসি ?

চুপ করে থাকতে দেব না। দেব না পাশ কাটাতে। সোজাস্থজি মুখোমুখি উত্তর দে। কেন এই অসাধ্য-আয়াস ? এত কষ্টক্লেশ ? এত ছুটোছুটি। কেন আসিস ? আমাকে নিসনা, মানিস না, তব্ আসিস কেন ?

'কেন আসি ?' উত্তর পেয়েছে নরেন। চোখে জল এসে গিয়েছে। গদগদভাবে বললে, 'কেন আসি ? আসি, তোমাকে ভালোবাসি বলে।'

ভালোবাসা। মহাশক্তি, অনস্তশক্তি, ভালোবাসা। জানি না তব্ টানে। মানি না তব্ টানে। এক কোঁটা চাঁদ, বিশাল বারিধিকে উন্তাল করে ভোলে। এভটুকু একটা ছুরির আঘাত, সমস্ত রক্তকে নিরর্গল করে দেয়।

আনন্দে আসন ছেড়ে উঠে দাঁড়ালেন ঠাকুর। ছ বাছ মেলে বুকের উপর জড়িয়ে ধরলেন নরেনকে। বললেন, 'আর সকলে স্বার্থের জ্বন্থে আসে। নরেন আসে আমাকে ভালোবাসে বলে।'

অহেতৃক ভালোবাসা। কিছু চাই না তব্ ভালোবাসি। এই ভালোবাসার টানেই রাজপুত্র সিংহাসন ছেড়ে চলে যায় বনবাসে। এই ভালোবাসার স্পর্শেই সমুদ্ধত পাহাড় একতাল নবনী হয়ে যায়। মেছরমধুর নবনী।

ওরে, এই অহেতুক অকপট ভালোবাসর নামই ভগবান।

## 50

বিনা মেঘে বাচ্চ পড়ল । বিশ্বনাথ দত ছঠাৎ মারা গেলেন। বরানগরে বন্ধুর বাড়ি নেমস্তরে এসেছে নরেন। খেরেদেরে রাত্তে ঘুমিয়েছে, খবর এল, বাবা হার্ট ফেল করে মারা গেছেন।

আরামশব্যা থেকে কে সহসা উপ**ড়ে তুলে আনল** নরেনকে। প্রথমটা বিমূচ হয়ে গেল। বাবা নেই ? এই দেখে এলাম স্পষ্ট সভেজ, স্বস্থসমর্থ, চোখের পলক ফেলভে-না-ফেলভেই নেই ? এ কখনো হতে পারে ?

হতে পারে কি, হয়েছে।

মৃত্যু এসে মনে করিয়ে দিয়েছে, জীবনের কত নিকটতম সে প্রতিবেশী। সুদূরতম নয়, নিকটতম। কেউ অপেকাও করে না, ছ্রারে এসে দেখা দেয় অতিথির মত। ভিক্ষার ধন আদায় করে নিয়ে যায়। কোনো কৈফিয়ৎ দেয় না, প্রস্তুত নই বলে শোনে না কোন কাকুডি- মিনতি। কালাকালের ধার ধারে না। ছোঁ মেরে নিয়ে যায় ছিনিয়ে।

শুধু তাই ? মৃত্যুর মানে শুধু এইটুকু ?

জানা-র দিগল্ভরেখা যেখানে শেষ হয়েছে তার বাইরে যেন আরেক জগৎ আছে, অজানা-র জগৎ, সে জগৎ দিগল্ভহীন। জানা-র রঙ্গ্লমঞ্চে যেখানে শেষ পর্দা পড়েছে, মৃত্যু এসে সেই পর্দা একটু সরিয়ে দিল। সরিয়ে দিয়ে দেখাল অজানা-র নেপথ্যলোক। অনস্ত জগৎ, অনস্ত যাত্রা। জন্ম-মৃত্যু আছে বলেই একটি ছন্দোবদ্ধ কবিতা আছে। সমমাত্রিক কবিতা। আর, কবিতা যদি থাকে, তবে নিশ্চয়ই তার একজন রচয়িতা আছেন। সে রচয়িতার নামই ঈশ্বর।

অনেক ভাবে বোঝান, আমি আছি। শেষে মৃত্যু হয়ে বোঝান।
তুমি তো আছ, বুঝলাম, কিন্তু আমার এখন গতি কী হবে! কি
করে সংসার চালাব ? ছোট ভাইবোনদের খাওয়াব কি ? মায়ের
মুখের দিকে চাইব কোন মুখে ?

প্রথমটা মুঢ়ের মত হয়ে গেল নরেন। শেষে একেবারে মাটিতে বসে পড়ল যখন জানল বাবা এক পয়সাও রেখে যাননি।

কিন্তু মাটিতে বসে পড়বার ছেলে নরেন নয়। সে উঠে দাড়াল। আর কিছু না থাক, তার ছই দৃপ্ত বাহু আছে। আর আছে ক্লান্তি-না-মানা নগ্ন ছই পা।

পরাত্ম্থ মাটিকে পরাভূত করে খুঁদ্ধে আনব তৃষ্ণার পানীয়। হটব না, হারব না কিছুতেই।

পায়ে জুতো নেই, গায়ের জামাটা ছেঁড়া, চাকরির সন্ধানে ঘুরে বেড়াতে লাগল নরেন। এ অফিস থেকে ও অফিস। এ দরজা থেকে ও দরজা। সর্বত্ত এক জবাব। নো ভেকেলি। স্থান নেই, সংস্থান নেই। অস্তত্ত্ব পথ দেখ। নেই ভিক্ষারমৃষ্টি। দারিদ্রোর দাবদাহে নেই এতটুকু কর্মণার মেঘখও।

বন্ধ্যা মুখ ঘুরিয়ে নেয়। সুধীরা অমুকম্পা দেখায়। আর উদাসীন জনস্রোভ ফিরেও তাকায় না। মায়ের অসহায় মুখখানি মনে পড়ে। ছোট-ছোট ভাইগুলির আর্ত অবোলা চোখ চোখে ভাসে।

হা ঈশ্বর, তুমি আছ ? আছ তো, তোমাকে লোকে দয়ায়য় বলে কেন ? উপবাসী শিশুর মুখ দেখেও যার মন গলে না, সে দয়ায়য় ?

শূন্তের দিকে চেয়ে কার কাছে প্রার্থনা করব ? কে সে তা কে বলবে ? সে কানে শোনে কিনা চোখে দেখে কিনা তারও বা ঠিক কি। তার চেয়ে নিজের কাছে প্রার্থনা করি। প্রার্থনা করি আত্মশক্তির কাছে। আমি যেন না ভেঙে পড়ি, আমি যেন না ক্ষান্ত হই, আমি যেন না হার মানি কিছুতেই।

'এ কি স্নান করে উঠেই চললি কোথায় ?' সকালবেলা মা এসে দাঁড়ালেন পথের সামনে। 'খাবিনে ?'

চোথ নামাল নরেন ? বললে, 'বন্ধুর বাড়িতে নেমন্ত্র আছে।' বলে শুকনো মুখে বেরিয়ে গেল।

মনে কেমন খটকা লাগল ভূবনেশ্বরীর। তবে কি নরেন ছলনা করল ? ঘরে আজ যথেষ্ট খাবার নেই, ছোট ভায়েদের স্বল্প প্রাসে ভাগ বসাবে না তারই জন্ম কি মায়ের চোখে ধুলো দিল ? তবে কি নরেন সারা দিন অনশনে থাকবে ?

খালি পায়ে ঘুরে-ঘুরে পায়ের নিচে ফোস্কা পড়েছে। এখন একটু বিশ্রাম না করলে আর নয়! গড়ের মাঠে মনুমেন্টের নিচে একটু বসেছে নরেন। কিন্তু একটু নিরিবিলি থাক্বে তার সাধ্য নেই। কোখেকে এক বন্ধু এসে হাজির। সুখী, ধনী বন্ধু। যখন দেখতে পেয়েছে নরেনকে তখন নিশ্চয়ই ছটো সহানুভ্তির কথা বলবে। সব সহাহয়, অসহা শুধু ধনী বন্ধুদের সমবেদনা। ধার-করা ভক্তার বুলি।

কিন্তু এ বন্ধুটি অভিনব। গলা ছেড়ে গান গেয়ে উঠেছে। 'বহিছে কুপাঘন ব্ৰহ্মনিশ্বাস প্ৰনে—'

ন্তনে তেলে বেগুনে জ্বলে উঠল নরেন। বললে, 'রাথ তোর ব্রহ্মনিশ্বাস। যারা খেয়ে-পরে স্থা-শান্তিতে আছে তারাই বলতে পারে, বুঝতে পারে ব্রহ্মনিশ্বাস। ইন্ধিচেয়ারে গা এলিয়ে দিয়ে টানাপাধার হাওরা থাছে, ভাবতে পারছে ব্রহ্মনিশ্বাস থাছি। আর বার মা-ভাইরেরা উপোস করে আছে, দোরে-দোরে খুরে যে আজ পর্বন্ত একটা চাকরি জোটাতে পারল না, তার কাছে আর ব্রহ্মনিশ্বাস নেই, যা আছে তা বন্ধনিশ্বাস।

বন্ধুর গান বন্ধ করে দিল নরেন। যার পেটে ভাত নেই তার আবার ভগবান কি! যার ভাত নেই তার জাত নেই, তার ভগবানও নেই। এখন অন্নের কথা বলো। তারপরে শোনা যাবে অক্সকথা।

ঠনঠনের ঈশান মুখুজ্জেকে ধরেছেন ঠাকুর।

বললেন, 'হাঁ। গা, নরেনকে একটা চাকরি জ্টিয়ে দিতে পারো ? বাপ মারা গেছে, আঁধার দেখছে চারিদিক। কত ঘোরাঘুরি করছে, কিছুতেই কিছু হচ্ছে না।'

নরেনকে ডেকে পাঠিয়েছেন। কত যুগ হয়ে গেল আর আসেনা এদিকে।

এসে কি করবে ? একটা চাকরি জ্টিয়ে দেবার ক্ষমতা আছে তোমার ? তোমার মা তো কভ শক্তি ধরেন শুনি, একটা চাকরি পাইয়ে দিতে পারেন না ?

তব্ কি ভেবে গেল ঠাকুরের কাছে। প্রণাম করে পাশটিতে এসে বসল।

ঠাকুর তাকে কাছে টেনে নিয়ে কানে-কানে বলার মত বললেন, 'গুরে আর ভাবনা নেই। তোর কথা ঈশানের কাছে বলেছি। বছং লোকের সঙ্গে তার আলাপ আছে। একটা কিছু শিগগিরই যোগাড় হয়ে যাবে দেখিস—'

নরেন হাসল। এমন কত আখাস কত জনে দিয়েছে। মৌধিক একটা আশা দিতে আর পরিশ্রম কি !

কিন্ত ঈশানের কাছে কেন ? ভোমার ঈশানীকে একট বলভে পারো না ?

কত লোককে বে সাধছেন নরেনের জত্তে তার লেখাজোধা নেই।

ওগো, আমার নরেনকে দেখেছ? দেখ দেখি কেমন সে হয়ে বাছে দিন-দিন। তার গৌর তমু কালো হয়ে গেল। এক পা ধূলো, মাথার চুল উস্কোখুস্কো, পরনের কাপভৃথানি ময়লা। সারাদিন টহল দিয়ে বেড়াছে পথে-পথে। ওগো তোমরা ওর একটা ব্যবস্থা করে দিতে পারো না? যাতে ও একটু শান্তি পায়, স্থদিনের মুখ দেখে।

শেব পর্যন্ত নরেনের বন্ধু অমদা গুহকে ধরলেন।
'তোমার তো নরেনের সব বন্ধবান্ধব—'

অক্সদা থমকে দাঁড়াল। অক্সদার সঙ্গে নরেন মেলামেশা করে বলে ঠাকুর খুশি নন। অক্সদা ভাবল, সেই সূত্র ধরে কিছু তিরস্কার করবেন বোধহয়।

না, তিরস্কার নয়, অসুনয়। প্রার্থনা।

'তোমরা নরেনের সব বন্ধ্যান্ধর যদি তার এই অভাবের দিনে কিছু-কিছু সাহায্য করো তো বেশ হয়।'ঃ

কথাটা কানে উঠল নরেনের। শেককালে, আর লোক পেলেন না, অন্নদার কাছে সাহায্য চাইলেন।

তেভেফ্ ভৈ চলে এল ঠাকুরের কাছে। বকতে লাগল। 'আপনার কি কাণ্ডজ্ঞান বলে কিছু নেই, অন্ধদা—অন্ধদাকে বলতে গেলেন? ছনিয়ায় আর আপনি লোক পেলেন না?'

ঠাকুরের হচোথ বেয়ে জলের ধারা নেমে এল। বললেন, 'ওরে ভোর জন্মে যে আমি দ্বারে-দ্বারে ভিক্ষে করতে পারি।'

ৰাই বলো, ঠাকুরের কাছটিতে এসে ৰসলে মনপ্রাণ ঠাও। হয়, দেহের ক্লান্তি উড়ে পালায়। অভাবের কথা মনে থাকে না। মনে হয় অপারেরও বৃঝি পার আছে। কটের উপলখণ্ডের মধ্যেই আছে কুপার নির্মারা।

ঠাকুর বললেন, একটা গান গা। 'বছিছে কুপাঘন ব্রহ্মনিশ্বাস পবনে—' গান ধরলে নরেন। পঞ্চবটীতে নরেনকে ডেকে নিয়ে এলেন ঠাকুর। নির্কনে নিরালায়। নিমুগাঢ়স্বরে বললেন, 'শোন, ভোকে একটা কথা বলি।

মুঢ়ের মত তাকিয়ে রইল নরেন।

'শোন আমার মধ্যে অষ্টসিদ্ধির আবির্ভাব হয়েছে। আমি তোকে ভা দিয়ে দিতে চাই। নিবি ?'

এ নিলে বোধহয় সব অভাব অন্টন মিটে যায়। সংসার বোধ-হয় সাচ্ছদ্যে হেসে ওঠে। স্থথের জোয়ারে আবার স্বাই গা ভাসাই।

'किन्तु' नरत्रन वलाल, 'अ निरा कि आभात निश्चतमर्गन शरव ?'

'না; তা হবে না। ঈশ্বরদর্শন ছাড়া আর সব কিছু হবে। যা তুই চাস।'

'চাই না।' অর্থ যশ শক্তি প্রতিপত্তি সব থু করে দিল নরেন। 'যা দিয়ে আমার ঈশ্বরদর্শন হবে না তা নিয়ে আমার লাভ কি ?'

া যা নিয়ে আমি অমৃত হতে পারব না তা দিয়ে আমি করব কি!

গৌরবে ভরে উঠলেন ঠাকুর। এই না হলে নরেন। ওরে আমরা হলুম নর আর ও নরের মধ্যে ইন্দ্র।

55

'কোথায় চলেছেন।' পথের মধ্যে কে যেন হঠাৎ ডেকে উঠল চেনা স্থরে।

এদিক ওদিক তাকাতে লাগল নরেন।
'এই যে, আন্থন না, আমার গাড়িতে—'

ছ্যাকড়া গাড়ির কোচোয়ান। খালি গাড়ি নিয়ে চলেছে এদিক দিয়ে। অনেক দিনের চেনা। অনেক দিনই ভাড়া খেটেছে নরেনের। নিয়েছে ভাড়ার উপরে ভারি হাতের বকশিশ।

মিছিমিছি হেঁটে-হেঁটে চলেছেন কেন? আমার গাড়ি যখন খালি—আম্বন, আম্বন, আকুল হয়ে ডাকতে লাগল কোচোয়ান।

আমার পকেটও খালি। জামার পকেট ছটো উলটো করে দেখাল নরেন।

'তাতে কি ? আপনার পয়সা লাগবেনা গাভি চভতে। অনেক নিয়েছি,—অনেক খেয়েছি আপনার'—

তা হোক। তুমি এগোও, অন্ত সোয়ারী ধরো। আমি হেঁটে হেঁটেই কিনারা করব এ পথের। আর যদি কোনদিন গাড়ি পাই, সোয়ারী হব না, তোমার মত কোচোয়ান হব। বাঁ হাতে লাগাম আর ডান হাতে চাবুক তুলে নেব। কর্ম আর ধর্ম ছই ঘোড়া ছুটিয়ে দেব হর্জয় উৎসাহে। ছ্যাকড়া গাড়ি এ দেশ, ঋধু জাড্যের জড়পিও, তাকে নিয়ে যাব রাজসিকতার রাজধানীতে। ঘোড়ার খুরে-খুরে ঋঁড়োঋঁডো হয়ে যাবে দারিস্তা আর প্রাধীনভার পাথর।

আমি এমনি হেঁটে-হেঁটেই চলে যাই।

কথাও কানে হাঁটে। হাওয়ায় ভেসে বেড়ায়। ভাসতে-ভাসতে এসে পৌছল একদিন ঠাকুরের কাছে।

কি কথা গ

নরেন বকে গিয়েছে। সংসারের ছঃখছর্দশা ভুলতে বিপথে পা বাড়িয়েছে। আরেক পা এগুলেই জাহক্ষম।

ভবনাথ এসে কেঁদে পড়ল ঠাকুরের পায়ে। বললে, 'এমন যে হবে স্বপ্নেরও অগোচর।'

'কি হয়েছে ?' ঠাকুর থমকে দাঁড়ালেন।

'নরেন যে এমন সর্বনাশ ঘটাবে—সেকি, আপনি শোনেন নি ?'

'চুপ কর্। ফের নরেনের বিক্লছে কোনো কথা কইবি ভোদের মুখ দেখব না বলে দিলুম।' রাবো চলে গেলেন মন্দিরে মায়ের কাছে। নরেনের জতে কাঁদতে প্রার্থনা করতে।

কারো একবার গিয়েছিলেন। তখন তার বাপ বেঁচে। কোখার কোন বড়লোকের মেরের সঙ্গে নরেনের বিয়ের সম্বন্ধ ঠিক করেছেন ঠাকুরের কানে এসেছে। তাহলে কি হবে, নরেনও যদি বাঁধা পড়ে যায়! চুপিচুপি মায়ের কাছে গিয়ে কেঁদে পড়লেন। মা, বিষয়ী লোকের সঙ্গে কথা বলে-বলে জিভ জ'রে গেল, নরেন আর ভবনাথের মত গোটাকরেক ছেলে রেখে দে আমার জত্যে, যাদের সঙ্গে কইতে পারি ছটো প্রাণের কথা, যাদের শুনে স্লিম্ক হতে পারি অমৃতে—

भा वरण पिराइहिरणन, छत्र तारे। इरव ना विरत्न।

আবার তেমনি কেঁদে পড়লেন মায়ের কাছে! মা, নরেন আমার এমন রাঙা চক্ষু রুই, ডোবা পু্ছরিশীর মধ্যে বড় দিঘি, সে কখনো বকে যেতে পারে? যে খাপখোলা তলোয়ার, তাতে কখনো ধরতে পারে মর্চে? সংসারে এমন কি মোহবন্ধন থাকতে পারে যে তাকে বন্দীভূত করবে? জলগুলা দিয়ে কি বাঁধা যায় হাতিকে? মা, তুই বলে দে—

মা বলে দিলেন, ভয় নেই। নরেন নির্মল, নির্মূক্ত প্রকৃতি বিকৃতিশ্য। ধোঁয়া ছাদ-দেয়াল মলিন করতে পারে কিন্ত আকাশের কি করবে? পাশবদ্ধ জীব নয় ও, পাশমুক্ত শিব।

কে এক ধনীর স্থন্দরী মেয়ে নরেনকে পতিরূপে বরণ করতে চায়।
এ প্রস্তাব প্রহণ করলে নরেনের ছর্দিনের চিরন্তন দাক্ষিণ্য। প্রস্তাব
প্রত্যাখ্যান করল নরেন।

কিন্তু সেই মেয়ে দেখা করতে এল গোপনে। ছয়তো সাক্ষাৎদর্শনে ফল ফলবে এই ভেবে। নরেন বিচলিত হল না। কাঁদতে বসল মেয়ে। নরেন বিগলিত ছবার নয়।

নিশ্ভিছ হলেন ঠাকুর।

আমি জানি নাও কে! ও সপ্তর্ষির এক ঋষি। ওর পুরুষের সন্তা, অথওের ঘর। ও খতঃসিদ্ধ। কেশবের যদি একটা শক্তি থাকে নরেনের তেমনি আঠারোটা শক্তি আছে। কেশবের মধ্যে জ্ঞানের প্রদীপ অলছে আর নরেন স্বয়ং জ্ঞান-ভাসু। আর সকলকে সেবা করতে দিই, নরেনকে দিই না। ওরে আমিই যে তার সেবক, তার দাসামুদাস।

সবই জানি, তবু মাকে জিজেস করে পাকাপাকি নিশ্চিম্ব হলুম। কিন্তু নরেন নিশ্চিম্ব হতে পারছে কই ?

এটা-ওটা অমুবাদ করে সামান্য কিছু মাঝে-মধ্যে রোজগার করছে বটে, কিন্তু তাতে সংসারের বিরাট গ্রাসের আচ্ছাদন অসম্ভব। কিন্তু অসম্ভবকে সম্ভব করতে না পারি, কেন তবে জন্মালুম মানুষ হয়ে?

ঠাকুর বলেন, কে মামুষ ? যে মান-হুঁদ সেই। অর্থাৎ নিজের মান সম্বন্ধে যে দচেতন সেই মামুষনামবাচ্য। আর, মান অর্থ যেমন সম্মান তেমনি আবার পরিমাণ। অর্থাৎ ছই অর্থেই যে সজ্জান সেই মামুষ। অর্থাৎ যে জানে সে কে, সে কতটা। সে যে ছোট নয়, তুচ্ছ নয় সে যে অমৃত সে যে অনস্ত এই বোধে যে উদ্বোধিত। সে যে তুধু বিশ্বনাথ দত্তের ছেলে নয়, সে যে ক্ষাং বিশ্বনাথ এই সংজ্ঞায় যে চৈতন্যময়।

পরনে শতচ্ছির চেলী, পৃজোর ঘর থেকে বেরিয়ে ছেলের সামনে পড়ে গিয়েছেন ভুবনেশ্বরী। যেন ধরা পড়ে গিয়েছেন। বললেন, 'আমাকে একখানা চেলি কিনে দিতে পারিস ? ওটা পরে আর প্জোকরা যায় না।'

নরেন চোধ নামাল। ছু মুঠো ভাত যোগাড় করতে পারছে না, সে চেলি কিনে দেবে !

না বললেও পারতেন, মনে হ'ল ভূবনেশ্বরীর। কিন্তু কেন কে জানে, মুখ দিয়ে কেমন বেরিয়ে এল কথাটা। এখন আর প্রতিকার নেই। ছেলের মনে বা দিলেন অকারণে।

এর দিন হুই পর দক্ষিণেশ্বরে এক ভক্ত মাড়োয়ারী এসে উপস্থিত। ঠাকুরের জন্যে এক থালা মিছরি এনেছে সঙ্গে। মিছরির উপরে একখানা গরদের কাপজ। আর, সেই দিনই বলা-কওয়া নেই, নরেন এসে হাজির।
নরেনকে দেখে ঠাকুরের খুশি আর ধরে না। বলে উঠলেন, 'ওরে,
নরেন এসেছিস ? আয়। আয় আমার কাছটিতে।'

পাশে এসে বসতেই ঠাকুর বললেন গলা নামিয়ে, 'শোন, এই গরদের কাপ্ড আর মিছরির থালা তুই বাড়ি নিয়ে যা।'

নরেন হেদে উঠল। মিছরির থালা নিয়ে আমি করব কি ? আমি কি কচি থোকা ?

'বেশ, তবে শুধু গরদখানা নিয়ে যা।' ঠাকুর পিড়াপিড়ি করতে লাগলেন।

আরেকবার হাসির রোল তুলল নরেন। বললে, 'আমি গরদ পরব নাকি শেষকালে ?'

'ওরে তুই না। তোর মা পরবেন। পরে আহ্নিক করবেন।' 'মা ?' নরেনের বৃকের ভিতরটা ছ'্যাৎ করে উঠল। 'হ্যা রে, তোর মার পুজোর চেলিখানা ছি'ড়ে গিয়েছে।'

'আপনি কি করে জানলেন?' চমকে উঠল নরেন। ঠাকুরের মুখের দিকে তাকিয়ে রইল একদৃষ্টে।

'যে করে হোক পেরেছি জানতে। ঠাকুর উভিয়ে দিতে চাইলেন কথাটা। বললেন, অমুনয় মিশিয়ে, 'ভুই নিয়ে যা। ভোর মাকে গিয়ে বল, আমি দিয়েছি।'

'আপনি দিলেই বা নেব কেন ?' সোজা হয়ে উঠে দাড়াল নরেন। 'তার মানে ?'

'মা আমার কাছে চেয়েছেন, আমি যখন সক্ষম হব উপার্জন করে কিনে দেব মাকে। আপনার কাছ থেকে ভিক্নে নিতে যাব কেন ?'

আহা, এই না হলে নরেন! তেজোদৃপ্ত পুরুষদিংহ! একবার না বলছে তো না! শুনলে একবার মরদের মত কথাটা! তোমার বলে নিতে পারবো না আমার বলে নেব। যাজ্ঞা করে নেব না, নেব অর্জন করে।

কিন্তু ঠাকুরের সঙ্গে এ টৈ ওঠে কার সাধ্য।

পরদিন রামলালকে ডেকে বললেন, 'শিগগির করে খেয়ে নে। আর খেয়ে উঠেই এই গরদ আর মিছরির থালা শিমলেয় গিয়ে নরেনের মার হাতে দিয়ে আয়। খবরদার, আর কারু হাতে যেন না পড়ে, স্বয়ং নরেনের হাতেও যেন নয়। ওরে শুধু কর্মের স্পর্ধায় হবে না কুপা চাই।'

যেমন বলা তেমনি করা। ছপুরের রোদে গৌর মুখার্জি স্ত্রীটে গ্যাসপোস্টের নিচে ঘাপটি মেরে বসে আছে রামলাল। নরেন ষেই বেরিয়ে গেল অমনি নিশ্চিন্ত হয়ে সোজা ঢুকতে পারল বাভির মধ্যে। আর ঢুকেই সটান ভুবনেশ্বরীর এলেকায়।

থালাশুদ্ধ গরদ ভূবনেশ্বরীর হাতে পৌছে দিয়ে রামলাল বললে, 'ঠাকুর পাঠিয়ে দিলেন আপনাকে।'

ঝর ঝর করে কেঁদে ফেললেন ভুবনেশ্বরী। বললেন, 'এইখানে ছেলেকে কি বললুম তা দক্ষিণেশ্বরে তক্ষুনি টেলিপ্রাফ হয়ে গেল।'

প্রার্থনার মধ্যে যখনই আতির আন্তরিক্ষতার ছোঁয়া লাগে, নির্ভু ল শুনতে পান অন্তর্থামী।

না, নরেনের আর অভিমান নেই। সে শুকনো মাঠ কর্ষণই করতে পারে কিন্তু আকাশ ভেঙ্গে করুণার বর্ষণ যদি নেমে আসে সে তা ঠেকাবে কি করে ?

আবার এসেছে দক্ষিণেশ্বর। ঠাকুর জ্ঞানেন নরেন তামাক খায়। নিজের ছোট ছুঁকোয় তাকে তামাক খেতে দিলেন। ওরে খা, খা, লজ্জা নেই, আমি দিচ্ছি—

'মশাই, এত ভালবাসার কি হয়েছে ?' কে একজন টিপ্পনী কাটল। 'এদিকে আপনার ছঁকোটা যে এঁটো হয়ে গেল। ও যে হোটেলে খায়, ওর এঁটো কি খেতে আছে ?'

'ওরে শালা, তোর কি রে ?' ঠাকুর ফোঁস করে উঠলেন। 'নরেন হোটেলে থাক বা যাই থাক তাতে তোর কি ? তুই শালা যদি হবিষ্ঠিও খাস আর নরেন যদি হোটেলেও খায় তাহলেও তুই নরেন হতে পারবিনে।' ভারপর নরেনকে ভেকে এনে শুংশালেন, 'ভূই কি বলিস ? সংসারী লোকেরা কভ কি বলে। কিন্তু ভাষ, হাভি চলে যায় পেছনে কভ জানোয়ার কভ রকম চেঁচায়। কিন্তু হাভি ফিরেও ভাকায় না। ভোকে যদি কেউ নিশ্বে করে ভূই কি মনে করবি ?'

'মনে করব কুকুর ঘেউ-ছেউ করছে।'

ঠাকুর হো-হো করে হেসে উঠলেন। বললেন, 'না রে, অত দ্র নয়, অত দূর নয়।'

শুধু ভালোবাসায় গলে গেলে চলবে না। বাজিয়ে নিতে হবে। যাচাই করে নিতে হবে। সহজে ছেড়ে দেব না। শুধু মন খুশি হলেই হয়ে গেল তা হবে না, চর্মচকুকেও প্রসন্ন করা চাই।

এক হাতে টাকা আরেক হাতে মাটি নিয়ে গঙ্গার পারে বৈসেছিলেন ঠাকুর। টাকা মাটি মাটি টাকা বলছিলেন বার-বার। কোন হাতে যে টাকা আর কোন হাতে যে মাটি আলাদা আর কোনো চেতনা ছিল না। ছুইই এক। সমতুল্য তো বটেই, সমমূল্য।

इरेरे हूँ ए करन पिरनन गनाय।

সেই থেকে ঠাকুর টাকাকজি ছুঁতে পারেন না। কামনা আর কাঞ্চন ছইই ত্যাগ করেছেন।

কিন্ত মুখের কথা মেনে নিতে রাজি নয় নরেন। দেখতে হবে পরীকা করে। ধরতে হবে কোথায় রয়েছে কপটতা।

চুপিচুপি চলে এসেছে দক্ষিণেশ্বরে। ঠাকুরের ঘরটিতে উকি মেরে দেখল ঠাকুর নেই। কোখায় তিনি? কলকাতায় গিয়েছেন। ফিরবেন কখন? এই এলেন বলে।

এইই উপযুক্ত সময়। কেউই জানতে পারবে না নরেনের কারসাজি।

ঘর ফাঁকা হতেই পকেট থেকে একটা টাকা বের করল নরেন। রূপোর টাকা। ঠাকুরের বিছানার নিচে আলগোছে লুকিয়ে রাখলে। কেউ দেখতে পায়নি তো ? না, কেউ নেই ধারে-কাছে। সম্ভণণে ভারপর সরে পড়ল নরেন। সে ভল্লাটেই আর রইল না। সিধে চলে গেল পঞ্চবটী।

কতক্ষণ পরেই ফিরে এলেন ঠাকুর। তাঁকে দেখে সবাই ভিড় করে দাড়াল ঘরের মধ্যে। ভালোমামুদের মত মুখ করে নরেনও এসে দাড়াল এক কোণে। মনে-মনে আক্ষালন করতে লাগল এবার বোঝা যাবে কাঞ্চনত্যাগের মহিমা। যত লক্ষাই-চওড়াই।

ঘৃণাক্ষরে কিছুই জানেন না ঠাকুর। যেমন নিতা বদেন তেমনি বসলেন তাঁর বিছানায়। কিন্তু মুহূর্তমাত্রমধ্যে এ কী হল। যেন জ্বলম্ভ অঙ্গারের মধ্যে বসেছেন এমনি আর্তনাদ করে উঠলেন। লাফিয়ে উঠলেন বিছানা থেকে। এ কি, বিষাক্ত কিছু হঠাৎ দংশন করল নাকি? অন্তব্যস্ত হয়ে চারদিকে তাকাতে লাগল সকলে। কই কিছু দেখছি না তো কোথাও।

নরেনই ওধু নড়ল না এক চুল।

একজন সহসা ঝাড়তে লাগল বিছাঝা। টং-টং করে একটা আওয়াজ হল মেঝের উপর। ওটা কি ? ওটা কি ছিটকে পড়ল ? একটা টাকা না ? আশ্চর্য, বিছানায় এল কি করে ?

তাডাভাডি কেটে পড়ল নরেন।

পলকে বুঝতে পারলেন ঠাকুর। নরেন আমাকে পরীক্ষা করছে। কোথায় বিরক্ত হবেন, তা নয়, আনন্দে অধীর হয়ে উঠলেন।

এই তো চাই। মুখের কথার মেনে নিবি কেন ? শক্ত হাতে বাজিয়ে নিবি যেমন করে শানের উপর আছড়ে-আছড়ে মহাজনে টাকা বাজার। বেপারী যেমন তীক্ষ চোখে দেখে নেয় মালের দোষ-ক্রেটি। ভক্ত হয়েছিল তো বোকা হবি কেন ? কেন পরের মুখের ঝাল খাবি ? নিজে দেখে-জনে বুঝে-সমঝে নিবি। হয় এলপার নয় ওলপার। দন্দেহ রাখবিনে। হয় স্বাকৃতি নয় প্রত্যাখ্যান। চলে আয় সভ্যের ক্রৈহের। সিজ্জান্তের শান্তিতে।

লক্ষীনারায়ণ মাড়োয়ারি এসেছে দক্ষিণেশরে।

এসে দেখলে ঠাকুরের বিছানা ময়লা। বললে, 'আমি ভোমাকে দশ হাজার টাকা দিচ্ছি, তার স্থদে তোমার সেবা চলবে।'

ঠাকুরের মাথায় যেন কে লাটির বাড়ি মারল। টাকার কথা শুনে প্রায় মূহ্যমান হয়ে গেলেন। বাহ্যজ্ঞান ফিরে এলে বললেন, 'ভূমি যদি অমন কথা আর মূখে আনো ভাহলে আর এলো না এখানে। জানো না, আমার টাকা ছোবার জো নেই। কাছে রাখবারও জো নেই।'

লক্ষীনারায়ণ তথন আরেক বৃদ্ধি ফাঁদল। বললে, 'বেশ তো, আপনি না রাখুন, আপনার ভাগে হৃদয়ের কাছে রেখে যাই। সেই নাড়বে-চাড়বে, খরচ করবে।

'তোমার কি বৃদ্ধি! হাদয়ের কাছে রাখা যা আমার কাছে রাখাও তাই।'

লক্ষানারায়ণ তাকিয়ে রইল বোকার মত।

'হাদয়ের কাছে থাকলে একে দে, ওকে দে, আমাকেই বলতে হবে। ঠাকুর প্রাঞ্জল করলেন কথাটা। 'আমার কথামত না দিলে আমি হয়তো রেগে উঠব, নানারকম বিকার শুরু হবে। টাকা কাছে থাকাই খারাপ। আরশির কাছে জিনিদ থাকলেইছায়া পড়বে। ও দব হবে না। ও দব মুখে এনো না খবরদার।'

দশ-দশ হাজার টাকা ফিরিয়ে দিলেন অক্লেশে। মথুরবারু ভালুক-মূলুক দিতে চেয়েছিলেন, হাক-থু করে দিলেন।

অথচ সামাক্স কটা টাকার জ্বন্তে নরেন হা-পিত্যেশ করছে। দোরে-দোরে ঘুরছে হক্তের মত।

এবার আর ছাড়াছাড়ি নেই। যে করে হোক ধরতে হবে জোর করে। আদায় করে নিতে হবে। নইলে তিনি আছেন কি করতে ? তিনি আপনার লোক থাকতে নরেনকে সইতে হবে অনটন ?

'আপনার মাকে একবারটি বলুন।'

'কি বলব ?' যেন কত অসহায় এমনি করে তাকালেন ঠাকুর। 'যাতে আমারটাকা পয়সার কিছু সংস্থান হয়,স্থায়ী একটা চাকরি- বাকরি জোটে! মা-ভাই-বোনের কণ্ট আর পেখতে পারি না।' নরেন কললে প্রায় পরাভূতের মত।

'পরে ওসব বিষয় বলতে পারি না মাকে।'

'ও সব বাজে কথা। আপনি বললে নিশ্চয়ই মা মৃখ ছুলে চাইবেন। বলভেই হবে আপনাকে।' নরেন পিড়াপিড়ি শুক্ত করল। 'নইলে ছাড়ব না আজ কিছুতেই। আপনার পা ধরে পড়ে থাকব।'

ঠাকুরের চোধ ছটি ছলছল করে উঠল। বললেন, 'ধরে জানিস কতবার বলেছি তোর হয়ে। বলেছি মা, নরেনের ছঃখ কষ্ট দূর কর। নরেনকে টাকা দে। চাকরি দে—'

'বলেছেন?'

'কতবার বলেছি।'

'কা বললেন আপনার মা ?'

'বললেন, ভোমার ভাকে হবে কেন ? যার অভাব সে এসে বলুক। সে এসে চা'ক।'

'সে কি, আমাকে বলতে হবে ?'

'হাা, তুই গিয়ে একবার বল। মার কাছে বসে মাকে একবার মা বলে ডাক।'

'আমার ডাক আদে না।'

'সে জন্মেই তে। হয় না কিছু। তার জন্মেই তো এত কষ্ট। তুই
মাকে মানিদ না বলে মা আমার কথাও কানে নেন না। শোন্।'
নরেনের কাঁধে হাত রাখলেন ঠাকুর। 'আজ নঙ্গলবার। শুভদিন।
রাত্রে কালীঘরে গিয়ে মাকে প্রণাম কর। তারপর যা চাইবি।মার .
কাছে মা দিয়ে দেবেন।'

'সতাি ?'

'তুই ছাথই না চেয়ে।'

এত সহজ সমাধান। তথু প্রণাম আর প্রার্থনা। তথু স্বীয়ৃতি আর সমর্পণ। এতেই ইক্সবসাভ।

রাত্রি এক প্রহর কেটে গেল। ঠাকুর নরেনকে পাঠিয়ে দিলেন মন্দিরে। প্রাণ ঢেলে প্রণাম কর্। ভারপর চা প্রাণ ভরে।

মন্দির নির্জন। চার দিক নিস্তব্ধ। নরেন ভবভারিণীর সামনে শাঁড়াল মুখোমুখি।

ভূবন আলো করে আছেন মা। সমস্ত অঙ্গ থেকে যেন করে পড়ছে প্রসন্নতা। স্নেহপরিপূর্ণ বিশাল ছটি চোখে চেয়ে আছেন। যেন' কোথাও শোকছঃথের লেশ নেই, নেই অভাবের মেঘচছায়া।

তশ্ময়ের মত তাকিয়ে রইল নরেন। তশ্ময়ের মত ফিরে এল ঠাকুরের কাছে।

হাসিমুখে সম্ভাষণ করলেন ঠাকুর। 'কি রে গিয়েছিলি মার কাছে।' চেয়েছিলি টাকাকড়ি।'

'কি আশ্চর্য, সব ভূলে হয়ে গেল।' তশ্ময়ের মতই বললে নরেন।

'ভূল হয়ে গেল কি রে! যা ষা ফের যা। গিয়ে ফের প্রার্থনা কর।' ঠাকুর আবার ভাকে ঠেলে দিলেন! 'কেন ভূল হবে? মাকে গিয়ে বল, মা, আমাকে চাকরি দে, সুখৈখর্য দে।'

নরেন আবার গিয়ে দাড়াল ভবতারিণীর সামনে।

যেন চোখের উপর চোখ রেখে তাকালেন ভবতারিণী। যেন হাসলেন মৃহ মৃত্ব। দশদিক উজ্জ্বল হয়ে উঠগ। মুছে গেল দৈক্সকালিমা।

আবার ফিরে এল ঠাকুরের কাছে।

'কি রে, চেয়েছিলি ?'

'পারশুম না। বেরুল নাম্খ দিয়ে।' মৃঢ়ের মভ ভাকিয়ে রইল নরেন।

'তুই ভো আচ্ছা বোকা দেখছি।'

'মাকে দেখামাত্রই চোখে কেমন ঘোর লাগে। কি যে চাই ভা মনে করতে পারি না।'

'পূর ছোঁড়া। ঘোর লাগলেই বা ডুই ঘুরে পড়বি কেন ? নিজেকে

সামলে নিবি। মাথা ঠাণ্ডা করে চাইবি যা চাইবার। যা, আরেকবার যা। ঘাবড়াসনে—

আরেকবার গিয়ে দাঁড়াল নরেন। দেখল চোখের সামনে সর্বকামবরদা বদে আছেন। যা চাইব তাই দিয়ে দেবেন অকাভরে।

আর দাঁড়াল না, আস্কৃমি নত হয়ে পড়ল নরেন। বললে, 'মা, আমাকে জ্ঞান দাও, ভক্তি দাও, বিবেক দাও, বৈরাগ্য দাও।' প্রণাম করতে লাগল বারে-বারে।

'কি রে চাইলি এবার ?' ব্যস্ত হয়ে এগিয়ে এলেন ঠাকুর। মাথা নত করল নরেন। বললে, 'চাইতে লজ্জা করল।'

'লজ্জা করল। লজ্জা করল।' আনন্দে বিহবল হয়ে হাসতে লাগলেন ঠাকুর। নরেনের মাথায় হাত বুলিয়ে দিতে-দিতে বললেন, 'যা, কিছু ভয় নেই। মা বলে দিয়েছেন তোলের মোটা ভাত-কাপড়ের অভাব হবে না কোন দিন।'

সারা রাভ কালীর গান গাইল নরেন। গ্লুমুতে গেল সকালবেলা, গ্লুপুর পর্যস্ত ঘুম।

"মাকে আগে মানত না,কালমেনেছে।' পরদিন বৈকুঠকে বলেছেন ঠাকুর। 'কন্তে পড়েছিল বলে পাঠিয়েছিলুন মার কাছে। টাকাকড়ি স্থসপ্পন বলে দিয়েছিলুন চাইতে। কিন্তু পারল না, লজা করল। চেয়ে নিল জ্ঞান-ভক্তি-বিবেক-বৈরাগ্য! কি মন্ধা! কালী মেনেছে নরেন, মা মেনেছে—'

38

মা মেনেছে নরেন।

অরণ্যকৃতিল পাহাড়ের দেশে হাঁটতে-হাঁটতে তার মিলে গিয়েছে ধরনা। স্বচ্ছচক্ষ্ সিশ্বগাত্রী প্রবাহিনী। জ্ঞান-তর্ক-দন্দেহ-বিচারের দেশে মিলে গিয়েছে তার ভক্তি, অচলা ভক্তি। বিগলিত তরলতা। আর কি চাই! সা আছেন আর আমি আছি। নিভূষণ নিচ্চিঞ্চন শিশু হয়ে মায়ের কোলে চড়ে বসেছে নরেন। ক্ষেমন্বরীর খাসতালুকের প্রজা হয়েছে। এবার কে উচ্ছেদ করে! কে নামায় কোল থেকে! কোল থেকে নামাবেই বা কোথায়! যেখানে নামবে সেখানেই মায়ের কোল। মায়ের কোলের বাইরে অকৃল বলে কিছু নেই।

কলকাতার চাঁপাতলায় মেট্রোপলিটান ইনস্টিটিউশনের একটা শাখা বসেছে। বিভাসাগরের স্থপারিশে সে ইস্কুলে হেডমাস্টার হল নরেন। বি.এ পাশ করেছে, ভাবলে এবার আইন পড়ি। কালসাপ সরিকের দল পৈত্রিক বাড়ি-ঘর কেড়ে নিয়েছে, ছিনিয়ে নিতে হবে সেই স্থায্য স্বন্ধ। লড়তে হবে আইনের জোরে। নির্মূল করতে হবে বে-আইনি।

কিন্তু কী হবে শুধু শুকনো কথার বোঝা বয়ে ? ঠাকুর বলেছিলেন না, চাল-কলাবাঁধা বিছে দিয়ে আমি কী করব ? আরমৈত্রেয়ী বলেছিল না, ভারতবর্ষের সেই শাশ্বভী বালী, যেনাহং নামৃতা স্থাম কিমহং ভেন কুর্যাম ?

'আমি পঞ্চবটীতে বসে সাধন করব।' একদিন বললে এসে ঠাকুরকে।

ে 'সে কি রে ?' সম্মেচ কৌতূহলে তাকালেন ঠাকুর।

'হাাঁ, এ জন্ম বয়ে যেতে দেব না। যখন খবর একবার পেয়ে গেছি, যে করেই হোক বার করব তাঁকে। এ দেহের খনির ভিতর থেকেই উদ্ধার করব সেই স্পশ্মণি।'

দীপ্ত চোখে হাসলেন ঠাকুর। শুধোলেন, 'পড়াশুনো ছেড়ে দিবি ?' 'ছেড়ে দেওয়ার চেয়ে আরো কিছু বেশি চাই।'

'সে আবার কি!'

'দেবেন, একটা ওযুধ দেবেন আমাকে ?' হাত পাতল নরেন। 'কেন, কি হল তোর ?'

'এমন একটা ওর্ধ যা থেয়ে সব ভূলে যেতে পারি। এ পর্যস্ত ধা-কিছু পড়েছি যা-কিছু শিখেছি—সমস্ত। পড়ান্তনোছেড়ে দেওয়া সহজ্ঞ, কিন্তু বা-কিছু এতদিন জেনেছি-শুনেছি তা ছাড়ি কি করে ? না ছাড়লে যে প্রাণ বাঁচে না।'

পঞ্চবটীতে ধুনি জেলে সাধন করে নরেন। বাইরে ধেমন আগুন অন্তরেও ভেমনি। পাবক শুধু জলে না পবিত্র করে। শুধু দক্ষ করে না দীপ্ত করে। অদৃশ্যকে দর্শন করায়।

মাস্টারি ছেড়ে দিল নরেন। ছেড়ে দিল আইন-পড়া। সিদ্ধিও চাই না ঋদ্ধিও চাই না, শুধু তোমার দর্শন চাই! তুমি আমার চোখের জিনিস আমার স্পর্শের জিনিস হয়ে থাকো।

চোখের জ্বিনিসে তুমি জ্ঞান, স্পর্শের জ্বিনিসে তুমি ভক্তি। তোমাকে শুধু দেখে যোলআনা সুখ নেই। পরিপূর্ণ আনন্দ তোমাকে ধরে।

আরেক দিন ছুটে গেল ঠাকুরের কাছে বললে, 'আমাকে সমাধিক করে দিন।'

ঠাকুর স্তব্ধ হয়ে রইলেন।

'যেমন শুকদেবের হত। এক-নাগাড়ে পাঁচ-ছ দিন সমাধিতে ডুবে থেকে শরীর রাখবার জ্বস্থে খানিকটা নেমে আসতেন। আবার জ্ক্ষুনিই উঠে যেতেন উপরে। তেমনি ইচ্ছে করে আমার। দেহটাকে কোনো রকমে টি কিয়ে রেখে সমাধিতে ডুবে ঘাই।'

ম্থের উপর ধিকার দিয়ে উঠলেন ঠাকুর। 'ছি ছি, তুই এত বড় আধার, তোর মুখে এই কথা! তোর এত ছোট নজর!'

खक श्रा तरेन नरतन।

'তুই শুধু ভোর নিজের মুক্তি চাস ? আর এই যে সব অসংখ্য অসহায় জনগণ, তাদের কি হবে ? ভারা কোথায় যাবে ?'

हुপ करत तरेन नरतन ।

'ভেবেছিলুম ভুই বিশাল একটা বটগাছের মত হবি আর তোর ছায়ায় হাজার-হাজার লোক আশ্রয় পাবে। তা তোর কিনা এই ছোট নজর! আর সবাইকে বঞ্চিত করে নিজে শুধু রাজভোগ খাবি ? সেই রাজভোগের ভাগ দিবিনে আর সবাইকে ?'

নরেনের মৃখে কথা নেই।

'শোন, জীবে দয়া নামে ক্লচি বৈক্তবপূজন—বৈক্তবধর্মের এই সারকথা। কিন্তু জীবে দয়া আমি বলতে পারব না। দয়ার মধ্যে একটা অহঙ্কারের ভাব আছে। যে অর্থী সে নিচে দাঁড়িয়ে আর যিনি দাতা তিনি যেন টভে ব'সে। ছর শালা! কীটামুকীট, তুই জীবকে দয়া করবি? দয়া করবার তুই কে? তোর কিসের স্পর্ধা?' উত্তেজিভ কণ্ঠবর অনুরাগে গাঢ় হল ঠাকুরের: 'না, না, জীবে দয়া নয়, জীবে শ্রমা জীবে প্রেম জীবে সেবা। শুধু অমনি-অমনি সেবা নয়, শিবজ্ঞানে জীবসেবা। তথন সে সেবা পূজা, সে সেবা আরতি।'

ঠাকুরের নতুন সাম্যবাদের মন্ত্রে দীক্ষিত হল নরেন। মানুষকে অরের ক্ষেত্রে নামিয়েএনে সমান করা নয়, অমৃতের ক্ষেত্রে উন্নীন্ত করে সমান করা। শুধু পঙক্তির সাম্যা নয়, পাত্রের সাম্যা। সকলে আমরা অমৃতের সন্তান, ঈশবের বিস্তে আমাদের সমান অংশ, এই সাম্যবাদ।

ঈশ্বকে কোথায় খুঁজ্বছ, বললেন তাই বিবেকানন্দ। বছরপে ভোমার চোশের সামনেই তিনি বিরাজ করছেন। এদেরকে উপেক্ষা করে কোথায় খুঁজ্বছ সেই অশরীরীকে? হাতের কাছে রয়েছে যেসব ছংশী আর ছর্গত,পীড়িত আর বঞ্চিত,তাদের সেবা করো,ভালোবাসো, হাত ধরে টেনে তোলো ছংখ আর দারিজ্যের পদ্ধকৃত থেকে। সেই সেবা সেই ভালোবাসাই ঈশ্বপ্রভা।

দয়া নয়, ছেব নয়, দম্ভ নয়—ভালোবাসা! আর, সংসারে কে না জানে ভালোবাসতে? সে শুধু নিজেকে ভালোবাসা, নিজের স্বার্থ-বৃদ্ধিকে ভালোবাসা। এবার একটু পরকে ভালোবাসতে শেখো। পরই পরম। পরকে ভালোবাসা মানেই পরমকে পূজো করা।

যো কুছ হায় সো তুঁহি হায়—এ গানটা একদিন গেয়েছিলি না ?
আবার গা সেই গান। সব ডিনি। কাঠে-মাটিতে ডিনি থাকতে
পারেন, রক্তে-মাংসে থাকতে পারবেন না ? প্রতিমায় তাঁর আবির্ভাব
হয়, মান্তবে হবে না ? ডিনি-কে তুমি কর্। ডিনি হচ্ছেন জ্ঞান, তুমি
হচ্ছে ভালোবাসা। মানুষকে যখন ভালবাসতে পারবি তখনই ডিনি
তুমি হয়ে উঠবেন।

আমিই সেই, এ-কথা নয়। ও-ই সেই, এ কথাও নয়। তৃমিই সেই এইটিই আসল সাধন।

नरत्रन शान शत्रन।

শুনতে-শুনতে ঠাকুর সমাধিস্থ। বলেন, 'নরেনের গান শুনলে আমার ভিতর যিনি আছেন তিনি ফোঁস করে ওঠেন।'

নৈরেন আমার নিত্যসিদ্ধ।' বলছেন ঠাকুর, 'স্বশ্মে-জ্বন্ম ঈশ্বর-ভক্ত। অনেকের সাধ্যসাধনা করে একট্-একট্ ভক্তি হয়, নরেনের আক্ষম ভক্তি।'

সেই গ্রুবের কথা মনে করো। বি ্কে দর্শন করে বালক গ্রুবের বড় অহলার হয়েছিল। ভাবলে, এই একটু ডেকে এমনি কম সাধনায় স্থার পাওয়া যায় ? এমন সময় নারদ এসে হাজির। এসো, আমার সঙ্গে বেড়াতে যাবে চলো। হাঁটতে-হাঁটতে হজনে চলে এল একটা পাহাড়ের কাছে। মস্ত উচু পাহাড়। লাদা ধবধব করছে। গ্রুব লিগগেস করলে, ওটা কি ? নারদ বললে, হাড়ের পাধাড়। কার হাড় ? মামুষের ? হাা, ভোমার। বললে নারদ, যভবার ,আসা-যাওয়া করেছ সংসারে ভতবারের হাড় ওখানে জমা আছে। এত ? গ্রুবের মুখে আর কথা নেই। আমি এতবার জ্বেছি-মরেছি ? মাথা হেট করল গ্রুব। ধুলো হয়ে গেল ভার অহ্লার

किस मक कत्या नत्तरनत्र छत्र राहे।

লাখ জন্ম হলেই বা আমার ভয় কি।' বললে বিবেকানন্দ, 'আমি ভক্তি নিয়ে থাকব। ভালোবাদার বেদাতি করব। আকণ্ঠ পান করব প্রেমসুধা।'

আবার বীললে, আমি হব বৃষ্টিবিন্দৃ। বারে-বারে ঝরে পড়ব। কিন্তু
সমুজের মধ্যে নয়। সমুজে পড়লে আমি তো পুপ্ত ২য়ে যাব, সিদ্ধুর
মাঝে লয় হয়ে যাবে আমার বিন্দুসন্তা। আমি নির্বাণ চাই না, চাই না
বিশৃপ্তি। আমি ঝরে পড়ব শুকনো-মলিন ধ্লির উপর। মুছে দেব
ভার দাহ, মিটিয়ে দেব ভার ভ্যা। আর্জ করব স্লিম করব পবিত্র
করব।

ঠাকুর বললেন, 'নিতাদিদ্ধ যেমন নৌমাছি ? কেবল ফুলের উপর বসে মধু পান করে। নিতাদিদ্ধ হরিরস আস্বাদন করে কেড়ায়, বিষয়-রসের দিকে যায় না।'

'নরেন আমার খানদানী চাষা',বললেন আবার ঠাকুর,'বারো বচ্ছর অনার্মন্তি হলেও খানদানী চাষা চাষ ছাড়ে না। মা-ভাইয়ের কণ্ঠ শুনে বলি, যা, কালীঘরে যা, যা চাইবি মা তাই দেবে। তা টাকাকড়ি চাকরি-বাকরি না চেয়ে চাইলে কিনা বিবেক-বৈরাগ্য!'

কেশব সেনকৈ বললেন ঠাকুর, 'মা তোমাকে একটি শক্তি দিয়েছেন বলে তুমিজগৎমাক্স হয়েছ, কিন্তু মা দেখাছেন নরেনের মধ্যে আঠারোটা শক্তি।'

নরেন ভো অপ্রস্তুত কিন্তু কেশব মহা খৃশি। পরশ্রীতে আনন্দিত হওয়াই ঈশ্বরভক্তি।

কেশবের বাড়িতে নিব বৃন্দাবন' নামে নাটক হচ্ছে । তাতে এক সাধুর পার্ট নিয়েছে নরেন। ঠাকুর দেখতে এসেছেন। সাধুর সাজে কেমন না জানি দেখতে হয়েছে নরেনকে।

'ঠিক হয়েছে। এই ঠিক হয়েছে।' রঙ্গমঞ্চে নরেনের আবির্ভাব হওয়ামাত্রই ঠাকুর তাঁর সিট ছেড়ে লাফিয়ে সোল্লাসে বলতে লাগলেন, 'এমনটিই সেদিন দেখিয়েছিল মা। এমনি হুবহু।'

নেমে আসতে সঙ্কেত করলেন নরেনকে। সঙ্কেতে কিছু হবে না। সোজাস্থলি ডাকতে লাগলেন চেঁচিয়ে, 'গুরে নেমে আয়, কাছে আয় আমার, তোকে একটু দেখি ভালো করে।'

এমন অবস্থায় কখনো নামা যায় নাকি ? নরেন রাজি হল না। তখন কেশব পিড়াপিড়ি করতে লাগল। যাও না নেমে উনি যখন বলছেন অত করে।

নেমে এল নরেন। ব্যাকুল হয়ে ঠাকুর তার হাত চেপে ধরলেন। বললেন, 'ভাষ ভোকে এই বেশে একদিন দেখিয়েছিল মা। 'এই আলখাল্লা এই পাগড়ি এই লাঠি। ঠিক-ঠিক মিলে গেছে। 'ভাইন, কী সুন্দর ভোকে দেখতে হয়েছে নরেন।' करे, नरतन करे ? नरतनरक प्रथिष्ट ना रकन ?

সিমলেয় মধুরায়ের গলিতে রাম দন্তের বাড়ি এসেছেন ঠাকুর। একঘর লোক অথচ নরেন নেই। একথালা ব্যঞ্জন কিন্তু মুন নেই। সেই তীক্ষতম আস্বাদটি নেই।

'তার মাথার অসুখ করেছে।' বললে রাম দত্ত। 'সে কি ?'

'মাথায় ভিজে গামছা দিয়ে অন্ধকার ঘরে শুয়ে আছে বাড়িতে। ভীষণ য়ন্ত্রণা :' কে আরেকজন বললে, 'আলোয় চোখ খুলতে পারছে না ।'

'ওরে তাকে কেউ এখানে ডেকে নিয়ে আয়।' ঠাকুর চঞ্চল হয়ে উঠলেন। কাতর মুখে বললেন, 'তাকে না দেখে যে থাকতে পারছি না।'

কালিপ্রসাদ আর নিরঞ্জন—ঠাকুরের আর তুই ভক্ত—গেল নরেনের বাড়ি। সত্যিই তো। নিচের ঘরে দরঞা-জানলা বন্ধ করে ভক্তপোশে ক্ষয়ে আর্চ্নে নরেন। মাথায় গামছা বাঁধা। মুখে অকুট আর্তনাদ।

'রামবাবুর বাড়িতে পরহংসদেব এসেছেন।' বললে কালীপ্রসাদ। 'তোমাকে দেখতে চাইছেন একবার।'

'আমার প্রণাম জানিও তাঁকে।' বেদনাচ্ছন্ন স্বরে নরেন বললে। 'বোলো আমি মাথা তুলতে পারছি না। মাথা ফেটে চৌচির হয়ে যাচ্ছে। সাধ্য নেই উঠে বসি।'

'তোমাকে নিয়ে যাবার জন্মে আমাদের পাঠিয়েছেন তিনি।' 'কিন্তু কি করে যাই। আলোয় তালাতে পারছি না। আলোয়

চোৰ খুললে আরো বেশি যন্ত্রণা!

'কিন্তু ও সব আমরা শুনছি না।' ছই বন্ধু পিড়াপিড়ি করতে লাগল। 'ঠাকুর যখন ভোমাকে দেখবার জন্তে ব্যাকুল হয়েছেন তথন ভোমাকে যেতেই হবে। যে করে হোক নিয়েই যাব ভোমাকে।'

'চোখ খুলতে না পারলেও ?'

'হাা। থাক না ভোমার চোখ বাঁধা, আমরা ছ'জনে ভোমার হাভ ধরে নিয়ে যাব রাস্তা দিয়ে।'

নরেন উঠল। চোধের উপর দিয়ে আঁট করে বাঁধন দিল। হাজ বাড়িয়ে দিয়ে বললে, 'ধরো।'

কণ্টের মধ্যে দিয়ে ভাকলে, হাঁটিয়ে নিয়ে চললে কণ্টকের উপর দিয়ে। কিন্তু আমি জানি এই কন্টই ভোমার কুপা, এই কণ্টকেই ভোমার কুমুমের অঙ্গীকার।

অন্ধের মত চোথ বন্ধ করে হাঁটি বা মোহান্ধের মত থোলা-চোথের অহন্ধারে, জানি, প্রান্থ, তোমারই ডাকে চলেছি, চলেছি ভোমারই ছ্য়ারে। পথ জানি আর না-জানি, পথই আমাকে পথ দেখাবে। পথে যখন একবার নেমে পড়েছি তখন জানি ভূমিই পথ ভেঙে আসবে এগিয়ে, পথের দৈর্ঘ্য কমাবে, ক্লান্ধি কমাবে। ভূমি ড শুধু পথের শেষে নও, ভূমি যে পদে-পদে।

নরেনকে ত্-বন্ধ্ হাজির করল ঠাকুরের কাছে। সামনাসামনি বসিয়ে দিল।

<sup>6</sup>কি রে, কি হয়েছে ভোর মাথায় ?' পদ্মহাতখানি সম্প্রেহে তার মাথায় বুলিয়ে দিলেন।

ভোজবাজি হয়ে গেল। সকল যন্ত্রণা উড়ে গেল কপুরের মত।

আনন্দে চেঁটিয়ে উঠল নরেন, 'এ কি, কি আশ্চর্য, আমার মাধায় আর বেদ্না নেই।' টান দিয়ে খুলে ফেলল গামছা। 'সত্যি, আলোর দিকে তাকাতে পারছি। সব দেখতে পারছি সহজে। এতটুকু কষ্ট নেই। ভার নেই। হালকা হয়ে গেলাম মুহুর্তে।'

ঠাকুর হাসতে লাগলেন।

ভবে আর কি। এবার আমার তানপুরোটা নিয়ে এস। মুক্তকণ্ঠ বিহঙ্গের মত আমি গান গাই। ভূ ভারহরণ আমার সর্বক্লেশ বিমোচন করেছেন। আর্তনাদকে রূপান্তরিত করেছেন সঙ্গীতে।

তিন-তিনম্বন্টা পূরো গান গাইল নরেন।
চূম্বকই শুধু লোহাকে টানে না, লোহাও চূম্বককে টানে। চূম্বক

কি করবে যদি লোহাকে না পায়! শুরু কি করবে যদি তার শিস্তা না জোটে। যদি রসিক পাঠক না থাকে তবে কবির দাম কি। ভগবানও ব্যর্থ যদি তাঁর ভক্ত না মেলে! কুপা যিনি ঢালবেন ভিনি কী করবেন তাঁর অকুপণ ভাণ্ডার নিয়ে যদি তাঁর না জোটে কুপাপাত্র।

আমি-তুমি ছাড়া আর সেই কুপাপাত্র কোথায় ! দিতে কুপা নিতে প্রসাদ

'নরেক্স আমার খানদানী চাষা। বারো বছর অনার্ষ্টি হলেও চাষ ছাড়ে না।' বারে বারে বলেন ঠাকুর: 'কড ভক্ত কড কামনামাখানো জিনিস নিয়ে আসে আমার জন্মে। খেতে পারি না। আর কাউকেও দিই না, পাছে কামনার ছোঁয়ায় ভক্তির উচ্ছেদ হয়ে যায়। কিন্তু নরেনকে দিই। নরেনের ঘর আলাদা থাক আলাদা। ও হচ্ছে জলন্ত দাবানল। জ্ঞানের দাবানল। কামনা-টামনা সব পুড়ে ভন্মদাং হয়ে যায়। দেখছিল না ধানের আবেশে চোখের মণি উপর দিকে উঠেই আছে। ঘুমোলেও দেখেছি একেবারে বোজে না। ওর লক্ষণ সব মহাযোগীর মত। আহা, তাইতেই তো এত আদর করি।'

পৃক্ষার চেয়ে জ্বপ বড়, জপের চেয়ে খ্যান বড়। আর খ্যানসিদ্ধ নরেন্দ্রনাথ।

ধ্যান নয় যেন আগুনের শিখা। কোথাও হাওয়ার রেখা পর্যন্ত নেই, একেবারে অচঞ্চল। গায়ের উপর দিয়ে সাপ চলে যায় জানতেও পারে না। মাথায় পাথি এসে বসে খেয়াল নেই। ব্যাধ পাথি মারবার জন্মে তাক করছে, লক্ষ্যও নেই কাছ দিয়ে রোশনাই-বাজনা গাড়ি-ঘোড়া নিয়ে বরের শোভাযাত্রা চলে গেল। বর দেখলে ? কোথায় বর ? আমি শুধু আমার বরেণাকে দেখছি। আমার ঈলিতকে। আমার লক্ষ্যস্তলকে।

চক্র আবর্তিত হচ্ছে একটি গ্রুব বিন্দুকে আশ্রয় করে। স্থির বিন্দু, কিন্তু নির্লুক্ষা। সে স্থির বিন্দুর নামই ঈশ্বর। সহজে চোখে পড়ে না, কিন্তু তাকেই আঁকড়ে ধরে ঘুরছে এই বিশ্বচক্র। ঠাকুর বললেন, যদি এমন ঘোরো হাত ছেড়ে দিয়ে মাথা ঘুরে পড়েয়াবে, কিন্তু একটা খুঁটি ধরে বোরো, পড়বেনা। বিশ্বসংসারও এই খুঁটি ধরে ঘুরছে। খুঁটি ধরে ঘুরছে বলেই পড়ছে না ছত্রখান হয়ে। এই খুঁটিই ভগবান।

কি দেখছ। জোণাচার্য জিগগেদ করলেন অর্জুনকে। চারদিকে এই যে বন-বনানী প্রাস্তর-কাস্তার, তা দেখছ। অর্জুন বললে, না। রাজা-রাজড়ারা এনেছেন, তাঁদের দেখছ। উত্তর হল, না। চক্র দেখছ। না। পাখি দেখছ! না। তবে কী দেখছ। পাখির চক্ষু দেখছি।

যেই পাখির চক্ষু দেখল অমনি লক্ষ্যভেদ করল অর্জুন।
তেমনি যদি জীবনের লক্ষ্যভেদ করতেচাও ভো ঈশ্বরকে তাক করো।
কী জীবনের উদ্দেশ্য ? জিগগেস করলেন ঠাকুর।

হেসে-খেলে বয়ে যাওয়া ? তার মানে যে কটা দিন বেঁচে আছি
কুর্তি করে যাওয়া ? বেশ, মেনে নিলুম, আনন্দই জীবনের উদ্দেশ্য ।
আনন্দই যথন জীবনের উদ্দেশ্য তথন প্রতি মুহূর্তে অধিকতর আনন্দই
জীবনের নিশানা। এক শৃঙ্গ থেকে আরেক তুঙ্গতর শৃঙ্গ। কোথাও
থামা নেই, আর নয় আর নেই বলে বঙ্গে পড়ানেই। মাত্রাহীন যাত্রা।
আরো চাই আরো চাই। আরো আলো আরো সুথ। অধিকতর
সন্ধানে বেরিয়ে প্রতি মুহূর্তে কোথাও না কোথাও এক অধিকতম
এক পরমতমকে সঙ্কেত করছি। অধিকতম সুথ, পরমতম শাস্তি।
তার দাম দিবিনে একটা ? সেই অধিকতম সুথ সেই পরমতম শাস্তির
নামই ঈশ্বর।

তবে জীবনের উদ্দেশ্য, এক কথায়, ঈশ্বরলাভ।

ঈশ্বর কি বাইরের জিনিস যে তাকে পাব ? ঈশ্বর ভিতরের জিনিস, তাকে উদ্ধার করব, উদ্যাটিত করব। ঈশ্বর পাব না, ঈশ্বর হব। হওয়াই পাওয়া।

একট্থানি হওয়া মানে আরো একট্থানি পাওয়া। আরো একট্-থানি হওয়া মানে আরে। একট্থানি পাওয়া। বড় হওয়া ভালো হওয়া। বহুং হওয়া মহুং হওয়া। বৃহত্তের ও মহুতের শেষ সীমাই ঈশ্বর।

'অন্তেরা ভোবা পু্ছরিণী, নরেন বড় দীঘি, যেন হালদার পুকুর।' বললেন ঠাকুর, 'অন্তেরা কলসী ঘটি, নরেন জালা।' কেউ কলায়ের ভালের পোর, কেউ নারকোলের পোর, কেউ বা ক্রীরের পোর। নরেন আমার ক্ষীরমোহন।

'নুরেন্দ্র সভায় থাকলে আমার বল।'

সন্ধের পর সেদিন ঠাকুরের কলকাতা যাবার কথা। কিন্তু গাড়ি যোগাড় হচ্ছে না।

'তাই তো কার গাড়িতে যাই!' মাস্টারমশাইকে জিগগেস করছেন ঠাকুর।

সে একটা ব্যবস্থা হবেই। ঠাকুর যদি মনস্থ করে থাকেন কলকাভায় যাবেন ভা কখনো অপুরণ থাকবে না।

প্রদীপ জালা হল ঠাকুরের ঘরে। মন্দিরে শুরু হয়েছে আরজি। রশুনটৌকি বাজছে। এসেছে শ্রামস্থন্দর সন্ধ্যা। নামকীর্তন করছেন ঠাকুর। ছোটখাটটিতে বলে মায়েব ধ্যান করছেন।

আরতির ঘন্টা থেমে গেল। ঠাকুর উঠে পাইচারি শুরু করলেন। অনেক ভক্ত এসেছে, মাঝে-মাঝে ছাদের সঙ্গে কথা বলছেন ছ-একটা। আর থেকে-থেকে মাস্টারকে বলছেন, কই, গাড়ি কই ?

গাড়ির জন্মে ব্যাকুল হয়েছেন, না, আর কিছুর জন্মে ? এমন সময়—মহাযান—স্বয়ং নরেন এসে উপস্থিত।

'এসেছিস, তুই এসেছিস ?' ঠাকুর ছুটে এসে ধরলেন নরেনকে। যেমন কচি ছেলেকে আদর করে তেমনি ধারা তার মূখে হাত বুলিয়ে আদর করতে লাগলেন। স্নেহভরা বিহুল কঠে বলতে লাগলেন, 'এসেছ, তুমি এসেছ!'

নরেন এসেছে, আর কি কলকাতায় যাওয়া যায়! মাস্টারের দিকে তাকালেন ঠাকুর: 'কি বলো! আর কি কলকাতায় যাওয়ার কোনো মানে হয়!'

গাড়ি আমাকে কলকাতায় নিয়ে যেত, আর এ বৃহৎ যান নরেন, এ আমাকে নিয়ে যাবে পৃথিবী ছাড়িয়ে,আকাশের ওপারে,সপ্তর্ষিমগুলের দেশে, কে জানে কোন নিষেধহীন নিমেষ্চীন স্তর্নতায়! রাম দন্তের বাড়ির চাকর লাটু—দক্ষিণেশরে এসে ঠাকুরের সেবায় লেগেছে। ঠাকুর তাকে ডাকেন লেটো। আর নরেন ডাকে, প্লেটো। \*ওরে প্লেটো, এক কলকে তামাক ভাল করে সেক্ষে খাওয়া না।'

ন্তকুম করে নরেন।

তখুনি তামিল করে লাটু। যে যা বলে তাই করে দেয়। লোক-সেবাই তার ঈশ্বর-আরাধনা।

প্রথম যখন যোগীন এল ঠাকুরের কাছে, বললে, আমি থাকব আপনার এখানে। ঠাকুর জিগগেস করলেন, রাতে কি খাস ?

'আধদের আটার রুটি আর এক পোয়া আলুর চচ্চড়ি।' যোগীন বললে।

'ভোকে আমার সেবা করতে হবে না। রোজ আধসের ময়দা, অভ বাপু যোগাতে পারব না। তার চেয়ে বরং তুই বাড়ি থেকে খেয়ে-দেয়ে এখানে আসিস।'

লাট্ও থুব খেতে পারে। একসের ছ-সের আটা একেকবেলা উড়িয়ে দেয়। 'খাওয়া কমা, খাওয়া না কমালে ধ্যানধারণায় মন বসবে না।' এমন খাওয়া কমিয়ে দিল লাটু, খিদের চোটে পেটে ব্যথা হবার যোগাড়। তখন আবার তিরস্কার। 'ওরে অতটা ভাল নয়। শরীর রাখবার জন্মে যতটুকু দরকার ঠিক ততটুকু খাবি। দিনে বারুদঠাসা করে থেতে পারিস, কিন্তু খবরদার, রাতে একবারে হালকা।'

শরীর তো বীণা। তাকে যদি না বেঁধে নিস জোর করে, ঈশার-স্থরলহরী ফুটবে কি করে ?

কিন্তু নরেন । নরেনের কথা আলাদা, থাক আলাদা। সে তো রোগী নয় যে তার পথ্য বরাদ্দ হবে। সে স্বয়ং জ্লসন্ত অগ্নি। স্ব পরিপাক করে নেবে, আত্মসাৎ করে নেবে।

'ওগো নরেন আন্ধ এখানে খাবে।' নহবংখানায় শ্রীমাকে উদ্দেশ করে বলছেন ঠাকুর, 'মোটা-মোটা আটার রুটি করো আর ছোলার ডাল। রুগীর পথ্যি হয় না যেন।' দক্ষিণেশ্বরে মাংস রান্না হচ্ছে সেদিন। সেদিকে বেড়াতে গিয়ে ঠাকুর দেখে কেলেছেন।

'কি হচ্ছে রে ?'

'মাংস রান্না হচ্ছে।'

'মাংস ?'

'হাা, নরেন খাবে।'

আর কথা নেই। যখন নরেন খাবে তখন আর কথা কি। আর সব কলসী ঘটি, নরেন জালা। অহা পদ্ম কারু দশদল কারু যোড়শদল কারু বা শতদল। কিন্তু পদ্মধ্যে নরেন সহস্রদল।

'ওকে অনেক কান্ধ করতে হবে।' আপন মনেই যেন বলছেন ঠাকুর, 'একটু খাওয়া-দাওয়া না করলে পারবে কেন ? ওর মধ্যে জ্ঞান-অগ্নি জলছে, ও যা খাবে সব হন্দম হয়ে যাবে, ওর কিছুই করতে পারবে না।'

কত ভক্ত কত কিছু কামনা করে ভোগ দেয় ঠাকুরকে। সে সব অশুদ্ধ ভোগ। সে সব ফেলে দেওয়া উচিত আগুনে। কিন্তু এত ভালো-ভালো খাবার নষ্ট করে দেওয়া হবে ? কেন, নরেনকে খেতে দাও, নরেন খাবে। বললেন ঠাকুর। নরেন্দ্র পবিত্র পাবক। সর্বসহ, সর্বদ্য বিশ্বদ্ধায়।

থিয়েটার দেখতে গিয়েছেন সেখানেও ঠাকুরের প্রথম জিজ্ঞাসা:
'হুহে নরেন্দ্র এসেছে ?'

'আজে হাা, এসেছে। বসেছে এ দিকে।'

ঠাকুর হাসলেন, সুস্থ হলেন। ওরেও আমার বল, ও আমার আশ্রয়-আশ্বাস।

অভিনয়ের শেষে গিরিশ ঘোষকে জিগগেস করলেন ঠাকুর, 'এ কি ভোমার থিয়েটার, না, ভোমাদের গ'

'আজ্ঞে, আমাদের।'

'হাা, আমাদের কথাটিই ভালো।' বললেন ঠাকুর, 'আমার বলা

ভালো নয়। কেউ কেউ বলে আমি নিজেই এসেছি। এ সব হীনবৃদ্ধি অহঙ্কেরে লোকে বলে।'

আমি নিজেই এসেছি! কি আশ্চর্য, তুমি নিজের ইচ্ছেতেই এসেছ
পৃথিবীতে? নির্বাচন করে নিয়েছ তোমার বাড়ি-বর, তোমার জাতিকুল, তোমার বাপ-মা, তোমার পরিধি-প্রতিবেশ! কোণা থেকে
তোমার আরম্ভ, এবং কবে থেকে? তোমার ইচ্ছেতেই তোমার মৃত্যু?
আর, ঠিক তোমার মনোনীত সময়ে? যখন প্রথমে ও শেষে কোণাও
আমি বলেইকিছু নেই, তথু মাঝখানের এই সেতুপথটিতেই অহংকর্তৃত্ব?
কি সাধ্য তুমি এক পা ফেল তোমার নিজের ইচ্ছেয়? তুমি নিজেই
এসেছ? পথে ঠিক ঠিক গাড়ি-ঘোড়া চলেছিল, পথ পিছল ছিল না,
তুমি আছাড় পড়নি, ঘটেনি কোনো তুর্ঘটনা—তবে না তোমার আসা?
তাই তোমার ইচ্ছে নয়, তাঁর ইচ্ছে তাঁর রূপা।

বাড়ি থেকে বেরুবার সময় তুর্গা-তুর্গা বিল, কিন্তু সমস্ত বিপদ থেকে উদ্ধার পেয়ে নির্বিদ্ধে বাড়ি ফিরে এসে আর বলিনা তুর্গা-তুর্গা। আমরা এমন অকৃতজ্ঞ।

সর যদি তাঁরই কুপা, তবে সে কুপা আকর্ষণ করব কি করে?
কর্ম করে। কু—কর; পা—পাবি। চুপ করে বসে থাকলে হবে
না। তুই যদি বসে থাকিস ভগবানও বসে থাকবেন।

কুপা যে নিবি, পাত্র চাই। শৃষ্ঠ পরিচ্ছন্ন পাত্র চাই। পাত্র যদি বাসনায় পূর্ণ হয়ে থাকে তাতে স্থাসার নিবি কি করে? পাত্র শৃষ্ঠ কর্। অনেক ক্লেদ অনেক গান জনে আছে, তাকে মার্জন কর্। বাসন মাজবার জন্তে শক্ত একটা ঝামা চাই। কর্মই তোর সেই ঝামা। কর্ম করে-করে শৃষ্ঠ কর্ উদ্ধ কর্ নিজেকে, দেহ-মনকে প্রসাদধারনের পবিত্র পাত্র করে তোল।

नरत्रन वलरल, 'मवरे थिरप्रिगत ।'

'হাা, তাই।' সায় দিলেন ঠাকুর। 'তবে কোথাও বিভার খেলা কোথার অবিভার।' 'সবই বিভার।' নরেন জোর গলায় বললে। 'হাাঁ, ওটি চরম জ্ঞানের অবস্থা—' সায় দিলেন ঠাকুর। নরেন সেই প্রজ্ঞান্ত জ্ঞান।

থিয়েটারের বসবার ঘরে কথা হচ্ছে। ঠাকুর বললেন, 'একটু গান গা!'

নরেন গান ধরল: 'চিদানন্দ সিন্ধুনীরে প্রেমানন্দ লহরী।' গানের এক জায়গায় আছে, 'মহাযোগে সমুদায় একাকার হইল—দেশকাল ব্যবধান ভেদাভেদ ঘুচিল—' তখন ঠাকুর বলে উঠলেন, 'এইটিই জ্ঞানের অবস্থা। তখন সবই বিভা, সবই ঈশ্রময়—'

ঠাকুরকে খেতে দিয়েছে। তথুনি নরেনের থোঁজ। 'নরেন খা, নরেন খা।'

'শুধু নরেন খা।' শোভাবাজারের রাজাদের বাড়ির ছেলে যতীন দেব ছিল সে-আড্ডায়, সে বলে উঠল: 'আ্র আমরা শালারা ভেসে এসেছি।'

ঠাকুর হাসতে লাগলেন। বললেন, 'দক্ষিণেশ্বরে যাস, সেধানে দেব'খন খেতে।'

'সে জন্মেই তো দেবেন মজুমদারের অভিমান।' গিরিশ বলদে, 'বলে, আমাদের ভিতর তো ক্ষীরের পোর নেই, কলায়ের পোর। তা আমরা গিয়ে কি করব!'

নরেনকে বেশি ভালোবাসি। কি করব, ভালোবাসি। ভালোবাসি—এর উপরে কি আর কোনো কথা আছে। কেশব সেনকেও ভালোবাসি। হাজরা বলে, কেশব সেন রজোওণী লোক, টাকা-কড়ি মানসম্ভ্রম আছে, ভাই ভাকে ভালবাস। ঠাকুর বললেন, 'ভা নয় ব্যল্ম কিন্তু হরীশ, নোটো ওদের ভালোবাসি কেন? আর নরেন, নরেনকে কেন ভালোবাসি? ভার ভো কলাপোড়া খাবারও হন নেই।'

সেই নরেনই একদিন ঠাকুর্রকে চেপে ধরল: 'কে বলে ডোমার

ঈশ্বর দয়াময় ? সে যদি দয়াময়ই হবে তবে পৃথিবীতে এত ত্থাবদারিত্র।
কেন, কেন এত অসামঞ্জন্ত, কেন এত নিষ্ঠুরতা ?'

এক মৃহূর্ত তার চোখের দিকে তাকালেন ঠাকুর। বললেন, 'কথা কোসনে। স্তব্ধ হ। আকাশের দিকে তাকা।'

আকাশের দিকে তাকালে কি দেখব , দেখব অনস্ত তাকিয়ে আছে আমার দিকে। অজ্ঞেয় অপরিমেয় মৌন সন্তাষণ করছে আমাকে। দেখব নক্ষত্রকণিকার মণিকা জলছে অগণন। একটাসূর্টা, বিশ-পঁচিশ, শ-ছশো নয়—লাখ-লাখ কোটি-কোটি। একটা সূর্য, একটা চক্র, একটা গ্রুবতারা বৃঝি, তাদের দিয়ে না-হয় কিছু-না-কিছু কাজ হয় সংসারের,—কিন্তু এতগুলি তারা দিয়ে আমাদের কি প্রয়োজন ? কয়েক ঝাঁক কম হলেই বা ক্ষতি কি ছিল! কেন অসংখ্য হল ? অসংখ্য কি অনিয়মের ফল, না, নীতির ও শৃঙ্খলার ? এখন এই অন্তর্হীনকে ক্ষান্তিহীনকে দেখ, আর, ভাবো এই অনস্তেব পরিপ্রেক্ষিতে পৃথিবী কতটুকু। এক দানা সর্বে, এক কণা ধূলি। তার মধ্যে তুই। তোর মন্তিষ্ক, তোর হাৎস্পান্দন, তোর প্রশ্ন, তোর অভিযোগ। কথা কোসনে।

কর্ম কর, কর্ম করে আকর্ষণ কর. কুপা।

জীবনের পরম স্তর্জভায় সেই মহামৌনের উত্তর দে। তিনি সম্বোধন তুই প্রতিধ্বনি।

সেই ঠাকুরকে কে-একজন সেদিন খুব নিন্দা করল নরেনের সামনে। গেঁয়োমুখধু বামুন, তার আবার জ্ঞানগম্যি কি। তার আবার কথার মূল্য!

প্রথমটা নরেন খানিক তর্ক করলে। কিন্তু লোকটি উকিল, তর্কে পরাস্ত হবার পাত্র নয়। শেষে ছেড়ে দিল নরেন, এমন ভাব করল যেন সে মেনে নিয়েছে উকিলকে।

উকিল হাসতে-হাসতে চলে গেল।

চলে যেতেই তেড়ে এল লাটু। বললে, 'আপনি ঠাকুরের নিলে মেনে নিলেন ?' 'ওরে ধোয়া কি আকাশকে ময়লা করতে পারে?' নরেন বললেন, 'ওর সঙ্গে বৃথা তর্ক করতে গেলে আমার কত সময় নষ্ট হয়ে যেত বল দেখি। একটু মেনে নিল্ম লোকটা খুশী হয়ে চলে গেল। অল্লে একটা লোককে খুশী করতে পারলে মন্দ কি।'

'হায়রে অল্প বিশাদ!" ব্রহ্মানন্দকে চিঠি লিখছেন বিবেকানন্দ: 'তাঁর কুপায় ব্রহ্মাণ্ডম্ গোম্পদায়তে। আমাদের আর কি চাই! তিনি শরণ দিয়েছেন, আর চাই কি! ভক্তি নিজেই যে ফলস্বরূপা। যিনি খাইয়ে-পরিয়ে বৃদ্ধিবিছে দিয়ে মামুষ করলেন, যিনি আত্মার চক্ষ্ খুলে দিলেন, যাঁকে দিন-রাত দেখলে জীবস্তু ঈশ্বর, যাঁর পবিক্রতা আর প্রেম আর ঐশ্বর্য রাম, কৃষ্ণ, বৃদ্ধ, যীশু, চৈতক্ত প্রভৃতিতে এক কণাঃ নাত্র প্রকাশ, তাঁর কাছে নিমকহারামি! অমন ঠাকুরের দয়া ভোলো! দেশে-বিদেশে নাস্তিক-পাষত্তে তাঁর ছবি পূজা করছে—আর তোদের মতিশ্রম হয় সময়ে সময়ে! তোদের জন্ম ধন্ত, কুল ধন্ত, দেশ ধন্ত যে তাঁর পায়ের ধুলো পেয়েছিস।'

## 30

মৃক্তি ?—ওরে মৃক্তি কোথায় পাবি, মৃক্তি কোথায় আছে, সাপনি প্রভূ স্ষ্টি বাঁধন পরে বাঁধা আছে সবার কাছে।

ঠাকুর বললেন, আমি মুক্তি চাই না, ভক্তি চাই। আমি চিনি হতে চাই না, চিনি থেতে ভালোবাদি।

স্বামী বিবেকানন্দ বললেন, 'আমি বৃষ্টিবিন্দু হতে চাই। বৃষ্টিবিন্দু হয়ে সমুজে ঝরে পড়ব না। ঝরে পড়ব মাটিতে। ঝরে পড়ে ধুয়ে দিয়ে যাব এক কণা ধূলি। মুছে দিয়ে যাব এক কণা পিপাসা।'

'আমি মুক্তি দিতে কাতর নইরে শুকা ভক্তি দিতে কাতর হই।' ঠাকুর গান ধরলেন: 'ভক্তি যেবা পায় সে যে সেবা পায়, তারে কে বা পায়, সে যে ত্রিলোকজ্বয়ী।' মৃক্তি দিলেই তো নিশ্চিন্ত, কোন ঝঞ্চাট নেই ঝামেলা নেই। ক্রিক্স ভক্তি দিলে মৃক্ষিল, ভগবানের সর্বদা থাকতে হয় ভক্তের সঙ্গে। উঠতে-বসতে। পদে-পদে। সম্পদে-বিপদে।

ভক্তি ভগবানের ঐশ্বর্য-মহিমা বোঝে না, জানতেও চায় না। সে তুথু মাধুর্যের কারবারী, তার তৃপ্তি শুধু উপভোগে, আস্বাদনে। সে তু হিসেব করে না তার মা কত রূপসী না বিছ্যী, তার কাছে মা মা, সব হিসেবের পার, সব সময়েই মিষ্টি। মায়ের ধন-রত্মর দিকে সে তাকায় না, সে তাকিয়ে থাকে মায়ের হাসিটির দিকে।

আর কর্ম ? কর্ম হচ্ছে পূজা। ভগবানের প্রীতির জন্মে যে কর্ম সে হচ্ছে শ্রেষ্ঠ পূজা।

'মারেক কথা বুঝেছি যে, পরোপকারই ধর্ম।' বললেন বিবেকাননা: 'বাকি যাগযজ্ঞ সব পাগলামো। নিজের মুক্তি-ইচ্ছাও অক্সায়। যে পরের জন্তে সব দিয়েছে, সেই মুক্ত। আর যারা, আমার মুক্তি, আমার মুক্তি করে দিনরাত মাথা ভাবায় তারা ইতোনইস্ততোভ্রম্ভ: হয়ে ঘুরে বেড়ায়।'

আবার ভাক দিলেন: 'গাঁরে গাঁরে যা, ঘরে ঘরে যা, লোকহিত জগতের কল্যাণ কর—নিজে নরকে যাও, পরের মুক্তি হোক—আমার মুক্তির বাবা নির্বংশ। নিজের ভাবনা যখনি ভাববে তখনি মনে আশাস্তি। তোমার শাস্তির দরকার কি বাবাজী । সব ত্যাগ করেছ এখন শাস্তির ইচ্ছা, মুক্তির ইচ্ছাটাকেও ত্যাগ করে দাও তো বাবা। কোনো চিন্তা রেখ না। নরক-স্বর্গ ভক্তি বা মুক্তি সব ডোণ্ট কেয়ার। আর ঘরে ঘরে নাম বিলোও দেখি বাবাজী। আপনার ভালো কেবল পরের ভালোয় হয়, আপনার মুক্তি ও ভক্তিও পরের মুক্তি ও ভক্তিতে হয়। তাইতে লেগে যাও, উন্মাদ হয়ে যাও।'

বীরভক্ত কে ? মাথায় বোঝা নিয়েও যে ভগবানের স্মরণ-মনন করে। সংসারে থেকে ভগবানের আরাধনা, সে শবসাধনার মত। শবের ভিপরে বসে সাধন করবার সময় শবের মুখে মাঝে-মাঝে জ্ঞল-ছোলা দিতে হয় নইলে সাধকের ঘাড় মটকে দেবে। তাই পরিবার-পরিজনের খাবার যোগাড় করো তারপর বসো ভোমার সাধনায়। ঘরে চাল নেই, উপাসনা অসম্ভব। পেটে ভাত নেই, কিসের ভক্তি? ভবে ঘরে চাল আর পেটে ভাত হলেই সমস্ভ হল না—চাই ভালোবাসা, সমস্ভ ব্যঞ্জনের যা মুন, সমস্ভ মাল্যের যা গ্রন্থি।

আর সন্মাস ? বেপরোয়া হয়ে উচু তালগাছ হতে ঝাঁপ দেবার নাম সন্মাস।

'গেরুয়া কাপড় ভোগের জন্ম নহে, মহাকার্যের নিশান— কায়মনোবাক্যে 'জগিদ্ধিতায়' দিতে হইবে। পড়েছ মাতৃদেবো ভব, পিতৃদেবো ভব—আমি বিল দরিজদেবো ভব, মৃখ দেবো ভব—দরিজ মৃখ অজ্ঞানী ও কাতর ইহারাই তোমার দেবতা হউক, ইহাদের সেবাই পরমধ্য জ্ঞানিবে।'

'নরেনের খুব উচু ঘর।' বললেন ঠাকুর, 'ওর ঘর বলে দিলে ও দেহ রাখবে না। আমি ওকে ভূলিয়ে রেইছে। ওর চাবি আমার হাতে।'

একদিন বললেন, 'ভূই যদি চাস কৃষ্ণকে দেখতে পারিস।' এক কথায় উড়িয়ে দিল নরেন। বললে, 'আমি কিষ্ট-কিষ্ট মানি না।'

আর একদিন বললেন ঠাকুর, 'আমার তো সিদ্ধাই করবার জো নেই। তোর ভেতর দিয়ে করব, কি বলিস ?'

আবার উড়িয়ে দিল এক কথায়। নরেন ঝন্ধার দিয়ে বললে, 'না, ওসব চলবে না'।

'কাউকে কেয়ার করে না।' বলছেন ঠাকুর, 'কাপ্তেনের গাড়িছে বাচ্ছিল, কাপ্তেন ভালো জায়গায় বসভে বললে, ভা চেয়েও দেখল না। আমারই অপেকা রাখে না, অক্তলোকে কা কথা। আবার বা জানে ভাও বলে না। পাছে আমি লোকের কাছে বলে বেড়াই নরেন এড বিদ্বান। মায়া নেই মোহ নেই বাধা নেই বন্ধন নেই। ভারপরে কভ গুণ। যেমনি গাইতে-বান্ধাতে তেমনি লেখাপড়ায়। তা আমার কাছে বেশি আদে না। তা ভালো। বেশি এলে আমি বিহ্নল হই।

সেদিন বলছেন, 'মনে চারটি সাথ উঠেছে। বেগুন দিয়ে মাছের ঝোল থাব। শিবনাথের সঙ্গে দেখা করব। ছব্নিনামের মালা এনে ভক্তেরা জ্বপবে দেখব। অষ্টমির দিন ভদ্রের সাথকেরা কারণ পান করবে তাদের প্রণাম করব।'

নরেন কাছে বঙ্গে। হঠাৎ তার দিকে দৃষ্টি পড়ল। ঠাকুর উঠে দাঁড়ালেন, নরেনের হাঁটুতে পা রেখে সমাধিস্থ হয়ে গেলেন।

আর সেদিন বসলেন নরেনের পিঠের উপর।

ভবনাথের সঙ্গে গল্প করছে নরেন। ঘরের মেঝেয় মাছর পাডা। ভাতে শুয়ে শুয়ে গল্প করছে ছ'জন। গল্প করতে-করতে কথন উপুড় হয়েছে নরেন, হঠাৎ ঠাকুর ভার পিঠের উপর এসে বসঙ্গেন। আর বসেই সমাধিস্থা।

সেদিন একেবারে ঘাড়ের উপর।

ঠাকুরের জন্মোৎসব হচ্ছে। আনন্দের হাটবাজার বসে গিয়েছে। নরোন্তম কীর্তন গাইছে, প্রীকৃষ্ণের গোষ্ঠমিলন পালা। কিন্তু স্বই আলুনি, নরেন এখনো আসেনি!

'কই নরেন এল না?' বারে-বারে এদিক-ওদিক তাকাচ্ছেন ঠাকুর।

আবার বলছেন, 'ওরে ভোরা আর কিছু নিস বা না নিস কৃষ্ণের প্রতি শ্রীমতীর এই টানটুকু নে।'

সেই একারা ভন্ময়তা। পরমবিরাম সমুজের **জ**ন্মে বেমন নিঝ'রধারার ব্যাকুলতা।

নরেন এসেছে, নরেন এসেছে। তপ্তধৃলি রুক্ষ ডাঙায় নেমেছে স্বেহরটি।

বেই প্রণাম করতে নিচু হয়েছে নরেন, তার কাঁথের উপর চড়ে ব্দলেন।

'ভূই গিরিশ ঘোষের ওখানে যাস ?' জিগগেস করলেন একদিন। 'ভা যাই মাঝে মাঝে।' বললে নরেন।

কিন্তু ওর থাক আলাদা। ওর হচ্ছে রাবণের ভাব। ভোগও করবে আবার রামকেও লাভ করবে।

'আগেকার সঙ্গ ছেড়েছে গিরিশ।'

'তা রশুনের বাটি যতই ধোও না কেন গন্ধ একটু থাকবেই।'

'কিন্তু আজকাল আপনার চিন্তাতেই মশগুল।'

'ও যা আজকাল বলে তার সঙ্গে কি তোর মিল হয় ?' ঠাকুর তাকালেন কৌত্হলী হয়ে।

'আপনাকে ওর অবতার বলে বিশ্বাস।' নরেন বললে, 'কিন্তু আমি কিছু বলিনি।'

'কিন্তু ভর থব বিশাদ!'

দীপ আর শিখা। বিশ্বাস আর ঝাকুলতা। হাল আর পাল। চাকা আর তার মধাবিন্দু।

অজ্ঞাতসমূত্রে নিশ্চয়ই কোথাও কৃল আছে এই আমার মহৎ সম্বল। এই আশ্চর্য পৃথিবীতে আমার অস্তিম্বও একটা আশ্চর্য ব্যাপার। সমস্ত জীবন দিয়ে ঘোষণা করতে হবে সেই আশ্চর্যকে এই আমার প্রথম প্রতিজ্ঞা।

মনে সঙ্কল্প করবে বাক্যে উচ্চারণ করবে আর কর্মে ভা স্থাসিছ। করবে।

সেবার বলরাম বোদের বাজি খেতে বসেছেন ঠাকুর, খেতে-খেতে দরেন-নরেন বলে কাতরতা। গুরে, নরেন কোথায় বসেছে? ঐ যে, প্রথম সারে। ঠাকুর একবার তাকে দেখেন আবার খান; হঠাৎ পাত থেকে দই আর তরমূজের পানা নিয়ে নরেনের কাছে উপস্থিত। বললেন, 'নরেন তুই একটু খা।'

মুখ ফিরিয়ে নিতে পারঙ্গ নানরেন। হাতে করেবয়ে নিয়ে এসেছেন মুখের সামনে, সানন্দে তাপ্তহণকরল। তার ঠাকুর আবার তাঁর নিজের আসনে গিয়ে বসলেন।

হীরানন্দ এসেচে ঠাক্রকে দেখতে, তাঁর অমুখ শুনে। কলকাতার কলেজে লেখাপড়া শিখে হীরানন্দ দেশে গিয়েছিল, এবার আবার কিরেছে কলকাতা। সিদ্ধুদেশের ছেলে, কোথায় কলকাতা, কোথায় সিদ্ধু। ঠাকুরের টানে ছম্ভর ব্যবধান সংক্ষিপ্ত হয়ে গিয়েছে।

ঠাকুরের বড় সাধ, নরেনের সঙ্গে হীরানন্দের একটু কথা হয়। একটু বা তর্ক হয়। বেশ লাগবে ওদের কথা শুনতে।

তোমারা ছু'জনে একটু কথা কও। নরেন আর হীরানন্দকে বসালেন তাঁর পাশটিতে।

হীরানন্দ নরেনকে প্রশ্ন করল: 'আছো, ভক্তের এত ছংখ কেন ?'
কি মধুময় কণ্ঠস্বর! শুধু একটা প্রশ্নের জক্তে প্রশ্ন নয়। অস্তরে
বহুসঞ্চিত ভালোভাসা থাকলেই বৃঝি কণ্ঠস্বর এমন গাঢ় হয়। শুধু
সামাশ্ত একটু উচ্চারণেই উপলব্ধির পরিচয়।

নরেন থেপে উঠল ৷ বললে, 'আমার তো মনে হয় এ জ্বগৎ এক শয়ভানে ভৈরি করেছে—'

मारु मूर्य रामन शैत्रानम।

'আমি যদি হতাম আমি এর চেয়ে ভালো সৃষ্টি করতে পারতাম—' 'কিন্তু ছাখ না থাকলে কি সুধবোধ হবে? মন্দ না থাকলে ভালোর দাম কি ?'

'কি উপাদানে সৃষ্টি করতে ইবে তা আমি বলছি না।' নরেন বললে, 'তবে যা দেখতে পারছি ব্যবস্থা-বন্দোবস্ত মোটেই ভালো নয়। তবে এক কথা।' তাকাল ঠাকুরের দিকে: 'তবে যদি সবই ঈশ্বর এ বিশ্বাস করা যায়, পাপ-পূণ্য শুচি-অশুচি জ্ঞান-অজ্ঞান দ্বেষ-প্রেম তবেই সব ভালাম চুকে যায়। আমি এখন তাই করছি।'

'ও কথা বলা সোজা, আয়ন্ত করা কঠিন।'

নরেন নির্বাণষ্টক স্তোত্র আবৃত্তি করলে:

আমি মন বৃদ্ধি অহস্কার চিত্ত কিছুইনই, আমি কর্ণে-রসায়ন আণেনয়নে কোথাও নেই। আমি না আকাশ না মাটি না অগ্নি—আমি
চিদানন্দময় শিব। আমাতে নাআছে বেষ বা অমুরাগ, লোভ বা মোহ,
মদ বা মাৎসর্য; ধর্মও বৃঝি না অর্থও বৃঝি না, কামও জানি না মোহও
জানি না—আমি চিদানন্দময় শিব। নাপুণ্য না পাপনা স্থখ না হংথ—
মন্ত্রও নেই তীর্থও নেই বেদও নেই যজ্ঞও নেই। আমি ভোজ্যও নই
ভোক্তাও নই—আমি ভোক্তাভোজ্যবিরহিত অনস্থ ভোজন, অনস্থ
আস্বাদ—আমি চিদানন্দময় শিব। আমি অমৃত্যু আমি অশঙ্ক, আমার
পিতা নেই মাতা নেই জাতি নেই বন্ধু নেই আত্মীয় নেই,
আমি গুরুও নই শিষ্যও নই—আমি চিদানন্দময় শিব। আমি
নির্বিকল্প,নিরাকার,সমস্তই আমার ইন্দ্রিয়ের বিভৃতি। আমি মুক্তও নই
পরিমিতও নই, অংশও নই সম্পূর্ণও নই—আমি শিব চিদানন্দময়।

উজ্জ্বল হয়ে উঠলেন ঠাকুর। হীরানন্দকে বললেন, 'এর এখন জ্বাব দাও।'

হীরানন্দ বললে, 'ও একই কথা। এক কোণ থেকে বর দেখাও যা, বরের মাঝখানে দাঁড়িয়ে বর দেখাও তাই। আমি তোমার দাস এতেও স্বিরামূভব আর আমিই সেই স্বির এতেও স্বিরামূভব। বরে ঢোকবার অনেক দরজা। একটি ছার দিয়েও বরে ঢোকা যায় আবার নানা ছার দিয়েও।' ঠাকুর খুশী হলেন উত্তর শুনে। নরেনকে বললেন, 'এবার সেই গানটা গা তো। যো কুছ হাায় সব তুঁহি হাায়।'

এভক্ষণ আমি-আমি শুনলাম এবার একটু ভূমি-ভূমি শুনি।

নরেন গান ধরল: 'তুমসে হামনে দিলকো লাগায়া, যোকুছ হায় সব তুঁহি হায়। যাহা মাই দেখা তুঁহি নজরমে আয়া, যোকুছ হায় সব তুঁহি হায়।'

যা কিছু দেখেছি সব ভোমাকেই দেখেছি। সর্বত্তই ভোমার আসন, ভোমার আনন। हीतानक वलाल, 'এখন আর হাম হাম নয় ভূ ছ-ভূ छ।'

নরেন বন্ধার দিয়ে উঠল, 'আমাকে এক দাও, আমি ভোমাকে কোটি-নিযুত দেব। একের পরে শৃষ্ঠ বসিয়েই কোটি-নিযুত। আসল হচ্ছে সেই এক। আমি এক, তুমি সেই একের পিঠে শৃষ্ঠ। তুমি আর আমি, আমি আর তুমি। আমি বই আর কিছু নেই।'

'নরেন ষেন হাতে খাপখোলা তরোয়াল নিয়ে বেড়াচ্ছে।' বললেন ঠাকুর। 'আর হীরানন্দ? কি শান্ত, কি স্থির! যেন রোজার সামনে জাতদাপ ফণা ধরে চুপ করে আছে।'

## 30

'নিজেরা শ্রদ্ধাবান হয়ে দেশে শ্রদ্ধা আন্।' বললেন বিবেকানন্দ :
'হাদয়ে শ্রদ্ধা আন নচিকেতার মত। নচিকেতার মত যমলোকে চলে
যা, আত্মতত্ত্ব জানবার জন্তে, আত্মাকে উদ্ধারের জন্তে, জন্ম-মৃত্যুপ্রহেলিকার মীমাংসার জন্তে। যমের মুখে গোলে যদি সত্য লাভ হয়,
ভাহলে নিভীক হাদয় যমের মুখে যেতে হবে। ভয়ই তো মৃত্যু। ভয়ের পরপারে চলে যা।'

উদ্দালকের ছেলে এই নচিকেতা। স্বর্গকামনায় বিশ্বজ্ঞিং যজ্ঞ করেছেন, সেই যজ্ঞে সর্বস্থ দান করলেন ব্রাহ্মণদের। ছোট ছেলে নচিকেতা এসে জিগগেস করলে, বাবা, আমাকে কাকে দান করবেন? কথাটা কানে তুললেন না উদ্দালক। ছেলে আরেকবার জিগগেস করল। আরো একবার। তখন উদ্দালক ক্লষ্ট হয়ে বললেন, যুমকে-দান করব। খূশী হল নচিকেতা। আমি তো অধম-অক্ষম নই, বরং শ্রদ্ধায় সদাচারে আমি অনেকের অপ্রণী। তাই বাবা যখন আমাকে যমের বাড়ি পাঠাচ্ছেন তখন নিশ্চয়ই কোনো মহৎ প্রয়োজন সাধন হবে। তথাস্ত। এবার তবে সত্যপালন করুন। পাঠিয়ে দিন যমগৃহে।

যেন অপ্রস্তুত হলেন উদ্দালক।

শস্তের দিকে তাকিয়ে দেখুন। বললে নচিকেতা। একবার জীর্ণ হয়ে মরে আবার সজীব কান্দি নিয়ে জন্মায়। স্থতরাং অনিত্য সংসারে মিথ্যাচারণ রুথা।

উদ্দালক তথন নিরুপায় ≇য়ে নচিকেতাকে পাঠিয়ে দিল যমলোকে।

যমালয়ে এদে নচিকেতা দেখলে যম বাড়ি নেই। প্রভাবর্তনের জন্মে অপেক্ষা করতে লাগল। তিন দিন পরে ফিরল বৈবস্বত। অভুক্ত অতিথি দেখে অপ্রাণ্ডিভ হল যম। বললে, ভূমি আমার ঘরে তিন রাত্রি অনাহারে বাস করেছ, আমার মঙ্গল হোক। হে ব্রাহ্মণ, ভোনাকে নমস্বার, ভূমি অনাহার্যাপিত প্রতিরাত্রির জন্মে একটি করে বর চাও।

নচিকেতা বললে, তিনটি বরের মধ্যে প্রথম বর এই দাও আমার বাবা যেন আমার প্রতি প্রসন্ন ও বীতক্রোধ হন। আর যধন যমপুরি থেকে ফিরে যাব যেন আমাকে আগের মত চিনতে পেরে সাদরসন্তাষ করেন।

মৃত্যুমুখ থেকে প্রমুক্ত হয়ে তুমি যখন ফিরে যাবে দেখবে তোমার বাবা আগের মতই তোমার প্রতি স্নেহশীল আছেন। প্রথম বর পূর্ণ করল যম। দ্বিতীয় ?

কুধাতৃষ্ণাভয়তৃংখাতীত হয়ে স্বর্গে যারা বাস করছে কি উপায়ে তারা লাভ করল অমরত ? আমি শ্রদ্ধাযুক্ত। আমাকে বলুন সে কৌশলকথা। স্বর্গনাধন কর্মকান্তের কথা বললে এবার যম। এখন ভৃতীয় বর প্রার্থনা করো।

মরলে পর মামুষ কোথায় যায় এই প্রশ্নের উদ্ভরই আমার তৃতীয় বর। কেউ বলে দে তখনো বেঁচে থাকে, কেউ বলে নয়, এই তদ্বের নির্ণয় চাই।

যম বললে, আর কোনো বর চাও। এই আত্মতত্ত ছবিভেয়। দেবতারাও বুঝে উঠতে পারেনি সহসা। স্থতরাং এ উপরোধ ভ্যাপ করো।

আপনার মত কে আছে আর আশ্বতত্বের বক্তা? আর আশ্বতত্বের মত বিষয়ই বা কি আছে? উপরোধ ত্যাগ করতে অনুরোধ করবেন না। দৃঢ় নচিকেতা। আমার তৃতীয় বর পূর্ণ করুন।

যম লোভজাল বিস্তার করল। দীর্ঘ জীবন কামনা করো, যত দিন বাঁচতে চাও ততদিনের আয়ুদ্ধাল। অফুরস্ত বর্ণরত্ম নাও, নাও পুত্রপৌত্র, হস্তী-অশ্ব, নাও মহদায়তন বিশাল ভূমি। মর্তলোকে যে সব কাম্যবস্তু তুর্ল ভ নাও সে সব দিব্য-ভোগের অধিকার। আর সব প্রশ্ন করো কিস্কু আমাকে মৃত্যু বিষয়ে কিছু প্রশ্ন কোরো না।

ন বিত্তেন তর্পণীয় মহয়ে:। বিত্তে মাহুষের তৃপ্তি নেই। তার সংস্থায় আত্মবোধে। আমাকে লুক ক্রবেন না। সমস্ত লোভবস্ত স্বল্পনীনী। সেই স্বল্পন্তাগী দীর্ঘ জাবন নিয়ে আমি কি করব গৈ জানবার জক্তে আমি পিপাসিত হয়েছি তাই জানিয়ে আমার তৃষ্ণা দ্র কক্ষন। বালক নচিকেতা নির্বিচল রইল সক্ষ্যে।

হে মহংজিজাস্থ, তুমি তাঁকেই জানতে চেয়েছ যিনি এই অনর্থবন্তৃপ মান্তবেরশরীরের মধ্যেই বাস করছেন, যিনি হাদয়গুহায়প্রভিষ্ঠিত, যিনি গৃঢ় ছজ্জেয় অথচ যিনি স্বপ্রকাশ। কঠোর ছংখসাধন করা ছাড়া যাঁকে দেখা যায় না, যিনি সর্ব আনন্দের আকর, সর্ব জগতের গ্রুবপদ। যিনি অণু হতে অনীয়ান মহং হতে মহীয়ান, যিনি শরীরের মধ্যে অনুরীরী, অনিত্যের মধ্যে সনাতন। কে সাভ করতে পারে আত্মা ? যে ফুল্চরিত থেকে নিবৃত্ত, যে শাস্তমানস, যে সমাহিত সেই প্রজ্ঞানযোগে আত্মাকে লাভ করতে পারে। তুমিই সেই প্রজ্ঞানী, তুমিই সেই বিবেকবৃদ্ধিমান।

'বল অস্তি অস্তি—' বললেন বিবেকাননা: 'নাস্তি নাস্তি করে
দেশটা গেল। দোহহং, শিবোহহং। প্রত্যেক আত্মাতে অনম্ভ শক্তি। ওরে নেই নেই বলে কি কুকুর বেরাল হয়ে যাবি নাকি!
কিসের নেই! কার নেই! শিবোহহং, শিবোহহং। নেই নেই শুনলে আমার মাথায় যেন বজ্র মারে। ঐ যে দীনহীন ভাব, ও হল ব্যারাম—ও কি দীনতা! ও গুপু অহঙ্কার। যে যা বলে বলুক, আপনার গোঁয়ে চলে যাও। ছনিয়া ভোমার পায়ের তলায় আসবে, কোনো ভাবনা নেই। বল আমি সব করতে পারি। নেই নেই বললে সাপের বিষ নেই হয়ে যায়। না নেই-নেই, বল হাঁ হাঁ, দোহহং, সোহহং। নায়মাত্মা বলহীনেন লভাঃ। পর্বতগাত্রেখনিত বিপুল তুষারস্কুপের মত পড় গিয়ে ছনিয়ার উপর। নিজেকে শ্রদ্ধা কর নিজেকৈ বিশ্বাস কর—হর হর মহাদেব।'

'প্রমাণ না হলে কেমন করে বিশাস করি যে ঈশ্বর মানুষ হয়ে। আসেন।' নরেন বললে জ্ঞার দিয়ে।

বলরাম বোদের বাড়িতে দোতলার উপরে বদে কথা হচ্ছে। ঠাকুর তাকিয়া ঠেদ দিয়ে বদে আছেন, তাঁকে ঘিরে ভক্তদলের সমাবেশ। বলরাম বাড়ি নেই, হাওয়া বদলাতে মৃক্তের গেছে। কিন্তু ঠাকুর ও তাঁর ভক্তদের জন্মে তার ঘর মৃক্তদার।

গিরিশ ঘোষ বললে, 'বিশ্বাসই যথেষ্ট প্রমাণ। এই জিনিসটা ধে এখানে আছে তার প্রমাণ কি? যে মৃহুর্তে বিশ্বাস করব যে আছে সেই মৃহুর্তেই তা প্রমাণিত।'

नरत्रानत्र विठात्र, शितिरभत्र विश्वाम ।

পশ্টুও তর্কে বোগ দিলে। সেও বিশাসের দিকে। বিচার যদি চার হাত যায় বিশাস যাবে আদিগস্ত।

ঠাকুর হেসে বললেন, 'নরেন হচ্ছে উকিলের ছেলে আর পণ্টু ডেপুটির।'

উকিল সওয়াল করে, রায় দেয় ডেপুটি। রায়ই বহাল থাকে। বহু তর্কবিচারের পর অচলপ্রতিষ্ঠ হয় বিশ্বাস। বিশ্বাসের চেয়ে বড় আর কিছু নেই।

'সরল বিশ্বাস বালকের মত বিশ্বাস না হলে ভগবানকে পাওয়া যায় না।' বললেন আবার ঠাকুর, 'মা বলেছেন, ও তোর দাদা, বালকের তথনি বিশ্বাস, ও আমার যোল আনা দাদা। সে হয়তো বামুনের ছেলে আর দাদা হয়তো ছুভোর কি কামার। মা বলেছেন, ও ঘরে জুজু আছে, যোলো আনা বিশ্বাস জুজু আছে ও ঘরে। সংসারবৃদ্ধি, সেয়ানাবৃদ্ধি, পাটোয়ারিবৃদ্ধি, বিচারবৃদ্ধি করলে ঈশ্বরকে পাওয়া যায় না।'

'আমি তো ঈশ্বরে অবিশাস করছি না' বললে নরেন, 'কিন্তু তিনি অবতার হয়ে কোথাও ঝুলছেন তা মানতে আমি প্রস্তুত নই।'

'নরেনের কথা আমি লই না।' ঠাকুর বললেন স্নেহকরুণ হাসি ঢেলে: 'ও সেদিন চামচিকেকে চাতক বলেছিল। যত্ন স্লিকের বাগানে সেদিন আমাকে বললে তুমি ঈশ্বরের রূপ-টুপ যাদেখ সব মনের ধোকা। আমি বললাম সে কি, কথা কয় যে রে! নরেন তব্ উড়িয়ে দেয়, বলে, ও অমন হয়।'

'আমি অনস্ত ব্রহ্মাণ্ড মানি।' গর্জে উঠল নরেন : 'আর মানি অনস্ত অবভার।'

'আহা ?' ঠাকুর অমনি ভাবাবিষ্ট হলেন, ছ'হাত জোড় করে কপালে এনে ঠেকালেন। বললেন, 'অনস্ত ব্রহ্মাণ্ড, অনস্ত অবতার ।'

সকলেই সেই তেজােময় অমৃতপুক্র—আত্মার প্রকাশে স্পাষ্ট করে।
সেই অর্থাক্রর। মানুষের মধ্যে তাে শুধু বাঁচবার প্রাণ নেই, আছে
বড় হবার মহিমা। মানুষের ঋদ্ধি বৃদ্ধি সিবি সব সেই বড় হবার
মহত্তের মধ্যে। সেইখানেই তার ঈশ্বরত্ব। সব তার নিজের মধ্যে
সঞ্চিত ও সংহত হয়ে আছে, তার অতিরিক্ত কিছু নেই। নেই
প্রচ্ছেরকে প্রস্টুট করাে। জড়ের মধ্যে আনাে প্রাণস্পন্দনব্যঞ্জনা।
যা মৃক তাকে শুধু মুখর করা নয়, সেই মুখরতাকে মহান্ অর্থে
আরয়় করা। সোহহং বলা তাে নিজের কাজ সেরে সরে পড়া নয়,
সমস্ত মানুষকে সেই সন্তায় পৌছে দেবার সাধন করা। তাই
সোহহং মানে একলা আমি নই সোহহং মানে সকলে। আমি
ছাড়া সকল নেই সকল ছাড়া আমি নেই। তাই অখণ্ড ব্রহ্মাণ্ড
অনস্ত অবতার আমি তুমি সকলেই সেই ঈশ্বরের প্রতিভাস
ঈশ্বরের প্রতিকায়।

একটা হিন্দুস্থানা ভিক্ষুক গান গাইছে এদেছেন। ছু-একটি করে পয়সা দিচ্ছে ভক্তরা। বেশ গায় কিন্তু ভিখিরী—নরেনের ভালো লেগে গিয়েছে। সে বলে উঠল, 'আবার গাও।'

'কিন্তু অত পয়সা কোথায় ?' ঠাকুর আপত্তি করলেন: 'বললেই ভো আর হল না।'

'আপনাকে আমীর ঠাওরেছে।' বললে একজন ভক্ত। 'আপনি তাকিয়া ঠেসান দিয়ে বসে আছেন।'

ঠাকুর হেঙ্গে বললেন, 'অসুখ হয়েছেও ভাবতে পারে।'

সত্যি-সত্যি ঠাকুরের অসুখ করে গেল। কিছুই খেতে পারেন না। গলায় ঘা।

তবু তাঁর সঙ্গে তর্ক করতে ছাড়ে না নরেন। বলে, 'যেমন গাছ দেখছি তেমনি করে কেউ ভগবানকে দেখেছে ?'

ভূমি চোথ চেয়ে দেখ না ভাষর দিব্যাম্বর কে ভোমার চোখের সামনে বসে। সর্ববরদ কাঞ্চনবক্ষ। 'কেউ-কেউ ঈশ্বর বলে আমাকে।' স্লেহান্বিত কণ্ঠে বললেন ঠাকুর। 'হালার লোকে বলুক বয়ে গেল।' বললে নরেন্দ্রনাথ। 'আমার বতক্ষণ সত্য বলে না বোধ হয় ততক্ষণ বলব না।'

'অনেকে যা বলবে তাই তো সত্য, তাই তো ধর্ম।'

'আনি তা মানি না। নিজে ঠিক না বুঝলে মানি না অক্সের কথা।' নরেন আবার ছঙ্কার দিল: 'পরের মুখের ঝাল খেতে আমি প্রস্তুত নই।'

কিন্তু যাই তিনি হোন, কিছু থেতে পাচ্ছেন না, গলা দিয়ে নামছে না কিছু এই ছংথের দৃশ্য তো দেখতে পাচ্ছি না। তোমার কালী তবে কি করতে আছে? তিনি তোবলো পুত্ত নিকা নন। তিনিই তো নব কর্ত্রী-কার্মিত্রী, তবে তোমার এই ব্যাধি কেন সারিয়ে দেন না? অন্তত সাধারণ রুগীর মত থেতে পারো গিলতে পারো তার ব্যবস্থা করে দিন। কী তবে এতদিন তার ভজনা করলে তার সঙ্গে এত চলাক্ষেরা করলে এত কথা-বার্তা কইলে, তোমার খবর জানতে তার তো আর কিছু বাকি নেই। তবে করুন না কিছু শুরাহা। অন্তত কিছু খেতে পারো। তোমার অনুখের কষ্টের চেয়ে তুমি যে খেতে পাচ্ছ না এই কষ্টই বেশি।

যাও তোমার ভবতারিণীর মন্দিরে। ছাড়ব না কিছুতেই, পাঠাবই পাঠাব। যেমন আমাকে একদিন পাঠিয়েছিলে। যাও আহার্য আর আরোগ্য চেয়ে নিয়ে এস।

নরেন কোমর বাঁধল। যেতেই হবে। খেতেই হবে।

## 39

'যে মন মাকে সমর্পণ করেছি তা আবার নিজের দেহের উপর এনে বসাতে পারি না।' ঠাকুর বাধা দিতে চাইলেন নরেনকে। 'সামাক্ত শরীরের কথা মাকে কি করে বলব !'

এ একটা কথা হল ? যেখানে একটা মুখের কথা বললে শরীরের এই দারুণ-দহন তুঃখ দূর হয়ে যায় সেখানে আবার কিসের আপত্তি ? মেঘ চাইতেই যেখানে অস মেলে সেখানে শুকনো মাঠ নিয়ে কে বলে থাকে ?

'তৃ:খ জানে শরীর জানে মন তুমি আনন্দে থাকো।' ছন্দোময় আনন্দমন্ত্র উচ্চারণ করলেন ঠাকুর।

এই যে আমার রোগজালা এ ছংখ আর শরীরের মধ্যে একটা নিককণ সংগ্রাম। একজনের হাতে প্রহার আরেকজনের হাতে প্রভাহার, ঢালে-তরোয়ালে যুদ্ধ করছে ছই শক্র। দেখাচ্ছে তাদের রণনৈপুণ্য। তাতে, হে মন, তোমার কি মাথাব্যথা! তোমাকে কে ছোঁয়, তোমাকে কে মান করে। তুমি স্বাধীন তুমি স্বতম্ব তুমি সংশ্লেষলেশশৃষ্য। তুমি নীলনির্মল নিংসলানন্দ আকাশ। তোমার কে নাগাল পায়! ধোঁয়া ঘর-দেয়ালই মলিন করে কিন্তু আকাশের কাছে ঘেঁষতে পারে না। জেমনি, হে মন, ছংখে ভোমার কি করব ? কুসুমে কণ্টক থাকতে পারে, কলানাথে কলঙ্ক, কিন্তু মন, ভোমাতে গ্রানি নেই মালিয়া নেই ছংখের বাষ্পানাত্র নেই।

'কিন্তু আমাদের তৃ:খটা দেখুন। আপনি যে কিছু খেতে পাচ্ছেন না এই তৃঃখে আমাদের বুক ফেটে বাচ্ছে। সেই তৃ:খের বিহিত করুন।'

ঠেলেঠুলে ঠাকুরকে নরেন পাঠিয়ে দিল মন্দিরে। পাঠিয়ে দিয়ে বাইরে অপেকা করতে লাগল।

সেই এক দিন আর এই এক দিন। কৃতক্ষণ পরে বেরিয়ে এলেন ঠাকুর।

উচ্ছলিত হয়ে নরেন ছুটে গেল তাঁর কাছে। বললে, 'কি বলেছিলে ?'

'বলেছিলুম।'

'की वरमहिरम ?'

'বলেছিলুম, মা, কিছু থেতে পাচ্ছি না, গলা দিয়ে নামছে না কিছু। যদি বৃঝিদ, এমন একটা ব্যবস্থা করে দে, যাতে চারটি থেতে পারি।' 'তারপর—তারপর মা কী বললেন ?'

প্রতিপনের চন্দ্রের মত হাসলেন ঠাকুর। বললেন, 'তোর এক মুখ বন্ধ হয়েছে তো কি হয়েছে! তুই তো শতমুখে খাচ্ছিদ। তোর নরেন খাচ্ছে বাবুরাম খাচ্ছে রাধাল খাচ্ছে এ কি তোরই খাওয়া নয় ?'

বিস্ময়বিগাঢ় চোখে ঠাকুরের দিকে তাকাল একবার নরেন। মাথা আনত করলে।

তুইও যা আমিও তাই। সমস্ত বিশ্বসন্থা আমাতেই প্রাণায়িত। সর্বভূতে আমারই জীবনস্পন্দন। তুই বলে কিছু নেই, সবই সেই এক, সেই একের বিচিত্র প্রতিচ্ছায়া। রৌজে যে দেহের ছায়া পড়ে, জলে শরীরের যে প্রতিবিশ্ব কিংবা স্বপ্নে যে দেহ চলাফেরা করে এই সব বিভিন্ন দেহকে কি তুমি সত্যি বলে মনে করো ? না। এই সব কায়া ছায়ামাত্র।

তেমনি সমস্ত কিছু সেই একের প্রতিবিদ্ধ। স্থলে জলে স্ক্রে স্থালে স্বপ্নে বাস্তবে।

একটা ছোট ছেলে ফড়িঙের ল্যাজে একটা কাঠি গুঁজে দিয়ে খেলা করছে। ফড়িঙের দেই ব্যথা নিজের মধ্যে অন্তুত্ত করলেন, পর মৃহুর্তে গাবার দেই বালকের আনন্দ। ফড়িও রাম তার ব্যথাদাতা বালকও রাম। হেদে উঠলেন ঠাকুর: 'হে রাম, নিজেই নিজের তুর্দশা ঘটিয়েছ, নিজেই নিজের তুর্দশা মোচন কর।'

গঙ্গার বাটে দাঁড়িয়ে গঙ্গা দেখছেন ঠাকুর। বাটের ছটো মাঝি নিজেদের মধ্যে ঝগড়া করছে! হঠাং এক মাঝি আরেক মাঝির পিঠে প্রচণ্ড এক চড় মেরে বসগ। ঠাকুর কাডরন্থরে আর্ডনাদ করে উঠলেন। কালীমন্দিরে কি কাজ করছিল হুদয়, ভার কঃনে গেল সেই আর্ডনাদ। হস্তদম্ভ হয়ে ছুটে এল সে গঙ্গার বাটে। ঠাকুরের কী বিপদ হল না জানি! কী না জানি আঘাত পেলেন অক্সাং!

<sup>&#</sup>x27;को इरग्रह ?'

ঠাকুর তাঁর পিঠের দিকে ইঙ্গিত করলেন।

হৃদয় দেখল ঠাকুরের সমস্ত পিঠ ফুলে লাল হয়ে রয়েছে। 'এ কি, কে তোমাকে মারল!' রাগে উত্তেজিত হয়ে জিগগেস করল হৃদয়।

ठीकूद्वत भूत्य कथा (नहे। अभन्छ भूत्थ यञ्चनात दिवर्न्छ।

'বলো না কে মারল তোমাকে। আমাকে দেখিয়ে দাও কোন জন। তারপর আমি একবার দেখে নি।'

'আমাকে আবার কে মারবে!' মাঝিদের দেখিয়ে বললেন; 'এ ওকে মারল আর তাই ছাপ পডল আমার পিঠে।'

হাদয় তো স্বস্থিত।

নজুন বর্ষায় মাঠের ঘাস নিবিড় সবুদ্ধে উচ্ছ্রেল হয়ে উঠেছে।
বিভার হয়ে তাই দেখছেন ঠ'কুর। মনে হচ্ছে ঐ তৃণাঞ্চিত
শ্রামলশোভন মাঠটুকু যেন তাঁরই আল। কে একজন ঠাকুর ঐ
মাঠের উপর দিয়ে অতর্কিত হেঁটে যাক্চ্ছে আর অমনি ঠাকুর ব্যথায়
কেঁদে উঠলেন, যেন কেউ তাঁর বুকের উশ্বর দিয়ে চলে গেল।

মাটির সঙ্গে কীটপতঙ্গের সঙ্গে জনসাধারণের সঙ্গে অমুভব করলেন একাত্মতা। সর্বং থলিবং জ্রন্ম—বেদাস্তের এই বাণীর প্রজ্ঞান্ত বিগ্রাহ হয়ে উঠলেন। তাই তোর যে থাওয়া তাই আমারও খাওয়া। তোর যে তৃপ্তি আমারও তৃপ্তি। তোর যে শ্রী তা আমারও শ্রী। তাই পরশ্রীতে আমি কাতর নই, পরশ্রীতে আমি আনন্দিত। পরশ্রী মানেই তো পরমের শ্রী।

সুখে-ছু:খে আঘাতে-আরানে জয়ে-পরাজ্বয়ে মিত্রতায়-শক্ততায় বীর হও, অকুতোভয় হও। আর এই বীরম্ব ও ভয়শৃন্ততার উৎসই হচ্ছে ঈশ্বরবিশ্বাস। কে সেই ঈশ্বর ? আমিই সেই ঈশ্বর। কোহহং ? সোহহং। অভএব আত্মবিশ্বাসে বলীয়ান হও।

বৃত্রামূর স্বর্গ আক্রমণ করল। দেবতারা যে দিব্যাস্ত্র নিক্ষেপ করে তাই বৃত্র প্রাস করে ফেলে। তখন ভয় পেয়ে দেবতারা বিষ্ণুর স্তব শুক্র করল। বিষ্ণু ইন্দ্রকে বললেন দধীচির কাছে যাও, ভার বিভাবততপঃসার গাত্রাস্থি চেয়ে নাও। সেই অস্থি দিয়ে অস্ত ভৈরি করতে বলো বিশ্বকর্মাকে। সেই অস্ত্রেই রত্ত্বের শির**েছ**দ হবে।

মহর্ষি দধীচির কাছে দেবতারা তাদের প্রার্থনা জানাল।

দধীচি বললে, 'মৃত্যুর যাতনা হু:সহ, দেহও দেহীর সবচেয়ে প্রিয়বস্তু, আমি কেন তা তোমাদের দান করব ?

দেবত:রা ঘাবড়ে গেল। মুখ কাঁচুমাচু করে বললে, 'আপনার মত দয়ালু মহাপুরুষের পরহিতের জন্ম অদেয় কি আছে ?'

ঠিক বলেছ। তোমাদের কাছ থেকে এই ধর্ম কথাটুকু শোনবার জন্মেই ঐ কথা বলেছিলাম।' বললে দধীচি, 'দেহ যভই প্রিয় হোক একদিন তা ত্যাগ করতেই হবে। কি দৈক্সের কথা, কি কষ্টের কথা, যদি এই ক্ষণভঙ্গুর পদার্থ নিয়ে কারু না কিছু উপকার হয়।'

আত্মাকে পরব্রহ্মে স্থাপন করে দধীচি দেহত্যাগ করল। সেই দেহের অস্থি দিয়ে তৈরি হল বজ্ঞ। শুরু হল দেবাসুরের সংগ্রাম।

অনুরদের পাতালে দেখে বৃত্ত বললে, 'মৃত্যু অলজ্বনীয়, তাতে কাতর হবার কি আছে। ত্রকম মৃত্যু ত্থ্পাপ্য অথচ বাঞ্চনীয়। এক হচ্ছে যোগরত হয়ে আরেক হচ্ছে যুদ্ধক্ষেত্রে সেনানীদের অগ্রণী হয়ে। সেই সম্ভাবনা তোমাদের সামনে। এমন মৃত্যু কে ছাড়ে ?'

ইক্র আর রত্র পরস্পর সম্মান হল। বৃত্র বললে, 'তুমি আমার ভাই বিশ্বরণাকে হত্যা করেছ, এই শৃলে তোমার হৃদয় ছির করে আমি আন্ধ অঞ্দা হব। আর যদি তুমি দধীচির অন্থিনির্মিত কুলিশ দিয়ে আমার মন্তক ছির করো তবে এই দেহ পঞ্চভতে উপহার দিয়ে মনস্বীদের পদধূলি হয়ে যাবো। তোমার ভাবনা কি, তুমি তো বিস্থারা নিয়োজিত। আমারও ভয় কি। তোমার বজরলে আমার বিষয়পাশ ছির হয়ে যাবে। নাও, হানো তোমার বজরলে বাজে শ্রীহরির তেজ আর যা দধীচির তপস্তা হারা তেজ্বান। আর বেষানেই হরি সেইধানেই বিজয়্প্রী। এস, আপন শক্রকে নিধন করো।'

ভূমূল যুদ্ধ শুরু হল। বুত্তের শ্লের আঘাতে ইন্দ্রের হাত থেকে খনে পডলে বজ্ঞ।

শ্বলিত বজ্র মাটি থেকে তুলে নেবে কিনা অপ্রতিভ হয়ে ইন্দ্র ইতস্তুত: করতে লাগল। লজ্জিতমুখে তাকিয়ে রইল বজ্রের দিকে।

নিরস্ত হল বৃত্র। বললে, 'তুলে নাও বজ্র, দধীচির মান রাখো, শ্রীংরির ইচ্ছা পূর্ণ হতে দাও, শক্রকে বধ করো আহবে। এখন লজ্জা বা বিধাদের সময় নয়।'

বজ তুলে নিল ইন্দ্র। বললে, 'হে বীর, তুমি সিদ্ধ। সর্বাত্মা ও সর্বস্থান ঈশ্বরে তুমি অনুরক্ত। শ্রীহরিতে যার ভক্তি সে অমৃত-সমুদ্রে বিহার করে, স্বর্গস্থাভোগের ক্ষুম্ব গর্তের সে মণ্ড্ক নয়।'

বজ্রপ্রহারে এবার নির্বিচল প্রসন্মতায় মৃত্যুবরণ করল বৃত্যাস্থর।

'বিচার আর কি করব !' বললেন ঠাকুর, 'দেখছি তিনিই সব। এই দেখনা, নরেনকে দেখে আমার মন অখণ্ডে লীন হয়।' তাকালেন গিরিশের দিকে: 'এব তুমি কি করলে বলা দেখি!'

গিরিশ হেদে বললে, 'এর আমি কি ক্রব !'

এ কথা বলার মানে আছে। গিরিশের এত বিশ্বাস আর
নরেনের এত অস্বীকৃতি! দেখ তার একটা বিহিত করতে পারো
কিনা, পারো কিনা ভোমার দলে টানতে। কিন্তু মাত্মক আর না
মাত্মক কি এসে যায়! ঠাকুরের ভালোবাসা যেন আরো বেশি
উথলে পড়েছে। নরেনের গায়ে হাত রেখে বললেন, 'মান করলি ভো করলি, আমরাও ভোর মানে আছি রাই।' শুধু ভাই নয়,
মূখে হাত্ত ব্লিয়ে আদর করলেন আর বলতে লাগলেন, 'হরি ভঁ,
হরি ভঁ।'

ভূই আমার মধ্যে কিছু দেখিস আর না দেখিস আমি তোর মধ্যে দেখছি নারায়ণকে। সেই পীতবাস জনার্দনকে। যিনি কর্তা, বিবিধন্নপের বিধাতা, সেই অব্যয় অক্ষয় অনাদিনিধনকে। দেবের অবিদিত সেই পরপুরুষকে।

অর্ধবাহাদশা ঠাকুরের। কখনো নরেনের পায়ের উপর হাত

রাধছেন যেন ছল করে পা টিপে দিচ্ছেন নারায়ণের। আবার কথনো হাত বুলিয়ে দিচ্ছেন সারা গায়ে। এ কি নারায়ণের সেবা হচ্ছে, না শক্তিদঞ্চার করছেন নরেনের মধ্যে ?

আরেকদিন ভাবাবেশে উন্মন্তপ্রায় হয়ে জামু দিয়ে নরেনের জামু চেপে বসলেন। নিজের হাতে তামাক খেয়ে সেই হাতে জোর করে তামাক খাওয়ালেন নরেনকে।

'কি করেন, কি করেন',— বাধা দিতে গেল নরেন।

ঠাকুর ধনক দিয়ে উঠলেন: 'তুই আর আমি কি আলাদা। তোর শরীর আর আমার শরীর কি অভিন্ন। তুইই আমার শরীর।'

সেই যে প্রথম যেদিন দেখেছিলেন নরেনকে, চিনে নিয়েছেন সেই স্বপ্নে দেখা খাষি, আর সেই শ্ববির জ্যোভিপুঞ্জ থেকে তৈরি হল একটি শিশু, ঠাকুর নিজে। তার আগে কত তিনি ডাক ছেড়ে কেঁদেছেন আরতির ঘণ্টা বাজলে, কুঠিঘরের ছাদে উঠে, ওরে তোরা কে কোথায় আছিস আয়—তোদের না দেখে আর থাকতে পারছিনে। বিষয়কথা বলে-বলে জিভ পুড়ে গেল। ভারপর এসেছে সব একে-একে এবং কে-কে আপনার লোক ঠিক চিনে নিয়েছেন এক নিমেষে।

'ভাখ', আর স্বাইকে বলছেন ঠাকুর, 'চারটে দর্শনের পণ্ডিত, পাঁচিটা দর্শনের পণ্ডিত, সব ছ'চার কথায় চুপ। কিন্তু এই নরেন ছোঁড়াটা আঞ্চ ছ'বছর ধরে আমার সঙ্গে খটাখটি করছে। কেন জানিস ! এখানকার কাল্ল করবে বলেই চলছে ভার এই গড়া-পেটা। যদি ছ'বেলা পেট ভরে খেতে পায় একটা নতুন মত চালিয়ে যাবে। কেবল এখানকার জন্মেই মহামায়া ওকে দাবিয়ে রেখেছেন।

ও-ও যা আমিও তাই।

অবৈতজ্ঞান আঁচলে বেঁধে যেথা খুলি সেথা যা, যা ইচ্ছে ভাই কর। এক ছানা-চিনির ঠাশা থেকেই নানা রকম সন্দেশ। এক পলভার কলের জলই কারু বাড়িতে সিংহের মুখ দিয়ে কারু বাড়িতে মান্তবের মুখ দিয়ে পড়ছে। ভেমনি একই বিভু নানারূপে বিভাত হচ্ছেন। একই কবি নানা ছন্দে নানা শ্লোকে প্রকাশ করছেন নিজেকে।

বিবেকানন্দ অক্সফোর্ড থেকে ফিরে যাচ্ছে লগুন। অক্সফোর্ড গিয়েছিল ম্যাক্সমূলারের সঙ্গে দেখা করতে। কিন্তু স্টেশনে এসে দেখে, তাকে বিদায় দিতে স্বয়ং ম্যাক্সমূলারই উপস্থিত।

'এ কি, আপনি এত কট্ট করে এই ছর্ষোগের রাভে এসেছেন কেন ?'

'রামকৃষ্ণ পরমহংসের ভক্তকে আর একবার দেখতে।' মাাক্স-মূলার বিবেকানন্দের হাত ধরলেন : 'রামকৃষ্ণকে তো দেখিনি তাঁর ভক্তকে দেখি।'

#### 36

ঠাকুরের অনুখ কমতির দিকে যাচেছ না কিছুতেই। কি হবে ? কোথা থেকে কুড়িয়ে আনব উপশম ? কুড়িয়ে না পাই ছিনিয়ে আনব। শুধু একবার স্থান বলে দাও। কোথায় সেই গন্ধনাদন ?

নরেন পাগলের মত হয়ে গেল। চলে যাবেন ঠাকুর? তাঁকে রাখা যাবে না ?

কিন্তু উপায় কি। এ ও দে ডাক্তার, আর কন্ধন শিশুদেবক।
শিশুদেবকদের আবার ঘর-বাড়ি আছে। পালা করে চালাচ্ছে
সেবাশুশ্রামা। নরেনের আছে আবার আইনপরীকা। সংসারের
ঝানেলা। কি করি? কোথায় মাথা ঠুকি?

কল্পন গুরুভাইকে নির্জনে ডেকে নিল নরেন। বললে, মনে হচ্ছে ঠাকুর আর থাকবেন না দেহে। তিনি থাকতে থাকতেই ঘটাতে হবে চরম আন্ধোশ্নতি। দিনের আলোটুকু থাকতে-থাকতেই পেরোতে হবে পথ। সময় বয়ে যাচ্ছে, শেষে অমুতাপের অবধি থাকবে না।

व्युता जाकान नरत्रानत्र मिरक।

'ভাবছি হাতের এটা-ওটা কান্ধ সেরে নিয়ে বেশি করে লাগব ঈশবের কান্ধে, ঈশবের সাধনে-সন্ধানে। এ আর কিছুই নয় বাসনার শৃষ্খলে বাঁধা পড়ছি আষ্টেপৃষ্টে। বাসনাই মৃত্যু। বাসনাকে উচ্ছেদ করতে হবে। উদ্ভার্ণ হতে হবে মৃত্যুকে। এখুনি, এই মৃত্যুক্ত। সময়কে পালিয়ে যেতে দেব না, তার ঝুটি চেপে ধরব।'

কি করতে হবে বলো।

আয় ধুনি জালাই। ভশ্ম মেথে সন্ন্যাসী সাজি। অগ্নিকুণ্ডে দগ্ধ করি বাসনাজাল।

ধুনির কাঠ কোথায় । শুকনো খড়কুটো যোগাড় করো। ভস্ম কোথায় । তামাকপোড়া টিকের ছাই আছে, তাই নিয়ে এস মুঠোমুঠো।

পৌষমাস, প্রচণ্ড শীত। তারই মধ্যে মুক্ত আকাশের নিচে নগ্নপ্রায় দেহে বসল নরেন আর তার বন্ধুরা। সামনে জ্বলতে লাগল হোমাগ্রি।

রোজ ঘরের মধ্যে ধ্যান করি। আজ অচঞ্চল আকাশের নিচে, সভ্য সরল আগুনকে সাক্ষা করে।

नवारे शाननिविष्ठे रल।

এসব কি পুড়ছে ? শুষ্ক তৃণপত্ত ?

না, আমাদের সংস্থারজ্ঞাত বাসনা দগ্ধ করছি।

কিন্তু হায়, উকিল হবার বাসনা বৃঝি তবু যায় না। কি করে যাবে । মা-ভায়েদের পাকাপাকি একটা ব্যবস্থা না করতে পারলেই বা ছটি মেলে কি করে ।

ঠাকুরই তো বলেছিলেন একদিন দক্ষিণেশ্বরে, 'আগে তোর মা-ভায়েদের একমুঠো অদ্বের জোগাড় করে আয়, ভোকে পরমহংস করে দেব।'

'শুনেছেন ? নরেন নাকি ওকালতি পরীক্ষার জন্তে ভৈরি হচ্ছে', গিরিশ ঘোষের ভাই অতুল একদিন ঠাকুরের কাছে এসে নালিশ করল: 'এত করে শেষ পর্যস্ত সেই আইনব্যবসা।' মৃত্যশুর হাসলেন ঠাকুর। কথা কইলেন না।

এর কদিন পরেই গিরিশের বাড়িভে নরেন এসে হাজির। খালি
পা. খালি গা। কি ব্যাপার ? গিরিশ চমকে উঠল।

'আশৌচ হয়েছে।' वलल नरद्रन।

আকাশ-পাতাল ভাবতে লাগল গিরিশ। প্রশ্ন কণ্ঠের কাছে এনে আটকে রইল।

'মৃত্য-অনোচ ও জন্ম-অশোচ, ছই অশোচ হয়েছে।' গিরিশ তো বিমৃত।

'অবিভা-মায়ের মৃত্যু আর বিবেক-পুত্রের জন্ম। আর ফিরছি
না সংসারে।' বলতে লাগল নরেন: 'কাশীপুর থেকে আজ
সকালে সবে বাড়ি ফিরেছি। পড়ায় মন নেই, কি করে তবে পাশ
করব। বাড়ির সবাই তিরস্কার করতে লাগল। বই নিয়ে চলে
গেলাম দিদিমার বাড়ি। কিন্তু পড়ব কি, বই খুলে বসতেই প্রচণ্ড
এক ভয় আমাকে পেয়ে বসল। মনে হল পড়ার মত আভত্ককর
বৃঝি কিছু নেই। শুক্ল হল ঘোরতর শ্বে। কাঁদতে লাগলাম।
এমন কাল্লা জীবনে আর কখনো কাঁদিনি। ছুড়ে ফেলে দিলাম
বইখাতা। ছুটতে ছুটতে আসছি তোমার এখানে। আবার ছুটতেছুটতে চলে যাব—'

'কোথায় যাবে ?'

'কাশীপুর। ঠাকুরের পাদপদ্মে শরণ নেব। আর ফিরব না।' বলেই দৃকপাত না করে ছুটল কাশীপুরের দিকে।

অতুল তাকিয়ে-তাকিয়ে দেখল। দেখল যিনি ডাঙায় নৌক। চালান তাঁর খেলা বোঝা ভার।

'আহা দেখ এখন একবার আমার নরেনের দিকে।' কথা কইতে কট্ট তবু বলছেন ঠাকুর: 'কি উচ্চাবস্থায় এসে পৌচেছে। আগে ভগবানে বিশ্বাস করত না, এখন ভগবানকে পাবার জন্তে পাগল।'

**এই ना इटल इय़!** हाई नर्वनः १ यद्याद्या ने गाकूना ।

গভীর রাভে ঠাকুর নরেনকে ডেকে নিলেন কাছে। বললেন্ 'ভোকে মন্ত্র দেব।'

মর্ম্ল পর্যন্ত উৎকর্ণ হয়ে রইল নরেন। দাবদগ্ধ ধরিত্রীর প্রতিটি ধূলিকণার মত নরেনের সমস্ত রোমকৃপ সেই অমিয়সিঞ্নের আশায় কাঁপতে লাগল।

'ছোট্ট একটি শব্দ। আমার গুরুর কাছ থেকে পাওয়া। সেইটি ভোর কানে দিয়ে দিচ্ছি।'

ঠাকুরের মুখের কাছে নুয়ে পড়ল নরেন। অক্ট গদগদকঠে ঠাকুর উচ্চারণ করলেন, 'রাম।'

সেই অনস্তশুণগম্ভীর ধীরোদাত্তগুণোত্তর রাম। শ্যামাঙ্গস্থলর ভান্তকোটি প্রতীকাশ। মন্ত্রম্পূর্ণে ফণায়িত হয়ে উঠল নরেন।

আর চাই কি। পরদিন উচ্চকঠে রামনাম করতে-করতে কাশীপুরের বাগানবাড়ি পরিক্রমণ করতে লাগল। একবার নয় ত্বার নয় বারংবার। যেন শরীরী মানুষ নয় একটা জ্লস্থ বিহ্নিশিখা। যেন থাছিক কোনো চেতনা নেই, যেন একটা ধ্বনির কাড় বয়ে চলেছে। ধ্বনি আর শিখা, শিখা আর ধ্বনি। যেন বজ্রবিগ্রংবাহিনী কাঞা।

ঠাকুরের কানে উঠল। নরেনকে ঠেকান। সে পাগল হয়ে গিয়েছে।

'निष्क निष्करे भाग्र रत।'

निष्य निष्ये भारा क्ल नर्तन।

কিন্তু আমি এই কেনমন্ততা চাই না, আমি চাই নির্বিকল্প সমাধি। প্রজ্বসন নয়, আমি চাই নিমজ্জন।

'দব হবে। দমাধি তো ভূচ্ছ। তার চেয়েও বড় জিনিদ তোকে দেব।'

উজ্জ্বল চোখে তাকিয়ে রইল নরেন।

'একজন সিঙ্কপুরুষ বা পরমহংস হবি ভাভেই ভোর কাল ফুরিয়ে গেল ? নিজে মায়ার সমূজ পেরোবি আর সকলকে পার করে দিনিনে । নিজে আজোজার করবি আর সকলে বয়ে যাবে ! তাদের আত্মার উদ্ধার ঘটাবিনে ! নিজে ভগবানকে পাবি আর সকলকে দিবিনে সেই সুধাস্বাদ !

ঈশ্বের অনস্ত শক্তি। তিনি ভাবাতীত গুণাতীত হয়েও আবার ভাবময় গুণময় রূপে প্রকাশিত হন। শুধু অফুভবানন্দস্বরূপ হয়েও আবার শরীর ধারণ করেন। নামে ও রূপে অভিব্যক্ত হন। তুই যখন ভীবকে সেবা করবি তখন তাকে শিব ভেবেই সেবা করবি। কিন্তু যে সেবা নিচ্ছে সেও যে শিব এও তো তাকে ভাবাতে হবে। এ ভাবনা তার মধ্যে না ঢোকালে সেও বা অফ্যকে শিবজ্ঞানে সেবা করবে কেন?

তুই হবি নতুন সাম্যের উল্গাতা। জীবসাম্য নয় শিবসাম্য। জীবনের মান নামিয়ে এনে সমতা নয়, জীবনের মান উল্লভ করে সমতা।

এবার তবে ভিক্ষেয় বেরো। গৃহত্তের দ্বারে-দ্বারে গিয়ে ভিক্ষে কর। যদি অহঙ্কারের কিছুমাত্র অবশিষ্ট থাকে ধৃশায় বিসর্জন দে।

মুখে রাম নাম, কৃষ্ণ নাম, রামকৃষ্ণ নাম—ভিক্ষায় বেরুল ছেলেরা।
নরেন ও তার সহচরের দল। তৃণের চেয়েও অমানী এই দৈয়াকে
দেহের ভৃষণ করলে। ভিথিরীর আবার মর্যাদা কি? যদি দাও
একমুঠো চাল নেব হাত পেতে। যদি ফিরিয়ে দাও ফিরে যাব
হাসিমুখে। যদি কঠিন কথা বলো এতটুকু বিঁধবে না। যদি
আপমানও করো হারাব না প্রসন্ধতা। ভোমার শতসহস্র ভিরস্কারের
পরেও বলব, বন্ধু, আমার প্রিয়সম্ভাষণ গ্রহণ করো।

'গুণ্ডার মত তো চেহারা, খেটে খেতে পারো না? লজ্জা করে না ভিক্ষা করতে ?' বলে কেউ রুচকণ্ঠে।

'ট্রাম কণ্ডাকটারিও জ্বোটেনি বৃঝি!' আরেক দ্বারটি টিপ্পনী কাটে। 'ওরে গেট বন্ধ করে দে।' আরেক দরজা গর্জন করে। 'চুরি করবার অছিলায় ভিকুক সেজে এসেছে।' এরই মধ্যে ত্ব'চার জন গৃহস্থ দেয় কিছু চাল-ভাল। ত্ব-একটা পয়সা বা কেউ-কেউ। যা দেবে ভাই ঈশ্বরের অহেডুক কুপা ভেবে মাথায় ধরব।

ভিক্ষায় পাওয়া চাল দিয়ে ভাত রামা হল। থালায় করে নে ভাত নিবেদন করল ঠাকুরকে। ঠাকুরের আনন্দ আর ধরে না। বললেন, বড় পবিত্র এ অন্ধ। বলে অগ্রভাগ গ্রহণ করলেন।

নরেনকে আরেক দিন ডেকে নিলেন কাছে। বললেন, তোর হাতে যুবকভক্তদের দিয়ে যাব। আমি যখন থাকব না তখন ভূই ওদের দেখবি।

তুমি থাকবে না কি ? তুমি সকল জগতের চকু সকল দেহীর আত্মা, তুমি সকল জীবের জনক। তুমি বিভাবস্থ সূর্য, সকল জ্যোতির অধীধর। তুমিই ধারণ করছ, প্রকাশ করছ, প্রতিপালন করছ। তুমিই ভূবনত্রয়ের একমাত্র শুভদাতা।

শিবরাত্রি উপলক্ষে সমস্ত দিন উপোস করছে নরেন। নরেন একা নয়, তার সহগামী বন্ধুরাও।

সমস্ত রাত ধ্যানে আর প্রার্থনায় অতিবাহিত করবে বলে সংকল্প করেছে। বসেছে বন্ধ ঘরে। রাত্তির প্রথম যাম কেটে গেল। কেন কে জ্ঞানে একে-একে সবাই চলে গেল ঘর ছেড়ে—ব।কি রইল শুধু নরেন আর কালীপ্রসাদ।

চারদিক নিস্তর। খানিক আগে এক পশলা বৃষ্টি হয়ে গিয়ে কেমন এক শীতল শাস্তি নেমেছে অন্ধকারে।

কালীকে নরেন বললে চুপিচুপি, 'শোন, খানিক পরে আমাকে একবার তুই স্পর্শ করবি।

'কভক্ষণ পর ?'

'কথা কোসনে। যখন তোর খুশি।' বলে ধ্যানস্থ হল নরেন। এই সময় কে আরেকজন ভক্ত ঢুকল দরজা ঠেলে। আর ডখুনি কালী স্পর্শ করল নরেনকে।

স্পর্শ করা মাত্র এ কী হয়ে গেল কালীর হাত! বেঁকে গেলঃ

কাপতে লাগল। কডকণ লাগল হাডটাকে চেষ্টা করে সোহন করতে।

খানিক পর নরেন জিগগেস করল কালীকে, 'কেমন মনে হল বল দিকি।'

'যেন প্রচণ্ড একটা ইলেকট্রিক শক পেলাম।' কালী অভিভূতের মতন বললে ?'

মধ্যরাত্রের পূজার পর আবার বসল সকলে ধানে। এবারে কালীর ধ্যান সব চেয়ে গাঢ় হল। সবাই বললে, নরেনের স্পর্শের ফল।

পুজার শেষে নরেন গেল ঠাকুরের সঙ্গে দেখা করতে। ঠাকুর অসম্ভষ্টের মত বললেন, 'এ সব তুই কী করছিন। শক্তি সঞ্চয় করবার আগেই বিলিয়ে দিচ্ছিদ স্বাইকে।'

'তুমি কি করে জানলে ?'

'আনি সব জানি। তুই কি ঐটুকু? শুধু সিদ্ধাই দেখাবার জন্মে তুই আসর জনাবি? তোর কত বড় কাজ। শুধু একজনকে ফি, গোটা পৃথিবীর মান্ন্যকে তুই শক্তিমান করবি। তুই তো শুধু জোনী হবি না তুই ভক্ত হবি। তুই শুধু নিজে ব্রহ্মা হবি না, সকলকে নিয়ে যাবি সেই ব্রহ্মভূমিতে।'

# 19

'বৈরাগ্য কি!' ঈশ্বরকে তীত্র ভালোবাসার নামই বৈরাগ্য। আর কিছুতে ভালো না লেগে শুধু ঈশ্বরকে ভালোলাগার নামই বৈরাগ্য। বৈরাগ্য হচ্ছে ঈশ্বরের জ্ঞে সর্বস্বত্যাগ।

বৃদ্ধদেবের বৈরাগ্য প্রবলভাবে আকর্ষণ করছে নরেনকে। কি
নিবে গোলে সকল জালা নিবে যায় ? ভোগ্যবস্ত দিয়ে কি ভোগস্পৃহার নির্বাণ হয় ? না। একমাত্র নির্বাণ তৃষ্ণার উৎথাতে।
তৃষ্ণাকে তাই উচ্ছিন্ন করো।

নবীন বয়স, সুন্দরী ন্ত্রী, সভোজাত পুত্র, সমৃদ্ধ সাঞ্জাজ্য, বিপুল বৈভব সমস্ত ত্যাগ করে চলে গেল সিদ্ধার্থ। চলে গেল প্রবজ্ঞার পথে, ধ্যান-সমাধির পথে। একটি মাত্র উত্তর খুঁজতে। কি নিবে গেলে হৃদয়ের সকল জালা নিবে যায় ?

সেই সমাধানসন্ধানে নরেনও বেরিয়ে পড়ল। তারক আর কালীপ্রসাদকে দঙ্গে নিয়ে। চলে এল বৃদ্ধ-গয়ায়।

এইখানেই বোধি লাভ করেছিলেন বৃদ্ধদেব।

নিজেই নিজের আশ্রয়। নিজেই নিজের উপায়। নিজের হাতেই নিজের মুক্তির চাবিকাঠি।

মৃক্তি কি ? মৃক্তি হচ্ছে নিজের উচ্চারণ নিজের উম্মোচন।
নিজের অস্তর্নিহিত সম্পদকে উদ্যাটন করে দেখানো। আমি নিজে
যখন প্রকাশিত তখনই আমি প্রমাণিত। মানুষের মৃক্তি এই প্রমাণে
এই প্রকাশে। মৃক্তোর মৃক্তি শুক্তির বিদারণে!

একটি মাত্র জীবন, ভাই পরিপূর্ণ করে উৎসর্গ করো। সেই উৎসর্গেই লাভ করো নবজীবন।

যেমন অঙ্গুলিমাল করেছিল। তার কাহিনী ভাবতে বদল নরেন।
দৈবজ্ঞরা গণনা করে বললে এ শিশু যৌবনে দস্মা হবে। স্বভরাং
একে বাঁচিয়ে রেখে লাভ কি। একে হত্যা করো। বললেন
স্বায়ং শিশুর পিতা, ভার্গব, কোশলরাজ প্রসেনজিভের পুরোহিত।
এ কি অসম্ভব সংকল্প। স্বয়ং প্রসেনজিভ বাধা দিলেন। বললেন,
দৈবজ্ঞদের জ্ঞান কত্টুকু।

ভার্গবের ছেলের নাম রাখলেন অহিংসক। তক্ষশীলায় ভর্তি করে দিলেন। যেমন বৃদ্ধি তেমনি মেধা। দেখতে দেখতে সকল ছাত্রের অগ্রগণ্য হয়ে উঠল। এবং সেই কারণে হল সে সকল ছাত্রের চকুশুল। ছাত্ররা যড়যন্ত্র করেল। বড়যন্ত্র করে অহিংসকের নামে রটনা করল কলত্ক। অধ্যাপকের কানে তুলল। অধ্যাপক ঠিক করলেন দ্ব করে দিতে হবে অহিংসককে। বিভাগীঠে আর ভার স্থান হবে না।

অহিংসককে ডেকে পাঠালেন অধ্যাপক। বললেন, 'নবীন বয়সেই ভূমি সমস্ত বিভা অধিগত করেছ, শুধু এক বিভা ভোমার বাকি।'

'বলুন তা কি। যে মূল্যেই হোক, আমি শিখব সেই শেষ বিভা।' বিভার ব্যাকুলতায় দীপ্তচকু অহিংসক তাকিয়ে রইল অনিমেষ।

'কিন্তু সে বিভার অধিকারী হতে হলে তোমাকে হাজ্ঞার লোক খুন করতে হবে একে-একে। হাজ্ঞার পূর্ণ হলেই আমার কাছে আসবে। আমি তোমাকে সেই সর্বশেষ সর্বশ্রেষ্ঠ বিভা উপহার দেব।' 'হাজার লোক ?'

'হাঁ।, যাদের তুমি মারবে প্রমাণস্থরপ প্রত্যেকের কড়ে আঙু লটি'। সংগ্রহ করবে। আমাকে এনে দেখাবে সেই অঙ্গুলিমালা। আমি গুনে দেখব হাজার পুরল কিনা। যাও।' অধ্যাপক ভাড়া দিলেন, 'সর্বশেষ বিভার পারক্ষম হও।'

বিভাকে অসমাগু রেখে যাব না। আছি গুরুবাক্য অপ্রান্ত ও অবিচল বলে বিশ্বাস করব।

নরহত্যায় লেগে গেল অহিংসক। এক-এক করে হাজার পূরণ, করব তবে আমার ছুটি। দেখি মৃত্যুর উপঢ়োকনে পাই কিনা অমৃতের সঞ্চীবনী।

চারদিক থেকে আটটি পথ এসে মিলেছে এক অরণ্যে। সেই অরণ্যেই বসবাস করে অহিংসক। যে কেউই আসবে এ পথের পথিক হয়ে তাকে অক্লেশে প্রাণ হারাতে হবে। ডান হাতের কড়ে আঙুলটি কেটে নেবে ডারপর। গলায় মালা করে পরবে। আর বারে-বারে আঙুল গুনে-গুনে নিজের মনে জিগগেস করবে, হাজার পুরতে আর বাকি কত ?

আঙুলের মালা গলায় পরেছে বলেই তার নাম অঙ্গুলিমাল।
অঙ্গুলিমালের অত্যাচারের কথা রাজার কানে উঠল। কোথায়
সেই অরণ্য! অরাতিপাতন সৈক্ত নিয়ে সে বন ঘেরাও করো।
একটা সামাক্ত দম্যুকে দমন করতে পারব না!

তথন আর্তনাদ করে উঠল দস্থা, 'একটু দাঁড়াও। আমি বড় বিপন্ন। আমাকে ভোমার কাছে যেতে দাও।'

সর্বাবস্থায়ই মানুষের এই বিপন্নবৃদ্ধি। আমি অশরণ, আমি অসহায়, আমি গৃহহারা। অরণ্যে বাস করছি আমি, সার বিভা আহরণের পুণ্যব্রত এখনো সম্পন্ন করতে পারলুম না আমি নিঃসঙ্গ, সর্বপরিত্যক্ত। আমার কেউ নেই। তুমি একটু দাঁড়াও। তুমিও আমাকে ত্যাগ করে যেও না। কলক্ষকর্দমে আমার তুই হাত লিপ্ত হয়ে আছে, কিন্তু জানি, এ তুই হাতে আর কিছু ধরা না যাক, যা ধরা যায় তা তোমারই পদকুস্থম। দয়া করো, একটু দাঁড়াও। আমাকে তোমার কাছে যেতে দাও। আমার ব্রতপ্তির সহায় হও।

তথাগত দাঁড়ালেন।

'আহা, বড় ক্লান্ত হয়েছ তুমি ছুটে-ছুটে।' ককণার্জ স্বরে বললেন বুদ্ধদেব, 'যেখানে আছ সেখানেই থাকো। আমিই যাচ্ছি ভোমার কাছে।'

মন্ত্রস্তব্যের মত দাঁড়িয়ে রইল অঙ্গুলিমাল।

ধীর পায়ে প্রভূ তার কাছে এগিয়ে এলেন। শাস্তোদান্ত কঠে শোনাতে লাগলেন অভয়ের কথা, অশোকের কথা। বললেন, 'নশো নিরানব্দু ই জন লোককে তৃমি হত্যা করেছ। তাদের মৃত্যুকালীন মৃথগুলো মনে করে।।'

বিভীষিকা দেখতে লাগল অঙ্গুলিমাল। শুনতে লাগল তাদের মর্মচ্ছেদী আর্তনাদ।

'আমাকে ক্ষমা করুন।' অঙ্গুলিমাল যেন কেমনতর হয়ে গেল, লুটিয়ে পড়ল প্রভুর পাদপদ্মে।

'তোমাকে রক্ষা করতেই তো এসেছি।'

'আমারও বাঁচবার উপায় আছে ?' কাঁদতে লাগল অঙ্গুলিমাল। 'আছে।' বললেন করুণাময়। 'রক্তনদী ধুয়ে দেবার জ্বস্তে আছে খেতনদী, অঞ্চনদী। তোমাকে আমি প্রব্রজ্যা দিচ্ছি, আমার সঙ্গে চলো জেতবনে।' অঙ্গুলিমালের মা ফিরছে উন্মাদিনী হয়ে। কোধায় তার ছেলে?

কই সেই অরণ্যে তো সে নেই। তন্নতন্ন করে খুঁজেও তার সন্ধান পেল না। এদিকে রাজার সৈত্য বেরিয়েছে তাকে বিধ্বস্ত করতে। যদি পূর্বমূহুর্তে সতর্ক করে না আসি তবে যে সে বাঁচে না।

কাঁদতে-কাঁদতে ধরে ফিরে গেল মা। কোথায় আমার অহিংসক ? ভার বুঝি আর নিস্তার নেই।

কোথাও যাবার আগে কোনো কিছু করবার আগে প্রসেনজিতের একবার আসা চাই গৌতমের কাছে। গৌতমের চরণবন্দনা না করে কোন কর্মে তার উৎসাহ নেই, উদ্দীপনা বেই।

'ব্যাপার কি ?' রাজাকে জিগগেস করলেন বৃদ্ধদেব, 'এত সব' সৈক্ত-সামস্ত নিয়ে কোণায় চলেছেন ? কোন শক্রজয়ে ?'

'অঙ্গুলিমালকে দমন করতে। জানেন গৈই নর্ঘাতকের কাহিনী ?' 'জানি। নশো নিরানক্ত্ই জনকে ছত্যা করে সে একজনের জন্তে প্রতীক্ষা করছিল। আপনাকে পোলে তার হাজার সংখ্যা পূর্ব হত।' প্রশাস্ত উদার মুখে হাসলের গৌতমঃ 'তবু আপনি রাজার কর্তব্যপালনে চলেছেন, কি করে আপনাকে বাধা দিই ? কিন্তু যদি ধরুন সে এখানে আপনার কাছে এসে হাজির হয় ?'

'এখানে ? এই জেতবনে ? ভিক্সুসজ্বে ?' প্রসেনজিং বেন পড়লেন আকাশ থেকে ৷'

'হাঁা, যদি দেখেন সে জীবহিংসা ছেড়ে দিয়ে ভিক্ হয়ে গিয়েছে, তা হলে কি করেন ? তার নশো নিরানকাই হত্যার দণ্ড দেন ?'

'সে যদি ভিক্ হয়ে যায় তা হলে তো তার সমস্ত অপরাধের মার্জনা হয়ে গেল।'

'তবে এই দেখ অঙ্গুলিমালকে।'

অঙ্গুলিমাল রাজ্ঞার সামনে দাঁড়াল অভিবাদন করে। সৌম্য শাস্ত ভিক্লুর বেশে। মেবমালিন্যমুক্ত সূর্যের দীপ্তিতে। বিশ্বরে পাথর হয়ে গেল প্রসেনজিং। এও সম্ভব! এও বড় পাষশুকে প্রভূক্ষা করেছেন। আর সেই স্পর্শমণির ছোঁয়ার এই ক্লিয়মলিন লোহাও সোনা হয়!

আনলের উপহারস্বরূপ মণিময় কটিবন্ধ অঙ্গু।লমালে দিতে গেল রাজা। অঙ্গুলিমাল বললে, 'আমার আভরণ দিরে কি হবে ? অহিংসাই আমার আভরণ।'

ভিক্ষাপাত্র হাতে নিয়ে ভিক্ষু অঙ্গুলিমাল বেরুস রাজপথে। কিন্তু ভাকে যে দেখে সেই পালায়। ওরে ঐ অঙ্গুলিমাল আসছে। পালা। আর কিছুভেই না পেরে শেষে ছন্মবেশ ধরেছে। ভার হাজার সংখ্যার একজন এখনো বাকি। সরে পড়। বাড়ি গিয়ে ঘরে কপাট দে।

পথঘাট জনশৃত্য হয়ে গেল। এক মৃষ্টিও ভিক্ষা মিলল না অঙ্গুলিমালের। সকাল থেকে ত্পুর, ত্পুরও এখন বিকেলের দিকে হেলেছে, তবু খাদ্য নেই পানীয় নেই আশ্বাস নেই আশ্বায় নেই। সমস্ত গৃহদ্বার রুদ্ধ, পথচারী যদি কেউ পড়ে দৃষ্টিপথে, পালিয়ে যাত্র পাশ কাটিয়ে।

অভুক্ত অপীত অবস্থায় ফিরে যাচ্ছে বিহারের দিকে। দেখক পথিপার্শে একটি নিরাঞ্জয় নারী মৃত্যুযন্ত্রণায় আর্তনাদ করছে।

আশ্চর্য, সেই শুধু অঙ্গুলিমালকে দেখে পালাল না। কি করে পালাবে ? স্বয়ং মৃত্যু তার শিয়রে দাঁড়িয়ে। যে মরছে তার আবার মরতে কি ভয় ?

কিন্তু আর্তনাদ শুনে দ্রবীভূত হল অঙ্গুলিমাল। কি করে এই পথশায়িনী হুঃথিনীর যন্ত্রণার উপশম করবে ? ব্যাকুল হয়ে তার উপায় খুঁজতে লাগল। কিন্তু কোথায় উপায় ? সোজা ছুটে এল প্রভূর কাছে। প্রভূ, আর্তকে ত্রাণ করুন। লাঘব করুন তার ক্লেশভার।

মুগ্ধ বিশ্বয়ে তার মুখের দিকে তাকিয়ে রইলেন বুদ্ধদেব। মৃত্যু-কালে নশো নিরানববুয়ের কত করুণ আর্তনাদ শুনেছে অঙ্গুলিমাল, এক তম্ভ বিচলিত হয়নি। আজ কোথাকার কে এক নামগোত্রহীনা প্রের মেয়ের জত্তে তার এই ব্যাকুলতা। শুধু বিচলিত নয়, বিগলিত!

প্রভূ বললেন, 'তুমি ফিরে যাও সেই নারীর কাছে। তাকে বলো, আমি আজন্ম স্বেচ্ছায় কোনো প্রাণিহিংসা করিনি। আমার সেই পুণ্যের বিনিময়ে তোমার যন্ত্রণার উপশম হোক।

'আমি প্রাণিহিংসা করিনি ? সে কি কথা ?' অঙ্গুলিমাল স্তম্ভিত হয়ে রইল।

'না করোনি। কোথায় করলে १ '

'সে কি ? একটি ছটি নয়, নশো নিরানকাই জন নিরীহের প্রাণ নিয়েছি।'

'সে তৃমি কোথায়? সে আরেক লোক। তার নাম ছিল অঙ্গুলিমাল। এখন তোমার সেই অহিংস্ক নাম ফিরে এসেছে। ফিরে এসেছে নতৃন গৌরবে। তৃমি ছিকুসজ্যে প্রবেশ করেছ। তোমার নবজন্ম হয়েছে। বলো এই নবজন্মে স্বেছ্যায় হিংসা করেছ তৃমি?'

করুণাঘন অমৃতবাণীতে স্লিশ্ধ হল দেহমন।

'পূর্বজন্ম ও পূর্বজীবনের কথা ভূলে যাও।' আবার বললেন বুজদেব। 'মৃত্যুর তোরণ পেরিয়ে চলে এস নবজীবনের মহাদেশে।'

'কিন্তু প্রভু, এক অতৃপ্তি রয়ে গেল।'

**'**春 ?'

'আমার গুরুদক্ষিণা দেওয়া হল না।'

'क वलाल ?'

'নরহত্যায় এক সংখ্যা কম পড়ল। হাজার পুরল না।

সিদ্ধার্থ হাসলেন। বললেন, না, পুরেছে হাজার। নশো নিরানকাই বথের পর একটা জীবন বাকি ছিল। সে তুমি তোমার নিজের জীবন দিয়ে, পুরণ করেছ। সেই তোমার গতজীবন, দস্মজীবন। সেই জীবন বলি দিয়েই সহস্র সম্পূর্ণ হয়েছে তোমার। গুরুদক্ষিণার শোধ হয়েছে। এবং সেই শোধের পর তোমার যে শেষবিছা শ্রেষ্ঠবিত্যা অর্জন করবার কথা ছিল তাই এবার এসেছে তোমার করতলে। অহিংসাই সারবিতা।

ত্বই চোখ উদ্দীপ্ত হল অহিংসকের।

'যাও' প্রাভূ আবার বললেন, 'সেই মৃম্যু নারীর যন্ত্রণা শাস্ত করে এস।'

ষরিত পায়ে সেই নারীর ধৃশিশয্যার পাশে এসে দাঁড়াল অহিংসক। দৃঢ় ও গাঢ় স্বরে বললে, 'আমি জ্বনাবধি স্বেচ্ছায় কোনো প্রাণিহিংসা করিনি। আমার সেই পুণ্যের বিনিময়ে ভোমার যন্ত্রণা উপশম হোক।'

নারীর যন্ত্রণার উপশম হয়ে গেল। পরম ভৃত্তিতে তাকাল সে অহিংসকের দিকে।

মোট কথা হচ্ছে কি ? নিজের জীবন উৎসর্গ করো। নিজের জীবন উৎসর্গ করে ব্রতপূর্তি করো। অর্জন করো সারবিদ্যা। নিখিলমৈত্রী। নিজের জীবন উৎসর্গ না করলে হবে না নবজন্ম। আর নবজন্ম না হলে জন্মগ্রহণ করে সুধ কি!

উৎসর্গ করবে কোপায় ?

P. 13

উৎসর্গ করবে প্রভুর পাদপন্মে।

ष्ट्र'ठात पिन পরেই গরা থেকে ফিরে এল নরেন।

ঠাকুর বললেন, 'কোথায় আর যাবে। মাজ্ঞলছাড়া পাখির কি আর গতি আছে? মাজ্বলে এসে বসেছিল এক পাখি। জাহাজ্ঞ যখন ছাড়ল তখন পাখি ভাবলে, দেখি, ডাঙায় ফিরে যাই। বহুক্ষণ এদিক ওদিক উড়ে যখন কুল পেল না, তখন আর কি করবে, কের সেই মাজ্বলে এসে বসল।'

নরেন কিরে এলে ঠাকুর গঙ্গাধরকে বললেন, 'যা কলকাডা থেকে শত্মকুণ্ডল কিনে নিয়ে আয়। তা দিয়ে সাজিয়ে দেব নরেনকে। জানিস কুণ্ডলধারণে ব্যালানিয়ভ বুজদেব সিদ্ধ হন। নরেনও তেমনি সিদ্ধ হবে।'

मध्यक्षण धन ना ठिक नमरत्र। ठीकृत उथन निक्रहार् पृश्-

কুওল তৈরি করলেন। নিজ হাতে পরিয়ে দিলেন নরেনকে। ঠাকুরের নিজের হাতে গড়া কুওল, সে আরো শক্তিশালী।

নরেনকে আশীর্বাদ করলেন, 'মহানিশায় যাও দক্ষিণেশ্বরে। ধ্যানযোগে সিদ্ধ হও।'

20

ঠাকুরের কেন এত যন্ত্রণা ? তিনি কি ইচ্ছা করলে ত্রাণ পেডে-পারেন না এই ক্লেশ থেকে ?

সেবার পড়ে গিয়েহাত ভেঙে ফেলেছিলেন, বৃন্দাবন থেকে তারক এসে বললে, 'আপনার হাতে এ কী হয়েছে ?

বাড়-বাঁধা হাতের দিকে চেয়ে ঠাকুরু হাসলেন। বললেন, 'পায়ে ভার বেধে পড়ে গিয়েছি।'

'হাড় সরে গিয়েছে ন। ভেঙে গিয়েছে ?'

'কে জানে বাপু কি হয়েছে। ওরাটতো বেঁধে দিয়েছে আষ্টে-পুষ্টে। একট আরাম করে যে মাকে ডাকব তার জো নেই।'

ঠাকুরের স্বর আর্তিতে আর্দ্র হয়ে উঠল। তারক অসহায়ের মত তাকাতে লাগল চারদিকে।

'এক-এক সময়ে ইচ্ছা হয়, ছণ্ডোর বাঁধাবাঁধি, সব কেটে বেরিয়ে বাই। ছ'হাত তুলে নাচি হরিবোল বলে।' পরের মৃহুর্তেই ঠাকুরের স্বর আবার আচ্ছন্ন হয়ে এল। 'না, এও একরকম বেশ খেলা চলছে। এ খেলায়ও আছে বেশ রস-কস।'

কী দরকার এই কন্টের খেলা খেলে ? তারক স্পাষ্টকটে বললে, 'এতে যে আমাদেরও কট্ট। আপনি তো ইচ্ছে করলেই ভালো হয়ে যেতে পারেন—'

'ভালো হয়ে যেতে পারি ? ইচ্ছে করলেই ভালো হয়ে যেতে পারি ?' কিছুক্ষণ স্তব্ধ হয়ে রইলেন ঠাকুর। পরে বললেন, 'না, রোগের ভোগই ভালো। যারা নানা কামনা নিয়ে আসে আমার কাছে, তারা আমাকে ভূগতে দেখে ভেগে যাবে। ভাববে, এও আমাদের মতই ভোগে, এ আর আমাদের প্রার্থনা মেটাবে কি! চল অন্ত সাধুর খোঁজ নিই।' ঠাকুর হাসলেন।

'ওসব বাজে লোকের ভিড় কমে গেলে আমি বরং হালকা হব ।' পরে মহামায়ার উদ্দেশে বলে উঠলেন: 'কী কৌশলই করেছিস মা!'

नरतन वनतन, 'ज़ कोमन ভেঙে पिटा रहेत ।'

'ৰলিস কি রে ?' ঠাকুর তার দিকে তাকালেন স্নেহচকে। বললেন, 'বুড়ি যে খেলতে ভালবাসে।'

'খেলতে ভালবাসে তাতে আমার কি ? আমি কেন খেলি ?

'সে কি রে, কি বলছিস তুই ? থেলেই তো সুখ। নানারকম খেলা। কভ হার কভ জিত। কভ হাসি কভ কায়া! যে কেবল বৃড়ির কাছে ঘোরে তাকে বৃড়ি ভালবাসে না। যে অনেক দান থেলে বৃড়িকে ছুঁতে আসে তার জক্ষই বৃড়ি হাত বাড়িয়ে দেয়। সেই তো পাকা খেলোয়াড়। ক্লাস্ক হয়ে কপা কুড়িয়ে নেয়। পাশা খেলায় দেখিস নি, পাকা খেলোয়াড় পাকা ঘুঁটি কাঁচিয়ে খায়, আবার যেমনি চায় অমনি দান কেলে, কচে বারো—আবার উঠে যায় এক লাফে।'

খেলা, খেলা, শেষকালে খেলাভাঙার খেলা। নরেন চুপ করে রইল।

তখন না হয় সামাক্ত হাত ভেঙেছিল, কিন্তু এখন এ কি মর্মচ্ছেদী যন্ত্রণা! যদি সাধ্য হয় কার না ইচ্ছে হবে এই বিষদগ্ধ দারুণ ব্যাধি বেড়ে ফেলে গা থেকে। আর সংসারে যদি কারু সেই শক্তি থাকে তবে তা স্বয়ং সাধকচক্রবর্তী ঞীরামকুষ্ণেরই আছে।

কিন্ত এখনো তাঁর সেই কথা : 'এই ব্যারাম হয়েছে কেন ? বাদের সকাম ভক্তি তারা ব্যারাম অবস্থা দেখলে চলে যাবে।,

'আর আমরা ?' কেঁদে উঠল ভক্তের দল।

'তোরা যারা শুদ্ধ ভক্ত, তোরাই থাকবি। তোদের সাধ্য কি আমায় ফেলে পালিয়ে যাস। তোদেরকে মিলিয়ে দেওয়াও আরেকটা উদ্দেশ্য এই অস্থাধর।' নিজেকে দেখিয়ে ঠাকুর আবার বলতে লাগলেন: 'এর ভিতর মা স্বয়ং লীলা করছেন। প্রথম অবস্থায় জ্যোতিতে দেহ জ্বলজ্বল করত। তাকিয়ে থাকত হাঁ করে। তাই মাকে বললুম, মা, বাহিরে প্রকাশ পেয়ে। না, ঢুকে যাও, লুকিয়ে পড়ো। মা শুনলেন। তাই এখন এই হীন দেহ।' একট্ শুক্ধ হলেন ঠাকুর, বললেন, 'ভালোই হয়েছে। নইলে সেই জ্যোতির্ময় দেহ থাকলে লোকের ভিড় লেগে যেত। এক দণ্ড ভিচ্চোতে দিত না জ্যানকে। এই ভালো হয়েছে।

'ভালো হয়েছে १'

হাঁ।, আগাছার দল পালিয়ে গেছে। যাক, যেতে দে। তোরা অক্ষয়করণ বট, ভোরা ঠায় দাভিয়ে থা**ৰ**িব।

নরেন তারক রাখাল বাবুরাম—সকলের চোথ জলে ভরে উঠল।
'আর নরেন ? তুই তো আমার সেই হোমাপাথি।

হোমাপাথি থুব সুদ্র আকাশে বাদ করে, শৃত্যেই ডিম পাড়ে।
ডিমটা মাটিতে পড়ে যাবার কথা, কিন্তু পড়বার আগেই ফুটে ছানা
বেরোয়। ছানা নামতে থাকে মাটির টানে কিন্তু মাটি স্পর্শ করবার আগেই ওর চোথ ফোটে, ডানা গজায়। ব্যুতে পারে পৃথিবীর থুব কাছাকাছি এসে পড়েছে। ব্যুতে পারে মাটি ছুঁলেই মৃত্যু। তখন হঠাৎ আর্ডকঠে চীংকার করে উঠে উপরের দিকৈ উড়ে চলে। উড়ে চলে ভার মার কাছে, সেই আকাশ-আবাদে।
স্বিরনিকেতনে।

হোমাপাখি নিত্যসিদ্ধের প্রতীক। কে নিত্যসিদ্ধ ? জন্ম থেকেই যে ঈশ্বরকে চায়, সংসারের কোনো ভোগে যার বিন্দুমাত্র লোভ নেই।

শুধুনিত্যসিদ্ধ ? আরো কত কি বিশেষণের মাল্যদাম গলার পরিয়ে দিয়েছেন নরেনের। এত ভক্ত আসছে, ওর মত একটিও নাই। অক্সেরা কলসী-ঘটি, নরেন জালা। অক্সেরা ডোবা-পুক্র, নরেন বড় দীঘি। অক্সেরা কাঠি-বাটা, নরেন রাঙাচক্ষ্ লাল কই। বাঁশের মধ্যে সবচেয়ে বড় ফুটোওলা বাঁশ, অনেক জিনিস ধরে। নরেন সভায় থাকলে আমার বল, সলে থাকলে সাহস। যেন খাপখোলা তরোয়াল।

রাম দন্ত বললে, 'এমন অসুখ না হলে ঠাকুরকে চিনত কে ? স্থৃত্থ: শরীরে সবাই-ই তো ভগবানে মন রাখতে পারে। কট্টের কণ্টক-শরনে শুয়েও যিনি অমুক্ষণ নির্বিকল্পে থাকতে পারেন তিনিই অবতার।'

'তাছাড়া আবার কি।' বললে বলরাম, 'ঠাকুরের অসুথ করেছে, শুনতে শুনতে কান ঝালাপালা হয়ে গেল। ঠাকুরের কখনো অসুথ করতে পারে ? এ আমাদের অসুথ, আমাদের পাপ।

'প্রভূ আর কত ছলনা করবেন ? হাতজ্ঞোড় করে বলছে কেদার চাট্ছের।

इनना ?

'ভাছাড়া আবার কি।' বলছে গিরিশ ধোষ। 'এ তাঁর লীলা, মানুষের তৃঃখ হরণ করবার ছল। সর্বজীবের পাপাপরাধ টেনে। নিয়েছেন নিজের মধ্যে। আর সেই তৃর্ভার গ্লানি মুছে দিছেন নিজের। ক্লেশ দিয়ে।'

গিরিশের পাপ নিয়েই ঠাকুরের ব্যাধি।

তথু গিরিশের পাপ ? আমার-তোমার স্কলের পাপ। সকলের স্কৃতি। সকলের ঋণবদ্ধন। চেয়ে দেখ ঠাকুরের সেই নির্জিভত্বঃক্ষ বিপাপ অগ্নি।

'জগতের হৃঃখ দেখে যীশু ক্রুশে বিদ্ধ হয়েছিলেন, ঠাকুরও জীবের হৃঃখে রোগ ভোগ করছেন।' বললে শশী।

'অত কথায় কাজ কি। শুধু সেবা, সেবা লাগিয়ে দে।' নরেন বলে উঠল, 'দেধছিস্ না, আমাদের সেবা নেবেন তাই তাঁর এই অসুধ। সেবাই যে পূজা, সেবাই যে শিব, তাই শেধাবার জন্তেই এই আয়োজন। তাই ভাবছিস কেন ? তাঁর এই অসুখ না হলে কি আমাদের হ'ত এই মন্ত্রদীকা, এই চক্ষুক্রশ্যেব ? তাই ছাড়িসনে এ সুযোগ, কায়মনে সেবা লাগিয়ে দে। এমন সেবা লাগিয়ে দে যাতে তিনি আমাদের ছেড়ে চলে যেতে না পারেন।'

কে একজন এসে নালিশ করলে লাটুকে, 'সারাদিন কেবল ক্লগীর সেবাই করেন, উপাসনা-আরাধনা করেন না ?'

লাটু একবার তাকাল নরেনের দিকে। বললে, 'সেবাই তো আমাদের একমাত্র উপাসনা, একমাত্র আরতি। আমাদের আর কোনো পূজা-চর্যা আছে নাকি ? যাকে শুশ্রামা করছি, নাওয়াছি-খাওয়াছি, যার পা টিপে দিছি, মলমূত্র পরিকার করছি, সেই আমাদের ইষ্ট, আমাদের সর্বশিরোমণির ভগবান।'

আর্তকে পেয়েছি তার মানেই শিবসন্ধান হয়েছে। এবার তার হিতচিকীর্ঘায় দৃঢ়ব্রত হও। সেই হিতচিকীর্ঘাই তোমার পুজোপাসনা। কল্যাণকর্মের স্থযোগ না পাও অন্তত সর্বভূতে শুভাভিলাষী হও। সেই শুভাভিলাষও ঈশ্বরের আরতি।

এত কষ্ট তবু ঠাকুর কি করে আছেন আঁত আননদময়!

রহস্টুকু শিখে নে আমার থেকে। যে রয় সেই সয়, আর যে সয় সেই মহাশয়।

'কত তোকে সইতে হবে, বইতে হবে একা-একা।' নরেনের দিকে তাকিয়ে বললেন ঠাকুর: 'জীবন আর তপস্থা কি ? সহ্য করাই তপস্থা। যত ছঃখকষ্ট বৈফল্যনৈরাশ্য আসবে সব শরীরের, সংসারের, কিন্তু তোর মন থাকবে পুণ্যপ্রতিজ্ঞায় ভরপুর। সেই পুণ্যপ্রতিজ্ঞাই ঈশ্বরানন্দ।' বলেই তার দীপ্ত মন্ত্র, দিব্য স্কু উচ্চারণ করলেন: 'ছঃখ জানে শরীর জানে, মন তুমি আনন্দে থাকো।'

ধ্মপদ্ধের উধের তুই বিশুদ্ধ নীলিমা। সর্বভাসক উপস্থিতি। কীর্তন লাগিয়েছে ভক্তদল। নরেন রাখাল লাটু বাবুরাম। ঠাকুর ডেকে পাঠালেন কীন্তুনেদের। বললেন, 'ভোরা ভো বেশ রে! কেউ মরে আর কেউ হরি হরি বোল বলে।

# সবাই অপ্রস্তুত।

হেসে উঠলেন ঠাকুর। তাঁর সর্বাঙ্গে পুলককদম। বললেন, 'গান গাইছিস তো হার ভূল করছিল কেন? তাছাড়া এক কলি ছেড়ে দিয়েছিস। বলে ঠাকুর হার করে গেয়ে দিলেন কলিটা। কোন জায়-গায় সেটা বসাতে হবে তাও দেখিয়ে দিলেন। বললেন, 'হরিনাম গান করছিস হারে-তালে নিট্ট থাকবি। এতটুকু আখর পর্যন্ত ফেলে যাবিনে। যা, লাগা কীর্তন।'

ভক্তবৃন্দ উদ্দাম আনন্দে কীর্তন শুক্ত করল। 'ছঃখ জানে শরীর জানে, মন তুমি আনন্দে থাকো।'

#### ٤5

ভাক্তার মহেন্দ্র সরকার চিকিৎসা করছে ঠাকুরের। সে ঈশ্বর পর্যস্ত না হয় মানল। কিন্তু ঈশ্বর মানুষের চেহারা ধরে পৃথিবীতে অবতীর্ণ হন এ মানতে সে রাজি নয়।

কি করে হবে ? থিনি অবতার তিনি ধরা দিয়ে ব্ঝিয়ে দিন না। ভাহলেই তো মিটে যায় গোলমাল।

নরেনের সঙ্গে বেশ খানিকটা মিল। নরেনও প্রথমটা মানতে চায়নি। তুমি যদি অবতার তাহলে আমিও অবতার। বটেই তো, তুইও ঈশ্বরের প্রতিনিধি। একই জ্বল গোষ্পদেও আছে সমুদ্রেও আছে। যতটুকু জ্বল ততটুকুতেই আকাশের প্রতিবিশ্ব। যতটুকু গুণ ততটুকুতেই ঈশ্বর আভাসিত। তাই গুণদর্শনই ব্রহ্মদর্শন।

'দেখুন না রামকে অবতার কি করে বলি ? বালি-বধ, শমুক-বধ,—এ কি মশাই ঈশবের কাজ ? এ কাজ নিতান্ত মানুবের।'

গিরিশ ঘোষ কাছে ছিল, হুল্কার দিয়ে উঠল, 'এমন কাজ বদি কেউ করতে পারে সে কেবল ঈশ্বরই পারে।'

'তারপর সীভাবর্জনটা দেখুন।'

'এও মশাই ঈশবের কাজ। মানুষের সাধ্য নেই জেনেশুনে নিক্লকা স্ত্রীকৈ ত্যাগ করতে পারে।'

ভাক্তার সরকীর মৃহরেখায় হাসল। এও একটা কথা ?

ঈশ্বর যদি নিরাকার হন কেন তিনি সাকার হতে পারবেন না ? এত সবঁ করতে পারেন তিনি, আর একটু আকার ধরতে পারবেন না ? মন স্প্রি করে তিনি নিরাকার, দেহ স্প্রি করে তিনি সাকার। যিনি আছান্তহীন বিশ্বব্রহ্মাণ্ডের মালিক তিনি খেলাচ্ছলে ধরতে পারেন না একটি মানুষের ছদ্মবেশ ? রাজা কি কখনো-কখনো ছদ্মবেশ ধরে দেখতে আসে না তার নিজের রাজ্য ?

ঠাকুর বললেন, 'আরে, ওরা যে বিজ্ঞানের আজ্ঞাধীন। ঈশ্বর যে অবতার হতে পারেন এ কথা ওদের সায়ালে লেখা নেই। তাই কি করে বিশ্বাস হবে শুনি ?' বলে ঠাকুর হাসতে হাসতে এক গল্প শাঁদলেন: 'তবে এক গল্প শােনা। একজন এসে বললে, ও পাড়ায় দেখে এলুম অমুকের বাড়ি হুড়মুড় করে ভৈঙে পড়ল। যাকে বললে সে একজন লেখাপড়াওয়ালা লােক। সে বললে, দাঁড়াও খবরের কাগজখানা একবার দেখি। খবরের কাগজ নিয়ে এপৃষ্ঠা অনেক ওলটাল-পালটাল কিন্তু অমুকের বাড়িভাঙার কথার উল্লেখ নেই। তখন সে বললে, কই খবরের কাগজে তাে লেখেনি। তাই তােমার কথায় বিশ্বাস করি না। সে কি, নিজের চােখে দেখে এলুম যে। বিশ্বাস করি না, ও সব মিছে কথা, নইলে খবরের কাগজে থাকত।'

সবাই হেসে উঠল।

যেহেতু বইয়ে নেই সেহেতু অন্নভবেও নেই।, পায়ের নিচে মাটির পৃথিবীটাই সভ্য, আর মাধার উপরে আকাশটাকে দেখেও দেখব না।

খবরের কাগজে লিখেছে আণবিক বোমায় পৃথিবী একটি ধূলিকণায় পর্যবসিত হবে। যদিও তা চোখে দেখিনি, দেখবও না, তবু তা বিশ্বাস করে বসে আছি। কোন যুক্তিতে এ বিশ্বাসের সমর্থন আছে ? এর জন্মেই আছে যে একজন এক্সপার্ট, পারক্সম বৈজ্ঞানিক, তাঁর নিভূত লেবোরেটরির নীরব সাধনায় তা আবিষ্ণার করেছেন। যেহেতু সেই বৈজ্ঞানিক আমাদের বিশ্বাসভাজন, সেই হেতু তাঁর আবিষ্কৃত তথ্যে আমরা বিশ্বাসবান।

তেমনি দেখ আধ্যাত্মিক লেবোরেটরির ক্ষেত্রে কোনো এক্সপার্ট, পারক্সম বৈজ্ঞানিক আছেন কিনা। তিনি তোমার বিশ্বাস উৎপাদন করতে পারেন কিনা। তিনি যদি তেমন জাতের লোক হন, যদি বিশ্বাসের পাত্র হন, তবে তাঁকেই বা তুমি মানবে না কেন, কেনই বা নেবে না তাঁর আবিছার ?

পৃথিবী যদি ধৃলিকণায় পরিণত হয় তবে আজকের সব ধৃলিকণাও পৃথিবীতে পরিণত হবে। পৃথিবী যদি একটি ধৃলিকণা, কোটি-কোটি ধৃলিকণাও কোটি-কোটি পৃথিবী। বিশ্বাস করতে পারো? কি করে পারবে? খবরের কাগজে এখনো তা লেখেনি যে।

'সরল না হলে ঈশ্বরে চট করে বিশ্বাস হয় না। বিষয়বুদ্ধি থেকে ঈশ্বর অনেক দূর, অনেক—অনেক দূর।' বললেন ঠাকুর: 'বিষয়বুদ্ধি থাকলেই সংশয়। বিষয়বুদ্ধি থাকলেই অহদ্ধার। পাণ্ডিত্যের অহদ্ধার, সব-জ্বেন-ফেলেছির অহন্ধার। ধনের অহন্ধার, সব-করতে-পারির অহন্ধার। সেই অহন্ধারই দেয় না বিশ্বাস করতে।'

তাহলে বলতে চাও, জ্ঞান, জ্ঞান চাই না ?

কিন্তু আমরা কি জ্ঞান চাই ? আমরা চাই বিছা। শুধু বিছার বোঝা বাড়িয়ে চলেছি। শুধু পাণ্ডিভ্যের পিশু। যদি জ্ঞান চাই। নম একটি বালকের মত নীরবে এসে বসতে হবে শুরুর পায়ের কাছে। আত্মা, অন্তর্যামীই সেই পরমগুরু। শুরু আমার থেকে বেশি জানেন বেশি বোঝেন এ বিশ্বাসটি না থাকলে জ্ঞানার্জন হবে কি করে ? শুরু ছাড়া বিছার্জন হতে পারে শুধু শুকনো পুঁথি পড়ে। কিন্তু জ্ঞান পেতে হলে বিশ্বাস চাই নম্রভা চাই সারল্য চাই।

ঠাকুর বললেন, 'বিশাস যত বাড়বে জ্ঞানও তত বাড়বে।'

বেশ তো, নিজের চোখেই তবে দেখ না।

ডাক্তার সরকার আরেক ডাক্তার নিয়ে এসেছে সেদিন। সহসা ঠাকুরের ভাবাবেশ উপস্থিত হল। দেখতে-দেখতে লোপ পেল ঠাকুরের বাহুচেতনা। নীরন্ধ্র নিশ্চল হয়ে বসে রইলেন।

সমাধিভাবটা একবার বৈজ্ঞানিক মতে পরীক্ষা করে দেখি না। ডাক্তার সরকার ঠাকুরের বুকে স্টেথিস্কোপ লাগালেন। হতবৃদ্ধি, হয়ে গেলেন মৃহূর্তে। হ্যংস্পানন নেই, না, একবিন্দু না। এ কি, নিশ্বাসও পড়ছে না, হাতের নাড়ি কোথায় উঠে গেছে কে বলবে। অথচ ঢলে পড়ে যাচ্ছে না মাটিতে। অচল অটল স্থুমেরুবং বসে আছে। শুধু তাই নয়, তুই চোখ উন্মীলিত, পলকবিহীন।

আঙ্বলের থোঁচা মারলে নিশ্চরই চোখ সন্থচিত হবে। সেই পরীক্ষা করবার জ্বস্তে ডাক্তার সরকারের সহাগত ডাক্তার ঠাকুরের চোখে আঙ্বলের খোঁচা মারল। এভটুকুও কোঁচকাল না চোখ, পলক নডল না।

ডাক্তারের নিজের চোখে দেখা। বাইরে থেকে দেখতে মৃত, অথচ আসলে বসে আছেন স্থির হয়ে।

কি আর বলবেন ডাক্তার! মাথা হেঁট করলেন। স্টেথিস্কোপ খসে পড়ঙ্গ হাত থেকে।

তারপর সেদিন আরেক কাণ্ড।

রাত তিনটে থেকে জেগে বসে আছে সরকার। চোখে ঘুম নেই। কেবল রামকৃষ্ণচিস্তা। আর কিছু নয়, আহা, ঠাণ্ডা লাগল নাকি নতুন করে। গলা আবার টাটাল নাকি! বাড়ল নাকি কাশি!

শুধু তাই ? নিজের মনকে কত চোখ ঠারবে ? মন বলছে, আরো একটু ভাবো। আরো একটু গভীরে যাও।

ঈশান মুখুজেকে দেদিন যেমন বলেছিলেন ঠাকুর, 'বামূন, ভূবে যাও, তলিয়ে যাও—"

না তলালে অতলকে ছোঁবে কি করে?

রোজ-রোজ কত টাকা যে লোকসান হচ্ছে বলবার নর।
ঠাকুরের কাছে এসে আর উঠতে সাধ হয় না। পায়ে শিকড়
গজায়। সকাল আটটা বেজে গেল তবু বেরুবার নাম নেই।
তথনো পরমহংসের চিস্তা। মাস্টারমশাই এসে জিগগেস করলেন,
'কি হচ্ছে ?'

'আর কি হবে! পরমহংস হচ্ছে।'

সেদিন বিকেল তিনটের সময় এসে হাজির। ইচ্ছে ঠাকুরকে তাড়াতাড়ি দেখে নিয়ে অস্ত রুগীর বাড়ি যাবে।

অনেক ভক্ত সমাগম হয়েছে সেদিন। এবং সকলের অগ্রনায়ক নরেন্দ্রনাথ।

নরেনকে দেখে খুশী হল সরকার। বললে, 'আজ গান হবে না ?'

ঠাকুর বললেন, 'একটু গান কর।'

তানপুরা টেনে নিয়ে নরেন গান ধরল। 'স্থন্দর তোমার নাম দীন-শরণ হে।' তারপর আবার আরেকখানা, ঠিক সরকারের মুখের উপর জবাব। 'আমায় দে মা পাগল করে, আমার কারু নেই জ্ঞানবিচারে।'

মুহূর্তে কি হয়ে গেল কে বলবে। সকলেই একস্থরে বলছে সেই কথা। শুধু বলছে না, সবাই উঠে পড়ছে, নাচতে শুরু করেছে। সবার আগে বিজয়কৃষ্ণ-। দেখাদেখি আর সকলে। ঠাকুর স্বরং। কে বলবে তার ঐ ভয়ন্তর ব্যাধির যন্ত্রণা। দেহবোধের লেশমাত্র নেই, রোগ কোথায় দেহছাড়া হয়ে গেছে। এ কি সম্ভব! এমন রুগী নাচবে হ'হাত তুলে। নত্যের পরেই সমাধিস্থ হয়ে যাবে! নিবাত-নিক্ষ্প শিখার মত ঋজু হয়ে থাকবে। দেশিল দেখছিল বসে, আজ দাড়িয়ে। দিব্যভাষর কলেবরে এ কি জ্যোতির্ময় আবির্ভাব! যেমন রুগীর ছঁশ নেই সঙ্গেল তার ডাক্তারও বুঝি বেছঁশ হতে চলল। যেমন রুগী তেমনি ডাক্তার।

না, না, আমি বেছঁশ হব কেন ? আমি যে সায়াল পড়েছি। আমি যে বৃদ্ধিবিচারের কৃতদাস।

কিন্তু ঐ দেখ ছোট নরেনকে, লাটুকে। যারা একেবারে স্তরীভূত পাষাণ।

ভাবের উপশমে কেউ হাসছে কেউ কাঁদছে—কেউ গড়াগড়ি খাছে। এ যে দেখছি কতকগুলো মাতালের খেলা! এ কি মদ-মাতাল না মন-মাতাল ?

'তোমার সায়েন্স কি বলে ?' ঠাকুর জিগণেস করলেন, 'এই যে এ মুহূর্তে কাণ্ডটা ঘটে গেল এটা একটা শুধু দে ?'

'ভা আর কি করে বলি ?' ডাক্তার মাথা চুলকোলো: 'এত লোকের যখন একসঙ্গে হচ্ছে তখন তো সেটাকে আর চং বলতে পারি না ?' নরেনের দিকে তাকাল ডাক্তার: 'তুমি যখন জ্ঞানবিচার ফেলে পাগল হবার গানটা শাইছিলে তখন নাচের টানে আমার পা-ও টলে উঠেছিল। কিন্তু আনেক কণ্টে ভাব চাপলুম। ভাবলুম বাইরের লোক দেখিয়ে লাভ কি! আমার অন্তরের যে বাউলবৈরাগী সে নাচুক।'

ঠাকুর উৎফুল্ল হলেন। বললেন, 'ভোমাকে চিনি না ? তুমি হচ্ছ গন্তীরাত্মা। হাতি যদি ডোবাতে নামে তাহলে তোলপাড় হয়, কিন্তু যদি সায়য়দীঘিতে নামে তাহলে তোলপাড় হয় না। তুমি হচ্ছ সেই সায়য়দীঘির হাতি।'

'কই অস্থ্য রুগী দেখতে উঠবেন না ?' কে একজন মনে করিয়ে দিল।

'আর রুগী! যে পরমহংস হয়েছে আমার সব গেল।'

ঠাকুরকে ৰলে দিয়েছে কথা না কইতে অথচ কথা শোনবার লোভে নিজেই বসে আছে তীর্থকাকের মত! এ কি কথা না অমৃতস্নান?

'কি করি বলো তো ?' বলছে ডাক্তার সরকার, 'তোমার কাছে এলেই সমস্ত কর্ম পশু হয়ে যায়। পেটের ধান্দা উন্থনে গিয়ে ঢোকে। কভক্ষণ ভোমাকে বকালাম আজ। কিন্তু দেখো আর কারু সঙ্গে যেন কথা কোয়ো না। আমি এলে আমার সঙ্গে শুধু কইবে।

ঠাকুরের রোগ তো বাড়ছেই, সন্দেহ হচ্ছে তাঁর সেবকদের মধ্যে না এ কালব্যাধি সংক্রামিত হয়।

স্থৃজ্জির পায়েস খেতে পারেননি ঠাকুর। সব বমি করে ফেলেছেন। পুঁজরক্ত সব পড়েছে বাটিতে।

অবতার তো বলো ? এই বাটিতে দাও দেখি চুমুক।

তথাস্তা। নরেন ঠাকুরের সেই উচ্ছিষ্ট পায়েস খেয়ে ফেলল এক চুমুকে।

### 22

আমি নীলকণ্ঠ শিব। আমি সোমসূর্যাগ্লিচক্ষু। ক্ষুট-ক্ষটিক-সপ্রভ বিশ্ব-বিকাশ শেতশিখা। আমি সর্বপাশমোচন পশুপতি। বীরভদ্র বীরেশ্বর। আমিই ভূত, ভবন এবং ভব্য, আমিই অনেকাত্মা সহস্রাংশু। মৃত্যুমৃত্যু শাশ্বতপুরুষ।

সমস্ত বিষ আমি ধারণ করতে পারি। নিংশেষে করতে পারি পরিপাক। আমি সমস্ত সন্দেহনাশন বিত্যুদ্বিদ্বান তুর্ধর।

ধ্যানে বসেছে নরেন। চারদিক নিঃসাড়, বায়্ও বৃঝি নিশ্বাস কেলছে না। ভক্ত শিশুদের মধ্যে আর সকলেই ঠাকুরের সেবায় ব্যাপৃত, শুধু বুড়ো গোপাল নরেনের পাশে বসে। সেও শুরুন্মগ্ন।

হঠাৎ নরেনের মুখ থেকে একটা কাতর আর্তনাদ ছুটে

এল: 'গোপালদা, আমি কোথায়? আমার শরীর কোথায় গেল?

ত্রস্ত হয়ে নরেনের গায়ে হাত রাখল গোপাল। নাড়া দিয়ে বললে, 'এই যে, এই যে।'

কোথায় এই যে! সারা গা মৃত্যুর মত হিম। চেতনার তাপচিহ্ন নেই কোথাও।

মরীয়ার মত ছুট দিল গোপাল। একেবারে দোতলায়, ঠাকুরের কাছে। রুদ্ধনিশ্বাসে বললে, 'সর্বনাশ হয়েছে।'

'কি হয়েছে ?' এতটুকু চমকালেন না ঠাকুর।

'নরেন নেই। মরে গেছে।

ছোট্ট একটি ভ্রন্তিঙ্গি করলেন ঠাকুর। বললেন, 'বেশ হয়েছে।'

বেশ হয়েছে ? এ কি অসম্ভব কথা। ু

'হাা, বেশ হয়েছে। থাক খানিকক্ষৰ্ ওরকম হয়ে। সমাধি সমাধি করে আমাকে ভীষণ জালাতন করে তুলছিল। বুঝুক একট্ সমাধির স্বাদ।'

রাতের প্রায় একপ্রহর কেটে যাবার পর নরেন ফিরে পেল দেহজ্ঞান আর ফিরে পেয়েই চলল ঠাকুরের কাছে। পা চলছে কি চলছে না বুঝতে পারছে না। সিঁড়ি যেন টলমল করছে।

তাকে দেখতে পেয়েই ঠাকুর বলে উঠলেন, 'কিরে সব দেখতে পেলি তো ? মা-ই আন্ধ্র তোকে সব দেখিয়ে দিলেন। কিন্তু একটা কথা মনে রাখিস।'

চোখ তুলে তাকাল নরেন।

'তোর সেই বন্ধ ঘরের চাবি কিন্তু আমার কাছে থাকবে।' বললেন ঠাকুর, 'এখন তোকে অনেক কাজ করতে হবে, আমার কাজ। আর যখন সেই কাজ শেষ হবে তখন আবার চাবি ঘুরিয়ে ঘর খলে দেব।'

'কি কাজ গ'

ঠাকুর এক টুকরো কাগজ আর পেন্সলি তুলে নিলেন। যেন কি গোপন কথা, গোপনে লিখলেন সেই কাগজে। যেন কি অগ্নি-অক্ষর বীজমন্ত্র, নরেন ছাড়া আর কারু দেখবার নয়। লেখা কাগজ তুলে দিলেন নরেনের হাতে।

নরেন দেখল কাগজে লেখা একটি মাত্র শব্দ। বছ্রগর্ভ মহাকাব্য। কথাটি আর কিছুই নয়, 'লোকশিক্ষা।'

अकात पिरम छेठेन नरतन, 'পातर ना।'

'পারবিনে কিরে ? তোর ঘাড় পারবে।' ঠাকুর তাকালেন প্রফুল চোখে, বললেন, 'তুই আমার হাতের অন্তর, আমার হাতের লেখনী।'

অতল-অতুল আনন্দে দেহ-মন ভরে গেল নরেনের।

'আমি রামকৃষ্ণের গোলাম—তাঁহাকে 'দেই তুলসি তিল দেহ সমপিলুঁ' করিয়াছি। মান্থবের সহায়তাকে আমি পদদলিত করি। যিনি গিরিগুহার, তুর্গম বনে ও মকুভূমিতে আমার সঙ্গে-সঙ্গে ছিলেন, আমার বিশ্বাস তিনি আমার সঙ্গেই থাকিবেন। জ্ঞানি না, আমি কবে ভারতে যাইব। সমুদর ভার তাঁহার উপর ফেলিয়া দেওয়া ভাল, তিনি আমার পশ্চাতে থাকিয়া আমাকে চালাইতেছেন। যে কেহ রামকৃষ্ণের দোহাই দেয় সেই তোমার গুরু জানিবে। কর্তাছ সকলেই পারে—দাস হওয়াই বড় শক্ত। আমার উপর তাঁহার নির্দেশ এই যে তাঁহার দ্বারা স্থাপিত এই ত্যাগীমগুলীর দাসত্ব আমি করিব, ইহাতে যাহা হইবার হইবে, এবং স্বর্গ বা নরক বা মৃক্তি যাহাই আসুক, লইতে রাজি আছি।'

গঙ্গাসাগরে যাবার জ্বস্থে বহু সাধুর ভিড় হয়েছে কলকাতায়। বুড়ো গোপালের ইচ্ছে হল বেছে-বেছে কয়েকজন সাধুকে গেরুয়া কাপড় ও রুজাক্ষের মালা দেয়। অকপটে অভিলাবের কথা বললে ঠাকুরকে।

ঠাকুর শুনে খুব খুলী হলেন। বললেন, 'ভালো কথা। কিন্তু ভূই আর সাধু পেলিনে ?' তার মানে ? গোপাল অপ্রতিভ হয়ে গেল।

'ওসব জটা-দড়ি দেখেই বুঝি ভূললি ! দ্রের মাঠকেই বুঝি সবুজ মনে হয় !'

চুপ করে রইল গোপাল।

'তোর এই নিত্যিকার চোখে দেখা ভক্ত ছোকরাগুলি বৃঝি আর
নক্ষরে পড়ল না ? ওদের ত্যাগ আর ভক্তি সেবা আর নিষ্ঠা কিছুই
দেখতে পেলিনে তুই ? যা, বারোখানা গেরুয়া কাপড় কিনে
নিয়ে আয় আর বারোটা রুজাক্ষের মালা। আমি আমার
দাশা রাজকুমারকে সূর্যের দ্বাদশম্তির মত ধর্মরাজ্যে অভিষেক
করব।'

গোপাল কিনে নিয়ে এল গেরুয়া আর কৃদ্রাক। ঠাকুর বিভরণ করতে বসলেন।

কে সেই বারো জন ? সূর্য আর বিবস্ধান, অর্থমা আর পুষা, ছষ্টা আর সবিতা, ধাতা আর বিধাতা, বরুণ আর মিত্র, শক্রু আর উরুক্রম।

ডাকো নরেনকে। আর এগারো জন ?

রাখাল আর তারক, যোগীন আর শরৎ, বাবুরাম আর নিরঞ্জন, হরি আর কালী, লাটু আর গোপাল।

সব মিলে এগারো জ্বন তো হল। বারো নম্বরের কোন ব্যক্তি?
মাথা চুলকোতে লাগলো গোপাল। সত্যিই তো, গৃহত্যাগী ভক্ত সেবকদের মধ্যে আর কেউ তো বাকি নেই। তবে ঠাকুর কি সংখ্যা নির্ণয় করতে ভুল করলেন?

'একখানা কাপড় ও একটা মালা যে বাড়তি হল।'

'বাড়তি হল ? কেন, ভক্ত ভৈরবকে ডাকো।' ঠাকুর বললেন দৃঢ়স্বরে।

ভক্ত ভৈরব ? সে আবার কে ?

'তৃই তাকে কি করে চিনবি ? আমি তাকে দেখেছি ধ্যানে, দক্ষিণেশ্বরে কালীমন্দিরে। দেখেছি একটি ধুলোমাখা উলঙ্গ ছেলে নাচতে-নাচতে আসছে। মাথায় একগোছা চুল, বাঁ হাতে মদের বোতল, ডান হাতে অমৃতের ভূলার। জিজ্ঞেন করলাম, তুই কে ? বললে, আমি ভৈরব। এখানে এসেছিলি কেন ? তোমার কাজ করতে এসেছি।

চিত্রার্পিতের মত তাকিয়ে রইল গোপাল।

'তারপর সেই ভৈরবকে ফের দেখলাম যেদিন গিরিশ প্রথম এসে দাঁড়াল আমার সামনে। এক হাতে মদ আরেক হাতে সুধা। এক হাতে পাপ আরেক হাতে নির্মলতা। অস্তরজ্ঞোড়া বিশ্বাস আর শরণাগতি।'

সেই গিরিশ ঘোষ দ্বাদশ আদিত্যের একজন ? সেও রুজ্রাক্ষ আর গেরুয়ার অধিকারী ? যে ঠাকুরকে মদের নেশায় অকথ্য ভাষায় গালাগালি দিয়েছে, বার করে দিয়েছে থিয়েটার থেকে, সেই গিরিশ ঘোষ ? যার পাপ ধারণ করে ঠাকুরের বাাধি ?

হাঁ।, সেই গিরিশ ঘোষ। পদ্ধিলকে যদি না তিনি পবিত্র করবেন, কুটিলকে যদি না করবেন অকপট, তবে তিনি কিসের ঠাকুর ? অধাগত বলেই তো তার দরকার উত্তোলনের হাত। যে অভান্ধন তারই তো দরকার অমুকম্পা। যে শাখা নিম্পুষ্প ও নিম্ফল তারই জন্মে তো প্রাযণের ধারবির্ষ।

গিরিশ কোথায় ? সে এখনো আসেনি। তবে তার জ্বস্তে রেখে দাও বন্ধ্র-মাল্য। সে এলে পরে দিও। নয়তো পাঠিয়ে দাও তার বাডিতে।

গিরিশ আর নরেন বসেছে এক গাছের নিচে। বসেছে ধ্যান করতে।

চোখ বোজো। চিন্ত স্থির করো। একাগ্রভূমিতে চলে যাও। চিন্তবৃত্তির নিরোধই হচ্ছে যোগ। তাই একসঙ্গে একাগ্র ও নিরুদ্ধ হও।

উ:, কি মশা রে বাবা! সাধ্য কি চোখ বুজে থাকো। কানের কাছে অনবরত পিনপিন করছে। বসছে এসে নাকে মুখে, স্থন্ধ সূচীতে ছল ফোটাচ্ছে। বারে বারে চোখ খুলে যাচ্ছে গিরিশের। সাধ্য কি তুমি একাসনে দৃঢ় থাকো, মশার কামড় উপেক্ষা করো। মশা থাকলে দশায় পড়া অসম্ভব—গিরিশ উঠে পড়ল।

কিন্তু এ কি, নরেন যে ঠায় বসে আছে। অটল-নিশ্চল। মন অনস্তভাবে স্থির। অপিত ও আবিষ্ট। এতটুকু যেন নিশ্বাসেরও আভাস নেই কোথাও।

ওমা, মোটা একখানা কালো কম্বল গায়ে দিয়ে বসেছে। তাই, তাই স্থির থাকতে পারছে অমনি। তাই মশার কামড় উপেক্ষা করতে পারছে। আমিও তখন বৃদ্ধি করে একখানা কম্বল গায়ে দিয়ে বসলে পারতাম!

এ কি, এ কম্বল নয় তো! এ যে মুশার ঝাঁক। পুঞ্জ-পুঞ্জ মশা ঘন হয়ে ছেঁকে ধরেছে নরেনকে, শরীরের একতিল স্থান বাকি রাখেনি। তাইতে মনে হচ্ছে পুরু এক্খানা কালো কম্বলে সর্বাঙ্গ ঢাকা!

এ কি আশ্চর্য ! এ কি আত্মস্বরূপে অবস্থিতি ! হাজার হাজার মশকদংশন তবু বিন্দুমাত্র চাঞ্চল্য নেই । না বাইরে না ভিতরে ! পূর্ণের উপলব্ধিতে নিমগ্ন হয়ে রয়েছে । যেন বল্মীকের স্তু,পের মধ্যে সাধক রত্নাকর !

ভীষণ এই সর্বাত্মক ঐকান্তিকতা। ভয় পেয়ে গিরিশ বারে-বারে ডাকতে লাগল নরেনকে। সাড়া নেই, স্পন্দন নেই। তথন আরো ভয় পেয়ে গিরিশ তার পা ধরে টানতে লাগল: 'ওঠো, ওঠো, চোখ চাও।'

কোধায় চোখ চাইব ? সংসারে আর কী রূপ আছে যে চোখকে আকর্ষণ করবে ? কী শব্দ আছে যে কানে মধু ঢালবে ? যেখানে এসেছি সেখানে দ্রষ্টা দৃশ্য ও দর্শন আর কিছু নেই। শুধু আত্মসাক্ষাংকার।

কিছুতেই বাহ্যজ্ঞান আনা যাচ্ছে না। তথন গিরিশ নরেনের

আসন ধরে টানতে লাগল। নরেনের অচেতন দেহ টলে পড়ল মাটিতে।

অনেক চেষ্টা, অনেক হাঁক-ডাক, তবে নরেন কিরে এল দেহভূমিতে।

'বোস আমার পাশটিতে।' ঠাকুর নরেনকে কাছে ডেকে নিলেন: 'শোন, আর সকলকে ঘর ছেড়ে চলে যেতে বল। দরজা বন্ধ করে দে।'

কি ব্যাপার, কেন দরজা বন্ধ করতে বললেন কে জ্ঞানে। ভয়ে নরেনের বুক ছরছর করে উঠল। দরজা বন্ধ করে দিল নরেন। ঘরের মধ্যে শুধু ছ'জন। নরেন আর ঠাকুর। ঠাকুরের সেই স্বপ্নে দেখা ঋষি আর শিশু।

'আমার পাশ ঘেঁসে চুপটি করে থাক।' বললেন ঠাকুর।

খন হয়ে বসল নরেন। ঠাকুর তার দিকে একদৃষ্টে তাকিয়ে রইলেন। কি করুণাপরিপূর্ণ স্থগভীর স্নেহদৃষ্টি। যেন বলছেন, তুই ছাড়া আমার কেউ নেই। তোকে ছাড়া কাকে দিয়ে যাব আমার হাতের বাঁশি।

তাকিয়ে থাকতে-থাকতে ঠাকুরের সমাধি হয়ে গেল। নরেন অফুভব করল কি-একটা তাঁত্র আলো ঠাকুরের শরীর থেকে বেরিয়ে তার শরীরের মধ্যে ঢুকছে। যেন একটা বিছাতের ছুরি হয়ে চিরে-চিরে দিচ্ছে। শিহরিত করছে সর্বাঙ্গ। এ কি হল। এ আমি কোথায় এলাম! দেখতে-দেখতে নরেনও ভূবে গেল সমাধিতে।

বাহুচেতনা ফিরে পেয়ে নরেন তাকিয়ে দেখল ঠাকুরও জেগেছেন। কিন্তু এ কি, ঠাকুরের চোখে জল! কাঁদছেন ঠাকুর।

'এ কি, আপনার কি' কোনো কষ্ট হচ্ছে ?' কাতর ঔংস্থকে জিজ্ঞেস করণ নরেন ?

'কষ্ট ? না, না, আনন্দ। ফকির হবার কতুর হবার আনন্দ !' মুহ্যমানের মতো তাকিয়ে রইলো নরেন।

'আজ আমার যথাসর্বস্ব তোকে দিয়ে দিলুম।' বললেন ঠাকুর, 'আমার সমস্ত রাজ্য-সম্পদ। দিয়ে একেবারে ফকির হয়ে গেলুম। তুই এখন একাই রাজরাজেশব হয়ে গেলি। সেই রাজশক্তিতে জগতের অনেক কাজ করবি এবার তুই। আমি আর থাকব না।'

নাথহীন শিশুর মত অসহায় কণ্ঠে কেঁদে উঠল নরেন। সে কালা আর থামে না। তুমি থাকবে না কি ? তুমি না থাকলে এই সূর্যসনাধা পৃথিবীই যে ধূলিসাৎ হয়ে যাবে।

'আসলে আমি আর তুই অভেদাত্মা।' বললেন আবার ঠাকুর। 'কিন্তু বাইরের চোখে আলাদা, গুরু-শিশু, পিতা-পুত্র। এবার আমি চলে যাব। তুই এখন একরথ একছেত্র সম্রাট। তুইই এখন দ্বিতীয় রামকুষ্ণ।'

নরেন তবু কাঁদছে নিরর্গল।

'কাঁদিস্নি। কাঁদবার সময় কই ? শুধু কাজ আর কাজ। আবার তোর যখন কাজ ফুরোবে তুইও ফিরে যাবি স্থামে।'

### २७

অতিলোকিকে বিশ্বাস করি না। বিজ্ঞাননির্মল আমার চক্ষু। বিজ্ঞানবলিষ্ঠ আমার ভঙ্গি। সব যাচাই-বাছাই করে নিই। নিই নিক্ষপাষাণে ঘষে-ঘষে।

কিন্তু আমি কতচ্কু জানি, কতচ্কু বৃঝি, কতচ্কু বা আমার সামূশিরার আয়তে? এই বিশ্বজ্ঞাণ্ডের সমস্ত আইনের বই আমার জীবনের লাইব্রেরি ঘরে তো ধরছে না। কী জানি কোথায় কোন আইনের কী ধারা-উপধারা, করণ-প্রকরণ, বিধি-অমুবিধি! আমার একমুঠো উঠোনে কি করে ধরব এই এক আকাশতারা! পিঁপড়ের গর্ডে হাতির পদচারণ!

তাই বলে চুপ করে থাকব ? চুপ করে মেনে নেব ঘাড় পেতে ? বৃদ্ধি-যুক্তি বলে একটা কিছু দিয়েছেন তো ঈশ্বর, সেটাকে ব্যবহার করব না ? ভাবের লোনা হাওয়ায় বৃদ্ধির শক্ত লোহাতে মর্চে পড়তে দেব ?

কিন্তু বৃদ্ধি যেমন ঈশ্বর দিয়েছেন তেমনি অনুভৃতিও তো দিয়েছেন, দেখি না-শুনি না ধরি না-ছুঁই না তব্ অনুভব করি। গায়ে আঘাত লাগেনি তবু মনে ব্যথা করে উঠছে। সেই ব্যথাই কি সেই আঘাতের প্রমাণ নয়? দেখি না সেই মহাশক্তিকে কিন্তু অন্তরের মধ্যে নির্ভূল জেগে আছে সে বিবেকরূপে। ক্ষণে-ক্ষণে ৰলছে, বলে উঠেছে, এই, কি করছিদ, দেখে ফেলেছি!

আমি যদি বারে-বারে নিজের সামনে ধরা পড়ে যাই তা হলে কি এইটেই প্রমাণ হয় না যে আমিই সেই মহাশক্তি!

তাছাড়া আমি যে কিছুই বৃঝতে পারছি না, ধরতে পারছি না এইটেই কি প্রমাণ নয় যে আছে কোথাও এক মহা-অজ্ঞেয় মহা অনির্ণেয়, মহা-অপরিমেয় ?

ঠাকুরের দ্বীলা-সংবরণের দিন বৃঝি ঘনিয়ে এল। ঠাকুরের মুখের দিকে একদৃষ্টে তাকিয়ে আছে নরেন।

এই কি অবতার ? এই কি সেই ছদ্মবেশী রাজা ?

কি করে বিশ্বাস করি! রোগে-রোগে শীর্ণ মিলিন হয়ে গিয়েছেন, কথা কইবার শক্তি নেই, সাধারণ দেহধারী মানুষের মত অবস্থা, এর মধ্যে কোথায় সেই ঈশ্বরের প্রতিরূপ ?

যদি এই সময়, শেষ সময়, মুখ ফুটে বলে যেতে পারেন যে তিনি ভগবান তা হলে বিশ্বাস করতে পারি।

কিন্তু তাঁর কণ্ঠে এখন ভাষা কই, চোখে জ্যোতি কই, লোক চেনবার ক্ষমতাও হয়তো এখন চলে গিয়েছে।

হঠাৎ, বলা-কওয়া নেই, চোখ চাইলেন ঠাকুর। তাকালেন নরেনের দিকে।

কিছু চান ? কিছু বলতে চান ? ব্যস্ত হয়ে কাছে এগুলো নরেন।

স্পৃষ্ট স্বচ্ছ কণ্ঠে ঠাকুর বললেন, 'শোন ভোকে বলে যাই। যে রাম, যে কৃষ্ণ সেই ইদানীং এ শরীরে রামকৃষ্ণ। বুঝলি ?'

অন্তর্থামী ঠিক মনের কথাটি টের পেয়েছেন। হাটে হাঁড়ি ভেঙে দিয়েছেন। ছুঁড়ে দ্রে ফেলে দিয়েছেন ছদ্মবেশ। অরণিকে আশ্রয় করে জলছিল যে আগুন সে এখন নিধ্ম নিরিন্ধন। সে এখন স্বপ্রকাশ।

দেখতে পাচ্ছি পরমকারণকে। যতক্ষণ পরমকারণকে জানিনি ততক্ষণ কারণামুসন্ধানের শেষ ছিল না। এখানে-ওখানে ঘুরেছি। ছলেছি সংশয়ের দোলনায়। আর সংশয় নয়, স্বীকৃতি। শুধু স্বীকৃতি নয়, সমর্পণ। শুধু সমর্পণ নয়, প্রত্যুত্তর। ঘোষণার উত্তরে প্রতিধ্বনি। পরমকারণের সন্ধান এখন নিজের জীবনের মধ্যে। শুধু সন্ধান নয়, উদঘাটন। আমিই সেই, সে অপরিচ্ছন্ন বৃদ্ধির স্থির বিত্যাং!

আমিই সেই রামকৃষ্ণ।

খীরে ধীরে মহাসমাধিতে লীন <sup>ছ</sup>হয়ে গেলেন ঠাকুর। শ্রাবণ মাসের গভীর রাত, সেও তখন সমাধিমগ্ন।

অনাথ শিশুর মত কাঁদতে লাগল সকলে। শ্রীশ্রীমা আর্তনাদ করে উঠলেন: 'আমার কালী-মা কোথায় গেলে গো ?'

বরানগরের শাশানের দিকে চলল স্বাই সর্বস্থহারার মত।

ঠাকুরের পৃত-ভন্ম নিয়ে গৃহীতে-সন্ন্যাসীতে ঝগড়া বেধে গেল। গৃহীদের দলপতি রাম দত্ত বললে, এ ভন্ম গৃহীদের প্রাপ্য, কেননা ঠাকুর শ্রেষ্ঠ গৃহী। পালটা জবাব এল সন্ন্যাসী শিশ্বদের তরফ থেকে। তারা বললে, এ ভন্মে সন্ন্যাসীদের অধিকার, কেননা ঠাকুর শ্রেষ্ঠ সন্ন্যাসী।

'কিন্তু অস্থি-ভন্ম তোমরা রাখবে কোথায় ?' বললে রাম দন্ত। 'তোমাদের চাল আছে না চুলো আছে ? কাশীপুরের বাড়ির ইজেরা তো আর মোটে সাত দিন। তথন রাখবে কোথায় ?'

'রাখব মাথার উপরে।' বললে শশী আর নিরঞ্জন।

ঝগড়া ঘোরতর হয়ে উঠল। এ বলে আমার দাবি ও বলে আমার।

আর হু' ভাইয়ের ঝগড়া দেখে হাসেন বসে ঈশ্বর।

নরেন এল সালিশ করতে। গৃহীদের বললে, 'ভয় নেই, তোমাদেরই পাওনা সেই পৃত-ভন্ম, পৃত-অন্থি। তোমাদেরই দিয়ে দেব।'

সন্থাসী ভারেদের কাছে ডেকে আনল। বললে, ঠাকুরের দেহাবশেষ অধিকারে থাকলেই কি সর্বসাম্রাজ্ঞার অধিকার হল ? আমরা কি শুধু ভারবাহী হব, সারবাহী হব না ? শুধু ভঙ্ম হরে বেড়াব, বহন করব না সেই তেজ, সেই পবিত্রতা ? অচল-প্রতিষ্ঠ বারিধির কি আমরা এক-একটা তরঙ্গ হয়ে উঠব না ? তিনি কি ভঙ্ম হয়েছেন যে তার ভাগ নিয়ে ঝগড়া করব। আমাদের মজ্জার তাঁর মজ্জা, আমাদের অস্থিতে তাঁর অস্থি। আমরা তাঁর কেমনতরো শিশ্র যদি না তাঁর জ্যোতির্ময় বাণীমূর্তি হতে পারি ? যদি না হতে পারি তাঁর উপদেশের উদাহরণ ?'

কাঁকুড়গাছিতে বাগান করেছে রাম দন্ত। সেখানেই রাখা হবে দেহাবশেষ।

চলো, মাথায় করে দিয়ে আসি। পৃতভন্মান্থির কলসী নরেন নিজে মাথায় করে পৌছে দিয়ে এল বাগানে।

কিন্দু তার আগে ভস্মের প্রায় অর্ধেক সন্ম্যাসীর। সরিয়ে কেলেছে। আরেকটা পাত্রে ভরে রেখে দিয়ে এসেছে বঙ্গরাম বোসের বাড়িতে।

আমি যেমন সংসারীর ভেমনি আবার সন্মাসীর। আমি সকলের। যেমন সংসারে আমার সন্মাস, অর্থাৎ সম্যক স্থাস, তেমনি সন্মাসে আমার লোকসেবার সংসার। আমি যেমন গৃহস্থের তেমনি আবার গৃহহীনের। যেমন মঠবাসীর তেমনি মরুচারীর। আমার সন্মাস সংসারের সন্ধোচন নয় সংসারের সম্প্রদার। আর আমার সংসার ভোগরাতন নয় বিভায়তন। বিহগপক্ষস্থকোমল শুভ্রশযাায় যে শুয়েছে সে যেমন আমার, তরুকোটরগুহা-গহরকাননে যে বাস করছে সেও আমার।

আমার সর্বসমন্বয়ের ধর্ম। আমার ধর্ম সর্বাক্রফুলর।

নর্ভকীর মতন থাকো। মাথার উপরে ঘড়া নিয়ে নাচছে নর্ভকী, ঘাঘরা ঘ্রিয়ে-ঘ্রিয়ে। নাচছে, কিন্তু মাথার ঘড়া কেলে দিছে না। মাথার ঘড়া কেলে দিলেই নাচ বার্থ হয়ে যাবে। পড়ে যাবে যবনিকা দর্শকের দল টিটকিরি দিয়ে উঠবে। তেমনি ভোমার জীবনন্তা যদি সকল করতে চাও তো যে তোমার শিরোধার্য তাকে কেলে দিও না মাটিতে। যে তোমার অচ্যুত তাকে বিচ্যুত করো না। শুধু যেমন নাচায় তেমনি নেচে যাও।

চেয়ে দেখ পৃথিবীর দিকে। বস্থন্ধরা নাচছে দিনে-রাত্রে, ঋতুতে-ঋতুতে ইতিহাসের অধ্যায়ে-অধ্যায়ে। কিন্তু তার মাধার উপরে ধরা আকাশের কুন্তটি ফেলে দেয়নি।

'একটা পথ দিয়ে যেতে যেতে বাদি ঈশবের প্রতি ভালোবাস। আসে তা হলেই হল।' বলেছেন ঠাছুর। তাই পথটা জিজ্ঞাস্থ নয়, জিজ্ঞাস্থ হচ্ছে ভালোবাসা।

হোক তোমার কণ্টকক্লেশের পথ, নয়তো বা ভোগবিলাসের। যদি একবার ঈশ্বরের প্রতি ভালোবাসা আসে, তবে কে বা ছিসেব করে কণ্টকপীড়া, কে বা ভোগলালসা! নদী একবার সমুদ্রে এসে মিশলে সে কি আর ভাকায় পশ্চাতের মানচিত্রের দিকে, কোন পথ দিয়ে এলাম! সে কি শ্রামশস্তের পথ না কি প্রাণচিক্টীন মরুভূমির!

'আমাদের পথ সন্ন্যাসের।' বীরগম্ভীর স্বরে ঘোষণা করল নরেন। জ্বলম্ভ বৈরাগ্যের। জ্বলম্ভ বৈরাগ্যের মানে প্রভণ্ড অমুরাগের। বৈরাগ্যের রঙ্গুও হচ্ছে গেরুয়া।

'সন্ন্যাসী ব্দগংগুরু।' বললেন ঠাকুর। 'সন্ম্যাসীদের যোল আনা ভ্যাগ দেখলেই ভো লোকে ভ্যাগ করতে শিখবে।'

'সন্ন্যাসীর হচ্ছে নির্জ্জনা একাদশী।' আবার বললেন ঠাকুর,

'আরো ছরকম একাদশী আছে। ফলমূল খেয়ে, আর লুচি-ছকা খেয়ে। সংসারীদের হচ্ছে লুচি-ছকা খাওয়া একাদশী। তাদের এতে দোষ নেই। তাদের হচ্ছে কেল্লার থেকে যুদ্ধ। আর সন্ন্যাসীর যুদ্ধ হচ্ছে মাঠে দাঁড়িয়ে।'

সংসারীর ত্যাগ হবে মনে। সম্মাসীর ভিতরে বা বাইরে ছুয়েতেই। পাঁকের মধ্যে পাঁকল মাছের মত থাকলেই চলবে সংসারীর। সম্মাসী পাঁকের কাছাকাছিই আসবে না।

কেন, কেন এত সব কঠিন নিয়ম সন্ম্যাসীর ? ঠাকুর বললেন, 'তাকে যে লোক-শিক্ষা দিতে হবে। তাকে দেখে যে লোকের জাগ্রত হবে চৈতক্য।'

যদি কৃশানুই না জলে তবে শীতত্রাণ হবে কি করে ?

'বাব্রামকে বললাম তুই লোকশিক্ষার জ্বস্থে পড়।' ঠাকুর বলছেন ভক্তদের, 'সীতার উদ্ধারের পর বিভীষণ রাজত্ব করতে রাজি হল না। রাম বললেন, মূর্থদের, শেখাবার জ্বস্থে রাজা হও। নইলে তারা বলবে, বিভীষণ রামের এত সেবা করল, তার লাভ কী হল! রাজা হয়ে সিংহাসনে বসে তোমাকে রাজত্ব করতে দেখলে তারা খুশী হবে।'

গেরুয়াকে নিশান করো। গেরুয়া ছিল বলেই কামকাঞ্চন ও বিলাসব্যসন পৃথিবীর যাবতীয় মনুষ্যম্ব হরণ করতে পারেনি।

কিন্তু, সাবধান, গেরুয়ার অহমিকা যেন পেয়ে না বসে।

'কি রকম জানো ?' বললেন ঠাকুর। 'ঠিক ছপুরবেলা সূর্য মাথার উপরে ওঠে। তখন মামুষটা চারিদিকে চেয়ে দেখে, আর ছায়া নেই। তাই ঠিক জ্ঞান হলে, সমাধিস্থ হলে, অহংরূপ ছায়া থাকে না।'

গেরুয়া হচ্ছে সেই সমাধি সেই সম্যক সম্বোধির রঙ। নইলে গেরুয়া পরে ভাবলে একটা কেষ্ট-বিষ্টু হয়েছি, ভাকিয়া না পেলে বসবে না ঠেসান দিয়ে, তাহলেই সর্বনাশ।

क्रांता ७३ तरे, अ७ एउत मह (शराहि आमता। वनानन

ভিত্তে । ভোগে রোগভয়, কুলে চ্যুতিভয়, মানে দৈক্তভয়, বিছে রাজভয়, বলে শত্রুভয়, রূপে জরাভয়। শাস্ত্রে তর্কভয়, গুণে নিন্দাভয়, দেহে যমভয়। এ জগতে সর্ববস্থ ভয়ান্বিত। শুধু বৈরাগ্য অভয়।

কিন্তু কোথার যাবে? বলছি ছরের ছেলে ছরে ফিরে যাও। কাশীপুরের বাগানবাড়ি যেখানে কোনরকমে আছ সবাই মাথা গুঁজে, ভার ইজারার মেয়াদ মোটে আর সাতদিন।

এতগুলি ঘরছাড়া ছেলের জায়গা দেবে কোথায় ? মনে থাকে যেন ঠাকুর এদের সকলের ভার ভোমার হাতে সঁপে দিয়েছেন।

## ₹8

কাশীপুরের বাড়ি এবার ছাড়তে হয়। নোটিশ দিয়েছে বাড়িওয়ালা।

এখন যাই কোধায় ? কোধায় মিলাবৈ মাথা গোঁজবার ঠাই ? ডেরা-ডাণ্ডা কে জোটাবে ?

ঠাকুর জোটাবেন।

কোথায়! তার কোন আভাস-উদ্যোগ দেখি না। ইন্ধারার মেয়াদ ফুরোতে আর হু'দিন! তারপর গাছতলা।

লাটু ভারক আর বুড়ো গোপাল—এরা তিনজন তো বাড়িঘর ছেড়ে কায়েমী বাসিন্দে হয়েছিল কাশীপুরে, ভারা কি তবে কিরে যাবে? আর যে সব সন্ন্যাসী-শিশু নিঙ্যু আসা-যাওয়া করছিল ভারা আর হবে না এমুখো? সব ভেস্তে যাবে? কেঁচে যাবে?

'ভাছাড়া আবার কি।' গৃহী ভক্তরা উপদেশ দিতে এল। 'এ সব কচি কচি ছেলে পথে পথে ভিক্ষে করে বেড়াবে ? নিরাশ্রারের মত পড়ে থাকবে ঘাটে-মাঠে ? ভার চেয়ে ঘরের ছেলে ঘরে ফিরে যাও। আখের নই কোরো না।' ওদের কথা শুনিস্নি। বললে নরেন। ঠাকুরের কথা ভাব্। ঠাকুরের কথা বল্।

অভিভাবকরা নাছোড়বান্দা। কেউ বি. এ. পড়ার মাঝখানে কলেজ ছেড়ে দিয়ে চলে এসেছে, তাদের টানতে লাগলেন। পড়া সাঙ্গ করে পরীক্ষা দিয়ে তবে চলে আসিস না হয়। সন্ধাসী হবি তো বিদ্বান হতে দোব কি!

কেউ-কেউ গেল বৃঝি ফিরে। পাশ করে আসতে। কিন্তু পাশ করা না পাশ পরা!

যে যাবার যাক। আমরা যাচিছ না। আয় সবাই বসি গোল হয়ে। ঠাকুরের কথা ভাবি, ঠাকুরের কথা বলি।

আৰু ছাদ, কাল না হয় মুক্ত আকাশ। আমাদের আচ্ছাদনও যিনি অনাবরণও তিনি। আমাদের সর্বত্রই রামের অযোধ্যা।

'সেইবার কি একটা মন্ধার কাণ্ড হল শোন!' নরেন পূর্বকথা বলতে লাগল। 'আমি চুপচাপ বসে থাচ্ছি, হঠাৎ ঘাড়ের উপর চেপে বসলেন। বসেই সমাধিস্থ হয়ে গেলেন।'

আবার বললে, 'বলতেন আমার যারা আপনার লোক তাদের বকলেও আবার আসবে। জ্ঞানো তো, আগে কালী মানতুম না, যা ইচ্ছে তাই বলতুম। একদিন চটে উঠে বললেন, শালা, তুই আর এখানে আসিস না। সেকি তিরস্কার, না, ভালোবাসা। আমার এতটুকু রাগ হল না। আমি তামাক সাজতে বসলুম। তাই দেখে ঠাকুরের কি তৃপ্তি। মাস্টারমশাইকে বললেন, নরেন আমার আপনার লোক, তাকে বকলেও তার রাগ নেই।'

মাস্টারমশাই বললেন, 'যখন আসে তখনই একটা কা**ও** সঙ্গে আনে।'

শিশুর মতন হাসলেন ঠাকুর। বললেন, 'ও একটা কাণ্ডই বটে। প্রকাশু কাশু।'

একঘর লোক, একপাশে গিয়ে বসেছি। স্বাইকে ক্রেলে আমার দিকেই তাকিয়ে আছেন, আমার সঙ্গেই তাঁর যত কথা। আমি বলপুম, সে কি, এঁদের সঙ্গে কথা কন! আমার কথা কানেও তুলতেন না! কাছে ডেকে নিয়ে গায়ে হাত বৃলিয়ে দিভেন।

পরিহাস করে বলতেন, দ্যাখ একটু বেশি-বেশি আসবি। প্রথম আলাপের পর নতুন পতির মতন একটু ঘন ঘন আসতে হয়।

কিন্তু তেমন আর কই যেতুম। বলতেন, নরেন বেশি আসে না। ভালোই করে। বেশি এলে আমি বিহবল হই।

ষহ মল্লিকের বাগানে বসে কাঁদতেন আমার জন্তে। সবাই বলত, একটা কায়েতের ছেলে, কি বা ছাই পড়াশুনো, এর জন্তে আপনার অধীর হওয়া সাজে না। ওরে কি বলিস, ওর জন্তে যে আমি ছারে-ছারে ভিক্ষে পর্যন্ত পারি।

একদিন গিয়েছি, তখন সেই অস্বীকার আর অবিশ্বাসের অধ্যায়, বলছেন বিরক্ত হয়ে, তুই আমাকে নিস্তনা, মানিস্তনা, তবু আসিস কেন ?

সভ্যি আসি কেন? কে কোথাকার সেঁরো মুখখু ৰামুন কালী পেয়েছে কি না-পেয়েছে তাতে কী মাথাব্যথা! আমি কেন আমার মধ্যরাত্রির সুখশযা। ফেলে চলে এসেছি দক্ষিণেশ্বরে? আমি বিশ্বনাথ দত্ত এটর্ণির ছেলে, ইরং বেঙ্গলের প্রক্তিনিধি, মিল-স্পেলার পড়া দার্শনিক, কী আমার আসে যায় একটা কালীঘরের পুরোতের মাথা খারাপ হয়েছে কিনা তাই নিয়ে। আমার কেন মাথা খারাপ হয়? আমি কেন আসি?

সেদিন সেই উত্তর আমাকে দিতে হয়েছিল স্পাষ্ট করে। অস্তব্যের অন্ধকার হাতড়ে-হাতড়ে খুঁজে বের করতে হয়েছিল সে মুক্তামণি।

বললাম, আসি কেন ? আসি ভোমাকে ভালোবাসি বলে।

অহেতুক ভালোবাসা, অবিমিশ্র ভালোবাসা। নির্মাল, নিরছ্ণ ভালোবাসা। কোথায় যাব সেই ভালোবাসা ফেলে? একটা রুঢ় উদ্ধৃত প্রস্তরকঙ্করময় পাহাড় ছিলাম, সেই প্রেমম্পর্শে হয়ে গেলাম একতাল নবনী। ভার ভালোবাসার কথা আর বোলো না। এবার শুরু করকা লাট্ট্, একদিন শিবমন্দিরে বসে ধ্যান জমে গিয়েছে, আশ-পাশের খেরাল নেই। ধ্যান ভাঙতে তাকিয়ে দেখি ঠাকুয় পাশে বসে হাওয়া করছেন আমাকে। দেখো দিকি কাও। পাখা কেড়ে নিডে গেলুম, দিলেন না। বললেন, এ কি আমি তোকে হাওয়া করছি ? শিবকে হাওয়া করছি।

আমি একটা কোথাকার কে, কোন বাড়ির চাকর, অপদার্থ অনাথ, আমাকে তিনি ভালোবাসা ঢেলে দিলেন। আমাকে কুপানা করলে আমি নকরি করতে-করতে বকরি বনে বেভাম। আমার শুধু বলতেন, গ্রাথ, দিল সাফ রাখবি আর গরদা চুকতে দিবিনে। নিজ্বের বুকের উপর হাত রাখতেন। এইখানে সাচচা থাকবি। কামকামনা যদি বেশি উৎপাত করে ঈশ্বরের নাম নিবি, তাঁকে ডাকবি প্রাণপণে। তিনিই ভোকে বাঁচিয়ে দেবেন। যখন তাতেও মন বসাতে পারবিনে, ছুটে আমার কাছে চলে আসবি।

ঘুম থেকে উঠেই প্রথমে ঠাকুরের মুখ দেখতুম তারপরে অক্ত কাজ। সেদিন তাঁর ঘরে গিয়ে দেখি তিনি নেই। চোখে হাত চাপা দিয়ে চেঁচিয়ে উঠলাম, আপনি কোথায় ? যাচ্ছি রে যাচ্ছি। কোথায় ছিলেন ছুটে এলেন আমার ডাক শুনে। এমন করুণা, আবার চোখের দৃষ্টিটি বাঁচিয়ে দিলেন। চোখ মেলে দেখলুম সেই নয়নাডীতকে, নয়নোংসবকে।

আরেকদিনও অমনি উঠেছিলাম চেঁচিয়ে। ঠাকুর প্রতিধ্বনি করলেন, বাইরে আয়।

বাইরে গিয়ে দেখি কি খুঁজছেন বাগানে।

কি খুঁজছেন ?

12

ওরে কাল একজোড়া নতুন জুডো এনেছিল না, তার একপাটি রয়েছে আরেক পাটি খুঁজে পাছিছ না—

সেকি ? আপনি খুঁজছেন কেন ? আর, ডাছাড়া এখানেই বা আসবে কি করে ? কি করে বলি ? হয়তো শেয়ালে টেনে এনেছে।

বেই আমুক, আপনাকে খুঁজতে হবে না। বলে উঠলাম ধমকের স্থারে, আপনি চলে আমুন।

কি বে বলিস তার ঠিক নেই। অমন নতুন জুতো জোড়া তোর ভোগে এল না। কাল সবে এনে দিল আর—মাত্র একবার পায়ে দিয়েছি।

ছুটে গিয়ে তার পায়ে পড়লুম। বললাম, আপনি চলে আমুন। আপনাকে ওসব খুঁজতে নেই। আমার আজকের দিনটা বিলকুল নষ্ট করে দেবেন না।

ঠাকুর হাসলেন। বললেন, দিন কি ওতে খারাপ যায় রে? যেদিন ভগবানের নাম নেওয়া হয় না সেইদিনই খারাপ যায়।

ঝড়-জল-বিহ্যতের দিন হুর্যোগ নয়, হরি-ৠারা দিনই হুর্যোগ।

এবার তারকের পালা। কি করে জার চিবৃক ধরে আদর করেছেন, কি ভাবে টেনে নিয়েছেন কোলোর মধ্যে। তাঁর জেলের গাড়ুটি পর্যন্ত ধরতে দেননি। যেহেতু আমার বাবা তাঁর গাত্রদাহ কমাবার জন্মে তাঁকে ইষ্টকবচ দিয়েছিলেন সেইজ্বন্তে আমাকে সেবা করতে দিতেন না, বলতেন, তোর সেবা কি নিতে পারি ? তোর বাবাকে যে আমি শ্রদ্ধা করি গুরুর মত।

সেবার, এখানে, বামুন নেই কদিন থেকে, নিজেরা পালা করে রান্না করছি। কি বা রান্না, ভাত ডাল চচ্চড়ি। সেদিন আমার পালা পড়েছিল, তোদের মনে আছে? চচ্চড়ির ফোড়নের গন্ধ তাঁর নাকে পৌচেছে। জিগগেস করলেন, কে র ধছে রে? তারকনাথ? তবে একটু আমার জয়ে নিয়ে আয়।

এমনিতে হুধ স্থান্ধ সেদ্ধ ছাড়া কিছু মূখে তুলতে পারেন না, কি কপা, আমার রান্না চচ্চড়ি সেদিন চেয়ে খেলেন।

হাঁা, শুধু তাঁর কথা বলো। আমাদের অস্ত কথায় দরকার কি, কি লাভ বুথা কথায়। যা বলবে, হিত কথা, ঋত কথা। যদি কথা বলবার লোক না পাও তাঁর সঙ্গে বলো। সবার মধ্যে তাকে সাক্ষাৎকার করো। যদি তাই হয় তবে হরি-কথা ছাড়া ভালবাসার কথা ছাড়া আনন্দের কথা ছাড়া আর কোন কথা কইবে ?

'তাঁকে না দেখে কি করে বেঁচে আছি?' নরেন অন্থির হরে উঠল। 'হাারে লেটো, যাকে দেখতে না পেরে চোখে হাত চাপা দিয়ে থাকতিস, এখন চোখ মেলে কি দেখে শাস্ত হরে আছিস জিগগেস করি?'

রাত বেশি হয়নি, পুকুরধারে নরেন পায়চারি করছে। সঙ্গে ভক্ত-বন্ধু হরি। বাড়ি-ছাড়ার দিন ঘনিয়ে এল। এবার কি করি, কোথায় যাই।

ভয় নেই। তিনি আছেন। আর আছে জ্বলম্ভ বিশ্বাস। প্রচন্ত বৈরাগ্য। আমরণ প্রতিজ্ঞা।

হঠাৎ দূরে একটা বিহ্যাৎ ঝলসে উঠল। চমকে উঠল ছজনে। ঝলসে উঠেই মিলিয়ে গেল না। স্থির হয়ে দাঁড়িয়ে রইল। মামুষের অবয়ব নিলে। মনে হল জ্যোতির বসন-পরা কে একজন মামুষ যেন নেমে এসেছে আকাশ থেকে।

স্থির হয়ে দাঁড়িয়ে থাকছে কই ? আস্তে-আস্তে এগিয়ে আসছে। কটক পেরিয়ে বাড়ির হাতার মধ্যে চলে এসেছে।

একে ? ঠাকুর ?

দর্বাক্তে শিউরে উঠল নরেন। বোধহয় মাথার ভূল। চোধ কচলাল বারকতক। বোধহয় রুশা স্বপ্ন! না, আরো এগিয়ে আসছেন। যেখানে জুঁই ফুলের মঞ্চ সেখানে এসে দাঁড়িয়েছেন স্কর হয়ে!

একি ! এ কে ? হরি চমকে উঠল। আঁকড়ে ধরলে নরেনকে। সেই অভয়ময় ভূবনমনোহর হাসি। ললাটে সেই তপস্থার প্রদীপ্তি। তুই পল্পপত্রবিশাল চোখে বিরামহীন করুণা।

দেখে যা দেখে যা সকলে। সিদ্ধুকে যে বিন্দু করেছে সেই জাতুকরকে দেখে যা। দেখে যা প্রধান পুরুষোভ্যমকে। সর্বমন্ত্র-

সবাই ছুটে এল লঠন নিয়ে। এখানে-ওখানে ঝোপে-ঝাড়ে অনেক থোঁজাখুঁজি করল। আর কি তাঁর দেখা পাওয়া যায়!

সেই নির্মল জ্ঞানচকু কজনের আছে! দিগদেশে না পাও দেখ তাঁকে দ্রদাকাশে। দ্রদাকাশে বোধভারু।

স্থরেন মিন্তিরকে দেখা দিলেন স্বপ্নে। বললেন, আমার ছেলেদের একটা ব্যবস্থা করে দাও। তুমি আমার রসদদার, তুমি আমার জয়ে কত করেছ। কাশীপুরের বাড়ির খরচ বাবদ কত দিয়েছ মাস-মাস। তুমি থাকতে আমার ছেলেরা নিরাশ্রয় হয়ে যাবে ? ভিক্সকের মত ঘুরে বেড়াবে পথে-পথে ?

ঠিক ঠাকুরের মূর্তি। ঠিক তাঁর কণ্ঠস্বর।

ঘুম ভাঙতেই স্থরেন মিন্তির ছুটল কাশীপুরে। ঠাকুরের ছেলের। তাকে ঘিরে দাঁড়াল। কি ব্যাপার ?

ব্যাপার আর কিছুই নয়। এক বাড়ি যায় আরেক বাড়ি যোগাড় করে দেব। আমি তার ভাঙা যোগাব। আমি একা না পারি চাঁদা সংগ্রহ করব গৃহীদের কাছ খেকে। তোমাদের কিছু ভাবতে হবে না। সেই বাড়িতে তোমান্ত্রের মঠ হবে।

'শুধু তোমাদেরই আশ্রয় নয়, আমাদের সংসারীদেরও আশ্রয়।' স্বরেনের তুই চোখ ছলছল করে উঠল। 'আমরাও জালা জুড়োভে রোগ সারাতে আসব সেই শাস্তির নিলয়ে।'

জয় শ্রীরামকুফের জয়। ভক্ত সন্ন্যাসীর দল লাফিয়ে উঠল। যা অসম্ভব ছিল তাই সহজ্ঞ-মূলভ হয়ে উঠল! লোভনীয়ই জানতম এখন দেখছি লাভনীয়।

বরানগরে প্রায় একটা জঙ্গলের মধ্যে নড়বড়ে একটা দোজলা ভাঙা বাড়ি পছন্দ করল সবাই। নিচের তলায় সাপখোপেরা থাকবে উপরের তলায় আমরা। পিছনে যে পাঁকের পুকুরটি আছে সেটিও অনবস্তু। মশার পণ্টনী কুচকাওয়াজ চলছে দিবারাত্র। দেয়ালের ফোকরে ছতুমপেঁচার আন্তানা। সদর দরজা থুবড়ে পড়েছে, সামনের ঝোলা বারান্দাটিও গেল-গেল। তবু এই বাড়িই ভালো। কলকাতার কলুব-কোলাইলের খেকে আনেক দূরে। নির্জনে থাকা যাবে। কেউ নাক ঢোকাতে আসবে না। কেমন আছি কেমন দিন কাটছে তাও আসবে না জিগগেস করতে।

বলো কি, ঐ বাজিতে কি করে থাকবে? কে একজন বাধা দিতে এল। ওটা যে ভূতের বাড়ি। ভূতের ভয় না করো মৃত্যুভয় তো আছে। একদিন ছাদ ভেঙে মারা পড়বে সবাই।

নরেন হাসল। বললে, ভূত আমাদের ভাই। মৃত্যু আমাদের মিতা।

এই বাড়িই স্বর্গ। কাছেই গঙ্গা, কাছেই শাশান। যে গঙ্গা ঠাকুরের শান্তি আর যে শাশান ঠাকুরের শযা।

আর, সব চেয়ে বড় কথা, বাড়িটা সস্তা। মোটে দশটাকা ভাড়া।

আমাদের অট্টালিকা কে দেবে ?

আমরা শিবের দৈতা-দানা।

আমাদের দেখে ভূত পালায়। আমাদের কৃদ্ধ দেখে কঠোরতা দেখে। ধারে-কাছে ঘেঁষতেও পারে না। দিবা-রাত্রি, ক্ষ্ধা-তৃষ্ণা, আরাম-নিজা, ঘৃণা-লজ্জা, আচার-বিচার—কত রকমের ভূত। সব তফাত থাকে। যখন হর-হর ব্যোম-ব্যোম করে উদ্মাদ নৃত্য করি ভূতেরই ভয় হয়।

তাই উপরের বড় ঘরটার নাম হয়েছে দানাদের ঘর। আর বে ছুখানা ঘর আছে ছুপাশে, একখানা ঠাকুরঘর, আরেকখানা নৈবেছাঘর।

त्मरे मानात्मत परतरे नवीन माधितहः थाका-वमा । **एरत, छ**वि

কোখার ? এই ঘরেই। চট বিছিয়ে চ্যাটাই বিছিয়ে। চট-চ্যাটাই না জোটে শুকনো মেকের উপর। বালিশ, বালিশ কোখার ? 'এই যে নরমনরম বালিশ এনেছি ভোদের জন্তে। মাথার দিয়ে শো।'

পর-পর কথানা ই'ট সাজ্ঞানো। ইষ্টকই ত্যাগতেজ্বস্বী সন্ম্যাসীদের উপাধান।

শুধু শোবার-থাকবার ব্যবস্থা করলেই তো চলবে না, খেতে ছবে তো ? দেহটাকে রাখতে হবে তো টি কিয়ে।

ভাত জোটে তো মুন জোটে না। মুন-ভাত জুটলেই রাজ-ভোজ। শুধু মুন-ভাত ? একটা কিছু তরকারী জোটে না? তোদের ভাগ্য ভালো, জুটছে একটা না-চাইতেই। বাড়ির জঙ্গলের মধ্যে রয়েছে ঐ ভাখ তেলাকুচো। তার গোটাকতক পাতা ছিঁড়ে এনে সেদ্ধ করে নে। তেলাকুচো পাতা সৈদ্ধ আর মুন-ভাত—এ রাজভোজের চেয়েও বেশি, অমৃতভোজ। তাই চালিয়ে যা দিনের পর দিন, মাসের পর মাস।

'ওরে আঙ্ল টাকনা দিয়ে খা।' বললে বিবেকানন্দ। থাকা-খাওয়া হল—পরা ?

একটা করে কৌপীন আর একট্করো গেরুয়ার কানি। উপর গায়ে ? মুক্ত হাওয়া। না, একখানা চাদর আছে। প্রত্যেকের একখানা করে নয়, সকলের জত্যে একখানা। দড়ির উপর টাঙানো আছে, যে যখন বাইরে যাচ্ছে টেনে নাও গায়ের উপর।

কষ্ট ? কষ্টেরও এখানে আসতে কষ্ট হবে। তুঃখ ? তুঃখ তুঃখিত হয়ে চলে গেছে অনেকদিন।

একটা নতুনের আনন্দের মধ্যে চলে এসেছে সবাই। ব্রপথানের নামনুত্যের আনন্দ। ঈশ্বরকে উপলব্ধি করে যাব এই বিশ্বয়কর প্রতিজ্ঞার আনন্দ। এমন একটা আনন্দ যে সবাই আশ্চর্য হয়ে গিয়েছে। সেই আশ্চর্যময়তার মধ্যে কে তাকায় থাকা-পরার দিকে, কে নেয় ভাত-মুনের হিসেব ? আর আছে একটা তানপুরা!

জাগো জাগো সবে অমৃতের অধিকারী। ব্রাক্ষমৃতুর্তে উঠে গান ধরে বিবেকানন্দ। সহপদ্বীরাও স্থর মেলায়। তারপর সারাদিন নানা কর্মে নানা ধ্যানে সেই স্থুর, সেই স্থুৰ, সেই দীপনা-প্রাণনা।

চল আঁটপুরে যাই। বাবুরামের মা ডেকেছেন আমাদের।

হরিপাল পর্যন্ত ট্রেনে গিয়ে সেখান থেকে ছ্যাকড়া গাড়ি। পায়ে হেঁটে যেতে হলেও যাব। মা ডেকেছেন। সঙ্গে তানপুরা আছে। গান ধরো সকলে—শিবশঙ্কর ব্যোম ব্যোম।

বাবুরামের মা তো আনন্দে দিশেছারা। ঠাকুরের ছেলেরা এসেছে। অমৃতের সম্ভান। ত্যাগযজ্ঞের হোমশিখা।

মা, আমরা দশজন এসেছি। শুধু লাটু আর যোগেন রয়েছে এখনো বৃন্দাবনে। আর রাখাল, কেন কে জানে, ধরতে পারেনি ট্রেন। ভোমাকে আগে কিচ্ছু খবর দিতে পারিনি। ভরত্বপুরে চলে এসেছি আচমকা। হেঁসেল আমাদের হাতে ছেড়ে দাও, আমরা নিজেরাই রায়া করে নিচ্ছি।

মা কি সে কথা কানে তোলেন? তোমাদের কাউকে হাত লাগাতে হবে না। তোমাদের দশজনের জন্মে আমি একাই দশভূজা।

আমরা এখানে চড়ুইভাতি করতে আসিনি। আমরা এখানে সক্সাস নিতে এসেছি। রূপাস্তরপরিগ্রহের ভূমিকা নির্মাণ করতে।

খিড়কি পুকুরের ধারে ভেঁতুল গাছের কটা কুঁদো পড়ে আছে।
তাই দিয়ে পূজার দালানের পাশে ধূনি আলানো হল। ধূনির চারিদিকে, আয়, গোল হয়ে বিস আমরা দশজন। এ আগুন কাঠের
নয়, আমাদের অধ্যাত্মজীবনের আমাদের অনির্বাণ উর্ধ্বপ্রত্যাশার।
এ কাঠ পুড়ছে না, পুড়ছে আমাদের বন্ধন আবর্জনা। আর এই ফে
দীপ্তি এ আমাদের বিপাপ বৈরাগ্যের।

'ঈশরোপলজিই আমাদের জীবনের সাধনা। কি করে মানুষ তৈরি করব যদি না নিজেরা মানুষ হতে পারি ? আর যার মধ্যে যতথানি ঈশ্বরবিকাশ তার ততথানি মহুদ্রছ।' নরেন ঘোষণা করল বছকঠে। এই প্রেজনিত অগ্নি স্পর্শ করে আয় শপথ করি, সকলে আমরা মান্ত্র্য হব। হব শ্রীরামকুফের প্রতিনিধি।'

প্রত্যেকেই যেন একটা দীপতাপপ্রদ অগ্নিভাণ্ড, প্রত্যেকেই যেন অমুক্তব করতে লাগল। প্রত্যেকেই যেন প্রত্যেকের আশ্রায়, প্রত্যেকের উৎসাহ। প্রত্যেকেই শ্রীরামকৃষ্ণের ক্ষয়হীন বিছাৎ-ভাণ্ডার। যেন এক দেহ এক মন এক আত্মা। এক প্রেমের প্রসম্বাবল প্রস্রবণ।

চিত্তশুদ্ধ করে নাও অগ্নিস্নানে। যদি চিত্তশুদ্ধ না হয় তাহলে ত্রিদণ্ডধারণ, মৌনাবলম্বন, জটাভারবছন, শিরোমুগুন, বঙ্কলাজিন-পরিধান, ব্রতচর্যা, অগ্নিহোত্রামুষ্ঠান; অরণ্যবাস ও শরীরশোষণ—সমস্তই নিক্ষল। চিত্তশুদ্ধি না হলেও সেবা করবে কি করে? পীড়িতকে শ্যা, আস্তকে আসন, ত্যিকে পাশীয়, ক্ষ্ধিতকে ভোজন ও অভ্যাগতকে নয়নমন প্রিয়বচন দানই সেশা।

উথিত হও, যতক্ষণ পর্যাস্ত জীবনের চরম বর পরম সম্বোধি না লাভ করতে পারো নিবৃত্ত হয়ো না। অগ্নির সই করো প্রাণের প্রতিজ্ঞাপত্র।

উপরে খোদিত কুলিঙ্গাকীর্ণ স্তব্ধ আকাশ, নিচে এই মান্থবের হাত জ্বালানো অগ্নিকুণ্ডের উধ্বশিখা অভ্যর্থনা। চারিদিকে অক্ষয় প্রশাস্তি! অগ্নিকুণ্ড ঘিরে বসেছে বন্ধুরা। বসেছে ধ্যানবিশিষ্ট হয়ে স্তব্ধতায় এককেন্দ্রীক হয়ে। কতক্ষণ কেটে গেঙ্গ রাত কে জ্বানে নরেন হঠাৎ চোথ খুলল। বলতে লাগল যীশুগ্রীষ্টের কথা। তার জ্বন্থ তার মৃত্যু তার পুনরুখানের কথা। এই পৃথিবীর নবীন-সঞ্জীবনের জন্তে আমাদের হতে হবে যীশুগ্রীষ্ট। জীবকষ্টের কার্চফলকে প্রাণ উৎসর্গ করে যাব যাতে সেই মৃতকাষ্ঠে ফুটতে পারে আনন্দের

ঈশ্বরের সামনে, পরস্পরের সামনে এই আজ আমাদের প্রতিজ্ঞা হোক, আমরা সন্মাসী হব। ঈশ্বরামূভবের আনন্দ বিতরণ করব দিকে দিকে। সেই আমাদের লোককল্যাণ। মানুষ যে ছোট নর, মানুষ যে এখানে বরে যেতে আসেনি শোনাব সেই আত্মার গভীর-গুহার প্রতিধ্বনি।

বরানগরের মঠে ফেরবার কালে চল যাই ভারকেশ্বর।

জয় শিব ওঁকার, জয় শিব ওঁকার হর হর, মহাদেব। হে চক্রচ্ড, হে মদনাস্তক শূলপানি, হে স্থাণু, হে গিরীশগিরিজেশ, হে ভীতভ্রস্দন ভ্তনাথ, সংসার-গৃংখগহন থেকে রক্ষা করো আমাকে। হে ভত্মভূষিতাক্ষ, হে সর্পোপবীতী ললাটাক্ষ, হে সর্ববিশ্বৈকজেতা বীরেশ্বর, আমার মধ্যে আবিভূতি হও। হে সভ্যোজাত হে সর্বো-শাতিশয়, সর্বদা আমাতে অবস্থাপন করো।

মঠে ফিরে চল এবার। ভাষ সবাই এল কিনা। হরি এসেছে, স্থবোধ এসেছে, গলাধর এসেছে। রাখালও চলে এসেছে সংসারের দড়ি টপকে। বৃন্দাবন থেকে লাটু আর যোগীনও এসে হাজির। ওয়া গুরুজীকি ফতে। জয় গুরুমহারাজজীকি জয়।

ওরে বৃন্দাবন থেকে তিলকমাটি এনেছিল, দে আমাকে বষ্টুম সাজিয়ে দে। নরেন ভাবলে খানিকটা লঘু পরিহাস করেনি। দে ঝুলি মালা দে। নিতাই ঠক-ঠক করি।

সর্বাঙ্গে ছাপতিলক কেটে হাতে ঝুলি মালা নিয়ে নরেন চোখ বুজে জপ করতে লাগল, নিতাই ঠক-ঠক, নিতাই ঠক-ঠক।

তার ভাবভঙ্গি দেখে আর সকলের তো হাসির অট্টরোল।

অনেক দিন হাসিনি পেট ভরে। নে আয় এখন একটু কীর্তন করি। খোল-টোল নিয়ে আয়।

তারপর বিজ্ঞপের ভান করে নরেন নাকি গান ধরল: নিতাই নাম এনেছে, নাম এনেছে, নাম এনেছে রে—

হাসতে হাসতে আর সকলে ধুয়ো ধরল। যেন কি এক্টা হাসির ব্যাপার। নাচতে লাগল কেউ কেউ।

এ কি। নরেন যে দরদরধারে কাঁদছে। কোখার হাসির হল্লোড়! এ যে দেখি নাম প্রেমের অমৃতপিও। প্রথম বাপটাটা কেটে যেতেই গলতে শুরু করেছে। অভ্যাসের শুরু কোটর থেকে শুরু হয়েছে অমুরাগের মধুক্ষরণ।

বন্ধুরা প্রথমে নির্বাক হয়ে গেল। পরে সেই গভীরস্পর্শে তারাও উদ্দীপ্ত হয়ে উঠল। গলে যাবার ঢেলে দেবার উদ্দীপনা।

বেলা বারোটা থেকে শুরু করে একটানা পাঁচটা পর্যস্ত। প্রকাণ্ড ভিড় জমেছে বাইরে। শাস্ত হয়ে তদগত মনে শুনছে সেই নামকীর্তন।

এবার বিরক্ষা হোমের অমুষ্ঠান করো। বিধিমত বৈদিক সন্মাস গ্রাহণ করতে হবে। ঠাকুরের পাহকার সামনে এই হোম। ঠাকুর গেরুয়া দিয়ে দিয়েছেন এবার সে গেরুয়া বসন না হয়ে নিশান হয়ে উঠবে। কৌপীনবান না সৌভাগাবান।

"কৌপীনবস্তঃ খলু ভাগ্যবস্তঃ।"

বেদাস্কবাক্যে যার সদানন্দ, ভিক্ষাশ্বমাত্রে যার পরিভূষ্টি, অস্তরে যার অশোক, চরাচরে যে একচর, সেই জো সোভাগ্যবান। স্থানন্দভাবে যার অবস্থান, যে সুশাস্ত-সর্বেন্দ্রিয়, অহর্নিশ যে হরিরসমদিরা পান করে, ব্রহ্মেই যার স্থায়ী স্থিতি সেই দেহে-চিত্তে প্রসন্ধ সমুজ্জন।

একদিকে বৃদ্ধের তপস্থা ও দার্চ্য, অস্তদিকে আবার ঐতিচতস্থের প্রেমভন্তি। তার সঙ্গে মেলাও শব্ধরের অবৈতজ্ঞান। আমিই ব্রহ্ম, সেই উর্জ্বল বিভাবনা। কিন্তু একসঙ্গে সব যেখানে মিশেছে সেই শ্রীরামকৃষ্ণের ব্যাকৃলতা কই ? চোখের সামনে এত দেখলাম এত ছুলাম কিন্তু কই ত্যাগ আর সাধনা, সেই জ্ঞানচক্ষু, সেই ধ্যানমন্থন, সর্বোপরি সেই অনিমেষ ভালোবাসা, সেই ক্ষমা আর শান্তি, সেই আশ্রুষ্ঠ ভাবসমাধি!

আগুন যেমন বাতাসকে ডেকে আনে আমাদের বিশ্বাস ডেকে আনবে ব্যাকুলতাকে। যদি সম্যক স্থাস বা নির্ভর করতে পারি ভগবানকে, তিনি দেখা দেবেন ধরা দেবেন। দল্ভের ভভ বিদীর্ণ করে প্রকাশিত হবেন নরসিংহ।

হোমের পর সন্থাস নিল সকলে। গুনে-গুনে পনেরো জন।
নতুন আশ্রমে এসে জন্মাস্তরের সঙ্গে-সঙ্গে নামাস্তর ঘটল। নরেন
বিবেকানন্দ, রাখাল ব্রহ্মানন্দ, বাবুরাম প্রেমানন্দ। তারক হল
শিবানন্দ, শরং হল সারদানন্দ, হরি তুরীয়ানন্দ। যোগানন্দ যোগীন,
অভেদানন্দ কালী, অখণ্ডানন্দ গঙ্গাধর। লাট্ অস্কুতানন্দ, শনী
রামকৃষ্ণানন্দ, বুড়োগোপাল অবৈতানন্দ, নিরঞ্জনানন্দ নিরশ্বন,
সুবোধানন্দ সুবোধ, ত্রীগুলাতীতানন্দ সারদাপ্রসন্ধ।

ভাঁড়ারে আজ এককণাও চাল নেই। ভিক্ষায় বেরিয়েও একমুঠো জুটল না। না জুট্ক, কীর্তন জুড়ে দাও। অবসাদকে আসর করে দেব। ঈশ্বরের নামে কুথাতৃষ্ণা দূর হয়ে যাবে। মৃত্যুকেও মনে হবে অমৃততৃল্য।

সবাই কীর্তনে মেতে উঠল। শশী আন্তে-আন্তে সরে গেল দল থেকে। এরা তো নিজের ক্ষুধাতৃষ্ণা ভূলতে চায় কিন্তু একদিকে যে ঠাকুর উপবাসী। এক কণা চাল না পেলে ঠাকুর যে থাকেন আজ্ব অনশনে। তাঁকে কী দিয়ে ভোলাব ?

বেদনায় দগ্ধ হতে লাগল শশী। ঠাকুর, তোমার মুখে দেবার জন্মে এক মুঠো অল্লেরও কি আজু সংস্থান হবে না ?

পাশের বাড়ির ছোকরাটি বন্ধৃস্থানীয়। কিন্তু তাদের বাড়ির সকলেই সন্ন্যাসীদের উপর খাপ্পা। জোয়ান-জোয়ান ছেলে ভিক্ষে করে, সারাদিন দাপাদাপি করে, কীর্তন-করে, পড়ে-পড়ে 'মুমোয়, এরা দৈত্য-দানা ছাড়া আর কি।

তবু সেই ছোকরাটিকেই নির্জনে ডেকে নিল শলী। ভাই, ভিক্ষেয় আজ কিছুই পাওয়া যায়নি। আমাদের ঠাকুর উপোস করে আছেন। কিছু আলো চাল হুটো আলু আর এক ছিটে বি দিতে পারবে ?

কঠিন কোমল হয়ে গেল। পোয়াটাক চাল কটা আলু আধ ছটাকটাক যি পৌছে দিয়ে গেল ছেলেটি।

ব্য প্রীরামকৃষ্ণ। রামকৃষ্ণানন্দ আনন্দে অরভোগ ঠাকুরকে

নিবেদন করল। অন্ধপ্রসাদ চটকে নিয়ে ছোট-ছোট পিশু তৈরি করে নিয়ে গেল দানাদের ঘরে। দানারা সবাই তখন হরিনামে উশ্বস্ত কীর্তনে বিভোর। হাঁ করো, ঠাকুরের প্রসাদ এনেছি। এক-এক দলা চটকানো ভাত সকলের মুখে দিতে লাগল একে-একে। এ অমৃত কোথায় পেলে ভাই ?

অমৃতলোক থেকে তিনি পাঠিয়ে দিয়েছেন।

## 20

চরম কৃদ্ধু চলেছে বরানগরে, প্রজ্জলিত তপস্থা, একদিন দেখা গেল সারদাপ্রসন্ন স্বামী ত্রিগুণাতীতানন্দ মঠে নেই।

কি হল, কোথায় গেল ?

অনেক খোঁজাখুঁজির পর দেখা গেল সারদা একখানা চিঠি রেখে গেছে। কি লিখেছে চিঠিতে ? পড়ে শোরা।

'পায়ে হেঁটে চললুম, আমি বৃন্দাকম। এখানে থাকা আমার পক্ষে আর নিরাপদ নয়। কখন আবার মনের গতি বদলে যায় ঠিক নেই। মাঝে-মাঝে বাড়ি ঘরের স্বপ্ন দেখি, সে সব মায়ার মৃতিতে মন নরম হয়ে পড়ে। ছ-ছবার হেরে গেছি, ছ-ছবার ফিরে গেছি বাড়িতে। আর হার স্বীকার করতে পারব না, তাই এবার দীর্ঘ পথে, দূর পথে বেরিয়ে পড়লাম।'

নরেন অন্থির হয়ে উঠল। সারদা যে নিভাস্ত ছেলেমামুষ। কে তাকে পথ বলে দেবে, কে দেবে তাকে আঞায়, খিদের সময় একমুঠো শাকার ?

রাখালের কাছে গিয়ে কেঁদে পড়ল: 'রাজা, তুই ওকে যেতে দিনি কেন ?'

রাখাল তার কি জানে! কখন এক ফাঁকে সরে পড়েছে নজর এড়িয়ে। যে যাবেই তাকে রুখবে কে? নদী-পর্বত তার পথ ছেড়ে দেবে, গছন অরণ্য ভার জন্তে রচনা করবে আঞ্জয়-আরাম।
ক্লক মকপ্রান্তরেও ভার জন্তে সরল সরণি।

রাখাল ঢোক গিলল। বললে, 'আমারও তো বেরিয়ে পড়ার

'তোমারও ?' নরেন ভয়ে আঁতকে উঠল।

'হ্যা, এখানে বড় ভিড়, গোলমাল। আমার একট্ স্থানুর নির্জনে যাবার ইচ্ছে।' রাখাল তাকাল গভীর দৃষ্টিতে: 'এই ধরো নর্মদার তীরে।'

'তবে তাই যাও, বেরিয়ে পড়ো। বসে আছ কেন ?' নরেন ঝাঁজিয়ে উঠল: 'ভেবেছ ভবঘুরের মত ঘুরে বেড়ালেই ঈশ্বরের দেখা পাবে ? ঈশ্বর তো বরানগরে নেই, তিনি আছেন নর্মদায়! যা হোথায় থাকতে পারে তা আর হেথায় থাকতে পারে না ?'

কোথায় ? কোথায় ঈশ্বর ?

একদিন এই প্রশ্ন নিয়েই নরেন সম্মুখীন হয়েছিল ঠাকুরের। ঠাকুর বলে দিয়েছিলেন, সর্বঘটে ঈশ্বর। সেই প্রশ্ন নিয়েই এক জিজ্ঞামু ভক্ত উপস্থিত হল নরেনের কাছে। প্রশ্ন করল, 'কোথায় ঈশ্বর ?' নরেন বললে, 'আত্মঘটে। হান্দেশে। তোমার নিজের বুকের মধ্যে।'

'किन किहूरे ७ वृक्षि ना।'

'তুমি কি করে ব্রবে! কীটাণুকীট, তোমার কী সাধ্য তাঁর মহিমা বোঝো। ব্যাকটিরিয়ার সাধ্য কি ডাক্তারকে কোঝে! প্রমাণু-পুঞ্জের মধ্যে এক প্রমাণু এই পৃথিবী, তার মধ্যে তুমি! কার তুমি ইয়ন্তা করবে!

'ভবে উপায় ?'

'উপায় <u>!</u> উপায় আত্মসমর্পণ। উপায় সর্ববিসর্জন। উপায় শরণাগতি।'

'কি করে আত্মসমর্পণ করব ?'

'শুধু নাম করে। শুধু জাঁকে ডেকে। হাদয়ের সমস্ত সুরচ্কু ভাঁকে নিবেদন করে।

'ভিনি কি তবে আমাকে নেবেন ?' যুবক ভক্ত আকুল চোখে তাকাল নরেনের দিকে: 'ভবে কি ভিনি আমাকে দয়া করবেন ? ভিনি কি দয়ালু ?'

'তিনি কুপার পারাবার.। কুপার মৌশুমি হাওয়া।' 'তার প্রমাণ কি ?'

'ভার প্রমাণ ভোমার নিজের করুণামাখানো মুখখানি।' নরেন বন্ধুর হাত ধরল: 'ভোমার বুকে যদি কোন করুণা থাকে সে ভো ভারই করুণা। ভোমার বুকে যদি কিছু স্লেহ থাকে ভা ভো ভারই স্লেহ।'

যমেবৈষঃ বৃণুতে তেন লভাঃ। ঈশ্বর বাঁকে কুপা করেন তিনিই তাকে লাভ করেন। কাকে কুপা করবেন সৈ সে তাঁর খেয়াল। ভূমি দেখ ঈশ্বরের প্রতি একটু ভালোবাসা আরে কিনা! ঈশ্বরের প্রতি ভালোবসার নামই ভক্তি। ভক্তির আইরক নাম "ইতর-বৈভৃষ্ণ্য-রূপিনী।" ঈশ্বর ছাড়া অপর সর্ববস্তুতে যখন বিভৃষ্ণা জন্মে তখনই দেখা দেয় বিশুদ্ধা ভক্তি। স্থতরাং সেই ভক্তি আসে বৈরাগ্য থেকে। তাই প্রার্থনা করো, হে ঈশ্বর, আমাকে বিষয়বিমুখ করো, অমাকে দাও তোমাকে একটু ভালোবাসার অধিকার।

গঙ্গাধর, অখণ্ডানন্দ মহারাজ, চলল তিব্বতের দিকে। বুন্দাবন থেকে একবার ঘুরে এসেছে কালী—অভেদানন্দ—সে এবার চলল পুরী। একা নয়, সঙ্গে শরৎ মানে সারদানন্দ আর বাবুরাম মানে প্রোনন্দ।

नवां हे हननि ?

হাঁা, যত বড়ই সাধনার কেন্দ্র হোক বরানগর ও যেন সম্পূর্ণ মুক্ত নয়। এর চারপাশে পরিচিত প্রতিবেশী, জুটে যায় এটা-ওটা সাহায্য। উপোস করে দরজা বন্ধ করে পড়ে আছি, হঠাৎ কোনো লোক পাঠিয়ে দিলে খাবারের থালা। তাদের কানে খবরটা গিয়েছিল বলেই না তারা করুণাপরবশ হয়েছিল! এমন এক জারগায় চলো থেখানে তোমার আত্মীয়-পরিচিত কেউ নেই, তুমি উপোস করে আছ কি না-আছ সে থবর কানে নেবার কারু আগ্রহ নেই বিন্দুমাত্র। তবে সেখানেই দেখব ভক্তের জত্যে প্রসাদ পাঠান কিনা ভগবান। বুঝব সভিাই তাঁর করুণা কতখানি।

'তুমি, তুই যাবি না শশী' ? রামকৃষ্ণানন্দকে জিগগেস করল নরেন।

'আমি আবার কোধার যাব ?' শশী একেবারে আকাশ থেকে পড়ঙ্গ।

'বা, এই যে সবাই ভীর্থে যাচ্ছে, কেউ বিদ্ধা, কেউ হিমালয়, কেউ শ্রীক্ষেত্রে—তুইও বেরিয়ে পড় এই সঙ্গে। তুই চলে যা দক্ষিণে।'

'কোন ছঃখে ? শশী ঘুরে দাঁড়াল: 'এই মঠের জিন্মায় ঠাকুরের প্তভন্ম, তাই এই মঠই আমার সারতীর্থ, দক্ষিণেশ্বরই আমার তীর্থে-শ্বর। আমি আমার ঘাঁটি ছাড়ব না কিছুতেই।'

মঠের শির্দাড়া হচ্ছে শশী, তাকে কিছুতেই বাঁকানো গেল না। নিষ্ঠায় সে নিয়তাত্মা।

সবাই যদি চলে যায়, আমি কেন বসে থাকি ? আমার কেন এত মায়া ? সন্মাসী হয়ে শেষকালে কি সন্মাসী ভায়েদের মায়ায় জড়িয়ে পড়ব ? মায়ের পেটের ভাইবোনেরা তবে কি দোষ করেছিল ? লোহার হোক সোনার হোক শৃন্ধল । শৃন্ধলকে ছিন্ন-দীর্ণ করতে ছবে।

শিব শিব শিবভোঃ, ঞ্জীমহাদেব শস্তো। বেরিয়ে পড়ল নরেন।

পরনে গেরুয়া কাপড়, গায়ে গেরুয়া আলখাল্লা, ছাতে কমগুলু আর দণ্ড, ভিক্ষায় বেরিয়েছে কোন রাজপুত্র। রূপে রভিপতি ভেজে দিনপতি এ কে উধর্শ শিখ ছতাশন। চোধে জাগ্রত জ্ঞান মুখভাবে ভক্তির বিনম্রতা। দীপ্তবিশালনেত্র গন্ধীরবলবাহন এ কে প্রশান্ত পুরুষ। যে দেখে সেই জ্বাক হয়ে থাকে। যদি কেউ বা নিজের অক্লানতে কিছু সম্বোধন করে বসে, সনমন্ধার উত্তর হয়: 'নারায়ণো হরি:।'

প্রথমেই চলে এল কাশী। কাশী সর্বপ্রকাশিকা। গছনগাহিনী গঙ্গা, বীরেশ্বর বিশেশরের মন্দির, কিছু দ্বে মহামূর্ডি সারনাথ। এখানেই এসেছিলেন বৃদ্ধদেব, এসেছিলেন শঙ্করাচার্য, এসেছিলেন রামকৃষ্ণ। নাও এখানকার বায়ুস্পর্শ, ধূলিস্পর্শ, সলিলম্পর্শ। শুদ্ধ হও উজ্জল হও লাবণ্যমনোহর হও। উদারধী প্রসন্ধরী হও। হও সূর্যবীর্যসমৃদ্ধর।

রাস্তায় কতগুলো বামর তাড়া করল স্বামিজীকে। ভয় পেয়ে ছুটতে লাগল স্বামীজি। হয়তো মনে হল পলায়নেই মুক্তি। পলায়নেই পরা মুধা।

যত ছোটে ততই বানরের দল তেড়ে আসে।

সহসা কে হুদ্ধার করে উঠল: খামো, পালিয়ো না। ফিরে দাড়াও, ক্লখে দাড়াও, দাড়াও বুক ফ্লিকে!

যেন দৈববাণী হল। কে যেন সবলে ছাঁড় করিয়ে দিল ক্ষাঞ্জি⊊ে । বিপদের সামনে দৃঢ়পদ করে দিল।

আর যায় কোথা! বানরের দল লেজ গুটোলো। চোঁচা চম্পট

সূতরাং, ফিরে দাঁড়াও, দাঁড়াও সাহসবিস্তৃত বন্ধ মেলে, দূঢ়বন্ধ-পরিকর হয়ে। যত বড় বাধা তত বড় উৎসাহ। মহাবিদ্ধে মহোৎসাহ। ভয়ের সামনে দাঁড়াও, দাঁড়াও কাপট্যের সামনে। শুধু সম্মুখীন হও। অজ্ঞানের, আলস্তের, অনিশ্চয়তার। সমন্ধ্রনাত করো। দাঁড়াও জীবনের মুখোমুখি। যা কিছু ভয়াবহ তোমার বীর্যে তোমার সামর্থো তাকে তুমি জ্বয়াবহ করো। এড়িয়ে যেও না, পেরিয়ে এস। পাশ কাটিয়ে যেও না, অভ্যন্ত ভেদ করে সোজা বেরিয়ে এস তীক্ষ ভরোয়ালের মত।

আত্মদীপ হও। উদ্ধরেদাত্মনাত্মানং। নিজেকেই নিজে উদ্ধার করো। নিজেই নিজের ধাতা-ত্রাতা-মহাদাতা। ভূমি ছাড়া আমার কে আছে ? আমি আছি। কেননা ভূমিই আমি !

ভাই বলো, আমি ছাড়া আমার কে আছে ?

কাশীতে ত্রৈলঙ্গ স্বামীর সঙ্গে দেখা করল স্বামীজি। ত্রৈলঙ্গ স্বামী কথা কন না, যদি কখনো নিভাস্ত দরকার হয় ইশারায় উত্তরু দেন। আছেন অখণ্ড মহামৌনে। অমুভবসিদ্ধ অবস্থায়। অচল-প্রতিষ্ঠ ধ্যানের সমুদ্রের মত।

প্রণাম করে, দাঁড়াল স্বামীজি। কোনো কথা কইল না। ওপু ভাবল এরই কাছে একদিন এসেছিলেন রামকৃষ্ণ। জিগগেস করেছিলেন, 'জীব আর ব্রহ্ম কি আলাদা ?' ত্রৈলঙ্গ স্বামী ইশারার বলেছিলেন, যতক্ষণ ভোদাবোধ আছে ততক্ষণ আলাদা। যেই ভেদবোধ দূরে যাবে অমনি এক।'

বহুর মধ্যে এককে দেখা, আপাতভিন্ন প্রতীয়মান বাহুজগতের মধ্যে একছ আবিকার করা, সেই সাধনাই জীবনসাধনা। মুক্তি-সৃষ্টির নয় মুক্তি দৃষ্টির। কি করে চোখের ধাঁধা ঘুচে বাবে মনের দশ্ব মুছে বাবে তারই জয়ে অন্তরের আগুনে নিজেকে তপ্ত করা। আর বা তপ্ত করে তাই তপস্থা।

শুধু একজনই আছেন। বলছেন স্বামীজ। যিনি একমাক্র সন্তা, জন্মমৃত্যুবজিত, সর্বব্যাপী, সর্বাংশস্পর্শী। তিনিই একমাক্র আত্মা, একমাক্র পূরুষ। তাঁরই আদেশে আকাশ ছড়িয়ে আছে দিকদেশ আছন্ন করে, তাঁরই আদেশে বাতাস বইছে, আগুন অলছে, অন্থ্র মৃত্তিকার বাধা বিদীর্ণ করে উদগত হচ্ছে। তাঁরই আদেশে সর্বত্র এই প্রাণরঙ্গ। তিনিই সমস্ত প্রকৃতির ভিত্তিস্বরূপ। তিনি তোমারও ভিত্তিভূমি। স্থুতরাং, সন্দেহ কি, তুমিই তিনি। তুমি আর তিনি অভয়, অচ্ছিন্ন, অব্যবহিত। বেধানেই ছই সেধানেই ছন্দ্র। যখন সবই এক তখন তুমি কাকে ঘূণা করবে কাকে আঘাত ছানবে ? কার সঙ্গে তোমার যুদ্ধবিগ্রহ ? যখন অনেক দেখছ তখনই জানবে তুমি রয়েছ অজ্ঞানে, যখন দেশবে তুমিই সেই সর্বাত্মা নিতাপুরুষ তথনই ত্মি মৃক্ত, পূর্ণ, পরমপ্রসর। এ ছাড়া মৃক্তির কোনো অর্থ নেই, নেই বা পূর্ণতার উপলব্ধি। তুমিই সেই ঈশার। স্থতরাং চারদিকে মায়ুষ না দেখে ঈশারকে দেখ।

আগ্রা হয়ে বৃন্দাবনের দিকে চলেছে স্বামীঞ্চি। চলেছে পায়ে তেঁটে। একটা কানাকড়িও সঙ্গে নেই। পথের ধারে কোথায় তার জজ্যে একটু বিশ্রামের ছায়া পাতা কে বলে দেবে!

চলেছে তো চলেইছে। শ্রান্তিতে-ক্লান্তিতে ভেঙে পড়েছে সর্বদেহ। কি করি, কোণায় যাই!

দেখতে পেল পথের ধারে গাছতলায় বলে কে একটা লোক ভামাক খাছে। কলকে থেকে ধোঁয়ায় কুওলী উঠছে। লোকটার মুখে প্রগাঢ় তৃপ্তি। যেন তার শরীর বেকে মুছে যাছে সমস্ত দিনের পুঞ্জিত অবসাদ।

আহা, যদি পেতাম এমনি এক ছিলিম তামাক। স্বামীজি দাঁড়াল একমুহূর্ত। একটি সুখটানে মুৰ্ছে যেত সমস্ত পথশ্ৰম।

'ভাই তোমার কলকেটা একটু হৈদবে? একটা টান দিই—' স্বামীজ্ঞ হাত বাডাল।

লোকটা তাকাল স্বামীজির দিকে। উদারদর্শন গৌরকান্তি পুরুষ
—দেখে কেমন ত্রস্ত-লজ্জিত হল। কুন্তিত হয়ে বললে, 'মহারাজ,
আমি ভাঙ্গি, আমি মেথর।'

প্রদারিত হাত সংবৃত্ত করল স্বামীজী। মেধরের উচ্ছিষ্ট কলকে কি করে মুখে দিই!

আরামের মূখে ছাই দিয়ে ফিরে চলল স্বামীজি! কি হবে আমার স্থা-আরামে? অপরিমেয় তৃঃধই আমার স্থা। অনপনেয় ক্লান্তিই আমার আরাম।

খানিকটা পথ এগিরে এসে থেমে পড়ল স্বামীজি। এ কি, আমি সন্ন্যাসী না ? আমি না সমস্ত সংসারশৃত্থল ছিন্ন করেছি, ছিন্ন করেছি সমস্ত সংস্থারজ্ঞাল ? এই আমার সর্বভূতে অভেদদর্শন ?

নয়ন উশ্বালন করে সর্বভূতে ঈশ্বরদর্শন কর। এই যে মেধর এও

সেই ঈশ্বর ছাড়া কেউ নয়। কাকে তুমি ঘুণা করছ ? কাকে তুমি व्यवसा करत পরিহার করলে? তুমি তাকে ছোট করে দেখেছ বলেই সে ছোট নয়। তুমি জিনিসকে হলদে দেখছ বলেই তা হলদে নয়। সূর্য সূর্যই আছে শুধু ডোমার দেখবার ভূল। আর এই দেখবার ভূলের জন্মেই ভোমার যত ছংখ। শাখত সুখ কার ? যিনি এক, একমাত্র, যিনি সকলৈর নিয়ন্তা, সকলের অন্তরাম্বা, যিনি একরপকে বছধা করছেন বিচিত্র করছেন, তাঁকেই যে দেখছে অহরহ, অন্তরে আর বাহিরে—তার। যিনি অনিত্যের মধ্যে নিডা, চেডনের মধ্যে জাগ্রত, যিনি একাকী হয়েও সকলের কাম্যবস্তু বিধান করছেন তাঁকে যে দেখে, দেখতে শেষে, তারই অক্টেদ শান্তি। যার চোথ আছে সে দেখ, যার কান আছে সে শোনো। তুমি সন্মাসী, তুমি কি অন্ধ, তুমি কি বধির ? যোহসাবসোপুরুষ: সোহহমিম। এ কথা ঘোষণা করোনি ৩৯রণ করোনি অমুভবের গভীরে? তবে কেন ফিরে এলে ? তোমার মধ্যে এ যে পুরুষ রয়েছে সে আমিই। বলো আবেকবার বলো।

कित्रण विद्यकानमा।

লোকটার কাছে এসে বললে, 'ভাই, আমাকে শিগগির এক ছিলিম তামাক সেজে দাও।'

'মহারাজ, আমি যে মেথর।'

'কে বললে ? তুমি নারায়ণ। তুমি আমার সহোদর।'

'কিন্তু এ তো তামাক নয়, এ বডো-তামাক।'

'ভা হোক। তুমি দাও আমাকে কলকে ধরিয়ে।'

কিছুতেই নিবৃদ্ধ হল না সন্মাসা। ভরাট কলকে টানডে শাগল তৃপ্তিতে।

ঘটনাটা কানে গেল গিরিশের। সে বললে, 'বিখাস করি না।' 'কি বিখাস করিস্নে ?'

'পুই ঐ∴৻৽৴ল, ভোর অমনি নেশা করবার মন হয়েছিল, ভাই

গাঁজার কলকে দেখে সুধ করে টান মেরেছিল।' বললে গিরিশ খোব। 'নইলে কেউ কি আর মেণরের কলকেভে মুখ দেয় ?'

'আমি দিই।' বক্সকণ্ঠে বদলে স্বামীক্ষি। 'এইটে পরীক্ষা করবার জত্যে দিই আমি জাতিভেদের পরপারে বেদান্তের জগতে চলে আদতে পেরেছি কিনা। পূর্বসংস্কারে এখনো আচ্ছন্ন হয়ে থাকব তবে কিসের বিরজা হোম কিসের সন্ত্যাসত্রত। ঠিক ব্রভ ধরেছি কিনা নিজেকে একবার বাজিয়ে নিভে ইচ্ছে করল। নিজের কাছে যদি পরীক্ষায় জিতি তবেই নিজের কাছে নিজে আশ্বাসস্বরপ আননদম্বরূপ হয়ে উঠি। ভাই জি-সি, কথায় ও কাজে এক চুল এদিক-ওদিক হবার জো নেই।'

কাশীতে ভাস্করানন্দ স্বামীর সঙ্গে দেখা।

কথায় 'কথায় কামকাঞ্চনের কথা **উ**ঠল। ভাস্করানন্দ বললে, 'মানুষের এই তুই নির্দয় গ্রন্থি।'

'সন্ন্যাসীরও ?' ঝলসে উঠল স্বামীজি

'হাঁা, সন্মাসীরও। সাধ্য কি সেও এ বন্ধন থেকে যোল আনা মুক্ত হয়।'

'মিথ্যে কথা। কামকাঞ্চনই যদি ত্যাগ করতে না পারল তবে আর সে সন্ন্যাসী কোথায় ?' স্বামীজি দৃপ্তমুখে বললে।

'মূখে বলাই সহজ।' ভাস্করানন্দ গন্তীরমূখে বললে, 'কিন্তু মনে-মনে তার মূল বহু দুর।'

'মানি না । বিশ্বাস করি না।'

'ভোমার এই নবীন বয়স', ভাস্করানন্দ অমুকম্পার হাসি হাসল: 'তুমি কি জান ? কতটুকু ভোমার অভিজ্ঞতা ?'

'জানি মানে ? আমি দেখেছি।'

'प्राच्या ?'

'হাাঁ, স্বচক্ষে দেখেছি। এই কিছুদিন আগে। কলকাভায়। দক্ষিণেশ্বরে।'

'की प्राप्तक ?'

'সে এক আশ্চর্য প্রেদীপ্ত পুরুষ। কামকাঞ্চনের বাপা পর্যন্ত নেই ।
মাটি টাকা, টাকা মাটি বলে একসঙ্গে ভিনি টাকা আর মাটি নদীর
জলে ছুঁড়ে ফেলে দিয়েছিলেন।' ছুই চোখ জলতে লাগল স্থামীজির:
'বার কাছে সমস্ত জীজাভি মা। ভিনি নিজের জীকে পূজা
করেছিলেন। টাকা পয়সা দ্রের কথা, সামাশ্র থাতুজব্যের স্পর্শে
বার হাত বেঁকে বেভ—'

যেন গাঁজাখুরি গল্প এমনিভাবে উড়িয়ে দেবার চেষ্টা করল ভাস্করানন্দ। স্বামীজি রাগ করে চলে গেল। গুরুর অবজ্ঞা সইডে পারব না।

'কে হে ডোমাদের বিবেকানন্দ ?' পরবর্তীকালে স্বামী শুদ্ধানন্দ ও নিরঞ্জনানন্দের সঙ্গে দেখা হলে জিগগেস করেছিল ভাস্করানন্দ। 'সমস্ত জগৎসংসার যে তাকে নিয়ে মেতে উঠল। স্থামার সঙ্গে একবার দেখা করিয়ে দিতে পারো ?'

তখন ভাস্করানন্দকে কে বলে দেবে যে নবীনবয়স সন্ন্যাসীকে সে উপেক্ষা করেছিল সেই বিশ্ববিজ্ঞেতা বিবেকানন্দ। কে বলে দেবে যার শিশ্বস্থ নিয়ে তার এই দিখিজয় সেই অমিতমহিমা অব্যর্থ পুরুষের নাম কি!

প্রমদাদাস মিত্রর সঙ্গে ভাব হল কাশীতে। একেই পর-পর কত চিঠি লিখেছে স্বামিন্ধী:

'আশীর্বাদ করুন যেন আমার জ্বদয় মহা ঐশবলে বলীয়ান হর এবং সকল প্রকার মায়া আমার থেকে দ্রপরাহত হয়ে যায়। আমরা কুশ খাড়ে করেছি, হে ঈশ্বর, তুমিই তা আমাদের অর্পণ করেছ। এখন আমাদের বল দাও, যেন আমরণ তা বহন করতে পারি।

'একটি গুরুভাইয়ের সঙ্গে ঝগড়া করেছি। সে কিছুতেই আমার সঙ্গতাগ করবে না। তাই তাকে উত্যক্ত করে বিদায় করেছি। কি করি, আমি বড় তুর্বল, বড়ই মায়াচ্ছন্ন, আশীর্বাদ করুন যেন কঠিন হতে পারি। আমার মানসিক অবস্থা আপনাকে কি বলব, মনের মধ্যে দিবারাত্র নরক অলছে—কিছুই হল না, এ জন্ম বৃঝি বিফলে গেল। আশীর্বাদ করুন যেন অটল থৈষ্ ও অধ্যাবসায় আমার হয়।'

ঠাকুরের একটা শ্বরণচিহ্ন ও তাঁর ভক্তশিশ্বদের একটা আঞ্চর-স্থান তৈরি করবার জয়ে স্বামীজ্ঞি তখন পাগল। লিখছে প্রমদাদাসকে:

'যদি বলেন, আপনি সন্ন্যাসী, আপনার এ সকল বাসনা কেন, আমি বলব আমি রামকৃষ্ণের দাস, তাঁর নাম তাঁর জন্মভূমিতে ও সাধনভূমিতে দৃঢ়প্রতিষ্ঠিত করতে ও তাঁর শিশুদের সাধনের অনুমাত্র সাহায্য করতে আমাকে যদি চুরি-ফ্রাকাতিও করতে হয়, আমি তাতেও রাজি।

এখন সিদ্ধান্ত এই যে রামকৃষ্ণের জুড়ি আর নেই। সে অপূর্ব সিদ্ধি আর সে অপূর্ব অহেডুকী দয়া এ জগতে আর নেই। হয় তিনি অবতার যেমন তিনি নিজে বঝুতেন অথবা বেদান্তদর্শনে বাঁকে নিত্যসিদ্ধ মহাপুরুষ লোকহিতায় স্কুজোহিপি শরীরগ্রহণকারী বলা হয়েছে তিনি তাই।'

অয্যোধায় এসেছে স্বামীজ।

এই সেই লোকবিশ্রুতা অয্যোধা। মানবেন্দ্র মমু যে পুরী তৈরি করেছিলেন। যেখানে সত্যসন্ধ রামের জন্ম। নবদূর্বাদলশুাম কমলায়তাক্ষ রাম। গান্তীর্যে সমূল্রে ধৈর্যে হিমালর। ক্রোধে কালাগ্রিসদৃশ, ক্ষমায় পৃথিবীর সমান। ক্রোষ্ঠ এবং শ্রেষ্ঠ, সর্বগুণোপেত সৌম্য ও করুণাময়। লোকাভিরাম রাম।

অবোধ্যা থেকে লখন্ট, লখনউ থেকে আগ্রা, আগ্রা থেকে ব্লাবন। বৃন্দাবনে কালাবাব্র কুঞ্চে আশ্রয় নিল স্বামীজি। ঠাকুরের শিশু বলরাম বসু, তারই পূর্বপুরুষের তৈরি এই মন্দির, কালাবাবুর কুঞ্চ।

নত্ন করে শ্রীকৃষ্ণতত্ত্বের জ্যোতিতে উদ্ভাসিত হন স্বামীজি।
সর্বকর্মকৃৎ শ্রীকৃষ্ণ। গীতায় শ্রীকৃষ্ণ অর্জুনকে বলেছেন, অর্জুন,
ত্রিলোকে আমার করণীয় কিছু নেই, নেই কিছু অপ্রাপ্ত বা প্রাপ্তব্য,
তব্ও আমি সর্বক্ষণ কর্মামুষ্ঠানে ব্যাপৃত। আমি যদি অলস হয়ে
কর্মবিমৃশ হয়ে থাকি, আমাকে দেখে সকলে তাই নিজ্ঞিয় হয়ে
ধাকবে, উচ্ছল্লে যাবে সর্বসৃষ্টি। তাই আমি নিরবচ্ছিল্ল কর্ম করে
বাচিছ। একমুহূর্ত আমার তক্রা নেই বিরতি-বিচ্যুতি নেই।

চেরে দেখ আগুন হয়ে তাপ দিছি, জল হয়ে শীতলতা। মাটি হয়ে শশু, সমীরণ হয়ে প্রাণম্পন্দ। সমস্ত জগতের চক্ষু যে সূর্য সেই সূর্য হয়ে বিতরণ করছি দীধিতি। কর্মবলেই ইন্দ্র দেবরাজ্য অধিকার করেছিল, বৃহস্পতি হতে পেরেছিল দেবাচার্য। মানুষের মধ্যে যে পৌরুষ তাও আমারই বিভৃতি। আমারই প্রেরণায় সকলের কর্ম। আমিই অপ্রমেয় মহাবাছ।

কুরুক্তেরে যুদ্ধ তখন শেষ হয়েছে, ধ্বংস হয়ে গেছে যহুবংশ,

শ্রীকৃষ্ণও অন্তর্হিত হয়েছেন। দ্বারকা থেকে হস্তিনায় ফিরছে
অন্তর্মন। রাস্তায় ডাকাতের দল লাঠি নিয়ে তাকে আক্রমণ করল।
অমর্যপরবশ অর্জুন গাণ্ডীব তুলতে উন্নত হল! সে কি! গাণ্ডীব
যে ডোলা যাচেছ না। তার বাছ যে নির্বল। বহু কটে ধন্যুভে জ্ঞাা
আরোপ করল। কিন্তু সে কি, অস্ত্রের কথা যে মনেও আসছে না।
বল মেধা বৃদ্ধি সব যে একসঙ্গে তিরোহিত হল। সামাক্ত দ্ব্যুকর্তৃক
পরাপ্ত হল অর্জুন। ক্রেক্টেল্টের পরাজ্যে কাকে বলে যে জানেনি

তার <del>আজ এ কি দশা! রহস্ত কি ব্যতে দেরি হল না। শক্তি</del> পার্থের নয়, শক্তি পার্থসারখির। বেহেতৃ কৃষ্ণ নেই অজুনি নিম্পৌরুষ!

দিরিক্রেরে দিকে অপ্রসর হল স্বামীক্ষি। পর্বত পরিক্রেমা করছে, প্রতিজ্ঞা করল, আজ কিছুতেই ভিক্ষে করব না। যদি এমনি জোটে তো জুটবে নইলে নিরাহার থাকব। অনশনে প্রাণ বিসর্জন দেব। কী কেবল পরের হুয়ারে ধাওয়া করিয়ে বেড়াচ্ছ, যদি তোমার ডাকেই বেরিয়ে থাকি তবে তুমিই নিজের হাতে খাবার জুটিয়ে দেবে। তোমার করুণা চাইতে হবে কেন, তোমার করুণা নিজের থেকেই প্রতিমূর্ত হবে।

আজ এ পরীক্ষা আমার নয়, এ পরীক্ষা তোমার। প্রার্থনা করে করুণা নেব না, তোমার করুণাই আমার প্রার্থনাকে ডেকে নেবে। ত্রাণ করবে সজ্জা থেকে।

মধ্যাক্ত খরতর হয়ে উঠল। জঠরে হংসহ ক্ষ্মা, হই পায়ে গুরুভার ক্লান্তি। তবুও থামছে না, পিছনে তাকাচ্ছে না স্বামীজি, অপ্রতিবারণীয় গতিতে এগিয়ে চলেছে। রাস্তার হুপাশে গৃহত্তের বাড়ি পড়ছে তবু কারু হুয়ারে গিয়ে হাত পাতছে না। চলব আর দেখব। দেখব তিনিও আমার সঙ্গে চলছেন কিনা, আমাকেও দেখছেন কিনা নির্নিমেষে। পথের ধারে যখন মুখ থুবড়ে পড়ব দেখব তিনি তাঁর কোলের মধ্যে টেনে নিয়েছেন কিনা। তাঁর কুপা খাছারূপে না আম্লক আসবে মৃত্যুরূপে। সফলমনোর্থ হবই হব। হয় খাব নয় পাব। হয় খরব নয় মরব।

তারপর আবার মুষলবর্ষণ বৃষ্টি নামল। না, বৃক্ষতলেও আশ্রয় নেব না। এই পথই আমার পাথেয়, বিছ্যুৎবিদীর্ণ মুক্ত আকাশই আমার আশ্রয়। আমি থামব না, আমি নামব না, আমাকে দেখতে দাওই না এ আকাশ থেকে বদ্ধ ছাড়া আর কিছু ঝরে কিনা, এ পথের শেষে মৃত্যু ছাড়া আর কিছু আছে কিনা পরিতৃথি!

ৰৃষ্টি থামতেই শোনা গেল, কে একজন দূর থেকে তাকে ডাকছে।

স্বামীন্ধি ক্ষিরেও তাকাল না, একাপ্রবেগে সামনে চলতে লাগল।
'শুনছেন ? শুস্থন—' পশ্চাংবর্তী লোক ক্রমণ এগিরে আসছে।
ক্রীনকণ্ঠ স্পাইতর হচ্ছে।

কে শোনে! গ্রাহাও করল না স্বামীজি। যে চলেছে ভার কাছে পশ্চাং মিথ্যা, পশ্চাং মৃত।

'শুরুন, আপনার জন্তে খাবার এনেছি।'

স্বামীজি এবার ছুটতে আরম্ভ করল। এ কি ছলনা না প্রহসন? কাস্তারে-প্রাপ্তরে ভোজ্যবস্তু? এ নিশ্চয়ই রাত্রি না হতেই নিশির ডাক। হয়তো বা প্রচছর প্রলোভনের আর্তনাদ।

স্বামী জ্ব ছুটল উধ্ব'শ্বাসে। ভূলেও একবার তাকাল না পিছন দিকে।

किन्त व इनना नव, व्यव्यन नव । व व्यव्यक्तिकी कुशा।

পিছনের লোকও ছুটতে লাগল পিছু পিছু। ছ-দশ রশি নয় প্রায় এক মাইল। স্বামীজি যত ছোটে পিছনের লোকও তত দৌড়য়। শেষকালে প্রায় এক মাইলের মাধায় পিছনের লোক স্বামীজিকে ধরে ফেলল। বললে, 'এই দেখুন, আপনার জন্মে ধাবার নিয়ে এসেছি।'

লোকটির হাতে খাবারের পুঁটলি।

স্বামীন্ধি নিল হাত পেতে। ছই চোখ ফেটে নির্মাল অঞ্চ ঝরতে লাগল। লোকটির কোন পরিচয় জানতে চাইল না। সে ঈশ্বরের বার্তাবহ। ঈশ্বরের কুপার প্রতিমূর্তি।

স্বামীজিকে খাইরে লোকটিও চলে গেল নীরবে। অরণ্যে না লোকালয়ে, কে বলবে তার ঠিকানা। কুপার ঠিকানা যত্তত্ত্ব। শৃত্যে মক্ষ্পুমিতে পাতালের অন্ধকারে। আমি আছি এটুকু বোঝাবার জন্মেই ঈশবের কুপা। আর তুমি যে আছ এটুকু বোঝাবার জন্মেই আমার ভক্তি।

গোবর্ধন থেকে স্বামীজি চলে এল রাধাকুণ্ড।

একখণ্ড কৌপীনই তখন একমাত্র পরিধেয়। নদীতে নির্ক্তনে

ন্নান করছে স্বামীন্ধ, কৌপীনখানা পাড়ে শুকোতে দেওয়া হয়েছে।
ন্নান করছে-করতে হঠাৎ নজরে পড়ল কৌপীন নেই। ইতিউতি
খুঁজতে লগল স্বামীন্ধ, কোখায় কৌপীন! দেখলে সেই কৌপীন
বৃক্ষপরে এক শাখামূগের হাতে। হাত তুলে স্বামীন্ধি প্রার্থনা করল
কিন্তু বানর তা গ্রাহাও করল না। ভীষণ রাগ হল স্বামীন্ধির, বানরের
উপর নয় রাধিকার উপর, যিনি এই কুণ্ডের অধিষ্ঠাত্রী। তাঁর রাজ্ঞতে
এই অবিচার! আমি গভীর অরণ্যগহররে প্রবেশ করব ও অনশনে
মরব তিলে তিলে। এই দেহ আর রাখব না।

জঙ্গলের মধ্যে ঢুকতে যাচ্ছে, কোখেকে কে একটি লোক এসে হাজির। হাতে তার একখানি গেরুয়া কাপড় আর কিছু খাবার।

কিছু জিগগেদ করল না স্বামীজি । যেন জিগগেদ করবার কোনো প্রয়োজনও নেই।

নিল সব হাত বাড়িয়ে। জঙ্গল পেরিয়ে এল আবার সেই নদীর ধারে। দেখল যেখানে তার কৌপীনটি শুকোতে দেওয়া হয়েছিল সেইখানেই কৌপীনটি পড়ে আছে।

रामा जर जीतामकृषः!

বিপদে প্রালেভনে, ভগবান রক্ষা কর, বলিয়া কাঁদিয়া সারা হইয়াছি, কেহই উত্তর দেয় নাই, কিন্তু এই অন্তুত মহাপুরুষ বা অবতার বা বাই হউন, নিজে অন্তর্গামিত্তণে আমার সকল বেদনা জানিয়া নিজে ডাকিয়া জোর করিয়া সকল অপহাত করিয়াছেন। যদি আত্মা অবিনাশী হয়, যদি এখনও তিনি থাকেন, আমি বারংবার প্রার্থনা করি, হে অপার দয়ানিধে, হে মমৈকশরণদাতা রামকৃষ্ণ ভগবান, কৃপা করিয়া আমার এই নরভ্রেষ্ঠ বন্ধুবরের সকল মনোবাস্থা পূর্ণ করুন। আপনার সকল মকল, এ জগতে বাঁহাকে অহেতুকদয়াসিদ্ধু দেখিয়াছি, তিনিই করিবেদ।

হরিছারের পথে হাতরাস রেল স্টেশনে এসে উঠেছে স্বামীজি। ট্রেনে করে ময় পায়ে হেঁটে। স্টেশনের এককোণে মাটির উপর বসে পড়েছে। অনাহার ও ক্লান্তির শুক্তা সারা গায়ে বৃহদক্ষরে লেখা। এসিস্ট্যান্ট ফেলন মাস্টার শরং গুপ্তের নক্ষরে পড়ল। কে এই সৌম্যস্কলর উদারদর্শন যুবক সন্মাসী! এত উক্ষল্য এত পবিত্রতা তো কোথাও দেখিনি এর আগে!

শরং গুপ্ত জোনপুরী মৃদলমানদের সঙ্গে মিশে তাদেরই রীতিনীতি বেশি রপ্ত করেছে। মাতৃভাষা বাঙলার চেয়ে উর্তুই তার বেশি আসে, কিন্তু রক্তের সংস্কার যাবে কোথায় ? সন্ন্যাসী দেখেই সমস্ত মন সেবাঞ্জায় উপলে উঠল।

তাড়াতাড়ি স্বামীজির কাছে এসে শরং জিগগেস করলে, 'কিছু মনে করবেন না। স্বামীজি, আপনি কি কুধার্ত ?

কণ্ঠস্বরে অপার আন্তরিকতা। অমেয় মাধুর্য।

স্বামীজি বললে, 'তাই তো মনে হচ্ছে। ক্লুধাই তো চৈড্ডেক জাগিয়ে রাখে।'

'যদি আমার চৈতক্তকে একটু জাগান।' প্রাণঢালা প্রীভির কণ্ঠে শরৎ জিগগেস করল, 'আমার কোয়াটারে একটু যাবেন ?'

হাসিমুখে স্বামীঞ্জি উঠে পড়ল: কি খেতে দেবে ?

শরং একটি পার্শি বয়েত আর্ত্তি করল: 'হে প্রিয় তুমি আমার ঘরে এসেছ। সবচেয়ে সুস্বাহ্ ভোজা তোমাকে পরিবেশন করব। সুস্বাহ্ন ভোজা আমার জ্বায়ের মাংস দিয়ে তৈরি।'

স্বামীক শরতের আতিথ্য নিল। আকাশের মত উন্মৃক্ত হৃদয়ের আতিথা।

ক্ষণে-ক্ষণে স্বামীজির চক্ষুতুটিই দেখতে লাগল শরং। ফুর ইন্দীবরের মত চক্ষু। যেমন প্রদীপ্রভাস্বর তেমনি যেন আবার লালিতমধুর। নির্মলজ্ঞানচক্ষু, আবার কোমলপ্রেমনেত্র। একদিকে বিহ্যাৎ আর একদিকে নীহার। সর্বপাপবিশুদ্ধান্দা সূর্য আবার সর্বপ্রেম-মোহনান্দা স্থাংশু।

কত দিন কিছু খায়নি। মৃতকল্প হয়েছিল এতদিন। আৰু খেল পেট পুরে। জঠরবাসী কাঠের দেবতা আছতি পেল। শরং বললে, 'আমাকে কিছু বলুন।'

'কি আর বলব একটা গান গেয়ে শোনাই।' স্বামীজি গান ধরল। বিভাস্থন্দরে মালিনী সেই যে বলেছিল স্থন্দরকে সেই গান। 'যদি বিভাকে পেতে চাও তাহলে চাঁদমুখে ছাই মাখো, নইলে কেটে পড়।'

যেন ইঙ্গিতটা ব্ৰুতে পারল শরং। যদি ঈশ্বরকে পেতে চাও ত্যাগী হও, বৈরাগী হও।

শরৎ অন্তঃপুরে চলে গেল। তারপর স্বামীজ্বির কাছে বৈঠখানার যখন ফিরে এল তখন তার গায়ে আর সরকারী পোশাক নেই, পরনে সামাস্ত কাপড়—আর সব চেয়ে যা আশ্চর্য, মুখে ছাই মাধা।

'এ कि, এ की करतह ?' यामीकि हमरक छेर्रेन।

'ঠিকই করেছি। আপনি যদি বলেৰ আমাকে সঙ্গে নেবেন তাহলে সব ছেড়ে-ছুড়ে এই মুহুর্তে বেরিয়ে পড়ুঙ্গে পারি।'

স্বামিজী আনন্দে উছলে উঠল: 'কিন্তু জীবনের ঘোর বর্ষাবাদল কি কেটে গেছে এরই মধ্যে, এসেছে কি শরভের শেফালি লগ্ন!'

হাতরাসে ব্রজ্ঞেনের সঙ্গে দেখা। কলকাতায় থাকতে চেনা, ব্রক্ষেন হাত বাড়িয়ে স্বামীজিকে ডেকে নিল তার বাড়িতে। সমস্ত বাঙালিমহল ভেঙে পড়ল। কত কি দলাদলি ছিল তাদের মধ্যে পালিয়ে গেল এক নিমিষে। যত সব সংকীর্ণ আলোর বন্ধন ডুবে গেল ভাবের বক্সায় প্রেমের বক্সায়। সঙ্গীতসুধারসম্প্রোভে। লোক যত শোনে ততই তাদের আত্মার তৃষ্ণা বাড়ে। ঈশ্বরই তো একমাত্র প্রসঙ্গ যার কোথাও কোনো সমাপ্তির রেখা নেই, কোথাও ইতি নেই সে প্রেমপত্রে। যে বলে সে ক্লান্ত হয় না, যে শোনে তার কানে চিরঅত্প্তি লেগে থাকে।

কিন্তু এক জায়গায় বেশিক্ষণ আবদ্ধ হয়ে থাকবে এ তো সন্ধাসীর ব্রক্ত নয়। একজায়গায় আটকে থাকলেই তো মমতার শিকড় গজিয়ে যাবে। স্থতরাং মায়াবদ্ধন উচ্ছিন্ন করো। যে জল বয়ে চলে আর যে সাধু ঘূরে বেড়ায় সে জল সে সাধুই সবচেয়ে বেশি ক্ষ্তু বেশি পবিত্র। এক স্বায়গায় কি, এক বৃক্ষতলেও সনাতন গোলামী একদিনের বেশি বসেননি।

স্বামীজি চলবার জন্মে পা বাড়াল।

भद्र९ वनल, 'मांड्रांन।'

'তুমি কোথায় যাবে ?'

'আপনার সঙ্গে যাব।'

'পারবে যেতে গ'

'পারব।'

'তবে তার আগে পরীক্ষা দাও।'

'কিসের পরীক্ষা ?' শরং গুপু তাকাতে লাগল এদিক-ওদিক।

'একটা পাত্র নিয়ে এস। ভিক্লে করো। সকলের সামনে মেলে ধরো সে ভিক্লাপাত্র। পারবে ?'

'পারব।'

ভিক্ষাপাত্র হাতে নিয়ে স্টেশনের কুলিদের সামনে এসে দাঁড়াল শরং। কুলিরা ভো স্কম্ভিড। না, আমি আর স্টেশনমাস্টার নই, আমি তোমাদেরই একজন, তোমাদেরই সঙ্গীসাথি।
শুধু সঙ্গীসাথি নই, তোমাদেরই সেবক-পরিচারক।

'তবে চলো আমার সঙ্গে।' ডাক দিল স্বামিন্ধী।

এ যেন অগাধস্পর্ল সমূত্রের ডাক, অপারস্পর্ল আকাশের। শরৎ বললে, 'আমি প্রস্তুত।'

তবু এক মৃহূর্ত বিধা করল বোধহয় স্বামীজি। বললে, 'তুমি কি ভেবেছ সন্মাসী হয়ে বেরিয়ে পড়লে সহজেই খুঁজে পাবে ঈশ্বরকে? কেন, ঘরের মধ্যে কি তিনি নেই? তিনি কি নেই ডোমার নির্ধারিত কর্মের মধ্যে!'

'আছেন, জানি। সমস্তর মধ্যেই তিনি।' তবু মন বড় উতলা হয়েছে।' শরং গুপু স্বামীন্দির হাত চেপে ধরল। 'কিছুতেই আপনার সঙ্গ ছাড়তে পারছি না।' 'এই কথা ? বেশ তো, আমি বারে বারে ঘুরে ঘুরে এসে তোমাকে দেখা দিয়ে যাব।'

'না, না, আমি যাব। আমাকে নিয়ে চলুন। ঈশ্বর সর্বভূতে, এ কে না জানে! কিন্তু যেখানে আপনি সেখানে ঈশ্বর বেশি প্রজ্ঞান্ত।'

তবে চলো হৃষিকেশ।

আলস্থে-বিলাসে সমৃদ্ধ জীবন, এখন এসে দাঁড়াল ক্লেশ ও কাঠিন্তের মধ্যে। সুখ-শান্তি আরাম-বিশ্রাম কে চায়, আমাকে লক্ষা দিও না, আমাকে এবার তোমার রণসজ্জায় সাজিয়ে দাও। আমাকে অক্ষান্ত করো, অক্ষ্প করো। যা হুংখের দ্বারাও হুর্লভ সেই হুর্ধিগম্যকে লাভ করার শক্তি অনুভব করতে দাও নিজের মধ্যে। যে পথ শানিত ক্ষ্রধারের মত হুর্গম সেই পথ দিয়ে নিয়ের চলো।

হিমালয়ের মধ্য দিয়ে বেড়াতে বেড়াতে শরং একদিন মূর্ছিত হয়ে পড়ল। ক্ষুধার অন্ন নেই, তৃষ্ণার জল নেই, কোথায় আর কতদূর নিয়ে যাবে? এই তোমার কোলেই এবার আশ্রয় নিই। জীবন পর্বতক্ষক কিন্তু মৃত্যু সমুদ্রশীতল।

চোখ চেয়ে দেখল স্বামীজি তার মাথা কোলে নিয়ে বসেছে। শুষ্ক মুখে জ্বল ঢেলে দিচ্ছে। দারুণ কঠিনের পাশে এ কে শ্রামলশীতল।

আরেকবার ঘোড়া থেকে পাহাড়ের গা বেয়ে পড়ে যাচ্ছে শরৎ, নিচেই তীক্ষস্রোতা পার্বতীয় নদী, কোথেকে স্বামীজি ছুটে এসে ঘোড়ার মুখ চেপে ধরল, বাঁচিয়ে দিল শরৎকে। নিজের প্রাণ বিপন্ন হচ্ছে তা হোক তবু যে আমাকে নির্ভর করে হঃসহ হঃখভারাক্রান্ত জীবন তুলে নিয়েছে তাকে আমি না ধরি তোকে ধরবে ?

ঘোর অস্থাথে পড়েছে শরং, উঠতে পারছে না। উঠতে পারলেও চলতে পারছে না। তবু যেতে হবে এগিয়ে। যাব কি করে ? আমি আছি। দেখল পাশে দাঁড়িয়ে স্বামীজি। আমি তোকে বয়ে নিয়ে যাব। শুধু তোকে ? তোর লোটা কম্বল জুতো ছাতা সমস্ত।

কাতর হয়ে চারিদিকে আঁধার দেখে মাঝে-মাঝে স্থামী সদানন্দ বলেছে বিবেকানন্দকে, 'স্থামীঞি, আপনি আমাকে ত্যাগ করবেন না তো গ'

'মূর্খ'! মনে নেই আমি তোমার জুতো পর্যন্ত বয়ে বেড়িয়েছি!' প্রেম—মূর্তিমান প্রেম। তাছাড়া আর কোন কথায় স্বামীজিকে প্রকাশ করা সম্ভব ?

'কর্ম, কর্ম, কর্ম, হাম আওর কুছ নহি মাঙ্গতে হেঁ—কর্ম, কর্ম, কর্ম, ইভন আনটু ডেও। ছুর্বলগুলোর কর্মবীর, মহাবীর হতে হবে। টাকার জন্মে ভয় নেই, টাকা উড়ে আসবে। টাকা যারা দেবে, তারা নিজের নামে দিক, হানি কি ? কার নাম-কিসের নাম ? কে নাম চায় ? দূর কর নামে। ক্ষুধিতের পেটে অল্প পৌছাতে যুদি নাম-ধাম সব রসাতলেও যায়, অহোভাগ্যং, অহোভাগ্যং।' অখণ্ডানন্দকে আলমোড়া থেকে লিখছেন স্বামীজি: 'হাদয়, হাদয়ই শুধু জয়ী হয়ে থাকে, মস্তিষ্ক নয়। পুঁথিপাতড়া বিভোসিভো যোগ ধ্যান জ্ঞান—প্রেমের কাছে সব ধূলসমান। প্রেমেই অণিমাদি সিদ্ধি, প্রেমেই ভক্তি, প্রেমেই জ্ঞান, প্রেমেই মুক্তি। এই তো পূজো, নরনারীশরীরধারী প্রভুর পূজো, আর যা কিছু 'নেদং যদিদমুপাসতে।' এই তো আরম্ভ, এরপে আমরা ভারতবর্ষ, পৃথিবী ছেয়ে ফেলব না? তবে কি প্রভুর মাহাত্মা! লোকে দেখুক, আমাদের প্রভুর পাদম্পর্শে লোকে দেবছ পায় কিনা। এরি নাম জীবন্মক্তি, যখন সমস্ত 'আমি', স্বার্থ চলে গিয়েছে।' বনের মধ্যে দিয়ে যাচ্ছে তু'জনে, অকস্মাৎ, স্বামীজি থমকে দাভাল।

কি ? চারিদিক চাইতে লাগল শরং। 'বাঘ।' 'বাঘ ? কোখায় ?'

'এই তোমার চোখের সামনে। বাবের খাছের ভূক্তাবশেষ।' তাকিয়ে দেখল শরৎ, কখানা মামুষের হাড় পড়ে আছে। পাশে গেরুয়া কাপড়ের টুকরো।

'বৃষতে পাচ্ছ ? এক সন্থ্যাসীকে সাবড়ে দিয়েছে বাঘ।' ব**ললে** স্বামী**জি**।

'দিক।'

'আমাদের সে মিএটি কাছেকাছেই আছে।'

'থাকুক।'

'তোমার ভয় করছে না ?'

'আপনি থাকতে আবার কিসের ভয় !'

হাষিকেশে এসে দেহমন ঠাণ্ডা হল। এদিকে সফেনজলহাসিনী গঙ্গা, আরেকদিকে বীরসাধনারঢ় হিমালয়। খুব ধ্যান আর প্রার্থনা লাগিয়ে দাও। ধ্যানের মূর্তি দৃঢ়স্তর হিমালয় আর প্রার্থনার মূর্তি কল্লোলকলভাষিণী জাহুবী।

কিন্তু কতদিন ? শরৎ আবার অস্থথে পর্তুল।

এবারের অমুখ আরো সাংঘাতিক। কেদার-বদরী পর্যন্ত যাবার ইচ্ছা ছিল কিন্তু প্রাভূ চোখ তুলে চাইলেন না। এই তো পরীক্ষা। এই তো সাধনসংগ্রামের প্রস্তুতি। ব্যর্থতাই তো সিদ্ধির বনিয়াদ। পরাজয়ই তো সাফল্যসৌধের স্তম্ভ।

তবে আর কি। ফিরে চল হাতরাস। পুনমু বিকো ভব।

হাতরাসে ফিরে এসে স্বামীজি শয্যা নিল। সেবা যে করবে সে সৌভাগ্যও শরতের হল না, কেননা নিজেই যে শয্যাশায়ী। উপায় ?

তুমি আগের মতন হাতরাসে, আমি আগের মতন বরানগর।

বরানগর মঠে ফিরে এল স্বামীজি। যাবার আগে শরৎ বললে, 'বন্ধু, এই বিচ্ছেদ আর কতদিন ?'

কয়েক মাস পরে সুস্থ হল শরং। গায়ে একটু জোর পেতেই চলল স্বামীজির কাছে, বরানগরে। 'এ কি, তুমি ?'

'বিচ্ছেদ তুর্বিষহ। এবার একেবারে পাকাপাকিছাবে চলে এসেছি। চাকরি ছেড়ে দিয়েছি।'

'সে কি, চাকরি ছেড়ে দিয়েছ ?'

'হাাঁ, শেকড়মুদ্ধ্ বিষর্ক্ষ তুলে ফেলেছি উপড়ে। এখন রোগ হোক শোক হোক আর ফেরবার পথ নেই, আর ছাড়ব না আপনাকে।'

मह्मारम पीकिक इन भंदर श्रेश । नाम इन सामी महानन ।

'অমুভৃতিই হচ্ছে সার কথা।' বলছে স্বামীঞ্জ : 'হাজার বংসর গঙ্গাম্বান কর, আর হাজার বংসর নিরামিষ খা, ওতে যদি আত্ম-विकार्भत्र महाग्रजा ना हग्न, ज्रात स्नानिव मर्दिव वृक्षा हम। स्नात्र, আচারবর্জিত হয়েও কেউ যদি আত্মদর্শন করতে পারে তবে সেই অনাচারই শ্রেষ্ঠ আচার। যে যতটা আত্মানুভূতি করতে পেরেছে তার বিধিনিষেধ ততই কমে যায়। আচার্য শঙ্করও বলেছেন. নিজ্ঞৈগুণ্যে পথি বিচরতাং কো বিধিঃ কো নিষেধঃ ? অতএব মূল কথা হচ্ছে অমুভূতি। তাই জানবি লক্ষ্য, মত-পথ, রাস্তা মাত্র। কার কতটা ত্যাগ হয়েছে এইটিই জানবি উন্নতির কষ্টিপাথর। কামকাঞ্চনের আসক্তি যেখানে দেখবি কমতি, সে যে মতের ষে পথের লোক হোক না কেন, তার জানবি শক্তি জাগ্রত হচ্ছে। তার জানবি আত্মানুভূতির দার থুলে গেছে। আর হাজার আচার মেনে চল, হাজার শ্লোক আওড়া, তবু যদি ত্যাগের ভাব না এসে থাকে তো জানবি জীবন বুথা। এই অমুভূতি লাভে তৎপর হ, লেগে যা। শাস্ত্রটাস্ত্র ভো ঢের পড়লি। বল দিকি ভাতে হল কি 🕈 কেউ টাকার চিস্তা করে ধনকুবের হয়েছে, তুই না হয় শান্ত্রচিস্তা করে পণ্ডিত হয়েছিস। উভয়ই বন্ধন। পরাবিত্যালাভে বিতা-অবিভার পারে চলে যা।'

বরানগরের মঠে প্রায় একবছর কাটিয়ে দিল স্বামীজি। এই একটা বছর তীব্রতর সাধন করল। এইবারের সাধন শুধু ঈশ্বরপ্রেমের নর, দেশপ্রেমের। দেশই ঈশ্বর। দেশের মৃক্তিই ঈশ্বরের উপাসনা।

'ভারতমাতা অস্ততঃ সহস্র যুবক বলি চান। মনে রেখ মানুষই চাই, পশু নয়। প্রভু তোমাদের এই নড়নচড়ন-রহিত সভ্যতা ভাঙবার জ্বস্থেই ইংরেজ গভর্ণমেন্টকে প্রেরণ করেছেন। মনে করো না আমরা দরিজ, অর্থ জগতে শক্তি নয়, সাধুতাই, পবিত্রতাই শক্তি।'

কিন্তু কলকাতার কাছে থাকাই মা-ভায়েদের ছঃখ দেখা। সেই ত্যুংখের প্রতিবিধানে নিজেকে উন্নত করবার চেষ্টা করা। সেই তো আবার সেই মায়ার নাগপাশ, আবার সেই বন্ধনমোচনের সংগ্রাম।

কাশীতে প্রমদাদাসবাবৃকে লিখছে স্বামীজি: 'আমি আদর্শ শাস্ত্র পাইয়াছি, আদর্শ মনুষ্য চক্ষে দেখিয়াছি অথচ পূর্ণভাবে নিজে কিছু করিয়া উঠিতে পারিতেছি না ইহাই অত্যন্ত কষ্ট। আমার মা-ভারেদের অবস্থা পূর্বে অনেক ভাল ছিল, কিন্তু আমার পিতার মৃত্যু পর্যান্ত বড়ই হুংস্থ, এমন কি কখনো কখনো উপবাসে দিন যায়। তাহার উপর জ্ঞাতিরা হুর্বল দেখিয়া পৈত্রিক বাসভূমি হইতে তাড়াইয়া দিয়াছিল, হাইকোর্টে মোকদ্দমা করিয়া যদিও সেই পৈত্রিক বাতির অংশ পাইয়াছেন, কিন্তু সর্বস্থান্ত হইয়াছেন, যে প্রকার মোকদ্দমার দল্ভর। কখনো কখনো কলিকাভার নিকটে থাকিলে তাঁহাদের হুরবন্থা দেখিয়া রজ্যোগুণের প্রাবল্যে অহন্ধারের ।বকা ছারেপ কার্যকরী বাসনার উদয় হয়, সেই সময়ে মনের মধ্যে ঘার মৃদ্ধ বাধে, তাহাতেই লিখিয়াছিলাম মনের অবস্থা বড়ই ভয়ঙ্কর। এবার তাঁহাদের মোকদ্দমা শেষ হইয়াছে। কিছুদিন কলিকাতায় থাকিয়া তাঁহাদের সমস্ত মিটাইয়া এদেশ হইতে চিরদিনের মত বিদায় লইতে পারি আপনি আশীর্বাদ কক্ষন।'

বিদায়! বিদায়! আবার বেরিয়ে পড়ল স্বামীজি। এবার প্রথমেই বৈগুনাথধাম। হে ঈশ্বর তুমি আমার সারথি হও।

বাহ্নদেব ঘূমিয়ে আছে পালকে। ছর্ষোধন প্রথমে ঘরে চুকল।
শয্যার শিয়রে প্রশস্ত আসন, সেখানেই সে বসল। পরে অর্জুন
এসে বসল পায়ের কাছে। ছর্যোধনের ভঙ্গি গর্বারুচ, অর্জুনের
বিনয়স্থিয়।

চোখ চাইল বাস্থদেব। প্রথমেই দেখল অর্জুনকে। পরে ছর্যোধনকে। স্বাগত সম্ভাষণ করে জ্বিগগেস করল, কেন এসেছ তোমরা?

হুর্যোধন বললে 'এ যুদ্ধে আমাকে আপনার সাহায্য করতে হবে। আমাদের হু পক্ষের সঙ্গেই আপনার সমান সম্বন্ধ, সমান বন্ধুতা। কিন্তু এক্ষেত্রে আমিই আগে এসেছি আপনার কাছে, স্থতরাং আমার পক্ষেই আপনি আসবেন। যে প্রথম আসে সাধুরা তাকেই সর্বাগ্রে গ্রহণ করে। আপনি সাধুদের মধ্যে শ্রেষ্ঠ, স্থতরাং সদাচার পালন করুন।'

'আপনি যে আগে এসেছেন তাতে সন্দেহ কি।' বললে একিঞ্চ। 'কিন্তু আগে আমি অর্জুনকে দেখেছি। স্কুতরাং আমি ত্ব পক্ষকেই সাহায্য করব। কিন্তু যেহেতু অর্জুন বালক তাকেই আগে আমাকে বরণ করতে হবে। বালকই অগ্রবরেণ্য, স্কুতরাং তারই নির্বাচনে অগ্রাধিকার।'

ত্র্যোধন বললে, 'তাই হোক।'

শ্রীকৃষ্ণ তখন অন্ধূ নকে সম্বোধন করে বললে, 'এক পক্ষে থাকবে এক অবুদি গৌপসৈক্ত আরেক পক্ষে আমি। গৌপসৈক্তরা সমন্ত্র, যুদ্ধবাত, আর আমি নিরন্ত্র, তাক্তকর্ম। বলো, তুমি কাকে নেবে ?'

অজুন বললে, 'ভোমাকে নেব।'

কি নীরক্স মূর্থ! মনে মনে উৎফুল্ল হল ছুর্যোধন। নারায়ণী সেনাতেই তার জয়বর্ধন, তার যশোবর্ধন। কৃষ্ণ ষধন অন্ত্র ধারণ করবে না তথন আর ভাবনা কি। নিরক্ত কৃষ্ণ মানেই বিজিত অর্জুন।

ছুর্যোধন চলে গেলে অজু নকে জিগগেস করল বাস্থদেব, 'আমি অন্ত্রত্যাগে প্রতিজ্ঞাবদ্ধ, এ জেনেও তুমি আমাকে নিলে কেন ?'

'তুমি আমার সারথি হবে বলে।'

'সারখি হব ?'

'যুদ্ধ আমিই করব, তুমি শুধু আমাকে বয়ে নিয়ে বেড়াবে। এ ছাড়া আর আমার কোনো আকাজ্জা নেই, প্রার্থনা নেই। তুমি আমার এ অভিলাষ পূরণ করো, আমার দারথি হও।'

স্পর্ধিত প্রার্থনা। ক্ষত্রিয়ের পক্ষে সারথ্য হেয় কর্ম। অর্জুনের কি ঔজভা, এমন অসম্ভব প্রার্থনা সে করতে পারে।

অন্তর্শন তা পারবে। অন্তর্শন বৈ ভক্ত। স্পর্ধিত প্রার্থনা ছো একমাত্র ভক্তেরই অধিকার। ভগবানাও তো একমাত্র ভক্তেরই।

'এ স্পর্ধা একমাত্র তোমাকেই সাজে।' সহাস্থ্যমূখে বললে, শ্রীকৃষ্ণ, 'আমি তোমার সার্থি হব।'

যুখিষ্ঠির খুশী কিন্তু ধৃতরাষ্ট্র মাথায় হাত দিয়ে বদলেন। বললেন, 'যুদ্ধ না করুন, অগ্রভাগে তো থাকবেন। কৃষ্ণ যার অগ্রণী তাকে কে প্রতিরোধ করবে ''

আমাকে অপ্রতিরোধ্য করো। তুমি আমার সারথি হও। আমার অগ্রনায়ক হও।

বৈজ্ঞনাথধামে এসে স্বামীজি তাকালো কাশীর দিকে।

শুনতে পেল এলাহবাদে যোগানন্দের অমুধ। কি অমুধ ? বসস্ত । পত্রপাঠ রওনা হল স্বামীজি। আগে রোগীসেবা পরে তীর্থসেবা। কদিনের অক্লান্ত সেবাযত্ত্বে ভালো হয়ে উঠল যোগানন্দ।

এখানেই কানে এল গান্ধীপুরের পওহারী বাবার কথা।

দেখা করতে গেলে পাব তাঁকে দেখতে ? কে এই পওহারী বাবা ?

কাশীর কাছে এক অখ্যাত গ্রামে তার জন্ম। সংসারে থাকবার মধ্যে আছে খুড়ো, তিনিই তাকে প্রতিপালন করছেন। খুড়ো আজীবন ব্রহ্মচারী, রামমুজপন্থী। অর্থাৎ বৈতবাদী। গাজীপুরের মাইল ছই উত্তরে এক টুকরো জমি আছে, তাতেই বসবাস করেন। নিজে বৈরাগী-বাউগুলে হোন, ভাইপোটা মামুষ হোক, দিগগজ্ঞ হোক, এই তার স্বপ্ন।

ব্যাকরণ আর স্থায় অল্প কদিনেই আয়ত করল ভাইপো। ক্রমে ক্রমে আরো সব শব্দশাস্ত্র। এমন সময় হঠাৎ একদিন থুড়ো চোখ বৃদ্ধলেন। চতুর্দিক আঁধার দেখল ভাইপো। যেন প্রকাণ্ড একটা গাছ ছিল দাঁড়িয়ে, শাদা একটা ফাঁক হয়ে গেল। সমস্ত পুঁথিপত্রকে মনে হল একটা ফাঁকি, শুধু কথার ঘোরপাঁয়াচ। যার উপর চিত্তের সমস্ত ভালোবাসা, সম্পূর্ণ নির্ভর, সে এমনি করে চলে গেলে কী অর্থ থাকে আর জীবনে। জীবনে এমনি কি কিছুই নেই যা আমার এই শৃষ্ঠতা ভরে দিতে পারে, যা কোনোদিন শৃষ্ঠ, হয় না, যার কোনো পরিণাম নেই, যা অপরিবর্তনীয়!

আছে। কে যেন বললে অন্তন্তল থেকে।

কোথায় সে, কী সে, পথে-পথে বেরিয়ে পড়ল সে শোকার্ড যুবক।

ঘুরতে ঘুরতে এল সে কাথিয়াওয়াড়। গিরনার পর্বতের চূড়ার বসে প্রথম যোগসাধনার সে আফাদ পেল।

নেমে এসে চলল সে কাশী। সেখানে গঙ্গাভীরে মিলল তার গুরু। নদীর উচু পাড়ে এক গর্ত খুঁড়ে সে সেখানে বাস করছে। দেখাদেখি পওহারীও এক গর্ত খুঁড়ল। আমিও তোমার মত থাকব এই মৃত্তিকার বিবরে।

নির্জন গুহাতেই যোগাভ্যাসের সুবিধে। শব্দ নেই, চাঞ্চল্য নেই, আবহাওয়ার অদল-বদল নেই। মনকে বিচলিত করতে পারে মন ছাড়া আর কিছুই নেই। আর মন কতদিন যন্ত্রণা দেবে ? নিশ্চেষ্ট করে-করে তাকে নিশ্চল করে দেব।

সেখানে অবৈতবাদ শিখল পওহারী।

ভারপর ছাড়া পেয়ে বেরুল ভ্রমণে। চার ধাম ঘুরে এল।
ভারতবর্ষের চারকোণে চার ধাম। উত্তরে কেদারবদরী, পূবে পুরী,
দক্ষিণে সেতৃবন্ধ রামেশ্বর, পশ্চিমে ঘারকা। ভ্রমণের সঙ্গে-সঙ্গে সাধন। শ্রীচৈতভ্যের বাংলা দেশেও কাটিয়ে গেল জনেকদিন।
কাটিয়ে গেল শঙ্করাচার্যের দাক্ষিণাত্যে।

তারপর ফিরে এল গাজীপুর জন্মভূমিতে। সমস্ত মুখে ব্রহ্মোপলদ্ধির বিভা। ভূমিতে থেকে ভূমাকে যে দেখেছে তারই হু'চোখে জ্বলতে পারে এই রত্মদীপ।

নদীতীরে ছোট একটা গর্ত বান করলে। তাতেই বাস করতে লাগল। অস্ততঃ মধ্যরাত্রি পর্বস্থ। মধ্যরাত্রে নদী সাঁতারে ওপারে যায়, আরেকরকম নির্জনে সাধন-ভজন করে ভোর হবার আগেই ফিরে আসে। প্রেমিক-প্রভু দ্বামচন্দ্রের সেবা আর নিজের হাতে রেঁধে অতিথি সাধুদের খাওয়ানো এই তার ছুই ব্রত।

নিজের খাওয়ার মধ্যে একমুঠো নিম পাতা আর কটা লঙ্কা।

তাও বন্ধ হল আস্তে-অস্তে। এখন শুধু বাতাস খেয়ে থাকে। ভাই তার নাম হল পও-আহারী, বায়ুভুক।

কিন্তু কি করে দেখা হয় তার সঙ্গে। প্রায় সর্বক্ষণই সে মাটির নীচে বসে থাকে।

গুহায় বসে থাকলে লোকের উপকার হবে কি করে ?

লোকের উপকার করতে আমার কি মাথাব্যথা ? খাঁর লোক ভিনি করবেন। ভাছাড়া, ভোমরা কি বলতে চাও শুধু খুল দেহেই উপকার সম্ভব ? একটি মন আরেকটি মনকে, শতশত মনকে, সাহায্য করতে পারে সঞ্চালিত করতে পারে এ ভোমরা সম্ভব বলে মানো না ?

বাল্যসথা সভীশ মূখুজ্যের বাড়ি আছে স্বামীজি।

চিঠি লিখছে কলকাতার; বলরাম বস্থকে: 'পণ্ডহারী বাবারু বাড়ি দেখিরা আসিয়াছি। চারিদিকে উচ্চ প্রাচীর, ইংরেজি বাঙলোর মতন, ভিতরে বাগান আছে, বড়-বড় ঘর, চিমনি ইত্যাদি। কাহাকেও ঢুকিতে দেন না, ইচ্ছা হইলে ছারদেশে আসিয়া ভিতর থেকে কথা কন মাত্র। একদিন বাইয়া বসিয়া বসিয়া হিম খাইয়া আসিয়াছি। রবিবারে কাশী বাইব। ইভিমধ্যে বাবাজীর সহিত দেখা হইল তো হইল নহিলে এই পর্যন্ত।'

গোখরো সাপে কামড়েছে বাবাজীকে। সবাই ভাবল মার। গিয়েছে বুঝি। কয়েক ঘন্টা পর চোখ চাইল পওহারী। কি ব্যাপার ?

'পাহন দেওতা আয়া। আমার প্রিয়তমের নিকট থেকে দূতরূপে এসেছিল ঐ গোখরো।'

যেমন যত্নে শ্রীরামচন্দ্রের পূজা করে তেমনি যত্নে বাসন মাজে। প্রত্যেক কাজটি তার পূজা। উপায়ই উপেয় ? উপায়ই সিদ্ধি। যন সাধন তন সিদ্ধি।

'বাবাক্ষার সহিত দেখা হওয়া বড় মৃক্ষিল, তিনি বাড়ির বাহিরে আসেন না, ইচ্ছা হইলে দ্বারে আসিয়া ভিতর হইতে কথা কন। অতি উচ্চ প্রাচীরবেষ্টিত উচ্চানসমন্বিত এবং চিমনিদ্বয়শোভিত তাঁহার বাটা দেখিয়া আসিয়াছি, ভিতরে প্রবেশের উপার নাই।' আবার চিঠি লিখছে স্বামীক্ষা: 'লোকে বলে, ভিতরে গুকা অর্থাৎ তয়খানা গোছের ঘর আছে, তিনি তয়ধ্যে থাকেন। কি করেন তিনিই ক্যানেন, কেহ কখনও দেখে নাই। একদিন যাইয়া অনেক হিম খাইয়া বসিয়া বসিয়া চলিয়া আসিয়াছি, আরও চেষ্টা করিব। রবিবার কালীধাম যাত্রা করিব—এখানকার বাবুরা ছাড়িতেছেন না, নহিলে বাবাজি দেখিবার স্থ আমার গুটাইয়াছে।'

গুরুকা ঘরমে গো য্যায়সা পড়া রহনা। প্রভুর ছারে পড়ে থাকাই আসল কাজ। পড়ে থাকতে পারলে প্রভুর দয়া হবেই-হবে। তুমি যে তোমার ছুয়ার ধরে পড়ে থাকতে দিয়েছ এই- তো ভোমার অকুপণ দয়া। আর কিছু করে উঠতে না পারি পড়ে থাকতে পারব। আমার পড়ে থাকাই ধরে থাকা।

কভগুলি লোক নদীর দিকে যাছে। একটা লোক তাদের সঙ্গ নিল। কোখায় যাছে? ওপার। লোকগুলির সঙ্গে সেও নদী পার হল। ওপারে গিয়ে দেখে আবার কতগুলি লোক নদীর দিকে যাছে। কোখায় চলেছ? ওপার। আবার মিলল যাত্রীদল, আবার তাদের সঙ্গে চলে গেল ওপার। তোমরা আবার কারা? আমরা ওপার চলেছি। আবার তাদের সঙ্গ নিল। কোনটা যে আমল পার স্থির করতে না পেরে এপার ওপার করতে লাগল। তখন হঠাং নদীতীরে এক সাধ্র সঙ্গে দেখা। লোকটা তখন তাকে গিয়ে জিজ্ঞেস করলে, মহাব্বাদ্ধ, পার কোথায়? কি করে পার পাব?

সাধু বললে, একধারে বসে পড়। যেখানে বসবে সেই ভোমার পার।

> পার কহে তো ওপার ওপার কহে জৌ পার। বইঠ কিনারা পাকড় রহ যো পার সোই ওপার।

> > २३

আফিম আপিসের বড়বাবু গগনচন্দ্র রায়ের বাড়িতে এসে উঠেছে স্বামীন্দ্রি।

দেখব যখন মনে করেছি দেখে যাবই। পওহারী বাবার আশ্রমের কাছাকাছি এক লেবুর বাগান। সেখানেই দিনরাড পারচারি করে, আর থেকে থেকে বাবাজির দরজায় গিয়ে বসে খাকে। ফিরব না বাড়ি, খাব না ভাত-জল, লেবুর রস খেরে থাকব। বাবাজি দর্শন দিলেন। দর্শন মানে চাক্সুস দর্শন নর। পদক্ষার ওপাশ থেকে গভীর মধুর সম্ভাষণ।

বলরাম বস্থকে চিঠি লিখছে বিবেকানন্দ: 'বছ ভাগ্যবলে বাবাজীর সাক্ষাৎ হইয়াছে। ইনি অতি মহাপুরুষ—বিচিত্র ব্যাপার, এবং এই নাস্তিকতার দিনে ভক্তি এবং যোগের অত্যাশ্চর্য ক্ষমতার অন্তুত নিদর্শন। আমি ই হার শরণাগত হইয়াছি, আমাকে আশাসও দিয়াছেন, সকলের ভাগ্যে ঘটে না। বাবাজির ইচ্ছা—কয়েক দিবস এই স্থানে থাকি, তিনি উপকার করিবেন। অতএব এই মহাপুরুষের আজ্ঞামুসারে দিন কয়েক এস্থানে থাকিব। ইহাতে আপনিও আনন্দিত হইবেন সন্দেহ নাই। পত্রে লিখিব না, কথা অতি বিচিত্র, সাক্ষাতে জ্ঞানিবেন। ই হাদের লীলা চক্ষে না দেখিলে শান্তে বিশ্বাস পুরা হয় না।'

এমন মিষ্টি ডাক মিষ্টি কথা কোনোদিন শোনেনি স্বামীজি। 'তিতিক্ষা ক্যায়সে বনে ?' স্বামীজি জিগগেস করল। 'দাস ক্যা জানে ?'

একদিন দরজা খুলে দিল পওহারী। প্রশ্নের সঙ্গে উত্তরের দেখা হল। যে প্রশ্ন সেই উত্তর।

চিঠি লিখছে স্বামীঞ্জ : 'বাবাঞ্জি আচার বৈশুব, যোগ ভক্তি এবং বিনয়ের মূর্তি বললেই হয়। তাঁহার কুটির চতুর্দিকে প্রাচীর দেওয়া, তাহার মধ্যে কয়েকটি দরজা আছে। এই প্রাচীরের মধ্যে এক অতি দীর্ঘ স্থ্রুক্ত আছে, ভন্মধ্যে ইনি সমাধিস্থ হইয়া পড়িয়া থাকেন। যখনই উপরে আসেন তখনই লোকজনের সঙ্গে কথাবার্তা কহেন। কি খান কেইই জানে না। মধ্যে একবার পাঁচবংসর একবারও গর্ত হইতে উঠেন নাই, লোকে জানিয়াছিল যে শরীর ছাড়িয়াছেন, কিন্তু আবার উঠিয়াছেন। কথা অভ্তপূর্ব মিষ্ট কিন্তু যেন আগুন বাহির হয়। আমাকে বলেন, আপনি কিছুদিন এস্থানে থাকিয়া আমাকে কৃতার্থ কক্ষন। এ প্রকার কখন কহেন না। আমি আশায়-আশায় আছি। আপনার ইচ্ছা থাকে প্রপাঠ

চলিরা আসুন। ইনি অতি পণ্ডিত ব্যক্তি, কিছ কিছুই প্রকাশ পায় না, আবার কর্মকাণ্ডণ্ড করেন, পূর্ণিমা হইতে সংক্রোন্তি পর্যন্ত হোম হয়। সে সময় গর্তে ঘাইবেন না নিশ্চিত। আপনি চলিয়া আসুন। ইহার সঙ্গ না হইলেণ্ড, এ প্রকার মহাপুরুষের জন্মে কোন কট্টই বৃথা হইবে না।

কোমরে বাত হয়েছে স্বামীজির। চলতে পারে না। ছ'দিন যেতে পারেনি আশ্রমে। পওহারী বাবা লোক পাঠিয়েছে, কেন আসছ না! তোমাকে না দেখে মন বড় উচাটন।

এবার একেবার আশ্রমের ভিতরে স্বামীঞ্জিকে ডেকে আনল পওহারী। একেবারে গুহার মধ্যে।

এ কি! গুহার মধ্যে শ্রীরামকুফের পট। 'এ কে ?' জিগগেস করল স্বামী জি।

'সাক্ষাৎ ভগবানের অবতার।'

পওহারীর উপরে শ্রদ্ধা আর ক্ষত্নরাগ বেড়ে গেল স্বামীজির। স্বামীজির আকাজ্জা হল পওহারীর কাছ থেকে দীক্ষা নিই। অস্ততঃ তাঁর কাছ থেকে হঠযোগের ক্রিয়াটা শিথে নিলে যে কোমরের বাত সেরে যাবে তাতে সন্দেহ নেই।

'আপনার কাছ থেকে দীক্ষা নিতে চাই।' বললে স্বামীজি। 'আমার কাছ থেকে ? তুমি ?'

'হাা, আপনার মত জানতে চাই যোগমার্গের রহস্ত। দীর্ঘকাল একাসনে বসে থাকার সমাধি।'

পওহারী হাসল, বললে, 'খুব ভালো কথা কিন্তু লগ্ন আত্মক।'

স্বামীজির সংকল্পের কথা শুনতে পেল বরানগর। তারা প্রতিবাদ করে উঠল, রামকৃষ্ণভক্তের আবার গুরু কে! আবার কিসের দীক্ষা!

গাজীপুর থেকে অখণ্ডানন্দকে চিঠি লিখছে স্বামীজি: 'এখানে পণহারীজি নামক যে অন্তৃত যোগী ও ভক্ত আছেন, এক্ষণে তাঁহারই কাছে রহিয়াছি। ইনি ঘরের বাহির হন না—ছারের আড়াল হইতে

কথাবার্তা কছেন। ঘরের মধ্যে এক গর্ভ আছে ভন্মধ্যে বাস করেন। শুনিতে পাই, ইনি মাস-মাস সমাধিস্থ হইরা থাকেন। ইহার তিতিকা বড়ই অন্তত। আমাদের বাঙ্গালা ভক্তির দেশ ও জ্ঞানের দেশ, যোগের বার্তা একেবারে নাই বলিলেই হয়। যাহা কিছু আছে তাহা কেবল বদৃথত দমটানা ইত্যাদি হঠযোগ—তা জিমনাস্টিকস। এই জন্ম এই অন্তত রাজযোগীর নিকট রহিয়াছি— ইনি কতক আশাও দিয়েছেন। এখানে একটি বাবুর একটি ছোট্ট বাগানে একটি স্থন্দর বাংলো ঘর আছে, ঐ ঘরে থাকিব। উক্ত বাগান বাবান্ধির কুটিরের অতি নিকট। ঐখানেই ভিক্ষা করিব। অতএব এ রঙ্গ কভদুর গড়ায় দেখিবার জ্বন্থ এক্ষণে পর্বভারোহণ-সংকল্প ত্যাগ করিলাম। কোমরে ছ'মাস ধরিয়া একটা বেদনা— বাত ধরিয়াছে, তাহাতেও পাহাড়ে ওঠা এক্ষণে অসম্ভব। অতএব বাবাজি কি দেন, পড়িয়া পড়িয়া দেখা যাউক। আমার মূলমন্ত্র এই যে, যেখানে যাহা কিছু উত্তম পাই, তাহাই শিক্ষা করিব। ইহাতে বরানগরের অনেকে মনে করে যে গুরুভক্তির লাঘব হইবে। আমি ঐ কথা পাগল এবং গোঁডার কণা বলিয়া মনে করি। কারণ, সকল গুরুই এক এবং জগদগুরুর অংশ ও আভাসস্বরূপ।

দীক্ষার দিন এবার তবে ঠিক করতে যেতে হয়।

বাবাজ্ঞির গুহার দিকে যাবে বলে যাত্রা করছে স্বামীজ্ঞ, এ কি, পা যেন কে টেনে ধরেছে! সমস্ত শরীর ভার, পাথর হয়ে উঠছে। কোমরের বাত পায়ে নামল নাকি ?

তবু জোর করে চলতে চাইল স্বামীজি। সাধ্য কি পায়ের শৃঙ্খল মৃক্ত করে। নিশ্চয়ই এ এক কঠিন পরীক্ষায় ফেলেছে তাকে নিয়তি। এ পরীক্ষায় সে নিশ্চয়ই উত্তীর্ণ হবে। শরীর অপট্ট্ হোক কিন্তু মন সক্ষমসমর্থ। শরীরকে বন্দী করতে পারো কিন্তু মন সমস্ত বন্ধনবৈষ্টনের ওপার।

দীক্ষার দিন ঠিক করে পাঠালেন বাবাজি। আগের রাত্রে লেবুবাগানের ছোট ঘরটিতে একটি খাটিয়ার উপর শুরে আছে বিবেকানন্দ, দেখতে পেল ঘর আলো করে কে যেন এসে দাঁড়িয়েছে।

কে ? ধড়মড় করে উঠে বসল স্বামীজি।

স্থির স্মিগ্ধ মূর্তি। আয়ত প্রশাস্ত চোখ ছটিতে কোমল বিষয়তা।

চিনতে কি আর ভূল হয় ? শুধু বরানগরের মঠে নয়, গান্ধীপুরে বাবান্ধির গুহায় নয়, প্রতি ঘরে-ঘরে যাঁর একদিন পট পুর্জো হবে সেই প্রীরামকৃষ্ণ।

চোখ ছটি স্বামীজির চোখের উপর ফেলল সেই মূর্তি। সেই চোখ ছটি জলভরা, স্নেহভরা, ব্যথাভরা।

তৃহাতে মুখ ঢাকল বিবেকানন্দ। আমি কি অবিশ্বাদী, আমি কি অকৃতজ্ঞ!

মূর্তি আর নেই।

তবে কি শুধু ছায়া ? শুধু একটা মনের ভেলকি ?

'পওহারীজির সঙ্গে আর দেখা করিতে যাইতে পারি নাই', আবার চিঠি লিখছে বিবেকানন্দ: 'কিছ তাঁহার বড় দয়া, প্রত্যহ লোক পাঠাইয়া খবর নেন। কিন্তু এখন দেখিতেছি, উন্টা সমঝলি রাম। কোথায় আমি তাঁহার ঘারে ভিখারী, এখন তিনি আমার কাছে শিখিতে চাহেন! বোধহয় ইনি এখনও পূর্ণ হন নাই, কর্ম এবং ব্রভ এবং আচার অত্যন্ত, এবং বড় গুপুভাব। সমুদ্র পূর্ণ হইলে কখনও বেলাবদ্ধ থাকিতে পারে না, নিশ্চিত। অতএব অনর্থক ইহাকে উত্তেজিত করা ঠিক নহে দ্বির করিয়াছি। শীঘ্রই বিদায় লইয়া প্রস্থান করিব। কি করি, বিধাতা নরম করিয়া যে কাল করিয়াছেন। বাবাজি ছাড়েন না, আবার গগনবাব্ও ছাড়েন না। বাবাজির তিতিক্ষা অন্তুত, তাই কিছু ভিক্ষা করিতেছি, কিন্তু উপুড়হন্তের নামটি নাই, খালি গ্রহণ, থালি গ্রহণ। অতএব আমিও প্রস্থান।'

পওহারী বাবা খবর পাঠালেন, দীক্ষার দিন নতুন করে ধার্য করা হয়েছে। এবার যেন আসতে ভূল না হয় স্বামীজির। না, এবার ঠিক যাবে। সেদিন রাচত্র যে মূর্তি দেখেছিল ঘরের মধ্যে সে শুধু তার চিস্তাজ্বরজীর্ণ মনের রচনা। বাবাজির যখন এত আগ্রহ তথন একবার নেওয়া যাক তাঁর উপলব্ধির সংস্পর্ণ। লোক মারফং জানিয়ে দিল তার সমর্থন। যাবে নির্ধারিত সময়ে। এবারের লগ্ন বিফল হতে দেবে না।

কিন্তু আবার আগের রাত্রে সেই আগেকীর রাত্রির মূর্তি। আবার এসে দাঁড়িয়েছেন ছলছল চোখে। মুখে সেই বিষাদমাখানো মমতা, সেই করুণাবিধাতি বাংসল্য.।

তুই আমাকে ছেড়ে যাবি ? আমি তোর কেউ নই ?

তুমি ? তুমি-ছাড়া আমার আর কে আছে ? তুমি-ছাড়া আমি নক্ষত্রহীন হ্যালোক, বায়ুহীন আকাশ, শস্তশৃষ্ঠ পৃথিবী, সংস্কারহীন বাক্য, সলিলহীন তরঙ্গিণী, হতসিংহ গিরিকন্দর। তোমার কমলদলকোমল পাণিতল দাও আমার করতলে। আমাকে তুমি ছেড়ো না।

শুধু একরাত্রি নয়, পর-পর পাঁচ রাত্রি দেখা দিলেন ঠাকুর। দিগন্তে অস্ত হল দীক্ষার দিন।

'আর কোন মিঞার কাছে যাইব না। আপনাতে আপনি থেকো, যেও না মন কারু ঘরে। যা চাবি তাই বসে পাবি থোঁজো নিজ অন্তঃপুরে।' আবার চিঠি লিখছে স্বামীজি: 'তাঁহার জীবদ্দশায় তিনি কখনও আমার প্রার্থনা গরমপ্পুর করেন নাই, আমার লক্ষ্পুপরাধ ক্ষমা করিয়াছেন—এড ভালবাসা আমার পিতামাতাও কখনও বাসে নাই। ইহা কবিছ নহে, অতিরঞ্জিত নহে, ইহা কঠোর সত্য এবং তাঁহার শিশ্বমাত্রেই জানে। বিপদে, প্রলোভনে, ভগবান রক্ষা কর, বলিয়া কাঁদিয়া সারা হইয়াছি, কেহই উত্তর দেয় নাই, কিন্তু এই অন্তুত মহাপুরুষ বা অবতার বা যাই হউন, নিজে অন্তর্থামিত্বগুণে আমার সকল বেদনা জানিয়া নিজে ডাকিয়া জাের করিয়া সকল অপক্রত করিয়াছেন। বদি আত্মা অবিনাশী হয়, যদি এখনও তিনি থাকেন, আমি বার্মবার প্রার্থনা করি, হে

অপারদয়ানিধে, তে মনৈকলরণদাতা রামকৃষ্ণ ভগবন, কৃপা করিয়া আমার এই নরশ্রেষ্ঠ বন্ধুবরের সকল মনোবাছা পূর্ণ করুন।' সবই পূর্ণ। পূর্ণের থেকে পূর্ণ চলে গেলেও পূর্ণ। গাজীপুর থেকে আবার চলে এল বারাণদী।

.

কাশীতে এসে খবর পেল বলরাম বস্থু দেহ রেখেছে !

শোকে ভেঙে পড়ল স্বামীজি। ঠাকুরের গৃহীভক্তদের প্রথম লাইনের একজন এই বলরাম। কর্জ দিনের কত স্মৃতি নিয়ে জ্রীমস্ত সেই মৃতি। যার বাড়ি ছিল ঠাকুরের 'কলকাতার কেলা।' যার বাড়ির অন্ন ঠাকুরের কাছেও শুদ্ধান্ন। ঠাকুরের রসদদারদের একজন।

প্রমদাবাবু প্রমাদ গুনলেন। বলজেন, 'আপনি এমন একজন বৈদান্তিক, আপনার মৃত্যুশোক।'

'বলবেন নাও কথা। সন্ধাসী হরেছি বলে কি হৃদয় খুইরের এসেছি । চোখের জল কি ধোঁয়া হয়ে গিয়েছে ।'

বাড়ির কর্তা হয়ে দাসের মত থাকতেন, কত বড় ভক্ত এই: বলরাম। অর্থ সঞ্চয় করতেন সাধুসেবার জ্ঞাতা। ছোট একখানি। শতরঞ্জি পেতে শুচ্ছেন, লাটু বললে, আপনার এত পয়সা, আপনার। এই হাল কেন ? বলরাম হেসে বললে, মাটির দেহ মাটিতে মিশবে;. কিন্তু বিছানার পয়সা সাধুসেবার লাগাব।

যার জন্তে একবার শ্রীমার উপরেও বিরক্ত হয়েছিলেন ঠাকুর চ বলরামের দ্বী কৃষ্ণভাবিনীকে ঠাকুর বলতেন, অষ্ট্রস্থীর প্রধানা। তার ভারি অসুথ করেছে। মাকে ঠাকুর বললেন, একবার গিয়েঃ দেখে এল। কিন্তু মা কি করে যাবেন, গাড়ি কই, পালকি- ভূলি কই ? ঠাকুর বললেন, 'কেন, হেঁটে যাবে। আমার বলরামের সংসার ভেঙে যাচেছ আর ভূমি কিনা গাড়ি পেলে না বলে যাবে না ?'

না, যাচ্ছি। গাড়ি পাওয়া গিয়েছে ঠিক। পায়ে হাঁটবার দরকার নেই।

এই সেই বলরাম যার বাড়িতেই ঠাকুরের পৃতান্থিভন্ম রাধা হয়েছে। বলরাম চলে গেল কে আর ভবে তা আগলাবে সয়ত্বে ? কোথাও কি একটুকরো জমি পাওয়া যাবে না যেখানে সেই অন্থিভন্মের সমাধি হতে পারে ?

কলকাভায় ফিরে এল স্বামীজি। কাশীতে প্রমদাদাসকে চিঠি লিখলে:

'যাঁহার জন্মে আমাদের বাক্স'লীকুল পবিত্র ও বঙ্গভূমি পবিত্র হইয়াছে—যিনি এই পাশ্চাত্তা বাকছটায় মোহিত ভারতবাসীর পুনর দারের জন্ম অবতীর্ণ হইয়াছিলেন— যিনি সেই জন্মই অধিকাংশ ত্যাগী শিশ্রমণ্ডলী ইউনিভার্দিটি-মেন হইতেই সংগ্রহ করিয়াছিলেন, এই বঙ্গদেশে ওাঁহার সাধনভূমির সন্নিকটে ওাঁহার কোনো শারণচিফ হইল না. ইহার পর আর আক্ষেপের কথা কি আছে ? মুরেশচন্দ্র মিত্র এবং বলরাম বম্বু নামক রামকৃষ্ণের ছুই গৃহস্থ শিরোর নিতান্ত ইচ্ছা ছিল যে গঙ্গাতীরে একটি জমি ক্রয় করিয়া ভাঁহার অন্থি সমাহিত করা হয় এবং ভাঁহার শিগ্রবৃন্দও তথায় বাস করেন এবং স্থরেশবাবু ভজ্জ্ঞ্য এক হাজ্ঞার টাকা দিয়াছিলেন এবং আরও অর্থ দিবেন বলিয়াছিলেন, কিন্তু ঈশ্বরের গুঢ় অভিপ্রায়ে তিনি কল্যরাত্তে ইহলোক ত্যাগ করিয়াছেন। একণে তাঁহার শিব্যেরা তাঁহার এই গদি ও অন্তি লইয়া কোথায় যায় কিছুই ছিরতা নাই। ( বঙ্গদেশের লোকের কথা অনেক, কাজে এগোয় না, আপনি জানেন ) ভাহারা সন্মাসী, তাহারা এইক্ষণেই যথা ইচ্ছা যাইতে প্রস্তুত, কিন্তু তাহাদিগের এই দান মর্মান্তিক বেদনা পাইতেছে এবং ভগবান রামকুক্ষের

অন্তি সমাহিত করিবার জম্ম গঙ্গাতীরে একটু স্থান হইল না ইহা মনে করিয়া আমার স্থদয় বিদীর্ণ হইতেছে।

ঠাকুরের আরেকজন রসদদার এই স্থরেন বা স্থরেশ মিন্তির। ঠাকুরের কাশীপুরের বাড়ির ভাড়া যুগিয়েছে, যার টাকাভেই বরানগর মঠের স্ত্রপাত। শুধু তাই নয় যার হাতেই ঠাকুরের জ্বন্মোৎসবের প্রবর্তন। ঠাকুরের ভক্তদের জ্বন্থে ব্যয় করতে না পারলেই যার অভিমানের পর্বত।

'মশাই, আমাদের আর কেন যন্ত্রণা দিচ্ছেন ?' সেদিন ঠাকুরকে বললে স্বরেন মিন্তির।

ঠাকুর তো অবাক।

'মশাই, আমরা পাপী এ কে না জানে। কিন্তু আপনার সংস্পর্ণে এসে আমাদের কা উন্নতি হল । আমরা কোন ছাই সাধু হলাম।'

ঠাকুর হাসতে লাগলেন।

'আমরা আপনার মত মহাপুরুষের কাছে সর্বদা আসছি, হরি বলে মৃত্য করছি, ভাবে গদগদ হচ্ছি, লোকে ভাবছে খুব সাধু হয়েছি আমরা, কিন্তু যদি হৃদয়কে জ্বিগগেদ করা যায় দে বলবে এক বিন্দুও সাধুর বাতাদ পাইনি। যে সব অসং সংস্কার ছিল দব ঠিক-ঠিক বজায় আছে। এ আমাদের কি দশা! বরং, লাভের মধ্যে, শঠতা শিখলাম। আগে এমন করে কাঁদতে পারতাম না, এখন বেশ কাঁদছি।'

'তোমাকে কাঁদতে কে বলেছে, তুমি আনন্দে থাকো।' 'আনন্দে থাকব ?'

'হাঁা, আনন্দে থাকো। ভোমাকে সাধু সাজতে হবে না। ভোমার আনন্দই ভোমাকে সাধু করবে।'

'আনন্দে থাকবার উপায় কি ?'

'এক উপায়। শুধু মা-মা বলো, মাকে ডাকো। যেখানে খুনি সেখানে যাও, শুধু আনন্দময়ী মাকে সঙ্গে নিয়ে যাও।' সুরেশ আরেক দিন এসেছে ঠাকুরের কাছে। মনে সুধ নেই।
'কি হল।' জিগগেস করলেন ঠাকুর।
'কিছুই হচ্ছে না। না জপ না ধ্যান না কিছু।'
'কি করো তবে!'
'মা-মা বলতে বলতে ঘুমিয়ে পড়ি।'
'বেশ, তা হলেই হল।'
সেই সহজ্ব পথের পন্থী সুরেশ মিন্তিরও চলে গেল।

'রাখালকে বলবে, লোকে যা হয় বলুক গে। লোক না পোক।'
শশী মহারাজ্ঞাকে লিখছে স্বামীজি: 'শুধু তোমাদের ভাবের ঘরে যেন
চুরি না থাকে। আর কখনো কপটতার দিক মাড়াবে না।
অস্থুতানী পৌরাণিক হিন্দু আমি কোন কালে, বা আচারী হিন্দু আমি
কোন কালে! আই ডু নট পোজ য়্যাজ ওয়ান। বাঙ্গালীরা কি
বলে না বলে, ওসব কি প্রাহ্যের মধ্যে নিতে হয় নাকি! বাঁর জন্ম
ওদের দেশ পবিত্র হয়ে গেল, তাঁর একটা সিকি পয়সার কিছু করতে
পারলে না আবার লম্বা কথা! রাম! রাম! আহার গেঁড়িগুগলি,
পান পুকুরজ্ল, ভোজনপাত্র ছেঁড়া কলাপাতা, শ্ব্যা ভিজে মাটির
মেঝে, মুখে যত জোর! ওদের মতামতে কি আসে বায়! তোরা
আপনার কাজ করে যা। মাছবের কি মুখ দেখিস, ভগবানের
মুখ ভাখ।'

বরানগর মঠে তু'মাস কাটিয়ে স্বামীজি ঠিক করল আবার নিরুদ্দেশ। ছব। এবার আর ফিরব না। চলে যাব হিমালয়।

অখণ্ডানন্দ সন্থ ফিরেছে কাশ্মীর থেকে। তার কাছে যত রাজ্যের রোমহর্ষ গল্প শুনছে স্বামীজি। কাশ্মীরের কথা, তিব্বতের কথা, কেদারবদরীর কথা। এবার তবে চলো হিমালয়—মৌন, ধ্যান ও যোগের লীলালোকে।

মঠের খরচ না হয় এখন গিরিশ ঘোষ চালাচ্ছে, কিন্তু হিমালক্রে বাবার ভাড়া কোখায় ?

সারদানন্দ তখন আলমোড়ায়, তাকে চিঠি লিখছে স্বামীজি।

'আমি শীঅই, অর্থাৎ ভাড়ার টাকা যোগাড় হলেই আলমোড়া যাইবার সম্বন্ধ করিয়াছি। সেখান হইতে গলাতীরে গাড়োয়ালের কোন এক স্থানে গিয়া দীর্ঘকাল অবস্থান করিবার ইচ্ছা। গলাধর, অথণ্ডানন্দ আমার সলে যাইতেছে। বলিতে কি, আমি শুধু এই বিশেষ উদ্দেশ্যেই তাহাকে কাশ্মীর হইডে নামাইয়া আনিয়াছি। এবার আর পওহারী বাবা ইত্যাদি কাহারও কাছে নহে, তাহারা কেবল লোককে নিজ্ঞ উদ্দেশ্য হইতে ভ্রষ্ট করিয়া দেয়। এবার একেবারে উপরে যাইতেছি। তোমাদের ঘোরা যথেষ্ট হইয়াছে। উহা ভাল বটে, কিন্তু দেখিতেছি এ পর্যন্ত একমাত্র বে জিনিসটি তোমাদের করা উচিত ছিল ভোমরা দেইটেই কর নাই। অর্থাৎ, কোমর বাঁধো এবং বৈঠ্ যাও। মূর্থ ভবভুরে হইও না, বীরের মত অগ্রসর হও। ক্রমাগত কাল করিয়া যাও, বাধা-বিপত্তির সঙ্গে যুদ্ধ করিতে অগ্রাসর হও।'

ঘুষুড়িতে আছেন তথন শ্রীমা, দেখা করতে গেল স্বামীজি। বললে, 'মা, আমি চললুম।' মা চমকে উঠলেন: 'কোথায় ?'

'হিমালয়ে। তুঙ্গতম ভীব্রতম তপ্রভায়। মাগো, আমি আর ফিরব না।'

'সে কি ? ফিরবে বৈকি। আমি যে পথ চেয়ে থাকব।'

না মা, এবার মহন্তম জ্ঞান পরিপূর্ণতম উপলব্ধির জন্মে চলেছি।

যতক্ষণ তা না পাই, কি হবে ফিরে এসে! এমনটি হওয়া চাই

যেন যাকেই স্পর্শ করব সে-ই মুহূর্তে নবীনতরো মামুষ হয়ে উঠবে।

নিজে যদি স্পর্শমণি হতে না পারি তাহলেই তো প্রমাণ হল ঈশর

আমাকে স্পর্শ করেননি। সেই পরাজয় মানব না কিছুতেই। কিছ

কতদিনে সকল হব তা কে বলবে।

স্নেহকরুণ চোখে স্বামীজ্ঞিকে দেখতে লাগলেন শ্রীমা। এই তাঁর দেই নরেন।

দক্ষিণেশ্বরে এলেই ঠাকুর তাকে রেখে দিতে চাইতেন আর

অমনি খবর পাঠাতেন মাকে, ওগো নরেন এসেছে। মোটা মোটা করে কটি বানাও আর খুব ঘন করে ছোলার দাল। দেখো যেন-ক্রনীর পথা কোরো না।

রাখাল ঠাকুরের ছেলে কিন্তু নরেন মায়ের ছেলে। পথর্ষিলোক থেকে নেমে এসেছে।

বেদিন দেহ ছাড়বেন, বিছানার বালিশে ভর দিয়ে বসে আছেন ঠাকুর, মাকে আর লক্ষীকে ডেকে পাঠালেন। তাঁরা আসভেই ঠাকুর বললেন, 'এসেছে ? দেখ আমি যেন কোণায় যাচ্ছি, জলের ভেতর দিয়ে—অনেক, অনেক দূর।'

শ্রীমা কাঁদতে লাগলেন। তবে বুঝি ঠাকুর আর থাকবেন না।
'কাঁদছ কেন? তোমার ভাবনা কি?' কাছে দাঁড়ানো নরেনের
দিকে ইঙ্গিত করলেন ঠাকুর: 'তোমার তো নরেনই আছে।'

আমার তো নরেনই আছে।

সর্বাস্তঃকরণে আশীর্বাদ করছি বাবা। সর্বতপস্থায় সিদ্ধ হও। ফিরে এস মার আঁচলে। ধুলো মুঠো ধরে সোনা মুঠো করে দাও।

67

এত জায়গা থাকতে এল কিনা ভাগলপুর।

কলকাতা থেকে যে বেরিয়ে আসতে পেরেছি তার কাঁকর-পাথরের গুক্তা থেকে এই অনেক শাস্তি। স্তব্ধ প্রাস্তর মুক্ত আকাশ উধাও-ধাওয়া হাওয়া—আর কি চাই। আর, নতুন জায়গা দেখার আননদ। নতুন জায়গা দেখার চেয়েও বেশি স্থুখ নতুন মানুষ্য দেখা।

একটা মান্নবের জনয়ের কাছে গিয়ে দাঁড়ানো একটা সমুজের তীরে গিয়ে দাঁড়ানো। একটা মান্নবের জনয় জয় করা মানে একটা: সাম্রাজ্য সুট করে নেওয়া। কুমার নিজানন্দ সিংহের বাড়িতে গিরে উঠন। সেধান থেকে তার গৃহশিক্ষক মন্মধনাথ চৌধুরীর বাড়ি।

তুপুরের খাওয়া-দাওয়ার পর বৈঠকখানায় বদে গল্প করছে মন্মথ আর ভার বন্ধু দানাপুরের উকিল মথুর। দিং, স্থামী জি আর অখণ্ডানন্দ এলে হাজির। পরনে ছেঁড়াথোঁড়া গেরুয়া, হাতে দণ্ড-কমওলু। যেমন শহরে-বাজারে লাধু দেখা যায় তেমনি। এমন মনে হল মন্মথর। বলতে বললে বটে কিন্তু আর যেন কথা কইবার উপযুক্ত নয়। ইংরিজি একটা বই খুলে তাতেই ভূবে গেল।

স্বামীজিই কথা কইল। জিগগেস করল, 'ওটা কি পড়ছেন ?'
লোকটার স্পর্ধা তো কম নয়। পেট-ভিখারী সংধ্, কুঁজোর
কিনা চিত হয়ে শুতে চাওয়া। গল্পীরমূথে মন্মধ বললে, 'গৌডম
বুদ্ধ সম্বন্ধে একটা বই।'

সপ্রতিভের মত স্বামাজী বললে, 'ইংরিজি !'

প্রশার ধরনে বুঝি অবাক হল মন্মৰু। জিগগেদ করলে, 'আপনি ইংরিজি জানেন ?'

'যৎসামাক্ত।'

'গৌতম বুদ্ধের নাম শুনেছেন ?'

'একট্-আধট্। আপনারই মত।'

একেবারে আকাট বলে মনে হচ্ছে না। দেখা যাক না একট্ আঙ্গাপ করে। মন্মথ বৌদ্ধর্মের কথা পাড়ঙ্গ। তর্ক তুলল।

ওরে বাবা, এ যে প্রকাণ্ড পণ্ডিত। সমুদ্রের কাছে গেড়ে-ডোরা এমনি মন্মণর মনে হল নিজেকে। মণুরা সিংও বসল খাড়া হয়ে।

কথা উঠল, ভিকু কে ?

যে সর্বত্র সংযত, চোখে কানে আণে জিহুবায়, কায়ে মনে বাক্যে, সেই জিকু। তার হাত কাউকে প্রহার উপ্তত হয় না, তার পা বিচার বিবেচনা করে ধীর-স্থির থাকে। মিথ্যাবাক্যে অক্সের মনে হুংখ দেয় না, মিত ঋত ও হিতক্থায় যে অক্সের উপকার সাধন করে। বে একচারী সতত সম্ভষ্ট ধ্যানপ্রায়ণ সেই সদানন্দময় অর্হৎ পুরুষই জিকু। কে এ সাধ্। আপনারা আমার এখানে থাকবেন ? কেন থাকব না ? থাকবার জক্তেই তো এসেছি।

একদিন যোগসাধনের কথা উঠল। এ বিষয়েও পারংগম
স্বামীঞ্জি। দয়ানন্দ স্বামীর কাছ থেকে যোগসম্বন্ধে কিছু-কিছু
শুনেছিল মন্মথ, দেখল তার সঙ্গে ছবছ মিলে যাচ্ছে। শুধু তাই
নয়, এমন সব কথা বলছে যা আগে শোনেনি কোনোদিন।

বাতশৃন্তদেশস্থিত দীপ যেমন নিকম্প থাকে মনকে তেমনি বিনিশ্চিল করো।

ঈশ্বরকে পাবার সহজ উপায় কি ?

সাধুসঙ্গ। যোগ, সংখ্যা-বিবেক, অহিংসা, জ্বপ, কৃচ্ছু, সংস্থাস, ইষ্টাপূর্ত, দান, ব্রত, যজ্ঞ, মন্ত্র, তীর্থ, যম-নিয়ম এগুলি কেউই ঈশ্বরকে বশীভূত করতে পারে না, সর্বসঙ্গনাশক সাধুসঙ্গ যেমন পারে।

আর লোকহিতকর কর্ম করে। যে পর্যন্ত সর্বভূতে ব্রহ্মভাব না জন্মায় সে পর্যন্ত সর্বভূতকে ব্রহ্মজ্ঞানে কায়মনোবাক্যে সেবা করে। জীব আর কিছুই নয়, শিবেরই নামান্তর, আকারান্তর। শিবজ্ঞানে জীবসেবা করো।

হাতা ব্রহ্ম, হবি ব্রহ্ম, অগ্নি ব্রহ্ম, হোডা ব্রহ্ম, এমনি কর্মমাত্রই ব্রহ্ম যার দৃষ্টি সেই ব্রহ্মকে লাভ করে।

সংস্কৃতও বেশ জানা আছে মনে হচ্ছে। উপনিষদ পড়তে পারেন ?

একটু-আধটু।

একটু শোনাবেন পড়ে ?

শোনাচ্ছি। না, না, বই আনবার দরকার নেই। এমনিতেই মনে আছে কিছু-কিছু।

আর্ডি করতে লাগল স্বামীজী। মন্থ আর মধুরা তো নিম্পান্দ! কি না জানে এই লাখু! ইংরিজি, সংস্কৃত, সমস্ত বোগশাল। তারপর উপনিবংরাশি। বেদান্তের অমুবদ্ধ চারিটি। প্রমাতা, প্রমাণ, প্রমের ও প্রয়োজন।

वृथित्र पिन।

প্রমাতা মানে অধিকারী। প্রমাণ মানে সম্বন্ধ। প্রমেয় মানে বিষয়। প্রয়োজন মানে ফল। কুখার্ত ব্যক্তি সামনে অন্ধ্র দেখলে কি করে? আর ভক্ষণ করে। ভক্ষণ কেন করে, করলে কি হয়? কুন্নিবৃত্তি হয়। এখানে কুখার্ত ব্যক্তি প্রমাতা। আর প্রমেয়। আরদর্শন ও অরভক্ষণ প্রমাণ। কুন্নবৃত্তি, তৃত্তিপৃত্তিলাভ প্রয়োজন। তেমনি বেদান্তের প্রমাতা জীব, প্রমেয় ব্রহ্ম, প্রমাণ চিত্তবৃত্তি, প্রয়োজন অনর্থ-নিবৃত্তি, প্রমানন্দলাভ।

আপনি আমার এখানে থাকুন। আতিথেয়তায় উচ্ছুসিত হয়ে।
উঠল মলথ।

সাত-সাতদিন থেকে গেল স্বামীঞ্চ।

একদিন নিজের মনে গুনগুন করে সুর ভাজছে স্বামীজি, শুনতে পেয়ে গুঞ্জরিত হয়ে উঠল মন্মধ জিগগেস করল, 'আপনি গান জানেন ?'

একট্ট-আধট্ট।

একটা ধরুন না। সবাই মিলে পিড়াপিড়ি করতে লাগল স্বামীক্তকে।

স্বামীন্দি গান ধরল। যেমন জ্ঞানে ডেমনি গানে উন্মেষনিমেশ-শৃষ্ঠ হয়ে শুনতে লাগল সকলে।

ভালো জিনিস আরো অনেকে শুমুক। আমার যা আনন্দ তা সকলের মধ্যে সঞ্চারিত হোক। মন্মথ পরের দিন বাড়িতে গানের আসর বসাল। অনেক ওস্তাদ গাইয়ে-বাজিয়ের নিমন্ত্রণ হল। বিদশ্ধ সমাজ ভেঙে পড়ল বাড়িতে।

রাত নটা-দশটার মধ্যে আসর উঠে যাবার কথা, কিন্তু স্বামীজি একাই গেয়ে চলল রাত তিনটে পর্যন্ত। কারু জারগা ছেড়ে ওঠবার নাম নেই। কুধাতৃষ্ণ। সবাই ভূলে গিয়েছে, ভূলে গিয়েছে বাড়ি-ঘরের কথা। কারু খেয়াল নেই এখন কটা রাভ। সময়ও যেন থমকে দাঁড়িয়ে পড়েছে গান শুনে।

আরো চাই। আরো শুনব। একটার পর একটা গেয়েই চলেছে স্বামীজি। অবসাদ নেই। অশ্বমনম্বতা নেই। কণ্ঠস্বরে নেই এতটুকু ক্লাস্তি বা অনানন্দ।

কৈলাসবাবু দক্ত করছিল। তার আঙ্ল কাঠ হয়ে গেল, ব্যথা করে উঠল। তবু থামছে না স্বামীজ। মিলিডনয়নে ডম্ময় হয়ে গান গেয়ে চলেছে।

नवारे वृवाल এ धेनी मंकि हांड़ा किहू नग्र।

পরের দিন সবাই আবার ভিড় করঙ্গ মন্মথর বাড়িতে। আবার শুনব। আবার শোনান।

স্বামীজ্ঞি রাজি হল না। আর একবার যখন 'না' বলে দিয়েছে তখন লক্ষ উপরোধেও টলবে না স্বামীজি।

একদিন মশ্মথ বললে, 'চলুন ভাগলপুরের বড়লোকদের সঙ্গে আপনার পরিচয় করিয়ে দিই। হেঁটে যেতে হবে না, আমার গাড়িতে করেই যাবেন।'

'বড়লোক !' স্বামীজি গন্তীরস্বরে বললে, 'বড়লোকের ছয়ারে গিয়ে দাঁড়ানো সন্ম্যাসীর ধর্ম নয়।'

মশ্বথর ভারি সাধ বাকি জীবন বৃন্দাবনে কাটায় আর সেখানে সাধন ভজন করে। স্বামীজিকে বললে সেই মনের কথা। চলুন বৃন্দাবনে ষাই। গোবিন্দের মন্দিরে তিনশো করে টাকা জমা দিলে, আর কিছু ভাবনা নেই, বাকি জীবন নিয়মিত প্রসাদ পেরে যাব। ধাবার ভাবনাই তো ভাবনা। যথন সে ভাবনা আর থাকবে না তথন মহানন্দে নাম সাধন করব হু'জনে।

'ও-সাধনা আমার জন্মে নয়।' বললে স্বামীজি : 'ভির হয়ে বসবার জন্মে আমি আসিনি।'

একদিন ঘরে বসে কাজ করছে মন্মধ, না বলে করে চলে গেল স্থামীজি। মুখোমুধি বিদায় নিতে গেলে যাওয়া হত না, মন্মধ ছ'হাত মেলে পথ আটকাতো। চুপিচুপি চলে যাওয়াই বৃদ্ধিমানের কাল।

শুধু বৃদ্ধিমানের কাজ ! নিরাসক্ত সর্বপাপবিমৃক্ত সন্ন্যাসীর কাজ।

এ কি, স্বামীন্ধি কোণায় ? কেউ কিছু বলতে পারছে না, সবাই একেবারে আকাশ থেকে পড়ল। তার গুরুভাই বা কোণায় ? সেও বেপান্ডা!

ভেবেছিলুম ধরে রাখতে পারব। ভেবেছিলুম অস্তুত জ্ঞানতে দেবে তার পথের ঠিকানা! তুমি কে না কে মন্মথ, তুমি তাকে বাঁধবে। তার ইচ্ছাশক্তির কাছে তোমার ইচ্ছাশক্তি!

তবু কিসের টানে কে জানে মশ্বথ বেরিয়ে পড়ল। একবার যেন শুনেছিল স্বামীন্ধী বদরিকাঞ্চমে ব্যাবে। চলো তবে সেই বদরিকাশ্রম।

ট্রেনে চেপে বসল মশ্বথ। আলঝোড়া পর্যস্ত এল। আলমোড়ার এসে শুনলে স্বামীজি আরো উত্তরে চকৌ গিয়েছে।

কেন কে জানে আর এগোতে ইচ্ছা হল না। ঘরে ফিরে এল ঘরের ছেলে।

অখণ্ডানন্দ বললে স্বামীজিকে, চলো বৈগুনাথধাম যাওয়া যাক।

বৈশ্বনাথধানে রাজনারায়ণ বস্থুর সঙ্গে দেখা। এত বড় একটা লোক, বা, দেখা করে যাব বইকি। কিন্তু, খবরদার, ঘুণাক্ষরেও জানতে দেবে না যে আমি ইংরিজি জানি। অথগুনন্দকে স্বামীজি ছঁসিয়ার করে দিল। আমরা অশিক্ষিত সাধারণ সাধুমাত্র এই সবাই মনে কঞ্চক।

রাজনারায়ণবাবু তাই এদের সঙ্গে বাঙলাতেই আলাপ চালালেন। কিন্তু বাঙলাই বা এরা কি সুন্দর যে বলে। যেমন কথার ছটা তেমনি বলবার তেজ্ঞ। আর ইংরিজি জানে না বলে ইংরিজির বাংলা প্রতিশব্দ গঠনের কি আশ্চর্য ক্ষমতা। যে সব তর্ক উঠেছে তাতে বেটপকা ইংরিজি শব্দ এদে পড়াই দক্ষর। ডাই রাজনারারণবাবুরও হয়েছে মুদ্ধিল। প্রায় প্রতিবাক্যে হোঁচট খেডে হছে। সামলে নিয়ে এপাশ খেকে বাঙলা শব্দ জুড়ে দিচ্ছেন। ইংরিজি জানে না অথচ ছোকরা সাধুদের তর্কের ভঙ্গিটি তো বেশ ধারালো।

কি কথার সঙ্গে রাজনারায়ণবাব ইংরিজি 'প্লাস' কথাটা বলে কেললেন। বলে কেলেই বুঝলেন, ভূল হয়ে গিয়েছে, কথাটার মানে ভো বুঝবে না সাধুরা। তথন কি করেন, নিজের একটা আঙুলের উপর আরেকটা আঙুল রেখে যোগচিক্তের সঙ্কেত করলেন। ব্যাপারটা তথন সাধুদের কাছে বোধগম্য হল!

দেওবরে একদিন থেকে কানী। কানীতে তু'দিন থেকে আযোধ্যা। বাবার আগে প্রমদাদাসকে বলে গেল: 'এরপর যখন আসব দেখবেন একটা বোমা হয়ে ফেটে পড়েছি। আর সমস্ত দেশ আমাকে ছায়ার মত অমুসরণ করছে।'

অযোধ্যা থেকে নৈনিভাল।

নৈনিতালে রামপ্রসন্ধ ভট্টাচার্যের বাড়িতে এসে উঠল। কদিন থাকব ? যতদিন পথ আবার না টানে। চোখে এসে না পড়ে দূর পাহাড়ের হাতছানি।

চলো যাই বদরিকার পথে। দিন পনেরো পরেই আবার যাত্রা করল তু'লনে। নরেন আর গলাধর।

যাকে বলে নিট্ট নি:সম্বল, চলেছে ছ'জনে পায়ে হেঁটে। একটা পাই-পয়সারও মুখ দেখবার আশা নেই কোথাও। তবু চলো এগিয়ে। পাহাড় ডেকেছে। অরণ্য ডেকেছে। ডেকেছে জীবনের স্বিশাল নিস্তর্কা।

তিন দিন অবিশ্রাম পায়ে হেঁটে রাত্রে থামল এক বর্ণার ধাবে।
একটা বটগাছের নিচে। সেখানে খানে স্বামীজি।

অসামান্ত অমুভূতি হল। অমুভূতি হল আকীটপতক্সপিশ্রীলিকা সমস্তই ব্রহ্ম। অমুভূতিই প্রমাণ। সভ্যের মভ প্রমাণিত বলে অমুভব করল ব্রহ্মই একমেবাছিতীয়ং। ব্রহ্মে স্থগত ভেদ নেই। গাছে যেমন শাখা শিকড় ফুল পল্লবাদি আছে, ব্রহ্মে তেমন নেই।
ব্রহ্ম নিরবয়ব, স্থভরাং তার অংশ বলে কিছু নেই। স্বজাতীয় ডেদও
নেই। এক আম গাছের সঙ্গে আরেক আম গাছের স্বজাতীয় ডেদ
আছে, ব্রহ্মে সেরকম নেই। অহং অনেক কিছু আত্মা এক!
বিজাতীয় ভেদও নেই। একটা গাছের সঙ্গে একটা শিলার ভেদ
আছে, ব্রহ্মে সেরকম নেই। ব্রহ্ম ছাড়া যেমন অহ্য আত্মা নেই,
তেমনি অহ্য ক্ষড় পদার্থও নেই।

অতএব কি দেধলাম ? দেধলাম চেতন জীব বা জড়জগৎ-কিছুই নেই, একমাত্ৰ ব্ৰহ্ম বিভাষান।

ব্রহ্ম অনাদি। নিরতিশয়। অন্তিও বলতে পারো না, নান্তিও বলতে পারো না। সব দিকেই তাঁর হস্ত-পদ, অক্ষিলিরোম্থ, সর্বত্র কান পেতে আছেন, সব কিছু তাঁর আছেদিনে। ইন্দ্রিয় নেই, অথচ সমস্ত ইন্দ্রিয়ের কান্ধ করেন। চোথ নেই দেখেন, পা নেই চলেন, হাত নেই ধরেন। অসঙ্গ হয়েও সর্বধার। নিগুণ হয়েও গুণভোক্তা। অন্তর্ম-বাহির সব তিনি। স্থাবর-কাঙ্গম সব তিনি। যে বৃথতে চায় না তার তিনি দূর। যে বৃথতে চায় ভার তিনি সমিছিত। তিনি জ্যোতির জ্যোতি, প্রকাশকের প্রকাশক। তিনি সমস্ত অন্ধকারের পরপারে।

্ আলমোড়া পর্যন্তও বৃঝি পৌছুনো হল না। তার আগেই একটা জললের ধার দিয়ে যাচ্ছে, খিদের কটে অবসর হয়ে বসে পড়ল স্থামীজি। এইখানেই বৃঝি শেষশয়া নিতে হয়। সন্ন্যাসের চমংকার পরিণাম! লোকে বলবে, রোগে নয়, বাবে নয়, মাত্র খিদের তাড়নার দেহ ছেড়েছে সন্ন্যাসী। এ আমি কি করে সইব ? ঈশ্বর, শক্তিদাও, হাত ধরে তোলো ভ্রিয়মাণকে।

মূর্ছিভের মত শুরে পড়ল স্বামীজি। পাশে গঙ্গাধর বসে। সর্বাঙ্গ শিথিল, বিষাদমূর্বল। কোথায় যাবে, কি চাইবে, কেউ বলবার নেই। চারিদিকে ঘনবনের শত্রুতা।

কে একজন কাছে এসে দাঁড়াল। এ জঙ্গলে মাত্রৰ আছে ?

'কে ?' স্বামীজি চোথ চাইল।

'এই জললের মধ্যে এক কবর আছে, **আ**মি ভার পাহারাদার।'

'থাকো কোথায় ?'

'কবরেরই এক ধারে, আমার কুঁড়েবরে।'

'আমাদের কিছু খেতে দিতে পারে৷ ?'

'পারি।'

একটা শশা নিয়ে এল। খান্ত আর পানীয় একসঙ্গে। একসঙ্গে মামুষের স্নেহ আর ঈশ্বরের করুণা।

ত্বই বন্ধতে খেল তৃপ্তি করে। আবার পথ চলল।

আলমোড়ায় অম্বাদন্তের বাগানবাড়িতে সাধুসম্ভদের থাক গার জারগা আছে, জানা ছিল গঙ্গাধরের। সেইখানে গিয়েই ছ'জনে উঠল। খবর পেল বৈকুঠ সাফাল আর শরং মহারাজ আগে থেকেই এখানে আছে, বজ্রাশা থূলঘোড়িয়ার বাড়িতে। তাদের একটা খবর দাও।

বজ্রীশা নিজে এল স্বামীজিকে নিয়ে যেতে। বজাশার প্রীতি-ভক্তির তুলনা হয় না।

তিন সন্ন্যাসী ও এক গৃহী একত্র হল। বিবেকানন্দ, অখণ্ডানন্দ, আর বৈকুণ্ঠ সাক্তাল। কিন্তু শান্তি মিলল না। কলকাতা থেকে টেলিপ্রাম এল স্বামীন্দির ছোট বোন আত্মহত্যা করে মারা গেছে।

বাণবিদ্ধ পাখির মত যন্ত্রণায় ছটফট করতে লাগল স্বামীজি।
এই যন্ত্রণার মধ্য দিয়ে দেখতে পেল ভারতের নারীদের অসাহায়তার
ছবি। কোনো দেশই শক্তিশালী হতে পারে না যদি সে তার স্ত্রীজাতিকে ছর্বল করে রাখে। কোনো গৃহই স্বর্গ হতে পারে না যদি
সেখানে স্ত্রী জ্রীরূপে না রিরাজ করে। আমাদের দেশ এত অধম
কেন, এত অধ্যপতিত কেন ? শক্তিরূপিনী স্ত্রীজাতির আমরা অব্যাননা
করেছি বলে। যে গৃহে নারীরা পূজা পায় সেই গৃহেই দেব ভারা
সানন্দে বসবাস করেন। যত্র নার্যস্ত পূজান্তে রমস্থে তত্র দেবতাঃ।

ভাই সারদামণিকে পূজা করলেন রামকৃষ্ণ। তাই তার প্রাহ্মণী ভৈরবীকে স্ত্রীশুরু-গ্রহণ। তাই তাঁর মাড়ভাব প্রচার।

ন্ত্ৰীব্ৰাতির অভ্যুত্থান না হলে ব্ৰগতে অভ্যুত্থান নেই।

সিস্টার নিবেদিতাকে চিঠি লিখছেন বিবেকানন্দ: 'প্রিয় মিদ নোবল, ভারতের জ্বন্ত, বিশেষত নারীসমাজের জ্বন্ত পুরুষের চেয়ে নারীর—একজন প্রকৃত সিংহিনীর প্রয়োজন। ভারতবর্ষ এখনও মহীয়দী মহিলার জন্মদান করতে পারছে না, তাই অন্তজ্ঞাতি থেকে ভাঁকে ধার করতে হবে। ভোমার শিক্ষা, ঐকান্তিকতা, পবিত্রতা, অসীম প্রীতি, দৃঢ়তা এবং সর্বোপরি ভোমার ধমনীতে প্রবাহিত কেল্টিক রক্তই ভোমাকে সর্বথা সেই উপযুক্ত নারীরূপে গঠন করেছে।

কিন্তু শ্রেরাংসি বছবিদ্নানি। এক্লেশের ছংখ কুসংস্থার দাসছ প্রভৃতি কীলৃশ তা তুমি ধারণা করতে পারো না। এদেশে এলে তুমি দেখতে পাবে তোমার চারপাশে অর্ধ-উলঙ্গ নরনারীর বাহিনী—তাদের জ্বাতি ও স্পর্শ সম্বন্ধে কি বিকট ধারণা! তারা ভয়ে শ্বেতাঙ্গদের এড়িয়ে চলে, আর শ্বেতাঙ্গরাও তাদের প্রবল তাবে ঘূণা করে। তারপর তুমি যদি আস শ্বেতাঙ্গের দল তোমাকে পাগল ঠাওরাবে আর তোমার সমস্ত গতিবিধি সন্দেহের চোখে দেখবে। তা ছাড়া, তুমি জানো এদেশের জলবায়্ত প্রাম্থ্রধান, সাধারণ শীতই তোমাদের গ্রীম্মের মত। শহরের বাইরে কোথাও ইউরোপীয় স্থেকাছল্য পাবার উপায় নেই। সর্বত্রই শুক্ষতা ও বিমুখতা। তর্, এ সব সন্ত্বেও তুমি যদি কর্মে প্রবৃত্ত হতে সাহস্কর, ভবে আমি তোমাকে শত শত বার স্বাগত সম্ভাবণ জানাচ্ছি। অক্সত্র যেমন, তেমনি এখানেও আমি কেউ নই, তব্ আমার যেটুকু শাধ্য সেটকু দিয়েই তোমাকে আমি সাহায্য করব।'

আলমোড়ায় আর মন টিকল না, বেরিয়ে পড়ল স্বামীজি। বেরিয়ে পড়ল গাড়োয়ালের পথে। সঙ্গী সারদানন্দ, অথগুানন্দ আর বৈকুঠ। অস্তর জুড়ে ছই কারা—এক, বোনের জ্বন্ধ, আরেক ঈশবের জন্ম। শেষের কারাই টেনে নিয়ে বাচ্ছে পর্বতের। নিঃসঙ্গতায়, তার ধ্যানমগ্ন গান্ধীর্যে। এই শেষের কারাতেই ভূবে বাবে অন্য আর্তি।

যত যাত্রা তত বাধা। যাঁর মোচন তাঁরই আবার অবরোধ। এক হাতে টানেন, আরেক হাতে আটকান। এক চোখে প্রশ্নয়। আরেক চোখে নিষেধ।

অসুস্থ হয়ে পড়ল অথগুননদ। কর্ণপ্রয়াগে এসে তিন দিন আপেকা করতে হল তার ভালো হবার আশায়। সে বদি বা ভালো হল, বাধা এল আরেক মূর্তিতে। ছর্ভিক্ষ দেখা দিয়েছে ওদিকে, তাই কেদারবদরীর পথ বন্ধ করে দিয়েছে সরকার।

পথ যদি খুলল দেখা দিল আরেক বাধা। কর্ণপ্রায়াগ থেকে বেরিয়েছে, চটিতে আঞ্চয় নিল।

'কেমন আছ হে গলাধর ?'

'চমৎকার ? তুমি ?'

'তোমারই মতন।'

'তৰে আর গুয়ে কেন ?'

'না, ওঠো, চলো, বেরিয়ে পড়ি। জয়ধ্বজার চূড়া ঐ দেখা যাচেত।'

ভালো করে না সারতেই বেরিয়ে পড়ল। চারদিকে শুধু বিরাটের লিপি লেখা। বিরাট আভঙ্ক বিরাট প্রশাস্তি। বিরাট আহবান বিরাট শুরুতা।

কজপ্রয়াগে এসে পৌছুল। সেখানে এক বাঙালি সাধুর সঙ্গে দেখা। নাম কি আপনার ? পূর্ণানন্দ। কবে বেরিয়েছেন বাড়িছেড়ে ? কেউ জানে না। মৌনের শিলালিপিতে কোথাও এডটুকু ইভিহাসের ইন্ধিত লেখা নেই। যেই পূর্ণানন্দের যজ্ঞে লোকনেত্রের অলক্ষ্যে কত নামগোত্রহীন পূর্ণানন্দ আত্মান্ততি দিয়েছেকে জানে! তোমাকে এগুতে বলেছেন তুমি এগোও। আমাকে পথের পাশে বসে থাকতে বলেছেন আমি বসে থাকি।

একটা ধর্মশালায় এসে উঠলে। স্বামীজ আর অখণ্ডানন্দের আবার জ্বর এল। এবার আর শক্তি রইল না যে উঠে বসে। উপায় ? এখানে তো একটা কোনো ডাক্তারও নেই। বৈকুণ্ঠ আর শরৎ চোখে অন্ধকার দেখল।

সরকারী সদর আমিন কাছেই কোথাও তাঁবু ফেলেছে, তার সঙ্গে দেখা করল হ'জনে। কবরেঞ্জি টোটকা কিছু দিতে পারি দেখো, তাতেই আরাম হবে। আরাম কিঞ্চিং হল বটে কিছু জ্বর আর যায় না। ন মাইল দূরে শ্রীনগর, ডাণ্ডি করে ওঁদের নিয়ে যাও ওখানে। খরচ ? যা লাগে আমি দেব। দাঁড়াও, আমিই সব ব্যবস্থা করে দিচ্ছি।

সরকারী সদর আমিন, বজ্রীদন্ত যোশী, সব ব্যবস্থা করে দিল। বৈকুষ্ঠ আর সারদানন্দ চলল পায়ে হেঁটে, ডাণ্ডিতে অথগুানন্দ আর স্বামীক্ষী।

শ্রীনগরে অলকানন্দার ধারে একটি কুটার পেয়েছে সকলে।
নদী আর পর্বত, কি জাহস্পর্শে কে জানে, জরটুকু মুছে নিল গা থেকে। ধারে ধারে ফিরে এল সাম্ভার দীপ্তি, শক্তির উৎসাহ। এখানেই থাকব। স্বামাজী বললে প্রাকৃত্ব কণ্ঠে।

## চলবে কি করে ?

কি করে ? হাসল স্বামীক্তা তিনি মধু আমরা মধুকর।
আমাদের তাই মাধুকরা। নারারণ হরি। এই বলে গৃহস্থের
দরকায় দাঁড়ায় এসে সন্ন্যাসী। গৃহস্থ তার নিজের খাত থেকে
সামাত একটু অংশ, হয়তো রুটির একটা টুকরো, কিছু তাজি কিংবা
ডাল দিয়ে দেন সন্মাসীকে। তিন চার পাঁচ বাড়ি ঘুরে যেই নিজের
পোট ভরবার মত খাতের সংস্থান হয় সন্মাসী তার ভেরায় ফিরে
আসে। বিকেলে আর বেরোয় না। ডাই যারা মাধুকরী করে
তাদের একবেলা আহার। রাত্রে ভাদের অনশন।

সন্মাসীর সঞ্চয় নেই। যা তার আছে ঐ গৃহস্থের ঘরে, গৃহস্থের সেবায়, গৃহস্থের প্রীভিতে। কিন্তু ষতটুকু সে দেবে ততটুকু। বতট্কু ভোমার দরকার তত্ট্কু। প্রয়োজনের অতিরিক্ত যে নের সেই হরণ করে।

## 95

শ্রীনগর থেকে তেহরি।

গঙ্গাতীরে একটা পোড়ো বাগান, তার মধ্যে একটা ভাঙা ধর। যতদিন কেউ না ডাড়ায় এইখানেই, এস, বসে পড়ি।

যাত্রা কিসের জয়ে ? গস্তব্যস্থলে পৌছে উপবেশনের জয়ে। উপাসনাই আমাদের উপবেশন। নিত্য প্রার্থনাই আমাদের যাত্রা।

খুব কষে ধ্যান লাগাও। প্রার্থনা করো।

পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রীর দাদা রঘুনাথ শুট্টাচার্যের সঙ্গে আলাপ হল স্বামীজির। গাড়োয়ালের রাজধানী তেহরি, তার রাজসরকারের দেওয়ান হচ্ছেন রঘুনাথ। বললেন, 'এখানে নয়, গণেশ-প্রায়াগে আমি আপনাদের ধ্যানের জায়গা ঠিক করে দিচ্ছি, গঙ্গা আর বিলাজনার সঙ্গমস্থানে। সেখানে যান।'

ধ্যান মানে কি ? চোখ বুজে আলোকের একটি শিখা-দর্শন। কিসের শিখা ? চারদিকের ঘন পুঞ্জীভূত হুশ্ছেন্ত অন্ধকারে করুণার দীপশিখা।

যাবার সব ঠিকঠাক, অথগুননদ আবার অসুখে পড়ঙ্গ। ডাক্তার এসে বললে, পাহাড়ের শীভ সহা হবে না, নিচে নেমে যেতে হবে এখুনি।

তথান্ত। আগে বন্ধু, পরে ঈশ্বর। কে না জানে ঈশ্বরই বন্ধু। তাই গণেশ-প্রয়াগের যাত্রী নেমে চলল মুসৌরি। ঠাকুর যে সব গুরুভাইকে আমার জিম্মায় দিয়ে গেছেন। বলে গেছেন, ওদের কেউ নেই, তুই যদি না দেখিল তো কে দেখবে ? দেরাত্নে সিভিন্স সার্জনের কাছে চিঠি দিয়ে দিলেন রঘুনাথ। আর হুটো টাটু্। আর পথে যা দরকার হুতে পারে ভার ধরচপত্র।

नेश्वत्रहे वक्ष् । नेश्वत्रहे महयाजी ।

'আপনার দয়। ভূলব না।' রঘুনাথকে বলছে স্বামীজি : 'যদি আবার স্থাপে আবার আপনার করুণার স্বাদ নেব। যতবারই ধ্যানমৌনের জীবনে প্রবেশ করতে যাচ্ছি ততবারই ঠাকুর বাদ সাধছেন। বারে বারে ফিরিয়ে নিয়ে আসছেন সংগ্রামের ক্ষেত্রে।'

পথে পড়ল রাজপুর। শুনল সেখানে হরি-মহারাজ, তুরীয়ানন্দ স্বামী আছে। এখানে সে কি করছে ? ধ্যান করছে।

রাত্রে গাঁরে রব উঠেছে, বাঘ এসেছে। ভাঙা ইটের ভূপ এই তাে হরি-মহারাজের ভেরা, কােনাই প্রতিরোধ নেই বাঘকে ঠেকার। দরজা নেই, দেরাল পড়ো-পড়ো। নিশ্বরই এ ভাঙা ঘরেই বাঘ ঢুকবে, খাত্যের জন্মে না হােক, আশ্রারের জন্মে। এখন উপার ! দরজার কাঁক ইট দিয়ে সাজিয়ে বদ্ধ করতে চাইল হরিনাথ। খানিকক্ষণ পরে মনের মধ্যে ধিকার জেগে উঠল। লাখি মেরে ভেঙে ফেলল ইটের পাঁজা। আমার আর আত্মরক্ষার উপায় নেই ! আমি এভ নিঃসম্বল।

ছরের বাইরে অন্ধকারে ধ্যানে বসল হরিনাথ। অদূরে বাবের গর্জন শোনা যাচ্ছে। কে বাঘ, কে হরিনাথ।

তুরীয়ানন্দ দাঁড়াল এসে স্বামীজির পাশে। রুগীকে নিয়ে চলে এল দেরাছন।

আগে সিভিল সার্জনকে ডাকাই। আরও আগে দরকার একটা ভক্ত আশ্রয়। াসভিল সার্জনকে ডাকাব কোণায় ?

'আমার গুরুভাই বড় অসুস্থ। তাকে কেউ একটু আত্রার দিবেন ?' দ্বারে দিরতে লাগল স্বামীজি: 'কেউ করবেন তার একটু ওযুধ পথ্যের ব্যবস্থা ?'

এ কি অভুত ভিক্ষা! নিজের জয়ে নয়, বন্ধুর জন্মে। তাও চাল-

ভাল পয়সা-কড়ি নয়, একেবারে একথানি ঘর, একটি আরামের শয্যা, ভাক্তার-পথ্যের রকমারি সরঞ্জাম।

সবাই মুখ ফিরিয়ে নিল। কিন্তু আবার মামুখের মুখেই তো ঈশ্বরের মুখ। এগিয়ে এলেন আনন্দ নারায়ণ। কাশ্মীরী বাহ্মণ, দেরাছনের উকিল। তিনি রুগ্ন সন্মাসীর ভার নিলেন। গোটা একটা বাড়ি ভাড়া করলেন। উপযুক্ত ওষ্ধ-পথ্য তো বটেই, গরম কাপড়চোপড় পাঠিয়ে দিলেন।

'আপনারা ?' স্বামীজির দিকে তাকিয়ে জিগগেস করলেন ব্রাহ্মণ।

'আমাদের কোনো ঘরদোরের দরকার নেই।' বললে স্বামীজি: 'আমাদের ভিক্ষা সংস্থান আর বৃক্ষতল আশ্রয় '

'আপনাদের কিসের হৃঃখ ় কেন আপনারা কষ্ট করবেন ?'

'হৃ:খ ?' হাসল স্বামীজি : 'হৃ:খ আমাদের দেখে হৃ:খিত হয়ে চলে গিয়েছে। আমাদের সঙ্গে থাকতে কষ্টের কট্ট হবে।'

এমন কিছু আছে কিনা
সদানন্দে থাকা যায়,

ংখ যেন আমায় দেখে

তঃখ পেয়ে চলে যায়॥

সর্বং পরবশং ছঃখং, সর্বমাত্মবশং সূথ, যা পরাধীন তাই ছঃখ, ষা স্বাধীন আত্মনির্ভর, তাই সুখ।

একটু সুস্থ হয়ে উঠলে অখণ্ডানন্দকে এলাহাবাদের পথে পাঠিয়ে দিল। তারপর স্বামীজি আর-আর গুরুভায়েদের নিয়ে চলে এল স্ববীকেশ।

চণ্ডেশ্বর মহাদেবের মন্দিরের পাশে বসে পড়ো যোগাসনে। স্থুদীর্থ ধ্যান লাগাও।

অভেদদর্শনই জ্ঞান, মনের নির্বিষয়তাই ধ্যান, অন্তরের অশুদ্ধি জ্যাগই স্থান আর ইন্সিয়সংযমই শৌচ। আর ধ্যানে বসে এইটিই অমুভব করো, আমিই অগ্নি আমিই হরি। ভোক্তরূপেও আমি ভোগ্যরূপেও আমি—আমিই সর্বাত্মক।

কিন্তু কতক্ষণ বসবে ? এবার নিজে অস্থুখে পড়ল স্বামীজি। প্রবল জ্বর, তার সঙ্গে প্রতপ্ত প্রলাপ।

প্রায় প্রাণসংকট। দেখতে দেখতে অবস্থা নৈরাশ্যের শেষসীমার দিকে চলে আসছে। জ্ঞান নেই, কখনো-কখনো নাড়ী পাওয়া যাচ্ছে না। মাটির উপর হ'খানা কম্বল বিছিয়ে শয্যা, তার উপর শুয়ে স্বামীজি চরম মুহূর্তের অপেক্ষা করছে।

গুরুভায়ের৷ অন্ধ্রকারে পথ খুঁজে পাচ্ছে না : কি করবে কোধায় যাবে কোন দয়জায় হাত পাত্বে ? ধারে-কাছে ডাক্তার কোথায় ? কোথায় বিপদের সহায়বন্ধু ? কোথায় ত্রাণক্তা ?

পাহাড়ী একটা লোক এসে হাজির। বললে, 'আমি ওযুধ এনেছি।'

'কি ওষুধ ?'

'পাহাড়ী গাছের শিকড়। মধুর সঙ্গে বৈটে থাইরে দাও। ভালো হয়ে যাবে।'

জানি না তুমি কে, তোমাকে কে পাঠাল ? জ্বানি না তোমার ওষ্ধের গুণাগুণ। তবু মন বলছে তুমি তাঁরই দৃত, যিনি কণ্টে ফেলে কুপা দেখান, রোগে ফেলে আরোগ্য আনেন, কুধার ছঃখ দিয়ে আনেন খান্তের স্থাস্বাদ।

ক্লেশ না থাকলে কুপাকে বুঝত কে ! রোগ না থাকলে কোথায় থাকত উপশমের আরাম ! খিদে না থাকলে কোথায় খাওয়ার আনন্দ !

ওষুধ খেয়ে ভালো হয়ে উঠল স্বামীঞ্চি।

'অন্ধকারেই ঈর্থরকে মনে পড়ে।' বললেন ঠাকুর: 'মনে হয়, সব এই দেখা যাচ্ছিল, কে এমন করলে।'

আবার আলোকেও সেই ঈশ্বরকে মনে করো। অদ্ধকার দেখে মনে হয়েছিল এ বুঝি আর নড়বে না, এ বুঝি আর সরবে না। জগদলন পাধরের মত নিশাস রোধ করে পড়ে থাকবে। কিন্তু না, এই দেখ, আলোয় দশদিক ঝলমল করে উঠেছে। অন্ধকারের ভন্তারীও আর কোথাও নেই।

আশ্চর্য, কি করে রাত্রি আবার প্রভাত হল! তাও আবার হয় নাকি ?

"যেমনি ভোরে জেগে উঠে
নয়ন মেলে চাই
থুশি হয়ে আছেন চেয়ে
দেখতে মোরা পাই।
তাঁরি মুখের প্রসন্ধতায়
সমস্ত ঘর ভরে
সকাল বেলায় তাঁরি হাসি
আলোক ঢেলে পড়ে॥"

তাই ঈশ্বরকে আলোকে-আনন্দেও দেখ। দেখ তোমার প্রসাদে-স্থাদেও। তাঁকে ভূলে যেও না। তিনি শুধু খরশন নন, পুপাবৃষ্টিও। বাঁহা মুক্ষিল ভাঁহাই আসান।

তাড়াতাড়ি সবাই চলে এল হরিছার। সেখান থেকে সাহারানপুর। সেখান থেকে মিরাট। মিরাটে আবার অখণ্ডানন্দের সঙ্গে দেখা। সে এলাহাবাদ না গিয়ে মিরাটে ডাক্ডার তৈলোক্য ঘোষের চিকিৎসায় আছে। বেশ সেরে উঠেছে।

'কিন্তু এ তুমি কী হয়ে গিয়েছ।' স্বামীজিকে দেখে যেন চিনতে পাচ্ছে না গঙ্গাধর: 'যেন কখানা হাড়ের উপরে মাংসের প্রজেপ। এখানেই থেকে যাও দিন কতক। কন্ধল থেকে ব্রহ্মানন্দও চলে আসছে।'

এ যে প্রায় সেই বরানগর মঠই হয়ে উঠল। ভিড়লেন এসে যক্তেশ্ববার, ঠাকুরের সেই বুড়ো গোপাল অভৈতানন্দ। ফে

্রক্রেইনেট্র পরে সন্ধাস নিয়ে জ্ঞানানন স্বামী হন। প্রতিষ্ঠা করেন ভারতধর্মহামণ্ডল।

যতদিন শরীর বেশ পটু হয়ে না উঠছে ততদিন থাকি এই আনন্দের নিকেতনে। তৈলোক্যবাব্র কাছ থেকে আমিও ওর্ধ থাই। ওহে গঙ্গাধর, কিছু এবার সংস্কৃত সাহিত্য পড়া যাক। শাস্ত্র অনেক ঘাঁটা হয়েছে, এবার নিয়ে এস শকুন্তলা, কুমারসম্ভব, মুচ্ছকটিক। এ আবার কী আনলে ?

'স্থার জন লাবকের গ্রন্থাবলী।'

'কোখেকে আনলে ?'

'যেখান থেকে এতদিন আর-আর বই এনেছি সেখান থেকে। এখানকার লাইবেরি থেকে।'

পর দিন লাবকের বইগুলি ফের্বং দিল স্বামীজি। বলে দিও, পড়া হয়ে গেছে একদিনে।

একদিনে ? এতগুলি বই ? লাই বেরিয়ান বিশ্বাস করতে চাইল না। নিশ্চয়ই চাল মেরেছে। একবার দেখা পেতাম, দেখতাম জিগগেস করে।

স্বামীজি তকুনি চলল লাইব্রেরিক্লানের কাছে। বললে, 'বিশাদ না হয় জিগগেদ করুন। যে কোন পৃষ্ঠা থেকে যে কোন প্রশা।'

পর-পর কতকগুলি প্রশ্ন করল লাইব্রেরিয়ান। ঠিক-ঠিক উত্তর দিল স্বামীজ্ঞা

এ সব দিরে আমার কী হবে ? বিছা দিয়ে ? বিছা দেখিয়ে ? হ্র্যাকেশ-হরিদ্বারের জ্বন্তে মন পুড়তে লাগল স্থামীজির। সেই সব বিশাল নিস্তর্কতার ডাক, সেই সব গৃঢ়গছন গভারতার সংকেত। সেই কৃচ্ছ্রকাঠিন্তের আনন্দ, সেই তুর্বারণ অরণ্যের উন্মৃক্তি।

আহা, জ্বীকেশের সেই দিগম্বর বুড়ো সাধৃটির কথা মনে পড়ছে।

সবাই ধরে নিয়েছে পাগল। রাস্তায় ছেলেরা তাকে টিল মারছে: টিল খেয়ে মুখ ও মাথা খেকে রক্ত পড়ছে তবুও উদ্দাম সুখে হাসছে সেই সন্ন্যাসী। উল্লাসে উথলে-উথলে উঠছে। যেন অপরিচিত পথচারীর হাতে অকারণ মার খাওয়ার মত সুখ নেই। স্বামীজি সাধুকে কাছে ডেকে আনল, জল দিয়ে রক্ত ধুয়ে দিল, খানিকটা কাপড় পুড়িয়ে তার ছাই দিয়ে রক্ত পড়া বন্ধ করলে। তবুও সাধুর বিন্দুমাত্র যন্ত্রণা নেই অভিযোগ নেই। তবুও সে হাসছে, উচ্ছুসিত হয়ে হাসছে। বলছে, ছেলেদের কী আনন্দ আমাকে ঢিল মেরে। মারুক, ওদের খুলীতেই আমি খুলী।

আর এই যে তোমার মুখে-মাথায় ঘা ?রক্ত ? কালশিরে ? তবুও অনর্গল হাসছে সাধু। বলছে, এ সব তাঁর খেলা। ঠাকুরও বলতেন, 'সব সেই বুড়ির খেলা।'

'বুড়ির খেলা তো বুড়ি নিজে খেলুক।' বলেছিল নরেন, 'কিন্তু আমি খেলি কেন।'

'তুই খেলবিনে মানে ? তুই না খেললে বুড়ির খেলা জমবে কেন ?'

## (O) (O)

আমার সঙ্গে কেউ এসো না। কেউ থোঁজ নিও না আমার। আমি নিঃসঙ্গ, স্বভূত্ববীর্থবান। মায়ামূলকে উচ্ছিন্ন করব সবলে।

গুরুভায়েদের ডাকল স্বামীজি। বললে, 'আমাকে ছেড়ে দাও আমি এখন থেকে একা-একা থাকব, একা-একা চলব। কেউ থোঁজ নিতে এসো না আমার।'

অথগুনন্দ মিনতি করে উঠল : 'আমাকে তোমার সঙ্গে নাও।' 'কাউকে না।'

'কে তোমাকে দেখবে ?'

'আমার অসুখ হলে তুমি আমাকে দেখ, ভোমার অসুখ হলে আমি ভোষাকে দেখি—আবার গড়ে তুলি সেই মারার মৌচাক। আর নয়, এবার আমাকে সত্যি করে অমুভব করতে দাও, আমার কেউ নেই, আমি নিরাশ্রায়, আমি নিঃসহায়, আমি নিরাবরণ। আমাকে লাও একবার সেই একলা-থাকার উদ্দাম উন্মুক্ততা।

किल्ली ठाल अन सामीकि। नाम निन विविधियानक।

সে কি! এখানেও গুরুভায়েরা পিছু নিয়েছে।

'এ কি, তোমরা এখানে কেন দেখা করতে এসেছ ?' স্বামীজি বিরক্ত হয়ে বললে।

'বা, আমরা কি জানি তুমি।' গুরুভারেরা অপ্রস্তুত হয়ে গেল: 'আমরা শুনলুম নতুন কে-এক ইংরিজি-জানা সম্লেদী এসেছে নাম বিবিদিয়ানন্দ স্বামী, তাই কৌতূহলী হয়ে দেখা করতে এসেছি। তা তোমাকেই দেখব কে জানে।'

হাাঁ, বেশিক্ষণ দেখো না: মানুষের চোখের মধ্যেই মারার বাসা। দিল্লী ছেড়ে সোজা আলোয়ার।

একলা চলো, একলা চলো। সামনে পথ নেই, তবুও। যেখানে তোমার পদ সেখানেই তোমার পথ। তবু একলা চলো, এগিয়ে চলো। কিছু হিসেব না করে গ্রাহ্ম না করে। নিঃশঙ্ক ও নিরন্ধুণ। এককবিহারী গণ্ডারের মত। অরণ্যে বত গর্জন উঠুক ভূমি বধির পাকো। বিপথ বলে কিছু নেই, বিপদ বলে কিছু নেই, শুধু চলো, সামনে চলো, এগিয়ে চলো।

স্টেশনে নেমে হাঁটতে হাঁটতে হাজির এক ডাক্টারখানায়। ডাক্টারটিকে যেন বাঙালি বলে মনে হচ্ছে। স্বামীজি জিগগেস করল, এখানে সল্লেসীদের কোথাও থাকবার জায়গা আছে ?'

ডাক্তার বাঙালিই বটে। নাম গুরুচরণ লক্ষর! বিদেশে কোমলকণ্ঠের বাঙলা কথা শুনে চমকে উঠল। এ কে সন্মানী! দৃঢ়ায়ত চেহারা অথচ মুখখানি এত সুকুমার। পবিত্র চিন্তার পেলব লাবণ্যে ভরপুর:

'ৰাছে, আছে, আহুন আমার সঙ্গে।'

বাজ্বারের মধ্যে একটা দোকানের দোতলায় খালি একখানা ঘর পাওয়া গেল। পারবেন থাকতে এখানে ? 'ন্ধৰ্গস্থাৰ থাকব।' 'কিছু লাগবে ?' 'কিছু না।'

তাকিয়ে-তাকিয়ে দেখল ডাক্তার, সঙ্গে কম্বলজ্ঞড়ানো গুটি করু বই, একখানা গেরুয়া, একটা দশু আর কমগুলু, এই শুধু সম্বল সন্মাসীর। আবার কী লাগবে! আহার । তা ছ-এক মুঠো যোগাড় করে দেবেন ভগবান। যদি না দেন থাকব অনশনে। বুঝব আমার উপবাসই ভাঁর পরিভাষ।

ইস্কুলের মৌলভি সামনেই থাকে—গুরুচরণের বন্ধু। গুরুচরণ ভার কাছে ছুটে গেল। এস এস নতুন দরবেশ দেখবে এস। বাঙালি দরবেশ। এমন উজ্জ্বল অথচ এমন মধুর কোথাও তুমি দেখনি।

দরজ্ঞার পাশে জুতো থুলে রেখে খালি পায়ে ঘরে ঢুকল মৌলভি।
শুধু সেই মৌলভি? ক্রমে-ক্রমে আরো অনেক মুসলমান। শুধু
মুসলমান? সব ধর্মের সব জাতের লোক ভিড় করল। স্বামীজ্ঞির
কণ্ঠ থেকে ঝরতে লাগল পুরাণ-কোরান, বেদ-বাইবেল। শুধু
শহরের লোক নয়, যেন চলে এসেছে বুদ্ধ-শঙ্কর নানক-চৈতক্ত কবিরভূলসীদাস, আর সকলের হাত ধরে শ্রীরামকুষ্ণ।

ঘরে লোক আর ধরে না। আলোয়ারের ইঞ্জিনিয়ার শস্তুনাথকে বললেন, স্বামীজিকে আমার বাড়িতে নিয়ে চলো।

**ज्या**।

সারাদিন ধ্যান আর উপাসনা, আর বিরাম হলেই ঈশ্বরক্থা। সব প্রাসঙ্গের ইভি আছে, ঈশ্বরপ্রসঙ্গ ইভিহীন। সব আগুনই নেবে, ঈশ্বর-আগুন অনির্বাণ।

'মহারাজ, আপনার শরীরের জাত কি ?' কত লোক আসে, একজন জিগগেস করে বসল। প্রশা শুনে সাধারণ সন্মাসীর মন্ড বিরক্ত হল না স্বামীজি। পূর্বাশ্রম তো একটা ছিল, তা গোপন করে লাভ কি ? গোপন করাই তো অসাধৃত।। স্পষ্ট নির্ভীক স্বরে বললে, 'এ কায়ত্ব শরীর।' চুপ করে থেকে কিংবা পাশ কাটিয়ে গিয়ে অনায়াসে বোঝানে। বেত পূর্বাঞ্জমে স্বামীঞ্জি ব্রাহ্মণ ছিল। কিন্তু সভ্যবাদিতায় ঢের বেশি ব্রাহ্মণত।

সবাই প্রদায় ভরে উঠল।

'আচ্ছা স্বামীজি, আপনি গেরুয়া পরেন কেন 🥍

'নিছিক্টন বলে।' প্রসন্ধ হাস্তে বললে স্বামীজি, 'গেরুয়া দরিজের ভূষণ। আমি যদি সাদা সাধারণ কাপড় পরতাম, ভিকুক এসে আমার কাছে ভিক্ষে চাইত। বুঝত না যে আমিও একজন ভিকুক। নিজের কাছে কত সময় একটা পয়সাও থাকে না, কি করে মেটাতাম তাদের প্রার্থনা? একজন চাইবে অথচ আমি দিতে পারব না এ ভাবতেও হংসহ। তার চেয়ে এই গেরুয়াই ভালো, গেরুয়াই স্পাষ্ট। কেউ আর চাইবে না কাছে এসেই। ভাববে এ তো আমাদেরই একজন, আমাদেরই মতন দীনহীকা। ভিখিরী কি ভিথিরীর কাছে ভিক্ষে চায়!' স্বামীজির স্কাল্প আরও উদার হল: 'সমস্ক বিশ্বকে স্থমিত্র ও সগোত্র ভাববার নিশানই হচ্ছে গেরুয়া।'

আমার এ গেরুয়া ঐশ্বর্যক্র অছমিকা নয়, দলিত-দীর্ণ দীনদরিজে সমপ্রেম।

মৌলভি সাহেবের ইচ্ছে স্বামীজিকে একদিন বাড়িতে নিয়ে গিয়ে থাওয়ায়। হাদয়ের অমৃত অয়ের মাধ্যমে পরিবেশন করে। স্বামীজীর কাছে এক জাভি—সে-জাভির নাম মামুষজাতি—ভার নিশ্চয়ই কোনো আপত্তি হবে না, ভয় শস্তুনাথকে। শস্ত্নাথ সনাতনী, কিছুতেই স্বামীজিকে ছেড়ে দেবে না।

'বড় সাধ স্বামীজিকে একদিন সেবা করি।' মৌলভি বললে শভুনাথকে, 'আলাদা পরিচ্ছন্ন ঘরে বামুন দিয়ে রান্ধা করাব, তাদেরই বাসনকোসন, তাদেরই কেনা জিনিসে। আর আমি—আমি দ্র থেকে দাঁড়িয়ে দেখব তাঁর খাওয়া।'

ভক্তির স্বভাবমধু ঝরে পড়ঙ্গ কণ্ঠস্বরে। ভক্তের আবার জাত কি । ভালোবাসার আবার আল-বাঁধ কিসের! শস্ত্বাব্ বললেন, 'আমি কাকে আটকাব ? এ যে জলস্ত পাবক। জীবমূক্ত মায়ামূক্ত পুরুষ। সর্বত্র এঁর সামাবৃদ্ধি শুক্রবৃদ্ধি।'

সর্বত্র ঈশ্বরের হস্তপদ, সর্বদিকে তাঁর চোখমুখ, সর্বত্র তাঁর কান পার্তা। সমস্ত কিছু আচ্ছন্ন করে আর্ত করে তিনি বিরাজমান। যিনি সর্বভূতে সমভাবে অবস্থিত এবং সমস্ত বিনষ্ট হলেও যিনি বিনষ্ট হন না সেই পরমেশ্বরকে যে দেখে সেই যথার্থদর্শী।

মৌলভিসাহেব খাওয়াল স্বামীজিকে। এবং তার দেখাদেখি আরো অনেক মুসলমান।

ক্রমে-ক্রমে মহারাজার দেওয়ান রামচন্দ্রজির কানে উঠল। স্থামীজিকে নিয়ে এলেন নিজের বাড়িতে। ভাবলেন একে দিয়ে যদি মহারাজার চরিত্রের কিছু সংশোধন হয়।

মহারাজা মঙ্গলসিং ভীষণভাবে সাহেব বনে গিয়েছে। যোল আনার উপরেও যেন ছ আনা বেশি। খানাপিনা তো বটেই, চলনবলন ধরন-ধারন সব ব্যাপারেই মাত্রাহীন উগ্রতা। দেওয়ান তাঁকে খবর পাঠাল, মস্ত এক সাধু এসেছে—মামূলি সাধু নহ, চমৎকার ইংরিজি জানে, বলতেও পারে অসাধারণ।

ইংরিজি কথা শুনে মঙ্গলসিং আকৃষ্ট হল। সাধুদর্শনে এল দেওয়ানের বাড়িতে।

বললে, 'শুনতে পাই আপনি একজন প্রকাণ্ড পণ্ডিত। ইচ্ছে করলেই তো অনায়াসে রোজগার করতে পারেন, তবে এমন ছর-ছাড়ার মত ভিক্ষে করে বেড়ান কেন ?'

স্বামীজি হাসল। বললে, 'শুনতে পাই আপনি একটা রাজ্যের শাসনকর্তা। ইচ্ছে করলেই তো অনায়াসে প্রজার হিতসাধন করতে পারেন, তবে এমন উন্মাদের মত সাহেবিয়ানা করে বেড়ান কেন ?'

স্বামীজির কথায় উপস্থিত সকলে স্তব্ধ হয়ে গেল। কী স্পর্ধা এই সাধুর! মহারাজার মুখের উপর এমন অবিনয় করবার সাহস রাখে। সাধুর অদৃষ্টে কি না জানি আছে আজ নিগ্রহ।

'কেন বেড়াই !' মহারাজা সামলে নিল নিজেকে : 'আমার খুলি ।'

'আমারো সেই কথা।' স্বামীজি বললে, 'আপনার খুশি সাহেব সেজে, আমার খুশি ফকির সেজে।'

'কিন্তু যাই বলুন মূর্তিপূজা আমি বিশাস করি না।' মহারাজা ভাকাল স্বামীজির দিকে: 'আপনি করেন!'

'করি।'

'কাঠ মাটি পিতল পাথর এদেরকে ভগবান ভাবেন ?'

'ভাবি।' বজ্জনৃঢ় স্বামীঞ্জির স্বর।

'আমি যে ভাবতে পারি না, আমার কি উপায় হবে ? মহারাজ্ঞার কথায় বোধহয় একটু পরিহাদের স্থর।

'ভাববেন না।' সহসা দেয়ালের একটা ফটোগ্রাফের দিকে ভাকাল স্বামীজি: 'এটা কার ফটো ?'

দেওয়ান বললে, 'মহারাজার।'

স্বামীজির অন্থরোধে ছবিটা নামিরে আনা হল। স্বামীজি নিজের হাতে করে নিয়ে বললে দেওয়ানকে, 'এটার উপর থুতু ফেলুন।'

খরের মধ্যে যেন বাজ পড়ল। ইতচকিতের মত তাকিয়ে রইল দেওয়ান। মহারাজার চকুস্থির।

'ফেলুন থুতু। লাখি মারুন। কেন, সঙ্কোচ কিসের? এ তো এক টুকরো একটা কাগজ। এতে থুতু ফেলতে আপত্তি কি?'

'সে কি বলছেন স্বামীজি;' শুকনো গলায় ঢোক গিলল দেওয়ান: 'এ যে মহারাজার প্রতিচ্ছবি।'

'তাতে কি। এ তো ধানিকটা কালিমাখা কাগজ। এর মধ্যে মহারাজা কোথায়?' স্বামীজ কোটোপ্রাফটা বাড়িয়ে ধরল দেওয়ানের দিকে: 'এর মধ্যে রক্তমাংস কোথায়? প্রাণ কোথায়? এ তো অনড় নিঃশন্ধ। এতে থুতু ছিটোলে থুতু তো কাগজেই পড়বে, মহারাজার গায়ে পড়বে না তবু থুতু কেলছেন না কেন? কেলছেন না এরই জন্মে, এ মহারাজার ছায়া, একে দেখলে মহারাজাকে মনে পড়ে। একে কলজিত করলে মহারাজাকেই অপমান করা হয়। তাই এ ছবি শুধু কালিমাখা কাগজ নয়, এ ছবাবেশী মহারাজ।'

মঙ্গল সিংকে লক্ষ্য করল স্বামীজি। বললে, 'এক আ আপনি
এতে নেই, অক্স অর্থে আপনি এতে বর্তমান। আপনি নেই বলে
একে ছিন্ন করা যায়, মলিন করা যায়, আবার আছেন বলে আপনার
ভক্ত-সেবকের দল একে শ্রন্থা করে প্রণাম করে। তেমনি প্রতিমা
এক অর্থে মৃত্তিকা অক্স অর্থে ঈশ্বরের প্রতিচ্ছায়া। আমরা কি আর
মাটিকে পূজা করি, মাটির মাধ্যমে পূজা করি ঈশ্বরকে। আপনার
ভক্ত-সেবকেরা কি কাগজকে প্রণাম করে, কাগজের মাধ্যমে প্রণাম
করে আপনাকেই।'

মঙ্গলিং ছই কর যুক্ত করল। প্রণাম করল স্বামীজিকে। বললে, 'চলুন আমার প্রাসাদে।'

'যাব, কিন্তু এক সর্ত।' স্বামীঞ্জি উঠে দাঁড়াল: 'শুধু ধনীরা নয়, শুধু গণ্যমান্তের দল নয়, অধম-অক্ষম দীনদরিজেরাও যদি আসতে চায় আমার কাছে, দরজা খোলা রাখবেন তাদের জভ্যে। নির্বিবাদে আসতে দেবেন সকলকে। অশনবসন নেই তো না থাক, সকলের অবারিত প্রবেশ। কি, রাজি ?'

'त्राक्ति।'

রাজপ্রাসাদ টলমল করে উঠল।

98

এক বৃদ্ধ এসেছে স্বামীজির সঙ্গে দেখা করতে। কি অভিলাষ ?
আমাকে কুপা করুন। কেন, কি করতে হবে ? সারাজীবন ভোগের
সন্ধানে কাটিয়েছি, বোঝাই করেছি পাপের নৌকো, এবার ভরাডুবি
থেকে রক্ষা করুন আমাকে। আমার জ্বন্থে ঈশ্বরের কাছে প্রার্থনা
করুন।

প্রার্থনা ? ঝলসে উঠল স্বামীজি। প্রার্থনায় কি হবে ? ভবে কিসে হবে ? হবে আপনার নিজের পুরুষকারে। পরের কাছে কুপা চেয়ে কি হবে যদি নিজেকে নিজে না কুপা করেন ? পরকুপা নয়, আত্মকুপা। পবের দরজায় আঘাত করে কি হবে, নিজের অন্তরের দরজায় আঘাত করুন।

যখন স্তপুত্র বলে কর্ণকৈ বিদ্রাপ করা হল তখন কি বললে কর্ণ ? বললে, দৈবায়ন্তং কুলে জন্ম মদায়ন্তং হি পৌরুষম। উচ্চবংশে বা নীচবংশে জন্ম দৈবাধীন, কিন্তু পৌরুষ আমার নিজের করতলে। আমার নিজের অধিকারের মধ্যে। আমি প্রমাণ করব সে পৌরুষ। মরুভূমিতে দেখবে আমিই এক পল্লববিকার্ণ পুলিও বৃক্ষ।

वृक्ष वनात, 'मवह देवव।'

পূর্বজ্ঞবের যা পূরুষকার তারই ফল এই জ্ঞানের অদৃষ্ট। অর্থাৎ
আজ যাকে দৈব বলছ জানবে তা জ্ঞানার প্রাক্তন পৌরুষের
পরিণাম। তেমনি এই জ্ঞানে বা তোমার পূরুষকার তাই পরজ্ঞানে
দৈব বা অদৃষ্টরূপে দেখা দেবে। স্কুতরাং পূরুষকার ছাড়া অদৃষ্টের খণ্ডন
নেই। তাই বলি পৌরুষ আশ্রায় করে দক্ষে দস্ত চূর্ণ করে কাজে
লেগে যাও, ঐহিক শুভকর্ম দ্বারা পূর্বতন অশুভ বর্ষফল জ্বয়
করো।

পৌরুষং নৃষ্। মানুষের মধ্যে পৌরুষ যে কর্মশক্তি তাই ঈশ্বর।
স্থতরাং ঈশ্বরের শরণাপন্ন হবে মানে নিজের পৌরুষের শরণাপন্ন হও।
ঈশ্বরকে দেখবে মানে নিজের কর্মশক্তিকে উদ্বুদ্ধ করো, প্রদীপ্ত করো।
নিজেকে আলোকিত করে দেখ দেই আলোকময়কে।

হে কৌন্তেয়, অজুনকে বলছেন শ্রীকৃষ্ণ, জলে আমি রস, চন্দ্রসূর্যে আমি প্রভা, সর্ববেদে আমি ওঙ্কার, আকাশে আমি শব্দ আর মান্তবের মধ্যে আমি পৌরুষ।

পৌরুষই তুর্বলের বলাধারের মন্ত্র। পৌরুষেই দক্ষ হবে সমস্ত পাপ. ক্ষয় হয়ে যাবে সমস্ত তুর্গতি, সমস্ত দারিত্রা।

'কিন্তু আমার কি আর দময় আছে ?' অসহায় চোখে তাকিয়ে রইল বৃদ্ধ। জীবনের শেষ নিখাদ শেষ পলক ফেলা পর্যন্ত সময়। 'মাম্ অমুশার, যুখ্য চ।' অর্জুনকে বলছেন প্রীকৃষ্ণ, 'আমাকে শারণ করো আর যুদ্ধ করো।' যাকে ঠাকুর বলছেন, কর্মযোগ আর মনোযোগ। জীবনের শেষ নিখাদ শেষ পলকপতন পর্যন্ত যুদ্ধ, অন্তাগামিনী ঈশারচিস্তা।

व्यालाग्राव (ছएए ठनन श्वामोकि। এन क्रम्रभूत।

রাজ্যের প্রধান সেনাপতি সর্দার হরি সিংহের সঙ্গে অন্তরক্ষতা হল। কিন্তু সেখানেও সেই তর্ক। কি হবে মূর্তি পূজা করে? একটা কার্চখণ্ড বা মুংপিশু কি ঈশ্বর ?

অনেক যুক্তি-তত্ত্বের অবতারণা করা হল, কিন্তু ছরি সিং নির্বিচল। কোনো মীমাংসাতেই তার সম্মতি নেই। তুমি বলবে বলেই আমি মানব এ কোন নীতি ? আমি দেখতে চাই।

একদিন সন্ধ্যায় বেড়াতে বেরিয়েছে ত্ব'জনে। ঐীকৃষ্ণের মূর্তি নিয়ে গান গাইতে গাইতে চলেছে এক শোভাযাত্রা। পাশে দাঁড়িয়ে দেখছে তাই সদার আর স্বামীজি। আর্তিহরণ লাবণ্যে মাখা এ কি প্রসন্ধ মূর্তি!

'দেখ দেখ ঈশ্বরকে দেখ। জীংস্ত ঈশ্বর।' স্বামীজি সর্দারের হাত চেপে ধরল: 'তাকিয়ে দেখ ঐ মূর্তির দিকে।'

এ কি, সর্দারের ছু'চোখ বেয়ে নেমে এসেছে অঞ্ধারা। এ কি, ভোমার এ কি হল ?

'জীবস্ত-জ্বলস্ত ঈশ্বরকে দেখলাম। স্বামীন্ধি, এতদিন তর্ক করে যা দেখিনি তা দেখলাম ডোমার এই চকিতস্পর্শে। বিগ্রাহ কোথায়, শরীরপ্রাণবান পূর্ণসূক্ষর শ্রীকৃষ্ণ।' –

তাই বলে শাস্ত্র-ব্যাকরণ পড়াও ছাড়বে না স্বামীজি। অন্তত পাণিনিটা অধিকৃত করতে হবে। নামজাদা এক পণ্ডিত যোগাড় হল। কিন্তু পণ্ডিতের বিছাই আছে, বিছা চালনা করবার বৃদ্ধি নেই। তিন দিনের চেষ্টাতেও প্রথম স্ত্রটিই বোঝাতে পারলে না। বিরক্ত হল পণ্ডিত, বললে, প্রথম স্ত্র বুঝতে যখন আপনার তিনদিনও কুলিয়ে উঠছে না তখন গোটা ব্যাকরণ আয়ত্ত করতে বাকি জীবনই বা যথেষ্ট হবে কিনা কে জানে।

এই কথা ? নিজের চেষ্টাতেই সূত্র-ভাষ্য উদ্ধার করব। পাণিনি
নিয়ে বসে পড়ল স্বামীজ। আর কোনো দিকে লক্ষ্য নেই স্পৃহা।
নেই, গৃঢ়ার্থ উপলব্ধি করবার আগে আসন ছাড়ব না। কঠিন মাটির
নিচে যেমন জল আছে, তেমনি কঠিন ভাষার নিচে রয়েছে ভাষ্যের
স্বচ্ছতা। পণ্ডিত তিনদিনে বা পারেনি তিনঘন্টায় তা নির্ণীত হল।
ইউরেকা! স্বামীজি ছুটে গেল পণ্ডিতের কাছে। দেখুন, আমি
বুঝে নিয়েছি। শুমুন, আমার ব্যাখ্যা ঠিক কিনা।

জলের মত তরল আলোর মত সরল ব্যাখ্যা। শুধু ব্যাখ্যা নয়
নতুন আলোকপাত। পণ্ডিত একেবারে হতবাক হয়ে গেল। এ
কে অসাধ্যসাধক!

আর স্বামীজীকে পায় কে ? একে একে সমস্ত গ্রন্থি খুলে যেতে লাগল। বললে স্বামীজ, 'সঙ্কল্পই আ্লানল কথা। প্রতিজ্ঞায় যদি একবার দৃঢ় হওয়া যায় কোনো কাজই বুনে থাকে না।'

'যুদ্ধার যুক্তাস্ব। যুদ্ধার্থ উথিত হও, উদ্যুক্ত হও। উত্থানে-উল্যোগেই জ্বয়ের প্রভাতোদয়।

টাইলা গ্রামে নীলকণ্ঠ শিবের মূর্তি দেখে এল। প্রজ্ঞার স্বস্তির জয়ে সমূত্দমন্থনের হলাহল যে পান করেছিল সেই দেবাদিদেব শঙ্কর। বিষ পান করবার আগে শিব বলগেঁ সতীকে, যার। আত্মমায়ায় মূধ্ব ও পরস্পার বৈরভাবে বদ্ধ তাদের উপর কৃপার করলেই স্বয়ং শ্রীহরি প্রীত হন। আর শ্রীহরি প্রীত হলে চরাচরসহ আমিও প্রীত হই। স্তুতরাং এই বিষ আমি খাব, আমার প্রজ্ঞাদের কল্যাণ হোক। অপরের ত্থে ত্থে বোধ করাই অখিলপুরুষের আরাধনা।

অক্তের জন্ম কল্যাণকর্ম করতে না পারো, অন্তত কল্যাণ চিন্তা। করো। কল্যাণকর্মা না হতে পারো, কল্যাণকামী হও। কল্যাণ-চিন্তাই উপাসনা। সমূজ হচ্ছে এই মারার সংসার। ইন্দ্রিরভোগই হচ্ছে হলাহল। তোমার তপস্থায় তাকে নস্থাৎ করে দাও। মৃত্যুর কবল থেকে আগ করো উদ্ভান্তদের।

'আচ্ছা, তুমি অংতার মানো ?' পণ্ডিত সুরন্ধনারায়ণ জিগগেস করল স্বামীজিকে।

'না মেনে করি কি ?'

'কেন, অবতার কি আলাদা ? তার কি চারটে হাত আছে না কপালে চোখ আছে ?' পণ্ডিত উদ্ধতন্বরে বললে, 'আমি বলছি, আমিও একজন অবতার। কেন নই প্রমাণ করুন।'

'না, না, আপনি একজন অবতার বইকি। প্রমাণ লাগবে না।' স্বামীজি হাসিমুখে বললে, 'আমাদের হিন্দুশাল্পে মাছ কচ্ছপ শুরোর সংকিছুই অবতার। যদি বলেন অবতারের সঙ্গে আপনার কোনো তফাৎ নেই আপত্তি করব না।'

যারা-যারা ছিল সবাই হেসে উঠল। পণ্ডিতের স্পর্ধায় বাজ্ঞ পড়ল।

আঞ্চমির হয়ে স্বামীজি এল আবুপাহাড়ে। 'সং হওয়া ও সং ব্যবহার করা, ওতেই সমস্ত ধর্ম নিহিত।' আলোয়ারের গোবিন্দ-সহায়কে চিঠি লিখল স্বামীজি: 'যে শুধু প্রভূ-প্রভূ বলে চেচাঁয় সে নয়, যে পরমপিতার ইচ্ছামুসারে কাজ করে সেই ধার্মিক। ধর্ম কাজে, কথায়ীনয়। পর্বত যদি না আসে তুমি নিজেই পর্বতের কাছে যাও।'

পাহাড়ের একটা গুহার মধ্যে গিয়ে আশ্রয় নিল স্বামীজি। সঙ্গের সাথী ছ'ধানা কম্বল, একটা কমগুলু আর কধানা বই। আর সাধন কিংবা পাতন এই তপস্থার তপ্ততেজ।

একটি মুসলমান উকিল প্রায়ই বেড়াতে আলে এদিকে। কি করে সন্ধান পেয়েছে, গুহার বাইরে মুগ্ধের মত বসে থাকে আর একটা- ছটো করে কথা কয়। যত বলে তার চেয়ে শোনে বেশি। আর যা শোনে এমনটি আর কোনোদিন শোনেনি।

ভোমার অদৃষ্ট তোমার নিজের হাতে—এই তো বেদান্তের কথা।
বিভাষার এই শরীর তুমি নিজেই সৃষ্টি করেছে, মানে, ভোমার নিজের
কর্মই ভোমার এই দেহধারকে গঠন করেছে। ভোমার হয়ে আর
কেউ ভোমার এই নিশাসগৃহ নির্মাণ করেনি। যে সমক্ত সুখহুংখ
ভোগ করছ ভার জন্মে তুমিই একমাত্র দায়ী। তুমিই ভোমার
দশুদাভা ভোমার সুখধাভা। ভেবো না ভোমার অনিজ্ঞাসন্তেও
ভোমাকে এখানে আনা হয়েছে, রাখা হয়েছে এই ভয়াবহ
পরিবেশে। তুমিই ধীরে-ধীরে ভোমার জগৎ রচনা করেছ, এখনো
করছ। তুমিই ভোমার পথ তুমিই ভোমার পরিবেশ।

'আমি আপনার কোনো কাজে লাগতে পারি ?' জিগগেস করল উকিলসাহেব।

'বর্ষা আসছে, গুহায় কোনো দর**র্জা** নেই। কাঠের একজোড়া দরজা লাগিয়ে দিতে পারেন ?'

'স্বামীজি, একটা অমুরোধ করতে পার্ট্রি ?' ছই হাত যুক্ত করল উকিলসাহেব : 'কাছেই আমার একথানি বাঙলো আছে। আপনি সেখানে থাকবেন চলুন !'

व्यान्तर्य, এক कथाय त्रांकि रूर्य शिन वामीकि।

একটু হয়ত দ্বিধা করল উকিলসাহেব। বললে, 'আমিও দেই বাড়িতে থাকি। কিন্তু, ভয় নেই, আপনার খাওয়াদাওয়ার সব আলাদা বন্দোবস্ত করে দেব।'

উকিলসাহেবের কাঁধে হাত রাখল স্বামীজি।

খেতড়ির রাজার একাস্তসচিব মূলি জগমোহনলাল এসেছে উকিলসাহেবের ডাকে। কই, কোথায় তোমার অংবিকার ? দেখল, কৌশীনধারা এক সাধু লম্বা হয়ে ঘুমুছে। এই, এই তোমার সাতরাজার ধন এক মানিক ? ঠোঁট কুঁচকোলো জগমোহন। যেমন হামেসা দেখে থাকি ভবঘুরে বাউপুলে এ তো তাদেরই একজন।

স্বামীজি চোখ মেলল।

'আপনি তো হিন্দু, তবে এই মুসলমানের সংস্রবে আছেন কেন ?' জগমোহন ঝাঁজিয়ে উঠল। 'আপনার থাওয়ায় ভো ছোঁয়াছুঁয়ি হয়ে যায়।'

'তব্ধ আমার জাত যায় না, আমার জাত যাবার নয়।' দীপ্ত: শানিত কঠে বললে স্থামীজি। 'আমি সন্ন্যাসী নামি মেধরের সজে বসেও খেতে পারি। সমস্ত মান্ত্র আমার কাছে সমান, সকলে সেই ঈশ্বরের প্রতিভূ। সর্বত্র সাম্য, সর্বত্র ব্রহ্ম। সর্বত্র শিব, সর্বত্র প্রেম।'

বুকের মধ্যে ধাকা খেল জগমোহন। এ যেন মুখন্থ করা কথা নয়, এ একেবারে উদ্দীপ্ত আগুন। বাক্য শুধু বাক্য নয়, বাক্যই: ব্যক্তি, বাক্যই ব্রহ্ম।

একবার রাজাকে দেখালে হয়। জগমোহন হাত জোড় করে বললে, 'স্বামীজি, দয়া করে একটিবার রাজপ্রাসাদে যাবেন? দয়া করে একটিবার দেখা দেবেন রাজাকে?'

## 90

এখন শুধু কর্ম আর কর্ম। নাক্তঃ পন্থা বিছাতেইয়নাম। এ ভিক্ক উদ্ধারের পথ নেই। বলেছে স্বামীজি: এখন চাই গীতারূপ সিংহনাদকারী প্রীকৃষ্ণের পূজা, ধমুর্ধারী রাম, মহাবীরের পূজা। তবে তো লোক মহোদ্ধামে ধর্মে লেগে শক্তিমান হয়ে উঠবে। দেশ ঘোর তমতে ছেয়ে গেছে। ফলও তাই হচ্ছে, ইহজীবনে দাসদ, পরলোকে নরক। কর্মে উদ্দীপ্ত হয়ে ওঠ। মহারজোগুণের উদ্দীপনা ভিন্ন না আছে ইহকাল না আছে পরকাল।

আরো বলছে: চোর হয়ে যে চুরি করতে পারে, আমার মতে এমন দৃঢ়চেতা হুষ্ট লোকও ভালো। কারণ তার পুরুষকার আছে, আত্মশক্তিতে বিশ্বাস আছে। একদিন ঐ দৃঢ়তা ও আত্মনির্ভরতাই স্থয়তো তাকে কুপথ থেকে স্থপথে ফিরিয়ে আনবে, প্রবৃত্তির স্থলে নিবৃত্তিকে প্রতিষ্ঠিত করবে জীবনে। কিন্তু অলস হুর্বল তমোগুণীদের দিয়ে কিছু হবে না। যতই তারা সাধু হোক, যতই সংসঙ্গ করুক।

মনে আছে ঠাকুরের কথা ? ঝাঁপ দিলে হবেই হবে। পনেরে।
মাসে এক বংসর করলে কি হয় ? তোমার ভিতরে যেন জোর নেই।
চিঁড়ের ফলার, আঁট নেই, ভ্যাদ-ভ্যাদ করছে। উঠে পড়ে লাগো,
কোমর বাঁধো। যে গরু বাচকোচ করে খায় সে ছিড়িক-ছিড়িক
করে হুধ দেয় আর যে গরু গাবগাব করে খায় সে ছুড়ছুড় করে হুধ
দেয়।

'স্বামীজি, জীবনটা কি ?' খেতজির রাজা জিগগেস করলেন। 'প্রতিকৃল অবস্থার মধ্যে থেকেও আত্ম্বরূপের উন্মোচনের সাধনা।' বললে স্বামীজি।

প্রাসাদে সসন্মান অভ্যর্থনার পর এখন নিভূতে কথা হচ্ছে। 'আচ্ছা স্বামীজি, শিক্ষা কাকে বলে ?'

'কডগুলো সংস্কারকে মজ্জাগত করার<sup>্</sup>জগুই শিক্ষা।'

'স্বামীজ, সত্য কি ?'

'যা পূর্ণ যা অধিতীয় যা শাশ্বত তাই সত্য। দৈনন্দিন ব্যবহারে আমরা যাকে সত্য বলি তা আপেক্ষিক। চরম সত্যের উপলব্ধি হলে আপেক্ষিক সত্যবোধ লোপ পায়।'

'আছা স্বামাজি, আরেক কথা। নীতি কি ।'

'যার মাধ্যমে ঘটনা-পরস্পরার স্ত্রটির ধারণা করতে পারি তাই <sup>`</sup>নীতি।'

কোনো কিছুতেই দ্বিধা নেই, তীক্ষ তীরের মত পরিচছন্ন উত্তর। রাজপ্রাসাদেই হোক আর গিরিগুহাতেই হোক, সমান নিরাসক্তি। সর্বক্ষণই পূজা, পাঠ, ধ্যান, জ্বপ, ইষ্টকখন। শুধু ভাই নয় দিগ্বিজয়ী পশুতের কাছে পাতঞ্জলের অধ্যয়ন চলেছে। কিছু কে বা মান্টার কে বা ছাত্র। শিশুর যখন প্রথম অক্ষর পরিচয় হয় তথন শুধু অক্ষরের দিকে লক্ষ্য থাকে, যখন শব্দরচনা করতে শেখে তথন গোটা শব্দটা চোখের সামনে ধরে দেয়। পরে পঠনসাধনায় একাগ্র হয়ে আরো অগ্রসর হলে সম্পূর্ণ একটা বাক্য একসঙ্গে স্পষ্ট হয়ে ওঠে। আরও অগ্রসর হও অনক্ষচিত্ত হও, পলকে একটা অমুচ্ছেদ তোমার আয়ত্তে এসৈ যাবে। কিন্তু এ ছাত্র তো জাত্বকর। একটা পৃষ্ঠা ধরেছে আর তথুনি উলটিয়ে

'এ কি, হয়ে গেল পড়া ?'

'জিগগেস করুন।' বই বন্ধ করল স্বামীজি।

'কাল যা পড়িয়েছিলাম কি বুঝেছেন বলুন দেখি।' নারায়ণদাস পণ্ডিত গন্ধীরমূখে প্রশ্ন করল।

অবিকল মুখস্থ বলে গেল স্বামীজি।

'আর আজ ? এই যে এতক্ষণ একট্থানি চোখ বুলিয়েই পৃষ্ঠান্তরে. চলে যাচ্ছেন, কতদুর কি বুঝলেন ?'

আৰুকের পড়াও বলে দিল মুখস্থ।

'স্বামীজি, এ কি করে সম্ভব হয় গ' নারায়ণদাস বিমৃঢ় চোখে ভাকিয়ে রইল।

'একমাত্র যোগে। মনের একাগ্রভায়।'

'কি করে হয় এই যোগ ?'

'একমাত্র ব্রহ্মচর্যে। নিষ্ঠাপবিত্র অভ্যাসে। আপনিও দেখুন না চেষ্টা করে।'

বই-পত্ত তুলে নিল নারায়ণদাস। বললে, 'আপনাকে তবে পড়ানো বুথা।'

'সে কি, কুন্ধ হলেন আপনি ?'

'না, না, ক্ষা হব কেন ? শৃষ্ম হয়ে গেলাম। আপনাকে কিছুই আমার পড়াবার নেই।' তুকর যুক্ত করল নারায়ণদাস: 'সব আপনার জানা। এখন আপনিই গুরু আমিই ছাত্র।'

মহারাজার ভক্তি আরো প্রাঞ্চল, আরো প্রকাশ্য। স্বামীজি

্বখন ঘূমিয়ে পড়েছে ভখন সে এসে ধাঁরে-ধাঁরে বসবে পারের কাছটিতে। ধারে-ধারে পারে হাত বুলিয়ে দেবে।

একদিন হঠাৎ ঘুম ভেঙে যেতেই লাফিয়ে উঠল স্বামীজি: 'এ কি, এ কী করছেন ?'

'আপনার একটু পদসেবা করছি।' সেবাশাস্ত স্বরে বললে মহারাজ।

'সে কি কথা! আপনি রাজা—' 'রাজা? আমি আপনার দাসামুদাদ।'

'না, না, যার যা মর্যাদা ভার তা অকুর রাখতে হবে।' বললে স্থানীজি, 'আপনার এ ব্যবহার প্রজার চোখে হেয় করবে আপনাকে, এ বিধেয় হবে না।'

এবার আবার রাজগ্রাসাদ থেকে পাঙ্গাতে হয়।

অজুন ভেবেছিল শেষ পর্যন্ত আঁকুক বোধ হয় কর্মজাগের উপদেশ দেবেন। কিন্তু না, কিছুতেই তিনি কর্ম ছাড়তে বললেন না। যা ছাড়তে বললেন তা হক্ষে আকাজ্জা, ফলাভিলাব। নৈক্র্মাসিদ্ধি মানে কি? কর্মজাগ নর্ম্ম সাধ্য কি, দেহধারী জীব হয়ে কর্ম হেড়ে তুমি বসে থাকো! নৈক্র্মাসিদ্ধি মানে কর্মবন্ধনের যে কারণ সেই বাসনা বা আসক্তি থেকে মুক্ত হওয়া। আসক্তি ছেড়ে স্থারার্পণ বৃদ্ধিতে কাজ করলেই নৈক্র্মাসিদ্ধি। সন্ধ্যাস মানে কর্মসন্ধ্যাসনয়, কলসন্ধ্যাস। ফলাভিসন্ধি ছেড়ে সর্বক্র্ম স্থারে অর্পণ করা।

শুধু কাজ করে, শুধু কাজ করেই, শাশ্বত অব্যন্ন পদ লাভ কর। যায় যদি ঈশ্বরকে আশ্রয় করে সে কর্মচক্র গড়ে ওঠে।

খেতড়ি থেকে চলে এল আন্ধমির, আন্ধমির থেকে আমেদাবাদ। আমেদাবাদ থেকে ওয়াডোয়ান হয়ে লিমড়ি।

দোর থেকে দোরে ভিক্ষা করতে লাগল স্বামীজি, রাত কাটাল পথের ধারে, এখানে-সেথানে। কাছাকাছি কোথাও সাধুর আস্তানা আছে ? সে আঞ্চয়ই তো তার স্বদেশ-স্ববাস।

যাও ঐ শহরের উপাস্তে, মিলে যাবে আন্তানা।

াধুরা হাত বাড়িরে লুফে নিল স্বামীজিকে। আহা, বড় ক্লান্ত হয়েছ দেখছি, কডদিন না জানি খাওনি, ঘুমোওনি গা ঢেলে। নাও, আগে পেট পুরে খাও, বিশ্রামের সরোবরে গা ভাসাও, চাও ভো কায়েমি বাসিন্দে হয়ে থাকো।

এত অভ্যৰ্থনা যেন ভালো লাগে না।

ত্ব'দিনেই বৃঝতে পারল স্বামীজি এ সাধুরা হীনব্রতী, এদের ক্রিয়াকলাপ অপরিচ্ছন্ন। ঠিক করল পালাতে হবে এখান থেকে।

কিন্তু এ কি, দরজায় যে পাহারা বসানো! শুধু তাই নয়, দরজায় একেবারে তালা দেওয়া।

দরজায় ধাকা মারতে লাগল স্থামীজি। জানলা দিয়ে দেখা গেল বাইরে পাহারাওয়ালা হাসছে। পালাবার পথ নেই। গুহায় বন্দী করেছি কেশরী।

দলের যে পাণ্ডা, চুপিচুপি এল স্বামীজির কাছে। বললে, 'সলেহ কি, তুমি একজন উচু দরের সাধু। দীর্ঘ দিনের অটুট তোমার ব্রহ্মচর্য। কিন্ত তোমার এ ব্রহ্মচর্যকে বলি দিতে হবে। সেই বলিতেই আমরা আমাদের সাধনায় সিদ্ধ হব। তোমাকে তাই ছেড়ে দেওয়া হবে না।'

স্বামীজি ভয় পেল কিন্তু মুখে এতটুকু চিহ্ন ফুটতে দিল না। বরং এমন একখানা ভাব করল যে পরিহাসের ব্যাপার।

वन्नीकरक अक्रमत्न विश्वातिनी वृत्रीरक श्वतन क्रत्र नागन।

সেই আড়ার প্রায়ই একটি ছেলে আসত বাইরে থেকে। আনকদিন আসে না, কিন্তু পরদিন সকালেই সে এসে হান্ধির। আর একেবারে স্বামীজির হরে।

ছোট ছেলে, কারো সন্দেহের কারণ ছিল না। আর আগে থেকেই সে স্বামীজির ভক্ত।

স্বামীক্তি তাকে কাছে টেনে নিল। বললে, 'ভাই, আমার বড় বিপদ। আমাকে এরা কয়েদ করে রেখেছে। কে জানে হয়তো খুন করবে।' ছেলেটি গলা নামিয়ে বললে, 'আমি কোনো উপকার করতে পারি ?'
'একমাত্র ভূমিই পারো। তারই জ্বস্তে তোমাকে পাঠিয়েছেন ঠাকুর।'

'বলুন, এই মুহূর্তে করব।'

'একটা চিঠি লিখে দিতে চাই। তুমি সেটা নিয়ে রাজবাড়িতে ঠাকু রসাহেবকে পৌছে দেবে।'

'এখুনি।'

কিন্তু চিঠি লেখবার কাগজ-কলম কই ? চারিদিকে অনেক খোঁ জাখুঁ জি করে একটা খোলামকুচি পাওয়া গেল, আর একটুকরো কাঠকয়লা। তাইতেই সংক্ষেপে বিপদের কথা লিখল স্বামীজি। বললে, 'এটাকে তোমার চাদরের তলার করে নিয়ে যাও! এক দৌড়ে চলে যাও রাজবাড়ি। ভাল করে কিছু লিখতে পারলুম না। ভূমিই সব বোলো বৃঝিয়ে।'

কে কোথাকার ছেলে, ছুটল ঝড়ের মত। কোনো রাজরক্ষীর সাধ্য নেই আটকায়, একেবারে গিয়ে ছাজির হল ঠাকুরসাহেবের দরবারে। চাদরের তলা থেকে অভিনর্ব পত্রখানি বাড়িয়ে ধরল। বলল, 'চলুন, এক নিশ্বাসও দেরি করবার সময় নেই। আমার প্রাভু, আমার স্বামীজিকে বাঁচান।'

সব বুঝে নিল ঠাকুরসাহেব। সশস্ত্র পুলিশবাহিনী পাঠিয়ে দিল সেই মুহুর্তে।

স্বামীজ্ঞিকে উদ্ধার করে আনা হল। লোপাট হয়ে গেল সাধুদের আজ্ঞানা।

'এবার ভালো হয়ে মাকে রুধির দিয়ে প্রো করব।' অমুথের সময় বলছেন সেবার স্বামীজি: 'রঘুনন্দন বলছেন, নবমাাং প্রজারেং দেবীং কৃষা রুধিরকর্দমং। এবার তাই করব। মাকে বুকের রক্ত দিয়ে প্রভা করতে হয়, তবে যদি তিনি প্রসন্ধা হন। মার ছেলে বীর হবে, মহাবীর হবে। নিরানন্দে ছাথে মহালয়ে মায়ের ছেলে নির্ভীক হয়ে থাকবে।' নিউইর্ক থেকে পেরুমলকে লিখছেন বিবেকানন্দ: 'বংস, ভ্রম পাইও না। উপরে অনস্ত ভারকাখচিত আকাশমগুলের দিকে সভ্যুদৃষ্টিতে চাহিয়া মনে করিও না উহা ভোমাকে পিবিয়া ফেলিবে। অপেক্ষা কর, দেখিবে, অরুক্ষণের মধ্যে দেখিবে, সমৃদ্যুই ভোমার পদতলে। টাকায় কিছু হয় না, নামেও কিছু হয় না, বিভারও কিছু হয় না—ভালবাসায় সব হয়। একমাত্র চরিত্রেই বাধাবিত্মরূপ বছ্লদৃঢ়-প্রাচীরের মধ্য দিয়া পথ করিয়া লইতে পারে।'

আরো এগিয়ে চলো।

লিম্বড়ি থেকে জুনাগড়। জুনাগড় থেকে ভূজ। ভূজ থেকে-প্রভাস। প্রভাস থেকে পোরবন্দর। এগিয়ে চলো।

## 60

'সর্বাপেক্ষা প্রধান পাপ স্বার্থপরতা—আগে নিজের ভাবনা ভাবা। যে মনে করে আমি আগে যাইব, আমি অপরাপেক্ষা অধিক ঐশ্বর্ধশালী হইব, আমিই সর্বসম্পদের অধিকারী হইব, যে মনে করে আমি অপরের অগ্রে স্বর্গে যাইব, আমি অপরের অগ্রে মুক্তি লাভ করিব সেই ব্যক্তিই স্বার্থপর।' বলছেন বিবেকানন্দ: 'স্বার্থশৃত্য ব্যক্তি বলেন, আমি সকলের অগ্রে যাইতে চাই না, সকলের শেষে যাইব—আমি স্বর্গে যেতে চাই না—যদি আমার আত্বর্গের সাহায্যের জত্যে নরকে যাইতে হয়, তাহাডেও প্রস্তুত্ত আছি।'

পোরক্দরে রাজপ্রাসাদে আছে স্বামীজ।

একদল সাধু মক্ষতীর্থ হিংলাজ যাবার জল্ঞে জড়ো হরেছে পোরবন্দরে। অভিলাষ যদি মহারাজা কিছু অর্থসাহায্য করেন। তীর্ষে তারা পদবজেই ষেত, কিন্তু বছ পথ হেঁটে তাদের পা একেবারে ক্ষতবিক্ষত হয়ে গিয়েছে। তথ্য বালি বেশিক্ষণ সম্ভ করতে পারে এমন আর শক্তি নেই। ইচ্ছে, জাহাজে করাচিতে গিয়ে দেখানে খেকে উটের পিঠে করে পার হবে মক্লভূমি। কিন্তু বিলহারি ভাদের সাহস! পথে ভাসা কভগুলি সাধু, ভাদের কিনা স্পর্ধা মহারাজার কাছে দরবার করে।

সাধ্র দলের চাঁই একজন বাঙালি। আর সে শুনেছে রাজ-বাটীতে রয়েছে একজন বাঙালি পরমহংস যার কথায় রাজা প্রায় ওঠেন-বসেন। সে শুধু সংস্কৃতেই পণ্ডিত নয়, এমন ইংরিজি বলে যেন মুখে খই ফোটে। তার কথা ঠেলতে পারবেন না রাজা। এমন খাতির রাজার সঙ্গে, চার খোড়ার গাড়ি চড়ে হাওয়া খেতে বেরোয়, রাজপুত্রদের সঙ্গেও খোড়ায় চড়ে খেলা করে। বাঙালি হয়ে বাঙালির জত্যে করবে না একটু স্পারিশ ?

চাঁই আর তার এক সাকরেদ দেখা ক্রুরতে এসেছে পরমহংসের সঙ্গে।

নিচে নেমে এল স্বামীঞ্চ।

এ কে? তুমি? স্বামীজি থমকে দাড়াল।

আরে, তুমি সেই পরমহংস ? আনন্দে উছলে উঠল আগন্তক।

আগন্তক আর কেউ নয়, স্বামীজির গুরুভাই ত্রিগুণাতীতানন্দ স্বামী। একেই নিউইয়র্ক থেকে লিখেছিলেন স্বামীজি: 'তোর নামটা একটু ছোটখাট কর দেখি বাবা, কি নামরে বাপ! একখানা বই হয়ে যায় এক নামের গুঁতোয়। ঐ যে বলে হরিনামের ভয়ে যম পালায়, তা "হরি" এই নামে নয়। ঐ যে গন্তীর-গন্তীর নাম, অঘভগনরকবিনাশন, ত্রিপুরমদভঞ্জন, অশেষনিঃশেষকল্যাণকর প্রভৃতি নামের গুঁতোয় যমের চৌদ্দপুরুষ পালায়। নামটা সরল করলে ভালো হয় নাকি! এখন বোধহয় আর হবে না. ঢাক বেজে গেছে, কিন্তু কি জাঁহাদরী যমতাড়ানে নামই করেছ।'

'তুমি এখানে !' স্বামীন্ধি অপ্রস্তুত। ইচ্ছে ছিল না কোনো পরিচিত লোকের সঙ্গে দেখা হয়। 'ভূমি এখানে ?' ত্রিগুণাতীত উচ্ছুসিত। ১ স্বপ্নেও ভাবেনি এমন প্রভ্যাশিত লোকের আশাতীত দেখা পাবে।

'কি প্রয়োজন ?'

বলেন ত্রিগুণাতীত। সাধুরা হিংলাজ যাবে, রাজার কাছে কিছু ভিক্ষা চায়। তুমি যদি বলে-কয়ে রাজাকে রাজি করতে পারো। 'ভিক্ষে?' দলিত ভূজকের মত ফণাবিস্তার করল স্বামীজি: 'তুমি সাধু হয়ে অর্থ ভিক্ষে করতে এসেছ? ছি ছি, এ কি হীন বিদ্ধি!'

স্তব্ধ হয়ে তাকিয়ে রইল ত্রিগুণাতীত।

'যদি স্বেচ্ছায় কেউ কিছু দেয় তাই নেবে, চাইতে যাবে কেন, হাত পাতবে কোন লজ্জায়?' কিপ্ত কণ্ঠে বলতে লাগল স্বামীজি: 'আর আমিই বা তোমাদের জ্বস্থে রাজার কাছে নিচু হতে যাব কেন? আমি কি কারু কাছে কখনো অর্থের জ্বস্থে হাত পাতি? আজ রাজপ্রাসাদে আছি কাল হয়তো দেখবে ক্রেট্রেডের্ডের পর্কিটিরে। কিংবা হয়তো গাছতলায়। আমি কি আরাম-বিরাম না স্থ্য-স্বাচ্ছন্দ্যের ধার ধারি? ভূলে যেও না আমরা পরিব্রাজ্ঞক, ঘর-বন, জ্বল-আন্তন, স্থ-তৃঃখ আমাদের সব সমান। আমরা দিতীয় মহেশ।'

> শ্মশানে গৃহে বা হিরণ্যে তৃণে বা ভত্মঞ্জে রিপৌ বা হুতাশে জলে বা স্বকীয়ে পরে বা সমত্বেন বৃদ্ধ<sub>া</sub> বিরেজেহবধৃতো দ্বিতীয়ো মহেশঃ॥

ত্রিগুণাতীত উজ্জ্বলমুখে তাকিয়ে রইল স্বামীজের দিকে! এই তো সাধকেন্দ্র বীরেশ্বরের মত কথা। ঠাকুর যে বলতেন এর মধ্যে এমন শক্তি আছে যে ইচ্ছে করলে জগং মাতাতে পারে এ যেন দেখতে পাক্তি চোখের সামনে। রাজপ্রাসাদও যা ডোমভোকলার ডেরাও তাই। এ সর্বসম আকাশের মত নির্মল ও নিতামুক্ত। স্বভাবসচ্চিদানন্দ।

'ভোমার কাছে কিছু আছে ?' অন্তরক্লের মত জিজেদ করলেন স্বামীজি।

কি বলবে ত্রিগুণাতীত যেন একটু দ্বিধা করতে লাগল।

'বদি কিছু থাকে দিয়ে দাও সাধুদের। নি:স্ব হয়ে যাও। বে নি:স্ব সেই নি:সম্বল নয়। হর হর ব্যোম বলে পথ ভাঙো। হোক মরুভূমি, মরুভূমিই আর্দ্রাস্তরাম্মা হয়ে উঠবে। মনে ভাববে জীবনের তীর্থযাতা নয় জীবনের জয়যাতা।'

এই ত্রিগুণাতীতকেই লিখছে স্বামীজি: 'ছটোপাটিতে কি কাজ হয়? লোহার দিল চাই, তবে লক্কা ডিঙোবি। বজ্ববাঁট্লের মত হতে ছবে, বাতে পাহাড়-পর্বত ভেদ হতে ছায়। আসছে শীতে আমি আসছি। ছনিয়ায় আগুন লাগিয়ে দেই—যে সঙ্গে আসে আমুক, তার ভাগ্যি ভালো, যে না আসে জার ইহকাল পরকাল পড়ে থাকবে। তা থাকুক, তুই কোমর বেঁধে তৈয়ার থাক। কুছ পরোয়া নেই, তোদের মুখে-হাতে বাগদেবা ইসবেন, ছাতিতে অনস্তবীর্ঘ ভগবান বসবেন—তোরা এমন কাজ করবি যে ছনিয়া তাক হয়ে দেখবে।'

'মমুর মতে সন্ন্যাসীর পক্ষে একটা সংকার্যের জন্মে পর্যন্ত অর্থ সংগ্রন্থ করা ভালো নয়।' আবার লিখছেন স্থামাজি: 'আর এখন বেশ প্রাণে-প্রাণে বুঝছি, ঐ সকল প্রাচীন মহাপুরুষণণ যা বলে গেছেন তা অতি ঠিক কথা। আশা হি পরমং ছংখং নৈরাশ্রুং পরমং সুখং। আশাই পরম ছংখ এবং আশা ত্যাগ করাতেই পরম সুখ। এই যে আমার এ-করব ও-করব এ রকম ছেলেমামুষা ভাব ছিল, এখন সেগুলিকে সম্পূর্ণ ভ্রম বলে বোধ ছছে। সব বাসনা ত্যাগ করে সুখী হও। কেউ যেন তোমার শক্র-মিত্র না থাকে—ভূমি একাকী বাস কর। এইরূপে ভগবানের নাম প্রচার করতে করতে শক্র-মিত্রে সমন্বৃষ্টি হয়ে সুখছাধের অতীত হয়ে বাসনা ঈর্ষা ত্যাগ করে কোনো প্রাণীকে হিংসা না করে আমরা পাহাড়ে-পাহাড়ে গ্রামে-গ্রামে ভ্রমণ করে বেড়াব।'

রাজপ্রাদাদ ছেড়ে দিয়ে আবার পথে নামল স্বামীন্ধি। এবার এল দ্বারকায়। প্রভাস আগেই হয়ে গেছে যেখানে প্রীকৃষ্ণ ভমুত্যাগ করেছিলেন, এবার দ্বারকায়, যেখানে রাজ্য করেছিলেন মহাপ্রতাপে।

কিন্তু কোথায় সেই দারকা। সেখানে আজ সমুজের নীল নির্জনতা।

কৃষ্ণ কি শুধু পতিতপাবন ? না, তিনি আবার পতিতবাতন।
ক্ষমা মৈত্রী অহিংসার কথা কি হিন্দুশান্ত্রে কম আছে ? বিচ্রবাকাই
তো এই যে 'অক্রোধন জয়েং ক্রোধং অসাধুং সাধুনা জয়েং।' শক্রকে
প্রীতি দ্বারা অস্থায়ীকে স্থায় দ্বারা হিংস্কককে অহিংসা দ্বারা জয়
করবে। তাই বলে কি শক্রর কাছে বশীভূত হয়ে থাকবে এই কি
হিন্দুদ্দ ? ন শ্রেয়: শততং তেজ্ঞা, ন নিত্যাং শ্রেয়সী ক্ষমা। সবসময়েই
তেজ্ঞ বা সবসময়েই মৃত্তা এ ঠিক নয়। অবধ্য ব্যক্তিকে বধ করলে
যেমন পাপ, বধ্য ব্যক্তিকে বধ না করলেও সেই পাপ।

যুদ্ধে হেরে এসে ঘুমুচ্ছে সঞ্জয়। তার মা বিগুলা তখন তাকে বলছে: ১া অরাতিহর্বর্ধন কাপুরুষ, গারোখান করো। কৃপ অর জলে পরিপূর্ণ হয়, মৃষিকের অঞ্চলি অর জব্যে ভরে ওঠে আর কাপুরুষ অল্পমাত্রলাভেই তৃষ্ট থাকে। শক্রনির্দ্ধিত হয়ে আর শয়ান থেকো না, ওঠো। শ্রেনপাথির মত ঝাঁপিয়ে পড়। অশব্ধিত চিত্তে শক্রর ছিলোঘেষণে তৎপর হও। কি নিমিন্ত বক্সাহত মৃত্রের মত পড়ে আছ ? মৃহুর্তমধ্যে প্রজ্ঞলিত হও। তৃষাগ্লির মত চিরকাল ধুমায়িত হয়েরা না। চিরকাল ধুমায়িত হয়য়ার চেয়ে ক্ষণকাল প্রজ্ঞলিত হয়য়াও জায়। নির্দ্ধিত হয়েও যে ক্রুদ্ধ হয় না, প্রতিকার করে না, সে ক্রীব—তার আর কিসের জক্তে প্রাণধারণ ? ওঠো। বৃদ্ধিমান ব্যক্তি নিজের পতনসময়েও শক্রর জভ্বা আকর্ষণ করে তার সঙ্গে একত্র নিপতিত হয়, ছিয়মূল হলেও ভয়োভ্বম হয় না। স্বৃত্রয়াং আয়ালহীন আলভ্যে

পড়ে থেকো না। মধ্যম উপায় সন্ধি, অধম উপায় দান, উত্তম উপায় দশু। উত্তম উপায় অবলম্বন করো। উঠে দাঁডাও, দশুধর হও।

ছারকায় শঙ্করাচার্যের সারদা-মঠে আঞায় নিল স্বামীকি। নির্ক্তন কক্ষে বসে ভাবতে লাগল সেই অতীত ভারতের কথা। গৃহহীন চিরপথিক সাধুসন্মানীদের কথা। শুধু কি অতীত ? দেখতে পেল ভবিশ্বং ভারতের স্বপ্ন। বীর বিজয়ী নতুন আরেকরকম সন্মানীর দল। কর্মে ত্যাগে বলে বীর্যে ভক্তিতে শক্তিতে নববলসাধক। রামকৃষ্ণমন্ত্রদীক্ষিত।

দারকা ছেড়ে চলে এল মাণ্ডবীতে।

কোনো তীর্থ আর দেবতা কোনো মঠ আর মন্দির বাদ রাখবো না।
ভারতের সোনার ধুলি মুঠো-মুঠো করে গান্ধে মাখবো।

বরোদা হয়ে চলে এল খাণ্ডোয়ায় । ইাটতে-হাঁটতে হরিদাস চাটুজ্জে উকিলের বাড়িতে।

'কি চাই ?' কোর্ট থেকে ফিরছেন, দরজায় সন্মাসী দেখে বিরক্ত হল হরিদাস। ভাবলে ভেক-ধরে-ভিক-মাগা পেট-বোরেগীদের কেউ হবে।

'আপনাকে চাই।'

অপার বিশ্বয়ে অপ্লক চোখে তাকিয়ে রইল হরিদাস। নিশ্চয়ই
মক্কেল নয়, নিশ্চয়ই উকিলকে চায় না। আপানাকে চাই। যেন মর্মের
আদৃশ্য শিকড় ধরে টান-মারা কথা! ছাই চোখে কি গভীর পরিচিত্তির
সৌহার্ছা। আপানজন বলেই তো চাইতে পারছি আপানকে। উজ্জ্বল
করে লেখা ছাই চোখে যেন সেই ভাষা!

'আসুন! আসুন!' হরিদাস হাত বাড়িয়ে ডেকে নিল স্বামীজ্ঞিকে। কথায়-কথায় এ কথা আর মনে হল না, কোথায় উঠেছেন বা কভদিন থাকবেন। মনে হল এ গৃহই যেন তাঁর চিরস্তন নিকেভন, সময় ক্ষয় হয়ে গেলেও যেন থাকার ক্ষয় নেই।

সমস্ত বাঙালী সমাজ মেতে উঠল। জলসাহেব মাধব ব্যানার্জি ভোজ দিলেন। উপনিষদ নিয়ে কথা উঠল। স্বামীজি ব্যাখ্যা করতে শুরু করল। শুধু পাশুতা নয় প্রাঞ্চলতা। কে তর্ক করবে, কে বলবে বুরুতে পাছিছ না। গভীরে জেতে পারলেই তো সারল্যের স্পর্শ লাগে। আর যে স্বচ্ছ সেই তো মুক্ত সই তো শক্রপ্রর।

বাক্য ও ব্যাখ্যার আলোকস্নানে স্বাই রোমাঞ্চিত হতে লাগল। পিয়ারীলাল গাঙ্গুলি উকিল হলে কি হবে এ অঞ্চলের সেরা পণ্ডিত। সে মন্ত্রাভিভূতের মন্ত বললে, 'এ জগংপ্রাসিদ্ধ হবে।'

কথাটা কানে উঠল স্বামীজির। স্বামীজি মনে মনে হাসল। মনে পড়ল ঠাকুরের কথা।

'আশ্চর্য দর্শন সব হয়েছে। অথগু সচিচদানন্দদর্শন। টকটকে লাল স্থরকির কাঁড়ির মত জ্যোতি। তার মধ্যে বসে নরেজ্য— সমাধিস্থ। একটু চোখ চাইলে। ব্যালুম, ওই একরাপে সিমলেতে কায়েতের ছেলে হয়ে আছে। তখন বললুম, মা, ওকে মায়ায় বদ্ধ কর। তা না সমাধিস্থ হয়ে দেহত্যাগ করবে।'

'শিকাগোতে যাবেন ?' ব্যস্ত হয়ে জিজ্ঞেস করল হরিদাস। 'সেখানে কি ?'

'সেখানে ধর্মমহাসভা হবে। স্বধর্মের প্রতিনিধি যাবে। আপনি যাবেন হিন্দুর হয়ে।'

স্বামীজি হাসল। সেই যে বলে 'নেই চাল নেই পাত, চড়িয়ে দাও শুধু ভাত' এ প্রায় সেই অবস্থা। ঢাল নেই তলোয়ার নেই নিধিরাম স্বায়।

'আপনি বস্থে যাচ্ছেন ?' ঝলসে উঠল হরিদাস: 'আমি সেখানকার বিখ্যাত ব্যারিস্টার শেঠ রামদাস ছবিলদাসকে চিঠি লিখে দিচ্ছি।' সঞ্জয় বললে, মা, আমি তোমার একমাত্র পুত্র। আমি বদি যুক্তেনিহত হই তবে পৃথিবীর জায়েখর্য দিয়ে তোমার কী হবে ? তোমার ফাদর কি লোহনির্মিত ? ছেলের জন্মে তোমার এতটুকু করুণা নেই ? মা হয়ে তুমি তাকে শক্রমুখে ঠেলে দেবে ?

সৌবীররাজ্মহিষী বিহুলা প্রজ্জলিত হয়ে উঠল। বললে, পুত্র, তোমার বংশগোরব আজ কলঙ্কসাগরের অতলজ্ঞলে ভূবেছে। নষ্ট কীর্তি উদ্ধারের জন্মে তোমাকে উৎসাহ না দিলে আমার পুত্রমেহ শুধু গর্দভীর সন্তানবাৎসল্যেরই অনুরূপ হবে। শক্রনির্জিত ধর্মার্থভিত হয়ে জীবনধারণের উপদেশ কেউই দেবে না, কোনো দিন না। এমন জীবন সজ্জনবিগর্হিত, স্কুর্থসেবিত। ছি ছি, ভূমি স্নেহের কথা বলছ, তোমার দেহের জন্মে ছুন্তি মায়ার কথা? দেহে আত্মবুদ্ধি বিসর্জন দিয়ে যদি বিজয়কেশ্বীর বৃত্তি অবলম্বন করতে পারো তবেই ভূমি আমার স্নেহের ধন, আমার অঞ্চলের নিধি। নচেৎ তোমাকে ধিক। নিরুৎসাহ কাপুরুষ পুত্র দিয়ে কোনো নারীই পুত্রবতী হয় না। যুদ্ধে জয়-পরাজয় আছেই। একবার হার হয়েছে বলে পুনরায় জয় হবে না এ কেউ বলতে পারে না। শক্র জয় করবে বলেই তোমার নাম সঞ্জয় রেখেছিলাম। অন্বর্থনামা ভব মেপুত্র মা ব্যর্থনামকঃ। হে পুত্র, সার্থকনামা হও, বিকলনামা বিপরীতনামা হয়ো না।

সঞ্চয় কি তবু চুপ করে থাকবে ?

বিছুলা বলতে লাগল, 'যে গ্লানিপক্ষের মধ্যে তুমি নেমে এসেছ তার চেয়ে অবমাননাকর আর কী আছে ? যার প্রতিদিন অন্নচিস্তা তার মত হতভাগ্য আর কেউ নেই। দারিদ্রা মরণের তুল্য, রাজ্যনাশ প্রতিপুত্রদের চেয়েও ছংখকর। মরালী যেমন এক সরোবর থেকে আবেক সরোবরে উড়ে যায় আমিও তেমনি এক রা**জকুল থেকে** আরেক রাজকুলে এসেছি। কুলক্তা থেকে কুলবধু। রাজ্যনাশের বেদনা তাই আমার কাছে সহনাতীত। সঞ্জয়, ওঠো অকুলে কুল দাও, অস্থানে স্থান দাও, বিপদসাগরে নিস্তারনৌকা হও—'

সঞ্জয় কশাহত ভুরঙ্গের মত উঠে দাঁড়াল। বললে, মা, আমি যুদ্ধের জন্মে প্রস্তুত।

যে যুদ্ধের জন্মে প্রস্তুত সে জয়ের জন্মেও প্রস্তুত।

শ্রীকৃষ্ণকে সেই কথাই বলছে কুন্তী। বলছে, বাসুদেব, যুধিছিরকে তুমি আমার এই কথা বোলো যে সে মন্দমতি, ক্ষত্রিয়ন্ত্রতে অপটু। সঙ্কট হতে মামুষকে ত্রাণ করাই ক্ষত্রিয়ের কর্তব্য। শান্তি ও স্বাধীনতার সতর্ক প্রহরী ক্ষত্রিয়। তাকে আরো বোলো, তোমার ধর্ম রাজধর্ম, রাজধিধর্ম নয়। তুমি ক্ষত্রাতা বছবীর্যোপজীবিত। তোমার মায়ের ছঃখ বোঝো, তাকে পরগৃহে নিরাশ্রয়া প্রতিষ্ঠাপৃষ্ঠা করে রেখো না। দণ্ড ধরো, ধ্যুকে জ্যা আরোপ করো, টকার দাও—

যেন কুন্তবর্ণ ঘুমিয়ে আছে, স্বামীজি বললে, যেন 'গ্লিপিং লেভায়াথান,' ঘুমন্ত সমুজদানব। সাড়া নেই স্পান্দন নেই বিরাট জাডাের অনড় মৃংপিশু—এরই নাম বােধ হয় হিন্দুজাতি। এক বলসাধনায় আলােড়িত করতে হবে। জীবস্তকে চেতনাপ্রহারে জর্জরিত সঞ্জীবিত করতে হবে। চাই লােহদূঢ় মাংসপেনী, ইস্পাতকঠিন স্নায়, বজ্বভীষণ মনােবল। অশ্বিনী দত্তকে বললেন, 'অশ্বিনী, আর কিছু নয়, এনার্জি ইজ রিলিজিয়ন। শক্তিসাধনাই ধর্মসাধনা।'

वनवीर्यमुलान हारा एठाई धर्मभागा हारा एठा।

বম্বে থেকে পুনায় এল স্বামীজি। সেধানে বালগঙ্গাধর তিলকের সঙ্গে আলাপ।

আলাপ ট্রেনের কামরায়। তিলক আর তাঁর ক'জন সঙ্গী আলাপ করছেন, এক কোণে স্বামীজি বসে। সেকেণ্ড ক্লাস ট্রেনের কামরায় সন্মাসী দেখে স্বভাবতই সন্মাসী নিয়ে কথা উঠল। কর্ম-বিমুধ আত্মসুধলিও ভাবভোগীর দল। এই সন্মাসীরাই জগং- সায়া-জীবন-অনিত্য ধ্বনি তুলে দেশের সর্বনাশ ঘটিয়েছে। সন্ন্যাসের আদর্শ দেশ থেকে লুপ্ত না হওয়া পর্যন্ত দেশের মুক্তি নেই।

আলাপ হচ্ছে ইংরিজিতে। আর যেহেতু সবাই স্বামীজিকে সাধারণ একজন মুদাফির মনে করছে, তাই মন থুলে। সংস্কৃত হলে ছিটেফোঁটা জানতে পারে কিছু বা, কিন্তু ইংরিজির আশা দূরপরাহত।

কান খাড়া করে শুনছে সব স্বামীজি, আর আশ্চর্য হচ্ছে এদের মধ্যে মাত্র একজন সন্ন্যাস-আদর্শের নিন্দা করছে না, বরং সমর্থন করছে, সম্মাননা করছে।

একদিকে একজন অম্বদিকে বহু।

স্বামীজ আর চুপ করে থাকতে পারল না, সেই একক ক্ষীণ, কঠের সঙ্গে মেলাল তার বজ্ঞঘোষ। সন্ন্যাসীর মূখে বিশুদ্ধ-উচ্চারিত অনুর্গল ইংরিজি শুনে সুবাই স্তব্ধ ক্রয়ে গেল।

সম্যকপ্রকার ত্যাগের নামই সন্মাস। ত্যাগেনেকৈন অমৃত্থমানশু:। ত্যাগরূপ-যজ্ঞ ছাড়া অমৃত-উদ্ধার হবার নয়। কিন্তু ত্যাগ যে করবে তার আগে অর্জন দরকার। নিবেদন যে করবে তার আগে নৈবেছ-সংগ্রহ করো। দূরে শরনিক্ষেপ করবে তার আগে ধহুকের জ্যা আকর্ষণ করো নিজের দিকে। অহং না পেলে আত্মায় উৎসর্গ করবে কি করে? যার ঐশ্বর্য বা বিভৃতি নেই সে ত্যাগ করবে কী! তাতে আর দীনহীন পথের ভিক্কুকে তফাৎ কোথায়?

মুগ্ধ বিশ্বয়ে সবাই তাকিয়ে রইল স্বামীজির দিকে।

আত্মশক্তির বিকাশ করো, সেই শক্তিতে অনাত্মভাব বিধবস্ত হয়ে যাবে। অর্জন করে সব আপন করো, বিশ্বশক্তি তোমারই আত্মভাবের প্রকাশ। কিছুই আর তোমার পর নয়। তোমার আপনরূপ ছাড়া দিতীয়রূপ আর কিছু নেই। আত্মকে জেনে বিশ্বে তাকে বিস্তার করো। আর জ্ঞান ছাড়া কি ত্যাগ হয়? বিশ্বৎসন্থাসই প্রকৃত সন্থাস।

এ কে অন্সানন্দ মহাপুরুষ ?

আনস্ত চৈত শ্রময় সন্তার সাগরে আত্মভাবের বৃদ্ধকে নিমাজিজ-করে দাও। তাতেই অমৃতত। ঐ অমৃত ছাড়া তৃপ্তি নেই ক্ষাস্তি নেই। ঐ অমৃতেই সকল অমণের শেষ, সকল অবেষণের উত্তর।

যে একা সম্মাস-আদর্শের স্থতি করছিল সে এগিয়ে এক স্বামীজির কাছে। জিগগেস করল, 'কোধায় যাচ্ছেন ?'

'পুনায়। আপনি? আপনার নাম কি?' 'আমার নাম বালগলাধর তিলক।'

ভিলক স্থামীজিকে পুনায় নিজের বাড়িতে নিয়ে গেল। একমাস রাখল নিজের কাছে। দেশমাভ্কার মুক্তিসাধনত্রতের নবোচ্চারিত মন্ত্রের অর্থ শুনল।

মহাবলেশ্বরে লিমড়ির ঠাকুরসাহেবের সঙ্গে দেখা। 'স্বামীজি, কেন সারাদেশ পরিভ্রমণ করে বেড়াচ্ছেন? লিমড়িভে চলুন, আমার প্রাসাদে চিরদিন বিশ্রাম করবেন।'

স্বামীজ হাদল। বললে, 'আমার বিশ্রাম নেই। আমি যে কাজ উদযাপন করতে বেরিয়েছি তার টানে আমাকে পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত যেতে হবে। ভ্রমণই আমার স্থিতি। কর্মই আমার বিশ্রাম।'

মহাবলেশ্বর থেকে কোলাপুর।

কোলাপুরের রাণী স্বামীজিকে একখানি গেরুয়া দিল। যদি নেন ভো চিরকৃতার্থ হব। কভ কিছু দান করছি ভাণ্ডার থেকে। তার সঙ্গে অহঙ্কার কোন না মেশানো থাকে। কিন্তু এ দান নয়, কি নিবেদন। এতে দীনভার পুণাগন্ধ।

সেই সুবাসটুকু অনুভব করল বলেই গ্রহণ করল স্বামীজি। সেখান থেকে বেলগাঁও। প্রফেসর ভাটের বাড়ি।

এ এক অদ্ভূত সন্মাসী। আর-আরদের মত থালি গারে থাকে না, বেনিয়ান পরে। মাথায় জটা নেই, পাগড়ি। হাতে দণ্ড নেই, লম্বা একটা লাঠি, বেড়াবার ছড়ি বললেই ভালো হয়। কমণ্ডলু আছে একটা বটে কিন্তু পকেটে তিনখানি বইয়ের মধ্যে একখানি

ক্ষরাসী গানের স্বরলিপির বই। আর কথা বলে কিনা ইংরিজিছে।
তথু ধর্ম আর ঈশ্বরের কথা নয়, সমস্ত লোকসংসারের কথা,
সমাজনীতি রাজনীতি অর্থনীতি। তথু শাস্ত্র নয়, সমস্ত খবরের
কাগজ যেন মুখস্থ। তারিখ মিলিয়ে দেখ, এতটুকু নেই কোথাও
ভূলচুক।

শিক্তা মূণালিনী বস্তুকে চিঠি লিখলেন স্বামীজি:

'মৃষ্টিমেয় ধনীদের বিলাসের জন্ম লক্ষ নরনারী অজ্ঞতার অক্ষকারে ও অভাবের নরকে ডুবিয়া থাকুক, তাহাদের ধন হইলে বা তাহারা বিদ্যা শিখিলে সমাজ উচ্চুঙাল হইবে! সমাজ কে? লক্ষ লক্ষ তাহারা? না, এই তুমি-আমি দশজন বড় জাত? সর্ববিষয়ে স্বাধীনতা অর্থাৎ মুক্তির দিকে অগ্রসর হওয়াই পুরুষার্থ। যাহাতে অপরে—শারীরিক মানসিক ও আধ্যাত্মিক স্বাধীনতার দিকে অগ্রসর হইতে পারে সে বিষয়ে সহায়তা করা ও নিজে সেই দিকে অগ্রসর হওয়াই পরম পুরুষার্থ। যে সকল সামাজ্রিক নিয়ম এই স্বাধীনতার ক্লুতির ব্যাঘাত করে তাহা অকল্যাণকর এবং যাহাতে তাহার শীজনাশ হয় তাহাই করা উচিত—'

তার উপর কিনা পান-শুপুরি চেয়ে নিয়ে খায়। সেদিন কিনা দোক্তাও চেয়ে বসল। এতে স্তম্ভিত হবার কিছু নেই। বলছে স্বামীজি। জ্রীগুরুমহারাজ আমার অসম্ভব রকম পরিবর্তন ঘটিয়েছেন, কিন্তু এসব তুচ্ছ নেশাগুলির দিকে নজর দেননি। বলেছেন এ থাক, এতে কিছু ক্ষতি বৃদ্ধি নেই।

'মাছমাংস খান, না, নিরামিষ ?'

'মাঝখানের ঐ না-টুকু নেই। যখন যা জুটবে তাই খাব।'

'যদি না জোটে ?'

'উপবাসে থাকব। নিরম্ব উপবাস।'

'যদি অহিন্দু নিয়ে আসে খাবার ?'

'খাব। কত মুসলমানের বাড়ি অতিথি হয়েছি।'

অসাধারণই বটে। অষ্টাধ্যায়ী পাণিনি পডছিল ভাটে, পাশটিতে

চুপ করে এসে বসেছে স্বামীজি। ভূল উচ্চারণ ও ভূল উচ্চতির। সংশোধন করে দিছে।

সমস্ত শাস্ত্র যেন জিহ্বাত্রে।

তর্কে বিন্দুমাত্র রোষ নেই রুঢ়তা নেই। সেদিন তো বেলগাঁওয়ের একজিকিউটিভ ইঞ্জিনিয়র তর্ক করতে এসে কটু কথা বলে বসল, ভত্রাচ স্বামীজির মুখের সরল লাবণ্যটুকু মান হল না। বললে, যাই বলুন বেদাস্ত বনের জিনিস নয় ঘরের জিনিস, কোনো সম্প্রদারের নয় সমস্ত বিশ্বমানবের।

এই বিশ্বমানবের একটিমাত্র ধ্বনি। তাই ওঁ। ওঁ-ই পরমাত্মার প্রিয় নাম। ওঁ-ই সম্মতিবাচক স্বীকৃতিজ্ঞাপক শব্দ। তাই ওঁ-ই পরমাত্মার প্রতীক। ওঁ-এর মানেই হচ্ছে হাঁ, আছে, পেয়েছি। সেই ধ্বনিটি শুধু আমাতে নয় সমস্ত চরাচরে। সমস্ত পরিপূর্ণতার জীকারমন্ত্রই ওঁ। এইটিই আমার প্রভাকার প্রচিহ্ন।

পথে-প্রান্থরে এই পতাকা বহন করে নিয়ে যাব, প্রাদাদে-কুটীরে, হাটে-বান্ধারে, গঞ্জে গ্রামে, যত্রতত্র। যিনি দিয়েছেন। তিনিই বহন করবার শক্তি দেবেন। আর যদি না দেন, প্রকৃতির কাছে না হয় বলিপ্রাদন্ত হব।

'জগতের মধ্যে যারা পরমসাহসী যাতনাই তাদের বিধিলিপি', লিখছেন স্বামীজি: 'আমার স্বাভাবিক অবস্থায় আমি তো নিজের ছংখযন্ত্রণাকে স্বচ্ছলেই বরণ করি। কাউকে না কাউকে এ জগতে ছংখ ভোগ করতেই হবে। আমি আনন্দিত, প্রকৃতির কাছে যারা বলি প্রদন্তঃ হয়েছে আমিও তাদেরই একজন।' কোথাও বিশ্রাম করব না এই আমার প্রতিজ্ঞা। এ মহাবীর হমুমানের কথা।

'হে হরিশার্দ্ ল, হে বানরশ্রেষ্ঠ, মহার্ণব লজন করে।' দেনাপতি জাম্ববান বলছে হন্তমানকে, 'তুমি ছাড়া কারু সাধ্য নেই এই তৃষ্পার পারাবার অভিক্রম করে। এই পর্বভপ্রমাণ ভরক্ত-আছেল সমূজ দেখে বানরকুল বিষল্প হয়ে রয়েছে, তুমি একবার ভোমার বিক্রম দেখাও। তুমি বীর্যবান, বৃদ্ধিমান, মহাবলপরাক্রম। শৈশবে নবোদিত সূর্য দেখে পরিপক ফল মনে করে হাত বাড়িয়ে ধরতে গিয়েছিলে, ভিনশত যোজন উঠেছিলে আক্রাশে। আবার ভোমার সেই তুর্দমবেগ প্রকাশিত করে।'

বানরবৃদ্ধদের অভিবাদন করে হমুমান বললে, 'সকলে নিশ্চিম্ব হও, আমি মহেন্দ্র পর্বতের তুঙ্গতম নিখারে গিয়ে উঠছি। আমি সেখান থেকে লাফ দেব। রামের হস্তনিক্ষিপ্ত শর যেমন ছোটে তেমনি প্রধাবিত হব শৃক্ষে। আকাশে-সমুদ্রে এমন কেউ নেই বে আমার বেগ প্রতিরোধ করে।'

মহাকায় মহাকপি লাফ দিল। পক্ষদমন্বিত পর্বতের মত শোভিত হল আকাশে।

তখন সাগর ভাবল এর কিছু অমুকূল্য করি। জলমগ্ন মৈনাক-পর্বতকে বললে, 'গিরিবর, তুমি এবার একবার উত্থিত হও। ভীমকর্মা হমুমান প্রান্ত হয়েছে, ভোমার উপর বলে লে একট্ বিশ্রাম করবে।'

দাগরন্ধল ভেদ করে মৈনাক উত্থিত হল।

হয়ুমান ভাবল আকম্মিক এক বিদ্ধ এসে উপস্থিত হল বুঝি। বুক্ষের আঘাতে তাকে আবার অবনমিত করল। মৈনাক বললে, 'বানরোন্তম, তুমি আমাকে ভূল বুঝো না। তোমাকে বিশ্রাম দেবার জন্তেই আমি আবিভূতি হয়েছি। তুমি ভূজরকর্মে ধাবমান হয়েছ, তোমাকে অত্যন্ত প্রান্ত-ক্লান্ত দেখাছে। তু'দণ্ড আমার শৃক্তে বসে বিশ্রাম করো। তারপর আবার যাত্রা কোরো।'

আকাশপথে হমুমান উত্তর দিল, 'তোমার কথাতেই আমি আতিথ্য-লাভ করেছি। ফু:খিত হয়ো না, আমার বিলম্ব করার সময় নেই। কোথাও বিশ্রাম করব না এই আমার প্রতিজ্ঞা।'

সেই প্রতিজ্ঞা স্বামী বিবেকানন্দেরও।

ফরেস্ট অফিসার হরিপদ মিত্রর ইচ্ছে স্বামীজ্ঞিকে তাঁর বাড়ি নিয়ে যায়।

'কিন্তু সেটা কি ঠিক হবে ।' স্বামীজি ইতন্তত করল: 'বাঙালি দেখেই যদি চলে যাই ভবে মারাঠি ভললোক ক্ষম হতে পারেন।'

'কিন্তু কাল সকালে আমার ওখানে চা খেতে আপত্তি নেই তো ?' 'না, না, যাবু চা খেতে।'

আটিটা বেজে গেল, তবু স্বামীজির দেখা নেই। এ কেমনতরো চা খাওয়া। ভূলে গেল নাকি ? ভূলেই বা যাবে কেন ?

হরিপদ নিষ্কেই দেখতে চলল কি ব্যাপার।

গিয়ে দেশল মারাঠির থাজিতে বিরাট মঞ্চলিশ। শহরের বছ জ্ঞানী-গুণী লোক স্বামীজ্ঞকে ঘিরে বসে ধর্মসম্বন্ধে বিচিত্র প্রশ্ন করছে, ইংরিজ্ঞতে, বাঙলায়, হিন্দিতে, সংস্কৃতে—আর স্বামীজ্ঞ বার যা ভাষা সেই ভাষায় তাকে উত্তর দিচ্ছে অনর্গল। এভটুকু বিরতি নেই, বিরক্তিনেই। প্রশ্নকর্তারাই হিমসিম খেয়ে যাচেচ। সাধারণত উত্তরদাতাই স্বামেল হয়, আমতা আমতা করে আবোল-তাবোল বকে, এখানে প্রশ্নকারীই নিরস্ত-পরাস্ত। কোখাও স্থতীক্ষ যুক্তি, কখনো বা গভীর উপলব্ধির তেজ, কোখাও বা নৃশংস বিজ্ঞাপ। প্রাচীন শাস্ত্র থেকে আধুনিক বিজ্ঞান সর্ববিষয়েই অস্তৃত বাুৎপত্তি। মৃশ্ধবিশ্ময়ে শুনতে লাগল হরিপদ।

হাত জোড় করল স্বামীজি। হরিপদকে লক্ষ্য করে বললে, 'ভাই, যেতে পারিনি, মার্জনা চাই। এতগুলো লোকের প্রাণের পিপাসা মেটাতে গিয়ে নিজের পিপাসাকে ভুলে যেতে হয়েছে।'

'আপনি আমার বাড়ি চলুন। শুধু একবেলা চা খেতে নয়, কয়েক দিন থাকতে।'

'বড় জোর তিনদিন। একটি বুক্ষের নীচেও সনাতন গোস্বামী তিনদিনের বেশি বসতেন না। কিন্তু তার আগে এই গৃহস্বামীর মত করো। তিনি না ছাড়লে যাই কি করে ?'

মারাঠি ভদ্রলোকের মত করিয়ে হরিপদ স্বামীজ্ঞিকে নিয়ে গেল স্বগৃহে।

বললে, 'মহারাজ, একটা কথা জিগগেল করব ?' 'করো।'

'ধর্ম ঠিক ব্ঝতে হলে অনেক ক্লিছু লেখাপড়া করতে হয়, ভাই না !'

কেমন যেন অসহায় দেখাল হরিপুদকে। স্বামীঞ্জি কত কিছু
পড়েছেন, তাঁর পাণ্ডিত্য অগাধ স্মৃতিশক্তি হুর্মর—সেই তুলনার
হরিপদ তো সমুদ্রের কাছে গোম্পদের চেয়ে তুচ্ছ। তার কি উপায়
হবে ?

স্বামীজি হাসল। বললে, 'ধর্ম ব্বতে কানাকড়ি বিশ্বের দরকার হয় না। বোঝাতে গেলেই জাহাজবোঝাই বিশ্বের দরকার। ঠাকুর বলতেন, নিজেকে মারতে একটা নক্ষন হলেই চলে, কিন্তু অক্তকে মারতে হলে দা-কুড়ুল বর্শা-টাঙি অনেক রকম অন্ত্রশস্ত্রের প্রয়োজন হয়। প্রাভৃকেই দেখ না। রামকেষ্ট বলে সই কর্তেন কিন্তু তাঁর মত ধর্ম আর কে ব্রেছিল বলো।'

প্রীকৃষ্ণ কি বললেন অজুনকে? বললেন, যে অনক্সভাক বা অনক্সভক্তি হয়ে আমাকে ভজনা করে সে যদি ঘোর ছরাচারও হয়, জানবে সে সাধু। ভক্তির স্পর্শেই সে সাধু হয়ে যাবে। আর, যে ভক্ত, জানবে ভার কখনো বিনাশ নেই।

ঈশ্বরকে ভালোবাসাই তো ধর্মসাধন। আর ভালোবাসাই তো সহজসাধন।

ভক্তির স্পর্শেই হুর্ভও নিমেষে সাধু হয়ে উঠবে। হাওয়াভে মেঘের টুকরোটুকু সরে গেলেই মুহূর্তে স্থের দীপ্তিতে জগৎ উদ্ভাসিত। ভক্তিরই এই পতিতপাবনী শক্তি। হেন পাপ নেই যা জগাই-মাধাই করেনি, প্রেমের স্পর্শে কি হয়ে গেল ? নিশাকালে গঙ্গাস্থান সেরে নির্জনে বসে প্রতিদিন এখন হুইক্ষ কৃষ্ণনাম জপ করছে।

শ্রীকৃষ্ণ বললেন, 'অর্জুন, আমার চিন্তায়ই মনকে নিযুক্ত রাখো, আমাতেই ভক্তিমান হও, পৃঞ্জাপরায়ণ হও, আমাকেই নমস্কার করো। আমাতেই শরণ নিয়ে অধিষ্ঠিত থাকো। যা কিছু করো, কর্ম ও ভোজন, দান বা তপস্থা, সব আমাকেই অর্পণ করো। যে অনস্থাচিত্ত হয়ে আমাকে চিন্তা করে আমি তার যোগক্ষেম বহন করি। অর্থাৎ যা তার নেই তার সংস্থান করি, যা তার আছে তা রক্ষা করি।

অলব্ধ বস্তুর সংস্থান হচ্ছে যোগ আর লব্ধবস্তুর রক্ষণ হচ্ছে ক্ষেম।

'যে কোনো কাজ করবে মনপ্রাণ ঢেলে করবে।' বললেন স্বামীজি, 'নির্ধারিত কাজ স্থচারুরূপে নির্বাহ করাই ধর্ম। আমি এক সাধুকে জানতাম, বসে-বসে অনেকক্ষণ ধরে নিজের পিতলের লোটাটাকে মাজত একমনে। মেজে-মেজে সোনার মত ঝকঝকে করে তুলত। যেমন তার পূজায় নিষ্ঠা তেমনি এই লোটা-মাজায়। কোনোটাই কম নয়। লোটা মাজছে যেন অন্তর মার্জনা করে স্থাবর্ণ করে তুলছে।'

একটি ছাত্র এসেছে স্বামীজির কাছে। সামনে বিশ্ববিশ্বালয়ের পরীক্ষা, মতলব কি করে তা এড়ানো যায়, তাই সাধু হবার অভিলাষ। বললে, 'আমাকে আশ্রয় দিন। সাধু করে নিন আপনার সঙ্গে।'

স্বামীজি বললে, 'এম এ-টা পাশ করে এস, সাধু করে নেব। সাধু হওয়ার চেয়ে এম. এ পাশ মনেক সোজা।' কি আশ্রেষ, মনের কথাটা কি করে ধরে ফেললেন! যুবক চলে। গেল হেঁটমুখে।

সব সময়েই অসুখ—এই মনোব্যাধিতে ভূগছে হরিপদ। আর খেকে থেকে একটার পর একটা ওষুধ খাচ্ছে।

স্বামীজি বললে, 'আমি ভোমার অমুখ সারিয়ে দিচ্ছি।'

প্রায় আকাশ থেকে পড়ল হরিপদ। বললে, 'সারিয়ে। দিচ্ছেন ব

'হাঁা, দিচ্ছি।' বজ্বকণ্ঠে বললে স্বামীজি, 'তোমার কোনোই অমুখ নেই—এই বলবান প্রত্যয়ের ভাবই তোমার সর্ব অমুখের মহৌষধ। বিব নেই বললে সাপের বিষও চলে যায়, অমুখ নেই বলতে পারলে অমুখও উড়ে যাবে। আনন্দ করো, সেই আনন্দ যাতে শরীর না ক্লান্ত হয় মনে না অমুতাপ জাগে, আর শুদ্ধভাবে থাকো আর মহৎ চিন্তা মনে লালন করো। কোথায় ব্যাধি, কোথায় অবসাদ! আর মৃত্যু ? মৃত্যুভয়কে তুক্ত করে দাও। ভাবো, ভোমার আমার মত শতসহস্র লোক মুরে গেলেও পৃথিবীর কিছু আসে যায় না। মরাটাকে বয়ে যেতে দাও বাঁচাটাকেই বয়ে যেতে দিও না।'

হরিপদর রোগব্যাধি সেরে গেল।

আরো এক ব্যাধি আছে—স্বসময়ে অফিসের কর্তাদের সমালোচনা করা। সমালোচনা করা মানে নিন্দে করা।

'ভোমার সমালোচনা কে করে। পালটা একবার শুনে এলে হয় ভোমার কর্তাদের মুখে।' স্বামীজি ধমক দিয়ে উঠল: 'শোনো। তুমি বদি তাদের প্রতি প্রসন্ন হও তারাও তোমার প্রতি প্রসন্ন হবে। তুমি বিরূপ হলে তারাও বিরূপ। অক্সের গুণ দেখ, অক্সেও ভোমার গুণ দেখবে। ভোমার প্রতি অক্সের ব্যবহার তাদের প্রতি ভোমারই মনের প্রতিচ্ছায়া। যেমন ভিতরের চিম্ব ভেমনি বাইরের চিত্র।'

নিরভিযোগ হয়ে গেল হরিপদ।

হরিপদর বিলিতি ভঙ্গি, ভিথিরীকে ভিক্ষে দেবে না।

'দারিজ্য তাড়াতে পারো বৃঝি, নয়তো দোরগোড়া **খেকে** ভিথিরীকে তাভিয়ে দিয়ে বাহাছরি কি ?'

'পয়সা দিলেই তো গাঁজা কিনে খাবে।'

'দেবে তো ছ'চারটে পয়সা, কি খেল না খেল তোমার খোঁজখবরে কি দরকার ? তোমার উদ্বন্ধ আছে, দিয়েই তোমার পাপক্ষয়।'

হরিপদর কুপণ মৃষ্টি উন্মুখ হল।

আরো এক উপসর্গ আছে, তর্ক করে।

স্বামীজি বললে, 'তর্ক মরুভূমি। উপলব্ধিই হচ্ছে শ্রামছায়াচ্ছর প্রকুঞ্জ।'

করেকদিন ধরে রাধতে চাইল হরিপদ, স্বামীজি ঘাড় নাড়ল। এবার যাব দাক্ষিণাত্যে। নাগমাতা সুরমার মত সংসাররাক্ষ্সী যতই মুখব্যাদান করুক হন্তুমানের মত যাব নিজ্ঞান্ত হয়ে।

হমুমান সাগর লজ্জ্বন করছে দেখে সিদ্ধ-গদ্ধর্ব-দেবতারা নাগমাতা স্থ্রমাকে বললে, রাক্ষসরূপ ধরে হমুমানের যাত্রাপথে বিল্প সৃষ্টি করো।

স্থরমা ভয়াবহ মূর্তি ধরে মুখবিস্তার করলে। হন্তমানকে বললে, 'বানরোন্তম, দেবতার বিধানে তুমি আমার ভক্ষ্যরূপে নির্বাচিত হয়েছ, স্থতরাং আমার মূখে প্রবেশ করো।'

কি ছনিমিত্ত! হমুমান দেহ ক্ষারিত করতে লাগল, সুরমার প্রাসও বড় হতে লাগল অনুরূপ। হমুমান তখন কি করে! মুহুর্তমধ্যে অঙ্গুপ্রমাণ হয়ে গেল। ছোট্টি হয়ে মুখবিবরে প্রবেশ করেই চক্ষের পলকে বেরিয়ে এল। অন্তরীক্ষে উঠে বললে, 'নাগমাতা, ভোমার কথা রেখেছি। এবার চলেছি শ্রীরামের কথা রাখতে।'

মহামায়া যতই বন্ধনরজ্জু আমুন দড়িতে কুলোবে না। আর বদি বেশি দড়ি আনেনও, এত ছোট্টি হয়ে যাবে, গ্রন্থি দিতে পারবেন না কিছুতেই। স্থামি যেমন বুঝি স্থার কেউ তেমনি বোঝো না এই ভাবটা ত্যাগ করো।

এক রাজার রাজ্য আক্রমণ করতে আসছে বিদেশী। রাজা মন্ত্রণাসভা ডাকলেন। কি উপায়ে রাজ্যরক্ষা হতে পারে তার উপদেশ করো। কারুশিল্পীরা বললে, রাজ্যের চারদিকে গভীর করে পরিখা थनन करालारे रूरत। पृश्मिल्लौता वलाल, एउप পরিখায় ঠেকানো यात्व ना। व्यामता विन छेड़ करत्र भाषिकं एन्य्रान मिन। शुक्रश्रदात्री বললে, দেয়াল দেওয়া ভালোই তবে মাটির শ্লয়, কাঠের। চর্মকারেরা বললে, কাঠের নয় চামড়ার, কে না জানৈ কাঠের চেয়ে চামড়া मञ्जूछ। कर्मकारतता शामन। तनाम, नाशांत एएए आत मञ्ज কে ? লোহার দেয়ালই সবচেয়ে সমর্থ। উক্লিল-মোক্তারের দল এগিয়ে এল। বললে, ও সবে অনেক শ্রম অনেক অর্থ। আমাদের বলুন আমর। শত্রুপক্ষকে যুক্তিতর্কে বুঝিয়ে দিয়ে আদি বলপুর্বক পরের দ্রব্য আত্মদাৎ কয়ায় তাদের কোনো অধিকার নেই। আহা, যুক্তিতর্ক শোনবার জ্বল্যে কান তারা খাড়া করে আছে আর কি। এগিয়ে এল পুরোহিতের দল। বললে, আমরা যা বলছি তাই সেরা কথা, তাই পালন করুন। গ্রহদেবতার সম্ভোষ করুন। যাগযজ্ঞ করুন, শান্তিস্বস্তায়ন করুন-

যার যেমন স্বার্থ সে ভেমনি বলছে। তারপর শুরু হয়ে গেল অন্তঃকলহ, আত্মসাধনসংঘাত।

ঠাকুর বলতেন, সবাই মনে করে আমার ঘড়িই ঠিক যাছে। সূর্বের সঙ্গে মিলিয়ে নেবার কথা কারু মনে হয় না।

সেই সূর্য কি ? সেই সূর্য ঈশ্বর।

नेश्व कि १ जार्थन्त्रार्शलमगुष्ठ नित्रस्त कर्म।

'প্রভ্র মত কাজ করে। ক্রান্তদাসের মত নয়।' বলছে স্বামীজি:
'নির্বিশ্রাম কাজ করে। শতকরা নিরানব্য ই ভন দাসের মত কাজ
করে, তাই তার ফল ছংখ, সেরূপ কাজ স্বার্থপর। স্বাধীনতার সঙ্গে
কাজ করো, ভালোবাসার সঙ্গে কাজ করো। স্বাধীনতা না থাকলে
ভালোবাসা কোথায় ? ক্রোতদাসের কি ভালোবাসা থাকে ? একটি
দাস কিনে এনে শিকলে বেঁধে যদি তাকে কাজ করাও সে বাধ্য হয়ে
কষ্টেস্টে কাজ করবে বটে, কিন্তু তাতে ভালোবাসার নাম-গন্ধও
থাকবে না। স্বার্থের জ্বস্থে যে কর্ম তাতে শুধু ক্ষোভ, আর
ভালোবাসার জ্বস্থে যে কর্ম তাতে শুধু ক্ষাভ, আর

'শরীর তো যাবেই, কুড়েমিতে কেন যায় ?' আবার বলছেন স্থামীজি: 'মর্চে পড়ে-পড়ে মরার চেয়ে ক্ষয়ে-ক্ষয়ে মরা ভালো। মৃত্যু যখন অনিবার্য তখন ইট-পাটকেলের মত মরার চেয়ে বারের মত মরা ভালো। এ অনিত্য সংসারে তুলিন বেশি বেঁচেই বা লাভ কি। জরাজীর্ণ হয়ে একট্-একট্ করে মরার চেয়ে বারের মত অপরের এডটুকু কল্যাণের জন্তে লড়াই করে নিমেষে মরে যাওয়াও সুখের। নহি কল্যাণকৃত কশ্চিং ছুর্গতিং ভাত গচ্ছতি। হে বংস, সংকর্মকারীর কখনো ছুর্গতি হয় না।'

বেলগাঁও থেকে বাঙ্গালোর।

স্বামীজি ভাবল, গাঢাক। দিয়ে থাকব। কিন্তু সূর্য কতক্ষণ থাকতে পারে মেঘারত হয়ে ? মহাশ্র রাজার দেওয়ান শেষাজি আয়ারের কাছে খবর গেল।

এ কে অত্যাশ্চর্য পুরুষ! সমস্ত শাস্ত্র নথাগ্রে, প্রতিভাভাসিত ললাট, জ্যোতির্ময় চক্ষু, কে এ তরুণ সন্ন্যাসী! সমস্ত উপস্থিতি এই শুধু উচ্চারণ করছে সে ঈশ্বরপ্রেরিত।

নিজের বাড়িতে নিয়ে গেল আয়ার।

'কোরানের এ জায়গাটা ব্ঝিয়ে দিতে পারেন ?' মহীশ্রের রাজার সভাসদ আবহুল রহমান এদে বললে। 'কোন জায়গাটা ?' কুঠার এতটুকুও কুয়াশা নেই এমনি নিশ্চিত সারল্য স্বামীজ্ঞির কঠস্বরে।

ভায়গাটা আওড়াল রহমান।

আরুন্তি শেষ হতে না-হতেই অর্থের গ্রন্থিমোচন করল স্বামীজি। সন্দেহের মীমাংসা করে দিল।

আয়ারের ইচ্ছে হল রাজা উদিয়ারের সঙ্গে স্বামীজির আলাপ করিয়ে দেয়। রাজা একবার চোখ মেলে দেখুক কাকে বলে ত্যাগ কাকে বলে বিগ্রা কাকে বলে ধর্মদৃষ্টি। কাকে বলে বহ্নিদীপ্তিময় ব্যক্তিষ।

প্রথম দর্শনেই বিমোহিত হল উদিয়ার। সন্ন্যাসী বটে, রাজপুত্রের মত শোভান্বিত। এ কি গেরুয়া, না ত্যাগ ও প্রেম, কর্ম ও জ্ঞানের বহিঃপতাকা।

রাজপ্রাদাদে নিয়ে গেল রাজা। একসার কুঠুরি ছেড়ে দিল স্থামাজিকে। স্থামাজি বলাল, 'এতগুলো বন্ধ দিয়ে আমার কি হবে ?' 'বেশ একট মেলে-ছড়িয়ে থাকুন।'

'প্রদারিত হব শুধু কক্ষে নয়, বিশ্বে । শুধু খিলে নয় নিখিলে। আভিনাও আকাশকে এক করে।'

ক'দিনেই রাজার অন্তরঙ্গ হয়ে উঠল স্বামীজি।

কিন্তু একাকা না হতে পারলে সেই অস্তরক্ষতা স্বাহ্ হয় না। রাজা মানেই একটা ভিড়, পারিষদের বাহিনী। পারিষদেরা রাজাকে কিছুতেই একা থাকতে দেবে না। তাতে স্বামীজির কি। সে বিগতভী, তার কাছে একাও য: একশোও তাই।

সপার্ষদ সভাগৃহে বসে আছে রাজা, স্বামীজিকে জিগগেস করল, 'ভূমি আমার পার্ষদদের কি রকম মনে কর ?'

আর যেন প্রশ্ন পেল না হাজা।

যতই অস্ব স্তকর হোক, স্বামীজি পেছপা হবার পাত্র নয়। বললে, 'পার্ষদরা সব জায়গাতে সব সময়েই একরকম। চাটুকারিতার শুধু এফটাই নাম। আর, তা চাটুকারিতা।'

সবাই পরস্পরের মুখ চাওয়াচাওয়ি করতে লাগল।

'আমি কারু মুখ চেয়ে কথা বলি না। মনে যা অমুভব করি তাই খুলে প্রকাশ করি।' ধীর স্বরে বললে স্বামীজি।

কিন্তু রাজার বড় ভাবনা হল। নিভ্তকক্ষে ডেকে নিয়ে গেলঃ স্থামীজিকে। বলল, 'এ আপনি করেছেন কি ?'

'কি করেছি !'

'সত্য সব সময়েই স্পষ্ট। সরল, সুস্ফুট, বোধগম্য।'

'আমার পার্ষদরা সব ভীষণ চটেছেন, দেওয়ানও কুঞ্চ হয়েছেন—' রাজারও যেন খানিকটা মনোভঙ্গ হয়েছে মনে হচ্ছে।

'অন্ধকারে যারা থাকতে চায় তারা কি সূর্যকে সহু করতে পারে ?'

'আপনার জন্মে ভয় হচ্ছে স্বামীজি।'

'আমার জয়ে?' স্বামীজি হাসল।

'স্পাষ্টবাদিতা নিরাপদ নয়, তার ফল শক্র-সৃষ্টি। ভয় হয় শক্রর দল আপনার ক্ষতি, এমন কি আপনার মৃত্যুর জ্ঞে না ষড়যন্ত্র করে।' রাজ্ঞার মুখ কালো, ঘোরালো হয়ে উঠল: 'এমন ক্ষেত্রে বিষপ্রয়োগে সাধুর জীবননাশের কথাও আমার জানা আছে।'

'জীবননাশ ?' উচ্চকণ্ঠে হেসে উঠল স্বামীজি। 'আপনি কি মনে করেন ঠিক-ঠিক যে সন্ম্যাসী সে প্রাণভয়ে সভ্য বলতে কুন্তিভ হয় ?'

'তবুও—'

যদি আপনার ছেলে এসে জিগগেস করে, তার বাবা কেমনত রো লোক, আমি তাহলে বলব তিনি সর্বগুণাধার ? যে গুণ আপনাতে নেই তাই আপনার ভয়ে, স্পষ্টবাদিতা নিরাপদ নয় বলে, বলব অপনাতে আছে ? যে চাট্রাদকে ধিকার দিচ্ছি, নিজেই করব সেই চাট্রাদ ? তবে, এক কথা—'

উৎস্ক হয়ে তাকাল রাজা।

'বার বা দোৰ বা ভূর্বলভা তা ভার মূখের উপরই বলি। অপোচরে নিজা ভরি না।'

'যদি তার সম্বন্ধে তার অসাক্ষাতে কথা ওঠে ?' 'তথন যেটুকু তার মধ্যে গুণ তার উল্লেখ করি।'

'বংকরণ, কামড়ে পড়ে থাকো, আমার সন্তানদের মধ্যে কেউ বেন কাপুক্রব না থাকে।' আলাসিঙ্গাকে চিঠি লিথছেন স্থামীজি: 'ডোমাদের মধ্যে যে সর্বাপেকা সাহসী সর্বদা তার সঙ্গ করবে। সময়, ধৈর্য ও অদম্য ইচ্ছাশক্তিতে তবে কাজ হয়। আমি লোহবং দৃঢ় জ্বদয় ও ইচ্ছাশক্তি চাই, যা কিছুভেই কম্পিত হয় না। দৃঢ়ভাবে লেগে থাকো; প্রভু ডোমাদের আশীর্বাদ করুন।'

আবার লিখছেন মেরি হিলকে: 'মগুভাষী হওয়া লোকের সাংসারিক উন্নতির পক্ষে কভটা সহায়ক ভাষা আমি বিলক্ষণ জানি। আমি মধুভাষী হতে চেষ্টা করি, কিন্তু যেখানে জা হতে গেলে আমার আন্তরস্থ সভ্যের সঙ্গে একটা উৎকট রক্ষের আপোষ করতে হয়, সেধানে আমি পিছিয়ে যাই। আমি দীনভায় বিশাসী নই, আমি সভ্যে বিশাসী, আমি সমদ্শিভার ভক্ত।'

'ভিনিনী', আরো লিখছেন, 'আমি যে প্রান্তেক থোর মিধ্যার সঙ্গে মিষ্টমুখে আপোষ করতে পারি না তার জন্যে আমি ছংখিত। কিন্তু সত্য করে তোমাকে বলি, কিছুতেই পারি না আপোষ করতে। সারাজীবন এর জন্যে আমি ভূগেছি, তবু পারি না, শতশতবার চেষ্টা করেও পারি না। ঈশর মহিমময়, তিনি আমাকে ভও হতে দেবেন না। যৌবন ও সৌন্দর্য নশর, নাম যশ ধন বৈতব নশর, এমন কি বন্ধুতা ও ভালোবাসাও চূর্ণ-বিচূর্ণ হয়ে যায়, একমাত্র সভাই চিরস্থায়ী। হে সভ্যক্রপী ঈশর, ভূমিই আমার একমাত্র নিরন্তা হও। তথ্ মিষ্ট ওপু মধু করে আমাকে রেখো না। আমি বেমন আছি বেন ভেমনিই থাকি। নিভা নিরভ আমাকে যেন কে বলছে, হে সয়য়সী, ভূমি নির্ভরে দোকানদারি ভ্যাপ করে শক্ত-মিত্র ভেদ না রেখে সভ্যে দৃঢ়প্রভিষ্ঠ থাকো। আমি ত্রণয়বাসী সভ্যের নামী না জনে

কেন বাইরের লোকের ধেরালমাকিক কথা কইব ? ভণিনী, আমি ভীত নই। ভরই সর্বাপেক্ষা গুরুতর পাপ-এইই আমার ধর্ম। আমার ধর্মের শিক্ষা।

রাৰপ্রাসাদের কুয়াশা **অন্তর্হি**ত হ**য়ে গেল**।

দেওয়ান নিজেই এলে একদিন বললে, 'কিছু একটা উপহার নিন।'

'কি আশ্চর্য, আমি কি উপহার নেব ?'

'আপনার সঙ্গে আমার সেক্রেটারিকে দিরে দিছি, বে কোনো দোকানে গিয়ে যা আপনার ইছে একটা কিছু কিনে আফুন—'

'বা আমার ইচ্ছে গ'

সেক্টোরি চেক-বই সঙ্গে নিল। যত মোটা টাকাই হোক দিরে দেবে অনায়াসে। স্থামীজিকে নিয়ে এ-দোকান ও-দোকান ঘুরতে লাগল। মনিহারি, জামা-কাপড়, বিলাস-প্রসাধন, এমন কি খেলনার দোকান। যা দেখে শিশুর মত তাতেই উজ্জ্বল হয়ে ওঠে, আবার জব্যাস্তরে চলে বায়। সব কিছুই স্থন্দর, সব কিছুই নয়নহরণ। 'কিছু কিনি কি ?'

'কিছু একটা কিছুন। কিছুই না কিনলে দেওয়ানজি অসঙ্কট হবেন।' বললে লেক্টোরি, 'বলবেন আমিই সব ঘুরিরে-ঘুরিরে দেখাইনি আপনাকে।'

विष्टु এकটा किनाउँ इरद ? शतर नामन यामीकि।

কি রকম লোক! দোকানভরা জিনিস, পকেটভরা টাকা, ভবু কেমন নিশ্চেভন! হেঁটে-হেঁটে ক্লান্ত হয়ে গেলাম ভবু কিনা লোকটার লাড়া নেই।

'किছू এकটা किनाउँ इर्द, ना ? अकेंग हुक्कें किनि।'

চুকট কিনৰ স্থানীজি। ধরিরে এক মুখ খোঁরা ছেড়ে গাড়িতে গিরে উঠল।

রাজা জিগগেদ করদ, 'খামীজি, আমি কি আপনার কোনো কাজে আদতে পারি ?' 'নিশ্চরই পারেন।' বললে স্বামীজি, 'লেশের কাজই স্বামার হকাজ।'

'দেশের কাজ ?'

'হাাঁ, দেশকে বড় করে ভূসুন।' স্বামীজির মুধ প্রাদীপ্ত হরে উঠল : 'কল্পদে, সমৃদ্ধিডে, প্রাচুর্বে, ঐশর্বে। কৃষি-শিল্প-বিজ্ঞান-বাশিজ্য। স্থাপনি রাজা, আপনি না করবেন ডোকে করবে ? কিন্তু সকলের কেরে বড় রড় রাছব। মানুব গড়ে ভুসুন।'

মৃক্তি ? কিসের মৃক্তি ? কুধার থেকে মৃক্তি, দারিজ্যের থেকে মৃক্তি, নার্বাধ্যের থেকে মৃক্তি। এক হাভ বে লাকাতে পারে না ভার কিসের নামুজনজ্বন।

অহিংসা ঠিক, নির্বৈর বড় কথা, বলছের স্থামীজ, কিন্তু শান্ত্র বলছে, তুমি পেরজ, ভোমার গালে এক চক্তু যদি কেউ মারে তাকে দশ চড় যদি কিরিয়ে না দাও, তুমি পাপ করবে। আভভারী শুরু হোক বাহ্মণ হোক বছজাত হোক বিনা বিচারে তাকে হত্যা করবে। বীরভোগ্যা বস্থন্ধরা—বার্ধ প্রকাশ করো। সাম, দান, জেদ, দও চার নীতি পালন করে পৃথিবী ভোগ করো, তবেই তুমি ধানিক। আর বাঁচা-লাখি খেরে চুণটি করে ঘূণিত জীবন বাশন করলে ইহুকালেও নরকভোগ, পরকালেও নরকভোগ।

সোজা স্বধর্ম করো। অন্যায় কোরো না, অভ্যাচার কোরো না, আর যথাশাধ্য পরোপকার কোরো। গৃহস্থের পক্ষে অন্যায় সন্থ করাই পাপ, তার প্রতিবিধানে তৎপর হওয়াই পুণ্য। মহোৎসাহে অর্থোপার্জন করে স্ত্রী-পরিজন দশজনকে প্রতিপালন করা, দশটা হিতকর কার্যামুঠান করাই ধর্ম। এ যদি না করতে পারো ভো
তুমি কিসের মামুষ। গৃহস্থই হলে না, বলহ কিনা মোক চাই!
নিজেই শুতে পেলে না, ডাকহ কিনা শহরাকে।

ধার্মিকের লক্ষণ কি । ধার্মিকের লক্ষণ নিয়তকর্মশীলভা। বে স্থানলসভাবে অনবচ্ছির কর্ম করে সেই ধার্মিক। কার্মিকই ধার্মিক।

ওঁকারগ্রানে সর্বার্থনিছি। ছরিনামে সর্বপাপনাশ। শরণাগতিই

স্বাধিশ ক সমত শাল্তবাকা, সাধ্যাকা সতা। বলকে আবারঃ
আমীজি। বিত দেখতে পাচ্ছ, লাখো লোক ওঁকার জপে সরছে,
ছরিনামে মাতোরারা হচ্ছে, দিনরাত 'প্রভু বা করেন' বলছে,
কিত পাচ্ছে কি? পাচ্ছে—বোড়ার ডিম। ভার মানে ব্রুডে হবে
বে কার জপ বধার্থ হর ? কার মুবে হরিনাম বজ্রবং আমাঘ ? কে
বধার্থ শর্থ নিডে পারে ? বার কর্ম করে করে চিত্তভাতি হয়েছে,
অর্থাৎ বে ধার্মিক।

কর্ম করতে গেলেই কিছু না কিছু পাপ আসবেই। এলোই বা।
উপবাসের চেয়ে আধপেটা ভালো নয় ? কিছু না করার চেয়ে—
জড়ের চেয়ে ভালোমন্দমিশ্র কর্ম করা ভালো নয় ? বলছেন আবার
বালীজি। গলতে মিখ্যা কথা কয় না, দেরালে চুরি করে না, তবু
ভারা গরুই থাকে, দেরাল ছাড়া আর কিছু হয় না। মানুবেই চুরি
করে, মিখ্যা কথা করু, আবার সেই মানুবই দেবভা হয়। তথশ্রোধান্যে মানুব নিজ্ঞিয় হয়, পরমধ্যানাবন্ধা প্রাপ্ত হয়, রক্ষপ্রোধান্যে
ভালোমন্দ জিয়া করে, ভম্প্রোধান্যে আবার নিজ্ঞিয় হয়। এখন
বাইরে থেকে, এটা সম্বশ্রধান না ভম্প্রেধান বুঝি কি করে ? স্থহংশের পার জিয়াহীন শান্তরূপ সন্ধ অবন্ধায় আমরা আছি, কি
প্রাণ্টান জড়প্রায় শক্তির অভাবে জিয়াশূন্য মহাভামসিক অবন্ধায়
পড়ে চুপ করে থারে ধীরে পচে যাচ্ছি—এ কথার জবাব দাও।
জবাব আর কী দেবে ? কলেন পরিচীয়তে। ফল দেখেই বুবডে
পাছি বুক্টি ভ্যোবুক্ষ।

শোনো। সম্ব্রাধান্যে মানুষ নিজিয় হয় শাস্ত হয়, কিড সে
নিজিয়্ড মহাশাজিকেপ্রীভূত হয়ে বায়, সে শান্তি মহাবীর্যের পিতা।
সে মহাপুরুবের আর আমাদের মত হাত-পা নেড়ে কাজ করতে হয়
না, তাঁর ইচ্ছামাত্রে অবলীলাক্রমে সব কার্য সম্পন্ন হয়ে বায়। সেই
পুরুষ ই ম্ভর্বহেধান আত্মণ, সর্বলোকপ্তা। তাঁকে কি আর 'পৃজা
কর' বলে পাড়ায়-পাড়ায় কেঁদে বেড়াভে হয় ? অগদহা ভার কপালস্বলাকে নিজের হাতে লিখে দেন বে এই মহাপুরুষকে স্বলে পৃজা

কর আর জগৎ তাই অবনত মন্তকে শোনে। সেই সহাপ্রশ্বই আছেই। সর্বভূতানাং গৈত্র: করুণ এব চ। সেই অনপেক শুর্টির্শক্ষ উদাসীনো গভঃব্যথ:। সেই ল্যুক্তিলাভিতিনোনী সভটো ্যেনকেনচিৎ।

কিছ ঐ যে মিনমিনে পিনপিনে ঢোক গিলে কথা কর, ছেঁল্লাভা, সাত দিন উপবাদীর মত সক আওরাল, সাত চড়ে কথা কর না, আমীলি অলে উঠলেন, ওগুলো হল্ডে তমোওণ, ওগুলো মৃত্যুর চিক্ত, ও সম্বর্ধণ নর, পচা ছর্গর। অর্জুন ঐ দলে পড়েছিলেন বলেই ভো ভগবান এত করে বোঝাছেনে না গী চার ? প্রেখম ভগবানের মুখ থেকে কি কথা বেকল দেখ—'ক্রিগ্র মান্দ্র গমঃ পার্থণ—দ্লীবের ভাব, ভমের ভাব প্রাপ্ত হল্পো না, তারপর শেবে আবার বললেন, 'ভশাং বমুন্তির্চ, বশো লভন্থ, জিলা শক্রন্ ভ্ডক্ রাজ্যং সমৃত্যুক্ বাজ্যং সমৃত্যুক্ বিজ্ঞাত কর। ঐ কৈনবোমদের পাল্লায় পড়ে আমরা ঐ তমোওণের জলে পড়েছি—দেশতের পড়েল বছর। তারবিন ভাবনেই বা কেন? আহান্দ্রকের কথা মানুবই শোনে না—তা ভগবান! এখন উপার হল্ডে ঐ ভগবদাল্য শেনা, 'ক্রৈব্যং মান্দ্র পমা পমঃ পার্থণ আর ভল্মং ব্যুন্তির্চ বশোনা, 'ক্রেব্যং মান্দ্র পমঃ পার্থণ আর ভল্মং ব্যুন্তির্চ বশো লভন্থ।'

'স্বামীন্ধি, আপনার এই প্রাণোক্তন কণ্ঠখরের একটা রেকর্ড করে -রাখতে চাই।' রাজা পিড়াপিড়ি করতে লাগন।

সহান্তে বাজী হল স্বামীজি।

বেকর্ড ভোলা হল।

মহীশ্রের রাজপ্রাসাদের সে রেকর্ড অপ্টে হরে এসেতে এড নিনে, কিছ স্বামীজির সমস্ত উপস্থিতিই তো 'ভস্মাৎ সমৃতির্চ' এই উদার-

্বিদার নেবার দিন খনিরে এল। স্রাক্তা বললেন, 'আমি আপনার পা প্রো করব।' লাকিরে উঠল খামীজি। অসম্ভব। শত অমূনরে-অমূরোধেক্ত ইলল না এক পা।

'ভবে যাবার আগে কিছু একটা উপহার নিন ।'

'উপহার ? কি উপহার নেব ?'

'যা আপনার খুলি। বে কোনো জিনিস '

স্বামীজ হাসল। বললে, 'যদি নিভাস্থই দিতে চান একটি থেলো?' ভূঁকো দিন।'

'সোনা দিয়ে বাঁধিয়ে দিই ? অন্তত রূপো দিয়ে।'

'না, কোনো ধাতুস্পৰ্শ না থাকে। এমনিই সাদাসিদে একটি ক'কো।'

একভাড়া নোট নিয়ে এল দেওয়ান, হাতের মধ্যে ওঁজে দিভে-চাইল।

'টাকা ? এত টাকা নিয়ে কি হবে ? তবে হাঁন, কোচিনের একখানা' টিকিট কিনে দাও। রামেশরের পথে কোচিনে ক'দিন থেকে যাক ভাবতি।'

কোচিন থেকে বিবাস্ত্রমে এসেছে স্থামীজ। সঙ্গে একটি: সুসলমান অমুচর। এসে উঠেছে প্রফেসর স্থলবরমনের বাড়িতে।

'কি খাবেন ?'

'আমার জন্যে ভাষরেন না।' বললে স্বামীতি, 'আঙ্গে এর ধাবারু ব্যবস্থা করুন।' বলে অফুচরের দিকে ইলিত করল।

'না, না, আমার অন্যে নয়।' অমুচর গ্রন্থসমস্ত হয়ে উঠল : 'আমীজি ছ'দিন শুধু ছুধ খেয়ে আছেন—'

'আছি তো আছি। কিন্তু আগে আমার এই বছুর ব্যবস্থা নাঃ হলে আমি নেব না আতিখ্য।'

'বি 🖫 এ তো মুসলমান।' স্থান্দররমন কুষ্ঠিতের মত বললে।

'জানি না। শুধু এইটুকু জানি আমার সহচর, আমার বন্ধু। কোচিন সরকারের একজন পিওন। আমাকে এখানে পৌছিরে দেবারু জন্যে আমার সঙ্গে এসেছে।' আমীজির হাত বন্ধভার প্রসারিত হক্ষ পিওনের দিকে: 'ওকে সম্বল করেই আমি এখানে চলে এসেছি। কারু কোনো পরিচয়পত্র নিয়ে আসিমি। বললাম, কোনো প্রকেসারের বাড়ি নিয়ে চল। ও আপনার এখানে নিয়ে এসেছে। আমি বলি আপনার অভিধি, ও-ও আপনার অভিধি। ওকে দয়া করে ছোটেল দেখিয়ে দেবেন না।'

অপত্যা পিওনের আপ্যায়ন হল সর্বাগ্রে।

'কি দেব আপনাকে খেতে ?' প্রশ্ন করল স্থল্পররমন।

'বা দেবেন ভাই খাব। যা জোটে ভাভেই আমি আনন্দিত। যদি কিছু না জোটে ভাভেও।'

ছ'দিন পরে পেট ভরে খেল স্বামারি।

সদ্ধার স্থলররমন স্বামীভিকে ক্লাবে নিয়ে গেল। নারারণ মেনন ত্রিবাস্ক্রের দেওরান-পেশকার। কিন্তু আতে শৃজ। আরো একজন দেওরান-পেশকার এসেছে ক্লাবে, কিন্তু সে আস্থা। ক্লাব থেকে বিদার নেবার সমর নারারণ সেই আস্থাণ-পেশকারকে স্বংজোড়ে নমস্কার করল, কিন্তু আস্থাণ-পেশকার করজোড়ে সেই নমন্ধার ফিরিয়ে দিল না। শৃজকে প্রভান্তিবাদনের রীতি হচ্ছে ভান হান্ডটা বাঁ হাতের থেকে কিছুটা উপরে ভূলে ধরা। তেমনি একটা ভলি করল আস্থা।

স্বামীকির চোখে পড়ল।

ক্লাব ভেলে যাথার মৃত্তে ব্রাহ্মণ-পেশকার করজোড়ে নমস্কার করল স্বামীজিকে।

স্বামীজি শুধু বললে, 'নারায়ণ'।

রেগে উঠল ব্রাহ্মণ। বললে, 'নমস্কার কিরিয়ে দিতে জানেন না এ কোন দিশি শিষ্টাচার ?'

স্বামীজ শাস্তব্যে বললে, 'নমস্বারের বিনিময়ে নারারণ-উচ্চারণই সন্মাসীর রীভি। আপনি বদি আপনার গীভিনীভি ছাড়ভে না পারেন সন্মানীই বা ছাড়বে কেন ?'

'আমার রীতিনীতি †'

'হাা, শৃজের বেলার নমস্বারে ভাকে সম্মানিত করেননি আপনি'

ব্যবহান গুৰু নীতিকেই জাঁকড়ে ছিলেন। তবু তো আমি নামানৰ ব্যবহি। আপনার নধ্যেও ত্বীকান করে নিরেছি নামান্ত্রের অভিযান

80

শুস্তরমনের বাজিতে, খাবারের ডাক পাড়েছে, খামীজি নেই। কোথার পোলেন এমন সময় ? যারা খোঁজ করতে বেরিরেছিল কিরে এসে বললে সরকারী য়াাকাউন্টেক্ট জেনারেল মন্মথ ভটচাজের বাড়ি দিয়েছেন। বলে দিয়েছেন ওথানেই খাবেন এ কেলা।

মন্ত্ৰৰ ভটচাৰ্জ তো মাল্লাকে। সে এখানে এল কি করে ?

ব্রিবাস্ত্রমে রেসিডেন্টের ট্রেকারিতে ভবিল-ভছরূপ হরেছে। ভার ভদত্তে এসেছে মন্মধ। শহরে কোথার বাসা নিয়েছে।

বিকেলে সেই বাসায় সুম্মরয়মন এসে হাজির। স্বামীজিকে পাকড়াও করে বললে অভিমানের স্থরে, 'এ কি, আপনি এখানে চলে এলেন কি রকম ?'

'ভাই, অপরাধ নিও না,' স্লিগ্ধহান্তমূখে বললে স্বামীজি, 'কড দিন মাছ-মাংস খাইনি। ভোমাদের দেশে. দক্ষিণ-ভারতে এসে অবধি এই আমিবের হুভিক্ষ। মন্ত্রধ আমার বন্ধু, সহপাঠী, ভার খবর পেরে মাছ-মাংসের লোভে ছুটে এসেছি।'

মাছ-মাংস? স্থন্দররমন নাক সিঁটকালো।

ভাই, কাকে ঘৃণা করছ, এবং কেন ? পুরাকালে রাক্ষণেরা রীডিমত মাংস থেতেন, তাঁদের যতে অভান্য পশুবধ তো হডই, এমনকি গোবধ পর্যন্ত হড। অভিথিকে মধুপর্ক দেবার বেলায়ও ভাই। মাছ-মাংস না থেয়েই আমাদের এই শারীরিক দৌর্বল্য। বদি কারতেক আনতে চাও ভো মাংসাশী হও।

'ডোমরা মাংসাছারী ক্ষত্রিরের কথা বলছ।' চিঠি লিখছেন

ভারীজি: 'ক্তিরেরা মাংস খাক আর নাই খাক, ভারাই হিন্দুথর্মের ভিতর বা কিছু বহুং ও সুন্দর ক্লিনিস ররেছে ভার অস্থাতা। উপনিবদ লিখেছিলেন কারা ? রাম কি ছিলেন ? কৃষ্ণ কি ছিলেন ? কৃষ্ণ কি ছিলেন ? কৈনদের ভীর্থবরেরা কি ছিলেন ? বখনই ক্লিরেরা ধর্ম উপলেশ দিয়েছেন, তাঁরা জাতিবর্ণনির্বিশেষে স্ববাইকে ধর্মের অধিকার দিয়েছেন; আর বখনই আহ্মণেরা কিছু লিখেছেন তাঁরা অপরকে স্কল রকম অধিকার থেকে ব্লিভ করেছেন। গীভার স্কল নর-নারী, স্কল জাভি, স্কল বর্ণের জন্মে পথ উন্মৃক্ত রয়েছে; আর ব্যাস গরিব শৃজদের ব্লিভ কর্বার জন্মে বেদের অকপোলক্রিভ মানে করেছেন। স্থার কি ভোমাদের মত আহাম্মক, ভিনি কি এন্তই ফ্লের খারে মূর্ছা বান বে এক ট্করো মার্ল্মে তাঁর দ্যা-নদীভে চড়া পড়ে বাবে ? ব্লি ভিনি সেই রকম হন, তবে তাঁর মূল্য এককড়া কানাকভিও নয়।'

কিন্তু আবার লিখছেন অখণ্ডানন্দকে বৈসে বসে রাজভোগ খাওয়ার আর 'ছে প্রভু রামকৃষ্ণ' বলায় কোনো ফল নেই, বদি কিছু গরিবদের উপকার করতে না পারো। গ্রাইম প্রামে যাও, উপদেশ করো, বিছাশিক্ষা দাও। কর্ম, উপাসনা আর জ্ঞান—এই তিন কর্ম করো, তবেই চিন্তুভূদ্ধি হবে, নতুবা ভূদ্রে ঘুত ঢালার মত সব নিক্ষণ। রাজপুতানার প্রামে-প্রামে পরিব দরিজদের ঘরে ঘরে কের। বদি মাংস খেলে লোকে বিরক্ত হয়, তদ্দণ্ডেই মাংস ত্যাপ করবে। পরোপকারার্থে ঘাস খেরে জীবনধারণ করা ভালো।'

বৌদ্ধর্মের অভ্যুদর আর বিস্তারের সঙ্গে সঙ্গেই মাংস খাওরা উঠে বেডে লাগল দেশ থেকে। স্থামীজি বললে, এই উঠে যাওরার দক্ষনই প্রাচীন হিন্দু-রাজ্যের পতন ঘটতে শুক্ত করল। যদি হিন্দু আভটাকে শাড়া হয়ে উঠতে হয়, পাল্লা দিতে হয় জগতের আর সং জাতের সঙ্গে, ভাহলে ভালের নিরামিষ খাওয়া হাড়তে হবে।

স্থলররমন কিছুতেই মানতে চার না। বললে, বুছের বারী স্বাহিংসার বাণী— বৃদ্ধের কথা উঠতেই বিজ্ঞান হল স্বামীজি। বললে 'আমি একমাজ্ঞ কর্ম বৃদ্ধি। সে কর্ম পরোপকার। বাকি সমস্ভ কুকর্ম। ভাই ভোশ আমি প্রীবৃদ্ধের পদানত।'

ঈশরে বা আত্মায় বিশাসী নন বৃদ্ধ, কিন্তু একটা ছাগশিশুর জন্যে তিনি অকাতরে প্রাণ দিতে পারেন। নিজের মৃক্তির জন্যে ধ্যান্দ করতে বনে যাননি, সকলের মৃক্তির জন্যে গিরেছেন। আর এই ভদ্ধ-লাভ করে এসেছেন—মান্নুব নিজেই নিজের উদ্ধারকর্তা।

প্রাদেশিক কথ্য ভাষায়, পালিতে, উপদেশ দিয়েছেন বৃদ্ধ। ভাঁর আহ্মণ শিশ্বরা বললে, আপনার কথাগুলি সংস্কৃতে অমুবাদ করে। বাখি।

বাধা দিলেন বৃদ্ধ। বললেন, 'আমি গরিবদের জন্যে, নিরক্ষরদের। জন্যে, আপামর সর্বসাধারণের জন্য। আমাকে জনগণের ভাষায় কথাবিত দাও।'

আকাশবং অনাদি অনম্ভ বোধির নামই বৃদ্ধ। আমি গোতম, লাভ-করেছি লেই বৃদ্ধাবস্থা। সাধনার দারা ভোমরাও এই বৃদ্ধ লাভ-করতে পারো। এই বৃদ্ধের চরম কথা।

নাতিক ছিলেন কি আতিক ছিলেন তাতে কিছুই যার আসে না । বে ঈশরে বিশাস করে না, যার কোনো দার্শনিক মতবাদ নেই, কে কোনো মন্দিরে বা গিজায় যায় না, যে নিছক জড়বাদী সেও এই মহাবোধির পরাপ্রভার অধিকারী হতে পারে। এই বুদ্ধের পরম-বাণী।

'বদি বৃদ্ধ-জদরের এককণাও আমার থাকত।' পদগদ হয়ে।

স্থুন্দররমন বললে, 'আপনার একটা বজুতার বাবস্থা করি—'

'ওরে বাবা! ভাবতেও গা কাঁপছে।' অন্ত মুখে বললে স্বামীতি, 'কোনোদিন দিইনি বক্তৃতা।'

'একদিন দিন। লোকে শুনতে চার আপনার কথা।' 'শেষকালে কথা বেরুবে না, আমডা আমডা করব, ঢোঁক রিলব, ৰাৰা চুলকোৰ-বাঞা শুনতে চেয়েছিল ভারাই বলে পড়তে বলবে।। জনভাকে আমার ভীষণ ভয়।

'ভাহলে শিকাপোর ধর্মসভায় যাবেন কি করে ?'

'বাৰ নাকি ?'

'মহীশুরের মহারাজা বাবার সব ব্যবস্থা করে দেবেন বলে শুনেছি। কিন্তু সে ভো বিদেশ, জনভার ভাষা বিদেশী। সেখানে ভাদের সামনের দাড়াবেন কি করে ?'

মূখমণ্ডল ভাষর হয়ে উঠল স্বামীজির। বললে, 'ঈশ্বর বদি আমার। হাভ ধরে আমাকে সেখানে নিয়ে বান ও আমাকে দিয়ে কিছু বলাভে। চান, ভাহলে আমি নিশ্চয়ই তাঁর হাতের যন্ত্রস্বরূপ হয়ে উঠব। বদি আমাকে তিনি ভার পভাকা দেন, তিনি নিশ্চয়ই তা বছন করবার শক্তিও দেবেন।'

সুন্দররমন মূপ কেরাল। ভাবখানা এই, টিকিট কেটে জাহাজে চেপে শিকাপোতে গেলাম, সভামঞে গিয়ে দাঁড়ালাম নিমন্ত্রিত হয়ে, আর যে আমি কোনাদিন কোনো বক্তৃতা দিইনি, ভিড়ের মধ্যে শুধু আত্মগোপন করে এলেছি, আমার মূপ থেকে ওক্নি ভক্নি অনর্গল বাক্যক্তি হতে লাগল—এ কধনো হয় ?

'হর'। বজ্ঞনাদ করে উঠদ স্বামীকি: 'মৃকও বাচাল হর। মাটির। বে জ্প দেও অগ্নিবর্ষণ করে। যিনি অনন্ত শাক্তমান তাঁকে জুমি ভোমার দাঁজিপাল্লায় মাপবে? স্থানে-কালে যাঁর অবধি নেই তাঁকে মাপবে ভোমার ফুট-গন্ধ দিয়ে? তিনি যাকে ভাকেন হাত ধরে ভাকে-তিনি শুধু সাধক করেন না, অসাধাসাধক করেন।'

সভামকে না হোক সিঁড়িতে দাঁড়িয়ে বলতে দোৰ কি।

বিশ্বর শান্ত্রী সুন্দররমনের ছেলেকে সংস্কৃত পড়ান। হেন শ'ন্ত্র-ব্যাকরণ নেই যা নর তার নথাবো। ক'দিন ধরে আসতে পারছেন নাল্লাডে। শুনেছেন উত্তর-ভারতের কে এক মহাপণ্ডিড সাধু সুন্দররমনের বাড়িতে অভিধি, এ বাজার আলাপ হল না বোধহর। একবার পরীক্ষাও করে দেখা হল না ভার ব্যুৎপত্তি। সেই হুংখই মরমে মরে আছেন।

কত না আনি পণ্ডিতি করে নিচ্ছে লোকটা। জারিজুনি কেউ -বোধহর ধরতে পারল না। একবার দেখা হর না কোনোরক্ষে ?

না, পেয়েছেন স্থবোগ।

স্থানররমনের বাড়ি ছেড়ে চলে বাচ্ছে সামীকি, নামছে সিঁড়ি দিয়ে, বঞ্চিধরের সঙ্গে দেখা। স্থানররমন আলাপ করিছে দিল। সিঁড়ি দিয়ে উঠতে-উঠতেই সংস্কৃতে কি একটি ছক্সছ প্রায় জিসানেন করলেন বঞ্চিধর। স্থামীকি হাসল। সংস্কৃতে উত্তর দিলে।

আবার একটা প্রশ্ন। আবার উত্তর।

এমনি চলল প্রায় দশমিনিট।

'এবার আমি প্রাপ্ত করি ?'

বঞ্চিখর বঞ্জির মৃত মুখ করে রইলেন। তাঁর সমস্ত অহতার হরণ করে নিয়েছে স্বামীজি।

স্থানরমনকে বললে, 'শুধু ব্যাকরণে নয় ভাবাজ্ঞানেও এই সাধু অসাধারণ। এঁকে ছেডে দিলেন কেন ?'

একে কে বাঁধে।

গিরিশ ঘোষ বলত, মহামারা দড়ি দিরে ছ'জনকে বাঁধতে চেয়েছিলেন, এক আমীজি আরেক নাগমণাই। ছ'জন ছ' উপাত্তে বাঁধন কাটালে। দড়ির যা দৈর্ঘ্য তার চেয়ে আমীজির আয়তন বড়, যত দড়ি জোড়েন মহামারা ততই বেশি ফুলতে থাকে আমীজি, দড়িতে আর কুলোল না শেষ পর্যন্ত। আর নাগমণাই ? নাগমণাই কেবল ছোট হয়। কুজের সঙ্গে দড়ি কি করে পারবে ? প্রস্থির ছিজের মধ্য দিয়ে পালিয়ে গেল ছুর্গাচরণ।

একজন বেরিয়ে গেল জ্ঞানে, বীর্ষে; আরেকজন বেরিয়ে পেল ভক্তিভে, দীনভায়।

দান্দিণাত্যের বারাণসী, রামেশরে এসে পৌরুল স্থানীজি। লভাজয়ের পর দেশে ফেরবার মুখে সেতু পার হরে এসে এইবারেই প্রথম
শিবপূলা করেন রামচন্দ্র। এই সেই কর্পুরগৌরধকা দানিল্যক্ষ্পদহন
শিব। এই সেই সংসাররোগহর অন্য পুরুষ।

ভারতবর্ষের সর্বদক্ষিণ প্রান্তে কন্তাকুমারীর মন্দিরের শেবস প্রভারতুমুতে এসে বসল স্বামীনি। ধ্যাননের দিব্যদর্শন হল। ভারতাতাকে সাক্ষাৎ করল দেশমাভারতে।

ক্ষকেশী চীরবাসা ধৃলিধ্সরিতা মানমূতি। শৃত্যলব্দা। এ শৃত্যল দাসত্বের নর দারিজ্যের।

দারিজমোচনের ব্রত নাও সকলে।' স্বামীক্ত আহ্বান করল:
'আমি জানি ভগবান সাহায্য করবেন। আমি এদেশে জনাহারে বা
শীক্তে মরতে পারি, কিন্ত ভোমাদের কাছে গরিল, অজ্ঞ, অভ্যাচারশীক্তিদের ক্রম্ভে এই সহাস্কৃতি, এই প্রাণপণ চেষ্টা দার্ম্বরপ অর্পণ করছি। বাও, এই মৃহুর্জে, সেই পার্থসারধির মন্দিরে, যিনি গোকুলের
দীন্দির্জি গোপগণের সথা ছিলেন, যিনি গুছক চণ্ডালকে আফ্রিলন
করতে সঙ্কৃচিত হননি, যিনি তাঁর বৃদ্ধাবভারে রাজপুরুষণাণের আফ্রেণ
অপ্রান্থ করে এক অধ্যার নিমন্ত্রণ গ্রহণ করে জাকে উদ্ধার করেছিলেন
—বাও, তাঁর কাছে গিয়ে সাষ্টাঙ্গে পড়ে আও, এবং তাঁকে এক
মহাবলি প্রদান কর—বলি, জীবন-বলি, তাজের জ্ঞে, যাদের ক্রম্ভে
ভিনি যুগে যুগে অবতীর্ণ হয়ে থাকেন, যাদের ভিনি সর্বাপেকা
ভালোবাসেন, সেই দীনদার্জি পভিত উৎপীজ্বিভ্রের জ্ঞে ব্রত প্রহণ
করো—বারা দিন দিন ভ্রছে।'

লগুন ছাড়বার আগে মিস্টার সেভিয়ারকে বলছেন বিবেকাননা: 'আমার একমাত্র ধ্যান ভারতবর্ষ। আমার মন ওধু ভারতের দিকে ধাবমান।'

'প্রায় চার বছর কাটালেন পশ্চিমে,' বদলে: দেভিয়ার, 'কাটালেন বীর্ষণান ও সমৃত্যিমান সভ্যভার সঙ্গে, এখন কি আর নিজের দেশকে ভালো লাগবে ? পদানত পরাধীন দেশ!'

বিলো কি ।' পর্জে উঠলেন বিবেকানন্দ : 'বখন ছেড়ে আসি তখনন্দ সমস্ত দেশটাকেই ভালোবাসভাম একটা অনবচ্ছিত্র ভাবমূর্তিরূপে, এ এখন আমার দেশের প্রতিটি ধূলিকণাকে ভালোবাসছি।'

## बात नेवत ?

ঈশর এমন একটি বৃত্তের কেন্দ্র যার পরিখি কোখাও শেব হর্মনি আর বার কেন্দ্র সর্বত্র। বে কোনো বিন্দৃকে কেন্দ্র করে সে বৃত্ত আঁকো সে বৃত্তের বেষ্টনীরেখা খুঁলে পাবে না। আর বেধানেই কেন্দ্র নির্ধারণ করো না সেইটিই সমানভাবে অনন্ত বৃত্ত নির্মাণ করবে। আমাদের ব্যক্তিসভাকে কেন্দ্র করো বিশ্বসভার বৃত্ত ভৈরি হবে, আর ভূমি জানভেও পারবে না কোখার ভার সীয়ান্ত।

শামীজি বলছেন, ধরো পৃথিবা থেকে সূর্যের একটা কোটোপ্রাক্ নেওয়া হল। ধরো, আমরা সূর্যের দিকে এওছি, বহু সহল্র মাইল এগিয়ে আবার একটা নেওয়া হল ফোটোপ্রাক। দেখা পেল, বা আগে দেখা গিয়েছিল সূর্য ভারও চেয়ে বৃহৎ। বাজাপথে বারেবারে ছবি নিচ্ছি, প্রভিবারেই বৃহত্তর প্রভিমূতি। যাত্রার আমি যভ বৃহৎ হব, উপস্থিতিতে সে ভতই বৃহত্তর হবে।

কিন্তু যাত্রা আমি ছাড়ব না। আমি জানি আমি এগোল্ছি বলেই ভাকে বৃহত্তর বলে দেখভে পাল্ছি। শুধু চলাভেই এই বৃহত্তরের উপলব্ধি।

আর কিছু করতে না পারো, চলো, পধ ভাঙো। না চললে ব্রুবে কি করে পথ দীর্ঘ, ব্রুবে কি করে তুমি পথিক হবার উপযুক্ত। যভই ক্লেশকটকবন্ধুর হোক, তোমার উপযুক্ত হার উপলব্ধির মন্ত আমন্দ আর কি আছে।

'আমার বদি একটি ছেলে থাকড,' স্থামীলি বলছেন, 'তবে সে ভূমিষ্ঠ হওয়ামাত্র আমি ভাকে বলতে শুক্ত করভাম, স্থানি নিরশ্বনঃ। পুরাণে মদালসার কাহিনী পড়োনি ? তাঁর পুত্র হওয়ামাত্র ভিনি ভাকে কোলনায় শুইয়ে নিজ হাভে দোল দিভে-দিভে গান গাইভে লাগলেন, স্থানি নিরশ্বনঃ। নিজে মহান বলে ভাবো, মহান হয়ে বাবে। নিরশ্বন বলে ভাবো নিরশ্বন হয়ে বাবে। কিন্ত ভাববে কি করে ? ভাবনার ক্রে বার্ব কই ? কই সেই মাংসপেশা ?'

আসলে কি কানো? শারীরিক দৌর্বল্ট সকল অনিষ্টের মূন।

আবার বলছেন স্থামীক্রি: ভোমাদের জ্ঞানের কি কোনো কমতি আছে ? ওরে বাবা, ভোমাদের জ্ঞান বে অভিরিক্ত। বভটা জানলে কল্যাণ ভোমরা ভার চেরে বেশি জেনে ফেলেছ এই হয়েছে মুশকিল। আসলে অনিষ্টের মূল কারণ, আর কিছু নয়, ভোমরা হুর্বল। তোমাদের শরীর হুর্বল, মন হুর্বল, আস্থাবিশ্বাস হুর্বল। শত শত বছর ধরে অভিজ্ঞাত আর রাজা আর বৈদেশিকদের দল ভোমাদের নিপীজ্ন করে পিবে ফেলেছে। ভোমাদের স্ক্রনরাই কেজে নিয়েছে ভোমাদের বলবৃদ্ধি, মেরুপগুহীন কাট করে ছেড়েছে। কে আর ভোমাদের বলবৃদ্ধি, মেরুপগুহীন কাট করে ছেড়েছে। কে আর ভোমাদের বলবৃদ্ধি করে করাঘাত করো।

বীর্য লাভের উপায় কি ?

বার্য লাভের উপায় বেদান্তে বিশ্বাস। আমিই সেই, এই অলস্ত সিংহাসনে আরু হওয়। আমাকে ভরবারি ছিল্ল করছে পারে না, শর আমাকে বিদ্ধ করতে পারে না, প্রান্তর আমাকে দীর্ল করতে পারে না, বায়ু আমাকে দীর্ল করতে পারে না, বায়ু আমাকে তাক করতে পারে না। আমিই সেই সর্বপঞ্জিমান, লর্বাজা। বাবে-বারে এই আশাপ্রাদ পরিত্রাগপ্রাদ বাক্যগুলি উচ্চারণ করো। বোলো না আমরা ক্র্বল। বলো আমরা সর্বার্থসায়ক, অসাধ্যসাধক। নচিকেভার মন্ত বিশ্বাসী হও। নচিকেভার পিতা যখন যক্ত করছিলেন তখন ভার মধ্যে প্রান্তর হোক। বারদর্পে দণ্ডায়মান হও। ইলিতে জগং-চালক মহামনীবাসম্পন্ন মহাপুরুষ হও। সর্বপ্রকারে অনন্ত ঈররতুল্য হও। ক্রীরারিভ হও। উপনিবদই দেবে তোমাদের সেই অনন্ত শক্তি, অনস্ত বীর্য।

দেহতৈতক্তের উধের্ব ব্রহ্মতৈতন্যে অবস্থিত হও। সুখেন ব্রহ্মগশ্পন-সভ্যন্তং সুখমাপ্লাতে। অথবা আত্মতিভত্তে। সর্বভূতস্থমাত্মানং সর্ব-ভূতানি চাত্মনি। কিংবা ভাগবতচৈতন্যে। যো সাং পশ্ভতি সর্বত্ত সর্বং চ মরি পশ্ভতি। সেই অবস্থিতিই অমৃতত্ত। স্থাকুঃধে বার সমভাব সেই এই অমৃতদের অধিকারী।
ভাজিঘাট অংশনে নেমেছে স্বামীজি। প্রচণ্ড মধ্যাহ্ন, অক্সিশর্কি
বালি বাড় বইছে। প্রতিধ্য মরুভূমির নিশাস।

শুধু একটি কমল সম্বল, প্লাটকর্মের ছায়ায় বসতে চাইল স্থানীজি।
প্রনে পেরুয়া আলধালা। এ কে ছয়ছাড়া বাজে লোক, চৌকিলারু
টিকিট দেখতে চাইল। থাড ক্লাশের টিকিট দেখাল স্থানীজি। কেন কে জানে চৌকিলার ভাড়া করল। চোরছাচড় হবে হয়তো, কে জানে কোথা থেকে একটা টিকিট কুড়িয়ে নিয়ে হয়তো সাধু সেজেছে।

প্ল্যাটফর্মের বাইরে কম্বল পাতল স্থামীজি। একটা পুঁটিভে ছেলান দিয়ে বসল নিশ্চিস্তে।

যদি এক গ্লাশ ঠাণ্ডা জল খেতে পেডো। হায়, সঙ্গে একটি সামাক্ত কুঁজোও ভার নেই। কুঁজো সামান্য কিন্তু ভার মধ্যে যদি জলভরা থাকে, পিপাসার সময় তবে ভা অমৃত্ঞাবণ।

মনে পড়ল লাটুর কথা। কাশীপুরে থাকতে একবার তার থেয়াল হল নরেনকে লেকচার দিতে হবে। লাটু বললে, 'ভাখ ভাই লোরেন, কিণ্ডব বাবু টাউন হোলে কিমন লিকচার কোরে। তুই ভাই ইমন লিকচার করবি আর আমি তোর জভ্তে এক কুজু জোল নিয়ে বোলে থাকব।'

বদি এখন লাট্ এক কুঁজো জল নিয়ে বলে, তবে নিশ্চর স্বামীজি এশুনি এই ক্লান্ত দেহে শুষ্ক কঠে বক্তৃতা দেয়। হাততালি পাবার লোভে নয়, লাটুর কুঁজোর একটুকু জল খাবার প্রত্যাশায়।

নিদারুণ পিপাসা পেয়েছে। কুধার চেয়েও পিপাসা গুরুতর। মনে হচ্ছে দেহের রক্তও যেন তথ্যাসু, এডটুকু তাতে জলকণিকা নেই।

সমস্ত রাভা ঐ লোকটা আলিয়েছে খামীজিকে, পশ্চিমা এক থোঁচ ভজলোক, ব্যবসায়ী বেনে। স্টেশনে বধনই গাড়ি থেমেছে, পানিপাঁড়েদের কাছে জল চেয়েছে খামীজি। পয়সা ? পর্সা কিনের ? পর্সা ছাড়াই ভো জল দেবে। বয়ে পেছে, ঐ দেব, পর্সা দিছে— কেউ-কেউ। বারা প্রসা দিছে ভাদেরকেই জল দেব। ্বামীজির,কাছে একটাও পরসা নেই।।

ঐ বেনে ভজলোক একই ক্লাপে বাক্তে একই কামরায়। নিচ্ছলাপে বাক্তে বটে কিন্তু ট্যাক উচু। পয়দা দিয়ে লোটা-ভরতি জল যোগাড় করছে আর স্বামীজির দিকে তাকিয়ে মৃচকে-মৃচকে ছালছে। এক আজলা জল দেওয়া দ্রের কথা, পরন্ত বলছে বিজ্ঞাপ করে অবজ্ঞা মিলিয়ে, 'কি ছে সাধু, এমনই ত্যাগ করেছ একটি পর্যাও নেই যে জল কিনে থাও। আঃ, কি ঠাওা জল! ভগবানের এমন জিনিস ডাও ছাত বাড়ালেই পাওয়া বার না। প্রম করে পয়দা রোজগার করে তবে তা কিনতে হয়। বদি এরকম সর্বত্যাগা সাধু না সেকে আমার মত, আর পাঁচজনের মত, প্রম করে মাথার লাম পায়ে কেলে থাটা-থাটনি করে পয়দা রোজগারের চেষ্টা করতে, ভাছলে আজ আর এ তর্দণা ভোগ হত না।'

সেই বেনেও নেমেছে এই স্টেশনে। বসেছে প্লাটকর্মের ছাউনিতে। স্বামীকির দিকে চোম্ব রেখে।

পুঁটলি খুলে এক রাজ্যের খাবার বের করেছে সেই বেনে। খারে-পারে কোথার জল আছে কে জানে, ডাই ধরে এনেছে লোটার করে।

খামীজির দিকে ভাকিয়ে সেই বেনে শ্লেষ্ডরে বলছে, 'কি ছে, একবার এদিকে একটু মুখ কেরাও। পয়সার ক্ষমভাটা দেখ। পুরি কচুরি পেঁড়া রাবজির স্থপটা দেখ। চারদিকে জলের এভ টানাটানি, ভব্, দেখ, পরসার জোরে ভাও যোগাড় হরেছে এক লোটা। আরু ডোমার ? ঠনঠন।'

स्त्रीकि खक श्रम बहेन। भाख श्रम बहेन।

'বাবাজি, আপনি এই রৌজে কেন বলে আছেন? ছাউনির ভিছরে চলুন, সেধানে বিশ্রাম করবেন।'

'(क १' हांच (यनन सामीक।

াদেশল কে-একজন অপরিচিত হিন্দুছানী লোক সামনে গাঁড়িয়ে আছে। তার ভানহাতে একটা পুঁটলি আর লোটা আর বাঁ হাতে এক কুঁলো জল ও বগলের নিচে একটা ভাঁজ-করা শতর্জি।

'কে ভূমি ।' খাড়া হয়ে বসল স্বামীজি।

'আমি আপনার জন্তে খাবার আর তল নিয়ে এলেছি।'

'ৰামার জভে ? না। তোমার ভূদ হরেছে।' স্বামীকি আবার পুঁটিতে হেলান দিয়ে বদল। চোধ নিমীলিত হল।

'না বাবাজি, আমার ভূগ হয়নি। কাছেই আমার এক পুরিমেঠায়ের দোকান, আমি একজন হাল্ইতর।' বলতে লাগল সেই
হিন্দুখানী। 'খেরেদেয়ে খুষ্জিলাম, হঠাৎ দেধলাম এক পয়াসা এলে
আমাকে বলছেন, আমার লাধু স্টেশনের হাতায় কুধাভ্কায় কাতর
হয়ে পড়ে আছে, কাল থেকে তার পানাহার নেই। ভূই শিপাসির
পিয়ে তার সেবা কয়। ঘুম ভাততে মনে হল কি না কি খয় দেধলাম,
বত সব আজগুবি বাজে ধেয়াল। আবার পাশ ফিয়ে ঘ্মিয়ে
পড়লাম। বলব কি মহায়াজ, আবার সেই খয়! সেই সয়াসী এসে
তর্জন করে উঠল, কি রে গেলি না এখনো? আমার সাধুকে আর কত
কই দিবি? আবার ধেয়াল ভেবে পাশ ফিয়লাম। বেই আবার
তন্তায় একটু ঘোর লেগেছে সেই সয়াসী আবার এসে উপছিত।
এবার আর তর্জন-তিয়য়ার নয়, আবার হাত ধরে টেনে ভূলে দিল
সেই সয়াসী। তাই ভাড়াভাড়ি ছুটে এসেছি স্টেশনে, এই সামান্য
বিছু খাবার আর জল নিয়ে। আপনি আফুন।'

'ডোমার ভূল হয়েছে। দেধ ভোমার দেই সন্ন্যাসীর সাধু অঞ্জ কোধাও হয়তো অপেকা করছেন।'

'আমি দেখেছি।' সেই হালুইকর বললে হাত জোড় করে, 'লমভ কৌশনে আপনি হাড়া আর কেউ লাধু নেই।'

সেই বেনে ভন্তলোকের সামনেই শতরঞ্জি পেছে স্বামীজিকে বসাল হালুইকর। মেঠাই-মণ্ডার ভূপ মেলে ধরল। পাশে বনে খাওয়াডে লাগল। কুঁজো থেকে লোটার পর লোটা জল ঢেলে দিভে লাগল।

(बरनव एका ठक् इत ।

তথু ভাই ? খাওরা-লাওরার পর সেই হালুইকর আমীজিকে পাব আওরাল, ভামাক সেজে নিল। শভরজির পুঁটলির মধ্যে হুঁকো -কলকে নিরে এসেছে হালুইকর।

'(क (इ अहे माधु १' हान्हेकद्र(क क्रिक्कम क्रम व्यत्न।

'জানি না। ওপু এইটুকু বলতে পারি এমন একজন লোক বার -কাছে কোন এক শক্তি ভিন-ভিনবারের ধাকায় আমাকে ঠেলে -এনেকে।'

বেনে তথন যুক্তকরে বদল স্বামীজির পা বেঁবে।

85

সঙ্গে জীরামকৃষ্ণের একখানি ছবি, জারেকখানি গাঁতা। এই ক্যামীজির ইহজাবনের সহস।

বান্দ্দেব: সর্বমিতি। সর্বাধিবাস বাফদেব। বিনি সমস্ভ বিশ্ব আচ্ছাদন করে আছেন, সর্বস্থৃতে যাঁর বসতি, তিনিই বাস্থদেব। -সীসাবশে ব্যক্তস্বরূপে তিনি গ্রীরামকৃষ্ণ।

তিনিই গতি, তিনি ভর্তা, তিনিই প্রাভূ, তিনিই সাক্ষা। নিবাসঃ
শ্বরণং স্বন্ধং। তিনিই বাসস্থান, তিনিই রক্ষাকর্তা, তিনিই বাদ্ধংশ্বরূপ। তিনিই প্রষ্টা, তিনিই সংহর্তা, তিনিই আধার, তিনিই নিধান।
তিনিই অব্যয়বাজ, অবিনাশী কারণ।

মেধরদের সঙ্গে আছে স্থামীজি। ছিন্ন কাঁথার নিচেই ররেছে ভিত্তপ্ত জাবন, পথের ধূলোর মধ্যেই ধনরত্ব। হাজা-মজা সংহার করে শ্রুণি কসল, পূণ্য কসলের আবাদ করো।

'পরোপকারই এই দার্বজনীন মহাত্রত।' ত্রন্ধানন্দকে লিখছে স্থামীজি, 'ওধুনেগেটিভ ধর্মে কিছু হবে না। পাধরে জন্যার করে না, স্থাক্তে বিধ্যা কথা কর না, বুক্ষেরা চুরি-ডাকাভি করে না, তাতে আনে ষার কি । ভূমি চুরি করো মা, মিধ্যা কথা কও না, অন্যায় করো না, চার ঘন্টা ধ্যান করো, আট ঘন্টা ঘন্টা বাজাও — 'মধু, তা কাম কি ।' 'কলকাতার ডোমপাড়া হাড়িপাড়া বা গলিঘুঁলিতে অনেক পরিব আছে, তাদের সাহাব্য করো। বোঝাও তাদের ভূমি ভালোবাসো। দয়া আর ভালবাসায়ই লগং কেনা বার। লেকচার বই ফিলসফি সব তার নিচে। পরিবদের সাহাব্যের জন্যে শলীকে ঐরকম একটা কর্মবিভাগ খুলতে বলো। ঠাকুর প্লোফ্লোডে বেন টাকাকড়ি বেশি ব্যর না করে। এদিকের ঠাকুরের ছেলেপুলে বে না খেরে মরছে। ওগু জল-ভূলসীর পূজাে করে ভোগের পরসাটা দরিজের শরীরন্থিত জীবন্তঃ ঠাকুরকে ভোগ দাও। তাহলেই সব কল্যাণ।'

মরুভূমির মধ্য দিয়ে চলছে স্বামীজি। সূর্ধের চেয়েও বালির তাত বেশি। বাতাসে আগুনের হলকা। তবু পথ ভাঙছে স্বামীজি। বখন মরুভূমি আছে তখন নিশ্চরই আছে স্লেহময় শ্রামলতা।

অদুরেই একটি গ্রাম চোধে পড়ল। কি আন্দর্য, সরোবরের জল পর্যন্ত দেখা বাজে, ভীরে গাছগাছালির সবুজ স্তুপ। স্বামীজি উৎফুল্ল হয়ে উঠল। শুক্ত স্থিক ভো হবেই, বৃক্তলে মিলবে নিশ্চর শীতল শান্তি। শ্রামলসজলের সংস্পর্যে এসে বাভাসও হবে সুখাবহ।

জোরে পা চালাচ্ছে স্বামীজি। কিন্তু কোথায় সেই খনপল্লব প্রাম। বছই এপ্তচ্ছে ভভই সেই স্বপ্নছবি দূরে সরছে।

বুরতে আর বাকী রইল না. এরই নাম মরীচিকা। প্রাম মিধ্যা, শান্তির নীড় মিধ্যা, বৃক্ষজায়া মিধ্যা, মিধ্যা ঐ তৃষ্ণার পানীয়।

জীবনও বৃধি এমনি। চারদিকেই ওধু মারার ছলনা কুছকের কুরাশা। দর্বোধ্ব সন্থিত সভ্য কোথার ? কোথার সেই অভক্র কুর্ব ?

সভ্য ঋধু ঈশ্বর। সভ্য ঋধু পথ চলা।

আবার এগুলো আমীজ। আবার দেখল নয়নসমূথে সেই মনোহর প্রাম, সেই কালোজগভরা সরোবরের সঙ্কেও। আমীজি মনে-মনে হাসল। গভি একবিন্দু শিখিল করল না, চোখে আনডে- "দিল 'না 'বংগ্র মুখ্তা। উপেকা করে চলল আগজে।' 'লিপানিত -মুগের মত আর ধাহিত হল না ভ্রান্ত জলের পিছনে।

আমি ভোমাতেই শর্প নেব।

হে অজু'ন, একমাত্র আমাতেই চিন্ত রাথো। আমাতেই প্রণত হও, প্রাণরারণ হও। ভাগলে আমাতেই ভূমি পরিণত হবে।
পরিণত হওয়াই প্রাপ্ত হওয়া।

সমস্ত ধর্ম ছেড়ে আমাতেই শরণাগত হও। শোক কোরো না, অআমিই ভোমাকে সমস্ত পাপ থেকে ত্রাণ করব। বললেন ঞীকুঞ।

সমস্ত ধর্ম ছাড়ব ? ইাা, বেছেতু আমিই একমান্ত ধর্ম। সমস্ত ধর্ম ছাড়া অর্থ সমস্ত বিধিনিবেধের দাস্থ ছাড়া। কোন ধর্ম প্রহণ করব, পার্হপ্ত্যধর্ম না সন্ত্যাসধর্ম, রাজধর্ম না দান্ত্যধর্ম, বেদোক্ত ধর্ম না লাজাক্ত ধর্ম, ক্রান্ত, আতি না লোকাচার —গোল্লমালের মধ্যে বেও না, তথ্ ঈবরেরই শরণ নাও। ঠাকুর বলেছেন, গোলমালের মধ্যে গোলও আছে মালও আছে —গোলটুকু ছেড়ে ম্লালটুকু নাও। তেমনি এ দিক নাও দিক, এ পথ নাও পথ, চিন্তান্ত এ সব সহটের মধ্যে বেও না, তথ্ ঈবরকে আঁকড়াও। আর প্রর্মসংমৃচ্চেতা থাকবার, প্রয়োজন নেই, আমাতেই প্রাপন্ত ছও।

শরণাগতির ছয় লক্ষণ। ভগবানের অমুকৃল কার্বে প্রার্থি,
-প্রাতিকৃল্যে বিতৃষণ, তিনিই রক্ষক এই সুদৃঢ় বিশ্বাস, তুমিই রক্ষাকর্তা
এই বলে মনে মনে ঈশ্বকে বরণ, তাঁতে আত্মনিক্ষেপ এবং রক্ষা করে।
-বলে দৈক্ত ও আতিনিবেদন।

## ं अर्कु न कि रमन १

বললে, হে অচ্যত, ভোমার প্রদাদে আমার মোছ নই হয়েছে, অমানর স্থৃতি আমার কর্তব্যজ্ঞান কিরে এদেছে, আমি ছির হয়েছি, িঃশংগ্র হয়েছি,—'করিয়ে বচনং তব', ভোমার ক্থান্তই কাল করব। অর্থাৎ যুদ্ধ করব।

'মাম্ অনুস্থা, বুধা চ।' আসাকে স্বরণ করে। আর বৃদ্ধ ⊶রো। এক হাতে বস্তুক আরেক হাতে জীর। ছ'হাতে সংগ্রাবের আর্ধ। ছ'হাতে কাজ। আর বৃক্তের মধ্যে ভগবান। শ্রুকরসন্তিহিত সকল---কুসরসন্তিবেশ।

क्वोत्करम এक माधुत मरक स्था।

ভূমি কোন নাধু? আমি সেই চোর নাধু। স্বামীজি তাকিছে: রইল একদৃষ্টে।

'পাজীপুরে পওছারী বাবাকে দেখনি ? বিনি শুধ্ স্থন খেয়ে: আক্তেন। শোননি তাঁর কাছে সেই চোরের পল্ল।' সাধুর ছ'চোক ছলছল করে উঠল।

ভনেছে সেই কাহিনী। প্রহারী বাবার আঞ্জমে এক চোর'
ছুকেছিল। জিনিসপত্র চুরি করে পালাছে, টের পেরেছে প্রহারী।
প্রহারীও ভার পিছু নিরেছে। চোর বত ছোটে পরহারীও ভভ পার্
বাড়ার। যথন প্রার ধরো-ধরো চোর তথন হাতের পোঁটলা কেলে
দের পথের উপর। চোরাই মাল কেলে দিয়েছি, এখন আর কেন
অন্তসরণ করো? পরহারী তবুও বিরত হয় না, যে করে হোক যত
প্রেই হোক, ভোকে ধরবই ধরব। অনেক দ্র ছুটে চোরকে ধরল'
প্রহারী। চোর কাকুভি-মিনভি করতে লাগল, আমাকে ছেড়ে দাও।
প্রহারী সহসা করভোড়ে ভাকে বন্দনা করতে লাগল, বললে, 'প্রভ্, নারারণ, ভূমি ছল্লবেশে চোরবেশে আমার ঘরে এসেছিলে। আমি:
কিছুই ভোমার সেবা করতে পারিনি। আমার এমন কিছু সম্পদ্নেই যা দিরে ভোমার যথার্থ গ্রীভি উৎপাদন করতে পারি। এই-পৌটলাটা ভূমি গ্রহণ করো। আরো চলো আমার ঘরে, দেশ, আরো
কিছু ভোমার নেবার মত উপযুক্ত আছে কিনা।'

এ কি আশ্চর্য ঘটনা! চোর যত অমূনর করে. পওহারীর ভার-চেরে কেন্দি কাভরভা! শেব পর্যন্ত চোরেরই হার হল। পওহারীর-ব্যাসর্থক প্রহণ করতে হল ভাকে।

ে সেই চোরের দিকে এখন ভাকিরে দেখ। মর্চে-পড়া লোহা কাঞ্চন-ছরে সিরেছে। পঙহারীর সাম্পর্গে সাধু বনে সিরেছে। 'যে ধকে ছইরা ধনী যদিরে না মানো মদি—' সে ধনের সন্ধানে দেশান্তরী হরেছে।

স্বামীন্দ্র প্রণাম করল সাধুকে। এই সেই ঠাকুরের বাণীরূপ। 'ভাকাভরূপী নারারণ।' কে অবিখাস করবে পাণীর মধ্যেও রয়েছে সাধুতার সম্ভাবনা।

ক্সাকুমারিকা থেকে স্বামীন্ধি চলে এল পণ্ডিচেরি। সেধান থেকে মাজান্ধ।

হৈ-হৈ —পড়ে গেল। পরনে গেরুয়া আলখারা মাধার পাগড়ি হাতে দণ্ডকমণ্ডল্ল —কে এ জ্যোভিত্মান সন্ন্যাসী। যেন এক প্রাণআরিশিখা উপ্ব'স্থে জলছে অনির্বাণ। মৃত্তিকা থেকে বেন এক প্রশাভ্ত ভব উঠেছে আকাশের দিকে। কি উদান্ত কঠন্বর, কি অনর্সল বাগ্মিচা। যেমন দার্চা ভেমনি বিনর। যেমন রুজির ভীন্মতা ভেমনি আবার পরিহাসের ভারল্য। ভর্ক-বৃক্তিতে কে এটে উঠবে? কার সাধ্য ধাকবে অনভিভ্ত ?

'আছা স্বামীনি, বাদের বেদান্ত আছে 'সেই ভাদেরই আবার মূর্তিপূলা কেন ?' কে একজন প্রশ্ন করল।

উদার হাস্যে স্বামীজ বললে, 'বেহেতু আমাদের মাধার উপরে হিমালর বিরাজমান। কে আছে যে হিমালর দেখে প্রণত হবে না ? প্রোণে জাগবে না ভক্তির বিহবলতা ?' পরে আবার বললে, 'ঠাকুর বলতেন যার বেমন পেটে সর মা তার জল্পে ভেমনি বল্দোবন্ধ করেছেন। কারু জল্পে পোলাও-নাংস কারু জল্পে সূচি, কারু জল্পে বা খই-বাতারা। দেয়ালের ছোট্ট কোকরের মব্যে দিয়ে বেমন আকাশ দেখা যার, ভেমনি প্রভিমার মধ্য দিয়ে দেখা যার ঈশ্বরকে।'

ঈশ্ব আছে ভার প্রমাণ কি ?' আরেকজন কে প্রাণ্ন করল।

'কি বলব। বেদ পড়েছ? অসোকিক বিবরে বেদই প্রমাণ। বেদ মানে ঋষিদের অভীপ্রের জগতের অমুভূতি।'

'অভীজিয় আবার কি।'

'চোখের দেন্স বদলানো। এমনি শাদা চোখে দেশছ একটা

পাডা—কভট্কু দেবছ ? স্বন্ধ কাচের উপ । সেই পাডাটি রেশে স্থানি চোপে অগুবীক্ষণ যন্ত্র লাগাও দেখবে তার রূপের কি স্ক্রে কারিকুরি। চোপে দেখা যায় না অবচ যা আছে ডাই অগীন্তিয়। বেমন করে পারো চকুমান হও দেখতে পাবে সেই কুন্সরোজ্জনক।

'রিয়্যালিটির কথা বলুন।'

'রিয়ালিটি'? যাকে রিয়ালিটি বলছ ভা হচ্ছে স্বল্ল মনের আছের পৃষ্টি। নৌকোয় বলে দেখেছ ভীরের গাছ চলেছে। ঐটেই হচ্ছে রিয়ালিটির চেছালা:

'মশাই,' আরেকজন প্রশ্ন করল, 'থামি যদি ব্রশ্ন, ডাছলে ডো আমার সব দারিছ চুকে গেল। তথন পাপ কঃলেও আমাকে লাগবে না।'

পর্জে উঠল স্বামীজি: 'যদি সত্যি বিশ্বাস করতে পারো আমিই সেই ঈশ্বর, সাধ্য কি ভূমি কুজ হও, নীচ হও, সাধ্য কি ভূমি পাপ করো অক্তায় করো !'

বিজ্ঞারভেলু মুদালিয়ার নামকরা নাজিক। এটান কলেজের বিজ্ঞানের অধ্যাপক। স্বামীজির সঙ্গে তর্ক করতে এসেছে।

বেব তো নাই বা বিশ্বাস করলে। নাজ্ঞিকও ধার্মিক হতে পারে!

এস আমরা যার-বার আদর্শ নিয়ে কাজ করি। জল বখন আশুনে
বলানো হয় একটার পর একটা বৃদ্ধুদ ওঠে। তারপর জল টগবপ

করে, পাত্র আলোজ্ভ হয়। প্রভাকে মান্ত্র বৃদ্ধুদ, সমস্ত উত্তর্গ কলের আলোজ্নই স্মাজ। বৈজ্ঞানিকে-দার্শনিকে জেদ নেই। এক
কলের মধ্যেই বহু বৃদ্ধুদর সামঞ্জা।

নান্তিকতা নিয়ে এলেছিল উর্নিতা ভক্তিতে রূপান্তরিত হল মুদালিয়ার।

'সেই মহার জন্মানা ব্রহ্মকে কি কথনো দেখা যায় ?' রামনাদের রাজার প্রাসাদে একজন বিজ্ঞাপের স্থারে জিগগেদ করল স্থামীজিকে।

শামীজ হুকার করে উঠল: 'বায়ং। আমি রেখেছি সেই জ্ঞানাতে।' 'মশাই, ঈশবের শরপ কি বলতে পারেন।' খ্রীটান কলেজের ছাত্র, প্রত্রহ্মণ্য আয়ার জিগগেল করল স্বামীজিকে।

মহীশ্রের রাজার কেওয়া হুঁকোর ভাষাক খাল্কে স্বামীকি। চোপ পুলে ভাকালো একবার প্রশ্ন ওনে। বললে, 'ভূমি ভো বি**জ্ঞানের**' ছাত্র। শক্তি, এনাজি জিনিস্টা কি বলো ভো বৃধিয়ে।'

ছাত্ৰ হিমসিম খেতে লাগল। দেখল এমন জিনিসও আছে বা ংবাঝা যায় অথচ বোঝানো যায় না।

'ভূমি কৃষ্টি লড়ভে পারো ?' জিগগেন করল স্থামীজি। 'একশোবার। লড়বেন ?' 'এ'সানা '

মৃত্ততে ঘারেল হল আহার। কি দেবছ । ক্লাংসপেশীর দৃঢ়তা না ব্যায়ামের কৌশল । সমস্ত কাঠিক্ত-নৈপুণ্যের মধ্যেই অদৃশ্য শক্তি। কাঠের মধ্যেই প্রক্রের আঞ্চন। বীজের মধ্যেই প্রস্তুত্ত বনম্পতি।

ঈশ্বরের স্বরূপ জিগগেদ করছিলে না গ

ঈশ্ব কে ? যার ঘারা জন্ম স্থিতি ও লয় ছল্কে তিনিই ঈশ্ব । বিনি অনন্ত, শুদ্ধ, নিভামুক্ত, সর্বশক্তিমান। যিনি সর্বজ্ঞ, প্রম-কাঙ্গণিক, গুলুর গুলু। যিনি অনির্বচনীয়-প্রেমশ্বর শ।

একই জিনিসের ছইরকম চেহারা। জল আর বরক। তত্ত আর পট। মাটি আর মৃতি। যিনি জ্ঞানীর সচিদানন্দ তিনিই ভজের কেমের ঠাকুর।

জ্ঞানে এমন এক অবস্থায় আদা বার যেখানে সৃষ্টি সৃষ্ট বা প্রষ্টা
নেই, জাতা জ্ঞেয় বা জ্ঞান নেট, প্রমাতা প্রশমর বা প্রমাণ নেট।
আমি তুমি বা তিলে নেই। দেখানে কে কাকে দেখে, কে কার কথা
লোলে? দেখানে বাক্যও নেই, মনও নেই। শুধু নেতি-নেতি, শুধু
একমেবাদিতীয়ং। দে এক অনবক্রির মৃক্তি, ব্রহ্মনির্বাণ। কিন্ত
স্থাক্তির আল্লে কোধার বদি না একটা ব্যক্তিশ্বের চেতরা থাকেঃ

প্রীরামকৃষ্ণ বললেন, আমি চিনি হইতে চাই না, আমি চিনি থেতে ভালোবাদি। তাই বে জাবসূত্র, আআরাম অর্থাৎ অন্তরেই বারু সকল তৃত্তি, দে আনামূনিরাও অবশেবে তত হরে ওঠে। ত জিই সমস্ত আআদের ওক। প্রজ্ঞাদ যতক্ষণ আআনিমগ্র ছিলেন, অলং ও তার কারণ কিছুই দেখতে পেলেন না, সমৃদরই অবিভক্ত, ওপু অনস্তলে প্রতীয়মান মনে হল। কিছু বখনই বোধ হল আমি প্রজ্ঞাদ অমনি তাঁর চোধের সামনে দেখা দিলেন প্রীকৃষ্ণ।

নারদ ব্রহ্মকে বললে, হে ভৃতভাবন, আপনাকে নমস্কার। এখন বলুন এই বিশ্ব কার স্ট কার বরুপ, কাকেই বা আঞ্চয় করে আছে-আর কাতেই বা লীন হবে ? আপনিই কি সেই অ-ডন্ত পুরুষ ?

বন্ধ বললে, আমার চেয়েও আছে একজন শ্রেষ্ঠ। সূর্ব জায়ি চক্র: ভারা বেমন দৃশ্য পদার্থনে দৃষ্ট করায় আমিও ভেমনি এই ব্যপ্তকাশ্য বিশ্বকে স্টার্রপে সর্বসমক্ষে প্রকাশিত করছি মাত্র।

কে সেই সর্বভ্রেষ্ঠ ?

বা ভূতং ভবাং ও ভবং, অর্থাৎ বা হরে পিরেছে, বা হবে, বা বা হচ্ছে সকলই সেই পুরুষ। সর্বং পুরুষ এবেদং। তিনিই সমন্ত বিশ্ব: আবৃত করে আছেন, বিভন্তি-পরিমিত হয়েও অধি গার করেছেন-সমগ্রকে। আমি সর্বলোকপুজিত, তবু তাঁকে জানতে পারলাম না।

কি করে জানা যায় তাঁকে ?

দেহ ও মন সম্পূর্ণ নির্মল হলেই তাঁকে জানা যায়।

আর দেখা পাওয়া যায় কি করে ?

अमृत्य छेरकश्चे नित्य वहत्रह जाँक जाकल।

ওধু জেনে আমার কী সুধ! আমার সুধ দেখে। আমার সুধ: আবাদে।

সে দর্শন-স্পর্শনের অধিকাটী কে ? সে আখাদন কার পুরুষার্থ ? একমাত্র ভক্তের।

স্থারাং অমৃতব্দিশী ভজি ছোমাতে সঞ্চারিত হোক। ছুফি মধু হয়ে ওঠ, আহু হয়ে ওঠ। জীনিকেতন ভগণান প্রসম হলে কট অগভ্য থাকতে পারে ? কিছ অংহতুকী ভক্তির এবন মজা বে সের কিছুই আকাজন করে না।

ভূমিও ভালোবাসো, আকাজ্যা কোরো না।

রাঁথুনে বাসুন একদৃষ্টে ভাকিয়ে আছে হ'কোর দিকে। স্বামীজি<sup>--</sup> জিগলেন করলে, 'কি হে, ভূমি হ'কোটা চাও গু'

এ যে একেবারে করনার বাইরে। রিসকভারও একটা সীমাণ আছে। মইলে মহীশ্রের মহারাজের দেওরা চন্দনকাঠের ছাকোণ দিয়ে দেবেন অনারাসে ?

'কি হে, কথা ংলছ না কেন ? নেবে এই ছঁকোটা !' ছঁকোণ্ডছ -ছাত বাডাল স্বামীকি।

'আপনার এত সাধের ছ'কো, কতদিনের সাধী—' বলকে ।

'আমার ক্রিয় বদি ভোমারও ক্রিয় হয় ছো মন্দ কি। আমার। নেই আর ছোমার আছে এ একই কধা।' রাধুনে বামুনের হাডে। হুঁকোটি ও'জে দিল আমীজি।

'বদি আমি সহল্র দেহে অর ও অন্যান্য বোপ ভোগ করছি, আবারআমি সক্ষ-সক্ষ দেহে সংস্থাপ করছি আস্থা। বেমন সহল্র দেহে উপবাস করছি, তেমনি এচুর আহার করছি সহল্র দেহে বিবেকানন্দ, 'বেমন সহল্র দেহে হুর্বহ হুঃও তেমনি সহল্র দেহে হুঃসহকুত্র। কে কার নিন্দা করে, কে কার অভি ? কাকে চাইবে,
হাজুবেই বা কাকে ? আমি কাউকে চাই না, কাউকে হাজিও না।
বেহেতু আমিই সমুদর ক্রক্ষাগুলরপ। আমি নিজেরই স্থাভি করছি,
নিজেরই অপহল। নিজের দোবেই আমার কই, নিজের ইঞ্ছিআমার কুথ। আমি লাধীন, সর্বভঃ-ক্ষাধীন।'

এই হচ্ছে জানীর ভাব, বে জানী মহাসাহসী, ছিন্নস্বদংশর। বে জানী সমুদ্র পুড়ল ভেঙে কেলতে পারে, ওধু কুসংস্কারের পুড়ল। বন্ধ, সমস্ভ ইন্সিয়ভোগ্য বিবরসমূহের পুড়ল। সমস্ভ বন্ধাও ধ্বংক হয়ে পেলেও সে হেলে বলে, এ জগং কোধাও ছিল নাকি,... মিলিয়েই যা পেল কোখার ? ক গজ কেন বা নীকং কুর লানিকিছ জগৎ ?

বিবেকানন্দ একদিকে জ্ঞানী, অন্তৰিকে ভক্ত। একদিকে বৃহত্তেজা পূৰ্ব, অন্তদিকে সুধান্তন্দী চন্দ্ৰ।

নৃদিংহ অবতীর্ণ হলে প্রজ্ঞান তব করতে নাগল: হার আনি অম্বর বেকে উৎপর, হরিতোয়াপ আমার বোপ্যতা কোধার ? কিছ আমি জানি সম্পত্তি, সংকুল, সৌন্দর্য, তপদ্যা বা পাতিত্য —এ শব গুণে পরমপুরুষের আরাধনা হয় না। কারণ ভগবান ওধু ভক্তিভেই তুই। গুণমণ্ডিত বিপ্রের চেয়ে ভক্ত চণ্ডাল খ্রেষ্ঠ। ভাই আপনার ব্রাল রূপ দেখে আমি ভর পাচ্ছি না। দেহে অহং-বৃদ্ধি নিরে জ্বন করছি এই আমার ভয়। আমি কালচক্রে ইকুণ্ডের মত নিপ্পীতিত হচ্ছি, আমাকে উদ্ধার করুন। আমাকে ভক্তি দিয়ে দাসা দিছে উদ্ধার করুন। আয়ু স্ত্রী বিভব কিছু যাক্রা করি না, অণিযাদি নিচ্ছিও আমি প্রভ্যাধান করেছি। সব আপনার ছাত্তেই লয় পাজে। ভোর প্রবণমাত্রই সুধলনক কিন্তু আদলে মুগ-তৃঞ্চি চার মন্ত মিধ্যা। তথু দেবাই আপনার প্রদয় ভার কারণ। হে অচ্যত, নানা ইাশ্রের নানা দিকে আমাকে টানছে, আপনার দিকে টেনে আমাকে উত্তার্প করুন। কিন্তু আমি একাকী মুক্ত হড়ে চাই না, আমার সদী এই সব অসুর বালকেরা অভ্যন্ত দান, এদের আমি ছাডতে পারব না। ভাই আমার সঙ্গে এদেরকেও টেনে তুলুন। তথু বছল দেবা করেই ভক্তি লাভ করতে দিন। বড়ক সেগা মানে নমভার, তব, কর্মার্পণ, অর্চন, চরণশ্বরণ আর কথাপ্রবণ। ভক্তি ছাড়া মৃক্তি নেই। আর সেরা ছাড়া ভক্তি কোধায় ? আর দাস্যই সেবার ভিডি। স্থভরাং আমাকে দাস্য দিন। সহাস্য দাস্য।

'কি দেশছ আমার দিকে ডাকিয়ে ?' পথচারী যুবককে জিগপেদ কল্ল আমীজি।

'কি বেধছি ? আপনাকে বেধছি না, বেধছি আপনার হাতের ঐ সাঠি ! কি স্থানর ছিনিসটা !' শুর্শি নেবে <del>গ</del>

''সে,কি কথা? এই লাঠি আপনার নিভাসলী—' 'ভাতোক। নিভাসলী আমার ঈখর।'

"তা ছাড়া তার্থে-তার্থে খুরেছেন এই লাঠি নিয়ে।" বললে যুবক, 'শত 'তার্থের অমান শ্বতি বহন করছে এই লাঠি---'

**ভা কক্ষক**। ভীর্ণের স্মৃতি আমার অন্তরে, আমার দেছের ভাশুতে-রেণুতে ?

'ভাহতে দেবেন আমাকে ?' ওংস্কো যুবক কাছে এল এগিয়ে। 'দেব। কেননা ভোমার প্রাণ যা চায় ভা ভোমারই।' আমার প্রাণ ঈশ্বকে চায়, অভএব ঈশ্ব আমারই।

প্রেভলোকের কভগুলি প্রাণী নির্জনে বারেরারে আবিভূতি হয়ে বারীজিকে বিরক্ত করছে। কি চাই ভোমান্টের ? কি ভোমান্টের বক্তব্যা।

আমরা ছঃৰী, শান্তিহীন, কামনাপীড়িত। আমাদের শান্তির ব্যবস্থা করুন।

একা-একা স্বামীজি চলে গেল সমুস্ততীরে। ছুই মুষ্টি বালি ছুলে নিল। অরপিণ্ড কোথা পাব, এই বালির পিণ্ড গ্রহণ করো। সমস্ত আন্তরান্ধা দিয়ে প্রার্থনা করি ভোমরা শান্ত হও, ভোমাদের সমস্ত আন্তরান্ধা অবদান হোক।

প্রেভলোকবাসীরা কি সুলবস্তর আকাজ্যা করে । প্রার্থনারত সামুবের অন্তরের সিম্কভায়ই ভারা তৃপ্ত। নিঃসীম শুলভিলাবেই ভারা গ্রিক্সাত।

ভারপর এ কার প্রার্থনা ? কার ওভাভিলাব ? স্বয়ং স্থামী বিবেকানন্দের।

সমস্ত মাজান্ধ শহর উদ্ধীপ্ত হরে উঠন। মন্ত্রধবাব্র বাড়ি, বে বাড়িতে আছে স্বামীজি, ভীর্থস্থানে পরিণত হল। দলে-দলে আদতে প্রাপ্ত অবভার চেট।

গৈরিক্বসলে কি উজ্জনরণ দেখ একবার ভাকিরে। মৃতিত-

সম্ভকে কি সোঁ যা শোভা! কি উণাত্তপান্ত পথক ছাং বৰ বিশের
পভীর যে অন্তরালা ভাকেই সন্তাবণ করছে নিজ্ঃ । বলিষ্ঠ,
যোহসুক্ত উর্জা। অবচ শিবের সভ সদানল, পরিহাসমুবর।
কলকাভা বিশ্ববিদ্যালয়ের একজন গ্রাজুরেট, অবচ অপার-অসাধ
বিদ্যা। খার্মেদ বেকে রজুরংশ মুবল্ব। বেদান্তর্গন থেকে শুলু করে
আধুনিক পাশ্চান্তাদর্শন ও বিজ্ঞান নখদর্শণে। সমস্ত অকুভা ও
অর্ক্তির উপর বজ্ঞাকত। সমস্ত বন্ধন ছিন্ন করলেও এক ভালোবালার
বন্দা। সে ভার সূভীত্ত দেশপ্রেম। এক ছাংশে আহত-আর্ড। সে
ভার দেশবাসীর অধ্যপতন। বিহাৎশিধার মত ভার বাণী আর অজ্ঞের
মত ভার অর্থ। সমস্ত বিদ্ধু মিলে একটা উল্লেক কর্মার-উৎসাহ।

কুজ প্রাণে নিরে এনেছে বিশ্বাস। অৱসৃষ্টিতে অপরিষের আকাশের উন্মৃতি। এবার তবে দাঁড়াই একবার জগতের মুণোমুখি।
সর্বদেশ-কালের মাস্কবের প্রতিনিধি হরে। স্থানে-কালে কুলোচ্ছে না আমাকে। প্রতিষ্ঠিত করি আমার অন্থর মহিমা।

চারদিকে রাষ্ট্র হরে গেল স্বামীজি বিদেশে ধেতে ইচ্ছা করেছেন।

'ঠাকুর আমাকে বলেছিলেন', বলছেন িবেকানন্দ, 'ভূই কাঁথে করে আমাকে যেখানে নিয়ে যাবি আমি দেখানেই যাব, দেখানেই 'খাকব-। তা পাছতলাই কি আর কুঁড়েঘরই কি। বা রাজপ্রাসাদই কি।'

জগং বা ইছে বলুক, আমার কর্তব্য কাজ করে যাব এই হছে বারের ভলি। কে কি বলছে কে কি লিখছে কাগতে কে মাখা আমার। হতো বা প্রাল্যাদি বর্গা জিছা বা ভোজ্যাদে মহাং—মর্লে ব্যক্তব্য বস্থানা—এই সংক্ষে জাপ্রত হই।

নিন্দন্ত নীতিনিপূণা বদি বা ভরত লক্ষা: সমাবিশত পদ্ধতু বা ববেটা অভেব করণমন্ত শতাব্যন্তরে বা ভাবাৎ পথা প্রবিচলন্তি পদা ন বীরা: ঃ লোকে ছডিই কক্ষক বা নিন্দাই কক্ষক, সন্ধ্ৰী আপুন বা কিরেই আন, দেহপাত আৰু হোক বা শতবংসর পরেই হোক, বেন সত্যপথ এথকে অলিভ না হই :

(वनास्त्रेड्ड (महे मडालब) । । । । । । । । । विद्या वाद विद्यालय ।

উন্মূক পূৰ্বকে দৰ্শন করার শক্তি নাই বা থাক, প্রতিবিশ্বিত পূৰ্বকে বেশা কঠিন নর। মান্ত্রই দেই প্রতিবিশ্বিত ঈবর। মান্ত্রের মধ্যেই ব্রেই সচ্চিদানন্দ ব্রহ্মকে নিশ্চর করো।

## 85

দেশতে-দেশতে পাঁচলো টালা টাদা উঠে পেল। স্বামীজির স্কুক্তদের স্থানন্দ আর ধরে না। এবার বিশ্লে গিরে হিন্দুধর্মের উদার পতাকা উড়িয়ে দিয়ে এস।

কিন্ত এ কি আমি শুধু নিজের খেরাল মেটাবার জন্তে চলেছি ? নাকি ঈশ্বরের কোনো নির্দেশ আছে প্রচ্ছর । কিজানার ছলভে নাগল স্বামীক।

মা গো, ভোর কি ইচ্ছে ভাই বল। তৃইই তো কর্মী, কাররিরী, করণগুণময়ী, কর্মহেতৃত্বরূপা। ভোর হাতে আমি ভো কলের প্রক্রমাত্র। বল ভোর কি ইচ্ছে । যাব, না, যাব না ।

বারা চাঁলা সংগ্রহ করছিল ভাদের ডাকল স্বামীজি। বললে, "যা টাকা যোগাড় হয়েছে ভা গরিবদের মধ্যে বিলিয়ে দাও।"

'त्र कि कथा ?' त्रवाहे खवाक मानल: 'शायन ना विष्तरम ?'

'মার কি অভিসাব তা না জানবার আগে বাঁপে দেব না অভ্যকারে।' বসলে সামীজি।

কে মা ? বিনি জপজননী মহামায়া ভিনি ?

হাাঁ, ভিনিই ভো। ভিনিই ভো মর্ভ্যের খরে সারণামণি। শ্রীরামকৃষ্ণের অভেদখর শিশী। ালাদা, জ্যান্ত স্থূৰ্গাপুৰা দেখাব, তবে আমার নাম। শিবামন্দকে

চিটি লিখছেন বিবেকানন্দ : 'মায়ের কথা মনে পড়লে সময়-সময় বলি,
কো রাম: দাদা, ঐ যে বলছি ঐধানেই আমার গোঁড়ামি।
রামকৃষ্ণ পর্মহংস ঈশ্বর ছিলেন কি মানুষ ছিলেন—যা হয় বল দাদা,
কিন্তু যার মায়ের উপর ভক্তি নেই তাকে ধিকার দিও।'

প্রীঞ্জীমাকে চিঠি লিখল স্বামীজ। মাপো, বিদেশে বেভে চাই, ভূমি কি বলো ?

প্রীপ্রীমা বলছেন আপন মনে: 'নরেন বলেছিল, মা, আমার আক্রমাল সব উড়ে যাকে। সব দেখছি উড়ে যায়। আমি বললুম, দেখো, আমাকে কিন্তু উড়িয়ে দিও না। নরেন বললে, মা, ভোমাকে উড়িয়ে দিলে থাকি কোথায়? যে আনে গুলুপাদপদ্ম উড়িয়ে দের সে ভো অজ্ঞান। গুলুপাদপদ্ম উড়িয়ে দিলে জ্ঞান দাড়ায় কোথায়? আফি বললুম, আন হলে? নরেন বললে, জ্ঞান হলে ঈশ্বর-টিশ্বর সব উড়ে যায়। মা, মা—শেবে দেখে মা আমার জগৎ কুড়ে। সব ভবন এক হয়ে দাড়ায়। এই ভো লোজা কথা।'

'মাতৃভাবই সাধনার শেষ কথা।' বলেছেন ঠাকুর।

'জগতে মায়ের স্থান সকলের উপরে।' বলেছেন বিবেকানন্দ, 'এই অবস্থায়ই মান্নুয আয়ন্ত করতে পারে চরম নিঃস্বার্থপরতা। শুধু আয়ন্ত করতেই পারে না, পারে প্রকাশ করতে।'

মাকে প্রথম দেখার দিনটি মনে পড়ে।

ঠাকুর বললেন খ্রীমাকে, 'আমার নরেনকে তো দেখনি —'

'কি করে দেখব ?' বললেন জীমা, 'আমি কি ছেলেদের সামনে' বেরুই ?'

্রনা, ভূষি দেখো। কি স্থন্সর ভার চোথ ছটি।

জ্ঞীমা চোধ নত করলেন। পদ্মপদাশনেত্রকে কি করে দেখি যদি ভূমি না দেখাও।

্ৰিক একটা জিনিস আনতে ঠাকুর নরেনকে পাঠালেন নহবং-খানার। 'বা ডো জিনিসটা চেরে নিয়ে আয় ছো।' 'কার কাছে চাইব ?' নরেন এদিক ওদিক ডাকাডে লাগল। 'কার কাছে আবার। ভোর মার কাছে।'

দরমা দিরে খেরা নহবংখানার খাঁচার বাইরে দাঁড়াল নরেন.। ভাকল, 'মা আমি এসেছি।'

করুণামরী বেড়ার ফাঁকে রাখলেন তাঁর চোখ। দেখলেন কি বৃহৎ উজ্জ্বল ও অচছ সেই চোখ। ছুই চোখ নয় যেন তিন চোখ একসলে।

কুমারী পৃক্ষা করার সময় স্বামীজি একবার রক্তচন্দন তার কপালে পরিয়ে দিরেছিল। শিউরে উঠে বলেছিল, 'আহা, দেবীর তৃতীর নয়নে আঘাত দিয়ে ফেললুম—'

ভূতীয় নয়নেই তৃতীয় নয়নকে দেখ।

নরেন দক্ষিণেশ্বরে এলে ঠাকুর বলতেন গ্রীমাকে, নরেন আৰু এখানে থাকবে, শ্রীমা তখুনি নরেনের জ্বস্তে ময়দা ঠাসতে বসতেন আর চড়িয়ে দিতেন ছোলার ডাল। মোটা-ক্লোটা রুটি আর ছোলার ডালই যে নরেনের পছন্দ এ কে না জানে।

'মা আমার জর করে দাও।' মঠে যেবার প্রথম ত্র্গাপ্জা হয়, লোকে লোকারণ্য, হাজার কাজের ব্যক্তি, হঠাৎ নরেন এসে বললে মাকে।

সঙ্গে-সঙ্গেই হাড় কাঁপিয়ে জর এল নরেনের।

'ওমা, এ কি হল ?' জীমা ব্যস্ত হয়ে উঠলেন : 'এখন কি হবে ? 'কোনো ভয় নেই মা।' বললে নরেন। 'আমি সেধে জর নিলুম। ছেলেগুলো প্রাণপণ করে খাটছে, তরু কোথায় কি ক্রটি হবে আর আমি রেগে যাব, বকব, চাইকি ছটো থাপ্লড়ই বা দিয়ে বসব। তখন ওদেরও কট্ট, আমারও কট্ট। ডাই ভাবলুম, কাজ কি, থাকি কিছুক্ষণ জরে বেছঁস হয়ে।'

কাজকর্ম চুকে আসতেই মা বললেন, 'ও নরেন, এখন ভাহলে ওঠা'

'হাঁা মা, এবার উঠি।' নরেন পাশ ফিরল।

'करे, छेंठल ना?'

'এই উঠে বসলুম।' সুস্থ হরে বেমন-তেমন উঠে বসল নরেন।

. সেবার পৃজার সঙ্কর মারের নামে হয়েছিল। নরেন বললে,
'আমরা তো কপনিধারী, আমাদের নামে হবে না।' মারের হাড
দিয়ে পঁটিশ টাকা প্রশামী দেওরাল ভন্তধারককে। চৌদ্দশ টাকা
খরচ করলে।

'সব সময়ে জপধ্যান করতে পারে ক'জন ?' বলছেন শ্রীমা, 'মনটাকে বিসিয়ে আলগা না দিয়ে কাজ করা ঢের ভালো। মন আলগা পেলেই যভ গোল বাধায়। নরেন আমার ঐ সব দেখেই ভো নিছামকর্মের পত্তন করলে।'

নিকাম কর্মবোগে কলনাশের ভয় নেই যেহেতু কলকামনাই নেই।
কাম্যকর্মেই বিশ্ব। নিকামকর্ম বিশ্বহীন। স্বল্লমপ্যস্য ধর্মস্য আয়তে
মহতো ভয়াং। এর অল্ল আচরণও সংসাররূপ মহং ভয় থেকে ত্রাণ
করে। নিকামকর্মে অথও চিত্তগুজি। কর্তৃ ধবুজির নাশেই চিত্তগুজি।
কর্তৃ ধবুজিই বন্ধন। চিত্তগুজিতেই চিরস্তন প্রসন্ধতা। তাই ব্রাক্ষী
স্থিতি।

'নরেন হল ঠাকুরের হাডের যন্ত্র।' বলছেন শ্রীমা, 'ডিনি তাকে দিয়ে তাঁর কাজ করাবেন বলেই তাকে দিয়ে লেখাছেন, বলাছেন। নরেন যা লিখছে যা বলছে, শ্বুব সত্যি, কালে সব হবে।'

বেলুড়ে গলাতীরে নীলাম্বর মুখুজ্জের বাড়িতে আছেন তথন শ্রীমা।
পূর্ণিমার রাড। নদীর ঘাটে বসে আনিমেষে তাকিরে আছেন জলের
দিকে। হঠাৎ দেখতে পেলেন পিছন থেকে কে এসে ঘাটের সিঁড়ি
বেরে নামছে ক্রেভ পারে। সর্বাল শিউরে উঠল শ্রীমার। একি ?
এ যে ঠাকুর।

গঙ্গায় নেমে গেলেন, ডুবে গেলেন, মিশে গেলেন ঞীরামকৃষ্ণ।
আরো আছে বিশার। দেখতে পেলেন পাড়ে বছ লোকের
জনতা হরেছে। আর তাদের মধ্যে নরেন।

नरवन कि कवरका? इंशांख करत शकांबन निरंत राहे बनजात

মধ্যে ছিটিরে দিছে। আর মুধে মন্ত্র বলছে জীরামকৃষ্ণ। বার গারেই সেই মন্ত্রপৃত জল পড়ছে সেই পাছে সন্ত মুক্তি।

ঠাকুরের দেহত্যাগের পর কামারপুকুরে আছেন তখন জীমা, মনে একটু বা ক্ষোভ, এখানে গঙ্গা নেই। নাই থাক, হেঁটেই চলে যাবেন কলকাতা, এমনি ভাবছেন মনে-মনে, হঠাৎ দেখতে পেলেন সামনের রাস্তা দিয়ে ঠাকুর চলেছেন। একা নয়, তাঁর পিছু-পিছু নরেন আর রাখাল আর বার্রাম।

এ কি ! রাস্তা কই ? এ যে নদী ! ঠাকুরের পাদপদ্ম থেকে অনর্গল জলপ্রোত বেরুছে, সে প্রোত ঢেউ তুলে সবেগে ছুটছে সামনে । পথঘাটের চিহ্ন নেই, শুধু জলতরঙ্গ।

'দেখছি, ইনিই সব। এঁর পাদপদ্ম থেকেই গঙ্গা।' উল্লাসে কথা কয়ে উঠপেন। রঘুবীরের ঘরের কাছ থেকে মুঠো মুঠো জবাফুল ছিঁড়ে এনে গঙ্গায় দিতে লাগলেন পুস্পাঞ্জল।

যেখানেই জীরামকৃষ্ণ সেখানেই গঙ্গা, সেখানেই বারাণসী।

কত বড় বিশ্বাস তাঁর নরেনের উপর। ইরেন নিজের গোঁতে চলত, নিজের মতে কাজ করত, কিছু বলতেননা। বাহ্ম সমাজের সভ্য হয়েছিল নরেন, সমাজে তার অবাধ যাতায়াত। সেধানে মেয়েরাও যায় বলে ঠাকুরের মনঃপৃত নয়, মেয়েদের সামনে রেখে কি ধ্যান জ্বমে? কিন্তু আশ্চর্য, নরেনকে কিছু বলতেন না। বরং বলতেন চুপিচুপি, 'তুই যাস যাস রাখালকে যেন বালসনি। রাখলকে বললে ওরও যেতে ইচ্ছে হবে।'

তার মানে নরেনের মনের জোর বেশি।নরেন বেশি নির্ভরযোগ্য।
নরেন গান গাইছিল তানপুরা বাজিয়ে: নিরখি নিরখি অফুদিন
ধোরা ভূবিব রূপসাগরে। গান শুনতে শুনতে ঠাকুরের সমাধি হল।
উন্নত দেহে পূর্ব-আশু হয়ে বলে আছেন করজোড়ে। সমাধি দেখে
তানপুরা ফেলে নরেন চলে গেল বারান্দার। সমাধিভলের পর ঠাকুর
তাকালেন ব্যাকুল হয়ে, এক ঘর লোক কিছ নরেন নেই। শৃক্ত
তানপুরা পড়ে আছে।

স্বাই উৎসুক হয়ে উঠল : কোণায় নরেন ?

ঠাকুর বললেন, 'ও এখন থাকল আর গেল। আগুন ছেলে দিক্নে গেছে।' নরেন সেই নিরিন্ধন বহ্ছি।

বলতেন, 'ওর ঘর বলে দিলে ও দেহ রাখবে না। ওকে আমি ভূলিয়ে রেখেছি। যথন প্রথম আসে তথন ওর বুকে হাত দিতে বেছঁস হয়ে গেল। চৈততা হলে কাঁদতে লাগল, ওগো, আমায় এমন করলে কেন? আমার যে বাবা আছে, মা আছে। আমি বললুম কেউ তাঁরা তোর নন, সব ঈশবের, আর তুই আমার।'

মান্টার মশাইকে বলছে নরেন, ঠাকুর কি নম কি নিরহস্তার। কি সর্বঢালা বিনয়। বলতে পারেন আমার কিসে বিনয় হয় ? বুঝি আমার ভিতরে অহঙ্কার আছে। আমি বড় হাঁকডেকে।

ঠাকুর বলতেন, 'এ অহং কার ? এ কার দেওয়া ?' বললেন মাস্টার মশাই : 'ঈশ্বরই ডোমার মধ্যে এ অহস্কারটুকু রেখে দিয়েছেন যাতে তুমি অনেক কাজ করো। যাতে পারো অনেক হাঁকডে— ভাকতে।'

'আমি বললুম আমাকে সমাধিস্থ করে দিন—' 'তিনি কি বললেন !'

'বললেন, সমাধি তো তৃচ্ছ কথা। তুই সমাধির পারে যান'

'ভার মানে ছাদে উঠে আবার সিঁড়িতে আনাগোনা কর। জ্ঞানের পর বিজ্ঞান নিয়ে কারবার কর। তুমি যাবে কোধায় ? ভোমার পরে যে ঠাকুরের সব ভার অর্পণ করা। তুমি যে ভাঁর আমমোক্তার।'

যখন আশার শেষ আলোটিও নিবে যাচ্ছে, ঠাকুর চলেছেন মহাযাত্রায়, শ্রীমা কাঁদতে লাগলেন। চোখ মেলে ভাকালেন ঠাকুর, বললেন, 'ভোমার ভাবনা কি ? ভোমার নরেনই ভো আছে। আমার বেমন করেছে ভোমারও ভেমনি করবে।'

মা যখন বাচ্ছেন রামেশরে, তখন রামনাদের রাজা লিখছেন তারু কর্মচারীদের, 'আমার গুরুর গুরু পরমগুরু বাচ্ছেন, ব্যবস্থার বেন এতটুকুও ক্রটি না হর।' রামেশ্বর তথন রামনাদের অধীন। রামনাদের রাজার গুরু বিবেকানন্দ।। আর বিবেকানন্দের গুরু গ্রীমা।

'যার ঠাকুরকে বিশ্বাস নেই, মায়ের উপর ভক্তি নেই', ব্রহ্মানন্দকে লিখছে স্বামীজি: 'তার ঘোড়ার ডিমও হবে না, শাদা বাঙলার বললুম, মনে রেখো।'

মাজান্ধ থেকে হারজাবাদে এল স্বামীজি। হারজাবাদের নবাব শ্রশিদ জা স্বামীজির ঈশ্বরব্যাখ্যার মৃদ্ধ হরে গেল। বললে, 'আমি আপনাকে এক হালার টাকা দিচ্ছি আপনার বিদেশ বাতার লাহাযো।'

স্থামী জি হাসল। বললে, 'এখনো সময় হয়নি। এখনো পাইনি মার ছকুম।'

গণ্যমাশ্য কত লোকের সঙ্গে দেখা হচ্ছে রোজ, কত রাজ্ঞা-রাজ্ঞড়া, কত উচু দাঁড়ের সরকারী কর্মচারী, কিন্তু এমন লোক তো কখনো দেখিনি হারজাবাদের সে এক অভ্নত যোগী, আলোকিক তার মনের ক্ষমতা। মন যা বলে তাই সে করে তুলতে পারে। ও ডালে ফুল ফুট্ক, ফুল ফুটে ওঠে। এ ভারি বস্তুটা নড়ে উঠুক, জিনিস অমনি নড়ে ওঠে। বৃষ্টি পড়ুক, অমনি বৃষ্টি পড়ে।

কিন্তু জর ছাড়ুক বললেই জর ছাড়ে কই ? স্বামীজি তখন এল যোগীর কাছে, দেখল যোগী তীত্র জরে শুরে আছে বিছানার। নিজের জর নামাতে পারো না কেমন তোমার মনোবল ?

ভাবৰানা এমনি, ভোমার জন্মে বসে আছি।

স্বামীজি বসল তার শ্যাপাশে। যোগী স্বামীজির একখানা হাত টেনে নিরে রাখল নিজের মাথার উপর। ধীরে ধীরে তপ্ত অর নেমে গেল শীতল হয়ে। কত দিনের রোগী উঠে বসল বিছানায়।

আমার মনের চেরেও ভোমার স্পর্শের শক্তি বেশি। আমি কি ছাই পারি, তুমি পারো লোহাকে কাঞ্চন করতে।

হারস্রাবাদেও টাকা ভোলবার হিড়িক পড়ে গেল। টাদার

দরকার কি, বেগম বাজারের মভিলাল শেঠ একাই দিয়ে দেকে সব টাকা।

স্বামীজি হাসল। বলল, 'ধনীর টাকা নেব না। যদি বিদেশে বাই ভারতের দরিজ সাধারণ মানুষের জন্তেই যাব। স্তরাং পাথের যদি তারা জ্টিয়ে দের তবেই যাওরা সম্ভব হবে। কিন্তু সর্বাত্রে মায়ের আদেশ।'

স্বপ্ন দেখলেন শ্রীমা। দেখলেন উত্তাল সমুজ, তার ঢেউয়ের উপর দিয়ে হেঁটে যাচ্ছেন ঠাকুর আর তাঁর পিছনে নরেন।

মারের সমস্ত ভর-ভাবনা দ্র হরে গেল। তক্ষ্নি চিঠির উত্তর দিলেন স্বামীজির। লিখলেন, মনে-প্রাণে আশীর্বাদ করছি, নির্ভরে চলে চাও বিদেশে।

কি আশ্চর্য, অনুরূপ স্বপ্ন দেখল স্বামীজি। চেউরের উপর দাঁড়িরে ঠাকুর তাকে ভাকছেন। সেই ডাকে সেও চলেছে ঠাকুরের পিছু-পিছু।

স্থ্রম ভাঙবার পর দেখল মার চিঠি এসেছে।

মহাবীর বেমন রামনাম করে লাফ দিয়েছিল, আমিও তেমনি মা ও ঠাকুরের নাম করে লাফ দিলাম।

আমি মায়ের ছেলে, আমাকে আর পার কে।

প্রশাসকরী কালীশন্তির অল্কে ঝাঁপিরে পড়ব। তিনি আমার অষ্ট পাশের গ্রন্থি মোচন করে দেবেন। ঘূণা লক্ষা ভর শকা জুগুলা কুল শীল আর জাতি এই অষ্ট পাশ। মারের জ্ঞান্ত ব্যাকুল হলে মা নিজে এসেই বন্ধন খুলে দিরে নিজের বুকে তুলে নেবেন।

'যাই যাই ভোর বাঁধন খুলে দিগে যাই---'

গোলোহনকালে বাছুরকে দড়ি দিয়ে দ্রে বেঁধে রাধা হয়েছে।
মাতৃজ্ঞ-বঞ্চিত হয়ে বাছুর আর্তনাদ করছে। সে কায়া শুনডে
পেয়েছে সায়দা, সাত বছরের বালিকা। কায়া শুনে প্রতিথনি কয়ে
উঠেছে, 'যাই যাই ডোর বাঁধন খুলে দিসে বাই।' ছুটে এসে খুলে
দিরেছে বাঁধন। ডেমনি আ্লারা অমৃতের সন্তান হয়েও অমৃত থেকে

ৰঞ্চিত হরে আছি, আছি সংসাররজ্বতে বাঁধা পড়ে। বনি পারি ভেমনি আর্তনাদ করতে, মা মা বলে ডাকতে, বালিকা জগতের মাতা ছুটে এসে তুলে নেবেন তাঁর মুক্ত অঙ্কে।

কালী অর্থ কালশক্তি। সর্বভাবের কলন বা সংহার করেন বলেই কালী। কাল স্থৈবের প্রতিমূর্তি, কালী পতির। আদলে স্থিতি আর গতি অভিন। কালাতীত সন্তায় নিয়ে যাবেন বলেই মা আমার কালীমূর্তি।

জকৃতিকৃতিলাওস্থা, করালবদনা, শুক্ষমাংসাতিভৈরবা, জিহবাললনভীষণা, নাদাপ্রিতদিল্পুখা। জীবছের সমস্ত সংস্কার বিলয় করবার
জল্ডেই মারের এই সংহারমৃতি। এই মৃতি ধরেছেন ডোমাকে তাঁর
কোলের মধ্যে টেনে নেবেন বলে। আগলে ভিনি শ্রামা, মেছরকোমলা, পীয্যস্থানিরী। কালক্ষালের ব্রিচে করুণার নির্ধরারা।
ভার মাত্রাবিহীন মিত্রভা। জ্ঞানাধিদেবী চিদানন্দলভিকা।

আর আমার দোষ কি, কষ্ট কি। মা-ই ভবান্ধিকট্টহারিণী, সর্বদোষবিদ্যাভিকা।

80

অভিন্নচক্তে দেখ। সমত্ত্বজি অবসম্বন করো। যে সর্বভূতে আমাকে ভজনা করে সে যে অবস্থাতেই থাকুক আমাতেই অবস্থিত থাকে। গীতার অর্জুনকে বস্থানে শ্রীকৃষ্ণ।

ভাগবতেও সেই কথা। বলছেন ঐকিক। আমি সর্বভ্তে ভূডাত্মস্বরূপে অবস্থিত। তবু আমাকে অবজ্ঞা করে মামুবকে অবজ্ঞা করে যে শুধু প্রতিমার পূজা করে তার আরাধনা বিভূমনামাত্র। তার ভক্ষনা ভন্মে গৃতাহুতি। কিন্তু আমি সর্বমামুবে আছি জেনে যে সমান মৈত্রীর দৃষ্টিতে সকলকে দেখে, দান-মান দিয়ে অর্চনা করে আমি তারই পূজা গ্রহণ করি। জীবে প্রেম হলেই ভগবানে ভক্তি।

কিন্ত জীবে প্রেম অসম্ভব যতক্ষণ স্বার্থ প্রতাপান্বিত। স্বার্ণত্যাপ ছাড়া জীবে প্রেম নেই। জীবে প্রীতি ছাড়া ভক্তি নেই ঈশ্বরে। তাই ভালোবাসাই ভগবান।

কি ভালো ভূমি বাসবে কি করে যতক্ষণ তোমার আমিছ-মমছ থাকে। স্বতরাং স্বার্থের উচ্ছেদই সমন্ব্রদ্ধির ভিত্তি।

তাই কেউই পর নয়, সকলেই পরম। সমস্ত বিশ্বই বিষ্ণুর বিস্তার। পুত্রকে পুত্রের জন্মে ভালোবাসি না আত্মার জন্মে ভালোবাসি। বন্ধুকে বন্ধুর জন্মে ভালোবাসি না আত্মার জন্মে ভালোবাসি। নিজেকে ভালোবাসি বলেই অস্তকে ভালোবাসা। তাই আপনও যা পরও তাই। সবই সেই একের পূর্ণতা। খণ্ডও যে সমগ্রও সে।

হিরণ্যকশিপু জিগগেস করল প্রহলাদকে, 'শক্রুর সঙ্গে রাজার কি রকম ব্যবহার করা উচিত ?'

প্রহলাদ বললে, 'শক্ত ? শক্ত কে ? সকলই বিফ্নায়। শক্তমিত্রের ভেদ কোথায় ?'

হে অর্জুন, সুখই হোক আর ছঃখই হোক যে আত্মসাদৃশ্যে সর্বত্ত সমদর্শী সেই যোগীই সর্বজ্ঞেষ্ঠ।

তাই স্বামীজি যে আমেরিকা যাছে বিদেশে যাছে না, যাজে যিনি চরাচর নিখিলে প্রাণরূপে প্রকাশমান সেই আরেক প্রাণলোকে। বিশ্ববিধাতার খেকে পরিচরপত্র নিয়ে গাঁড়াবে সমুদর মায়ুবের সামনে। এবা দেবো বিশ্বকর্মা মহাত্মা সদা জনানাং হাদরে সন্নিবিষ্ট:। যে মহান আত্মা বিশ্বকর্মা জনগণের হাদরে সমাসীন তিনি আমার হাদরে জাগ্রত, উদবোধিত। তাই সেই অধিকারে এসেছি তোমাদের কাছে। যে নিখিলেশ্বরকে জেনেছে সেই সকলকে অবাধে আহ্বান করবার অধিকারী।

থাৰার সব ঠিক ঠাক, খেডড়ির রাজার প্রাইভেট সেক্রেটারি এসে উপস্থিত। কৰে ছ'বছর আগে খেতড়ির রাজাকে আশীর্বাদ করেছিল ।
নামীজি, ভোমার ছেলে হবে, ডাই এখন ফলেছে নাকি সেই
নাশীর্বাদ। সন্দেহ কি, স্বামীজির জন্মেই নিঃসন্তানের পুত্রলাভ
টিছে, স্বতরাং সেই শিশুর জন্মোৎসবে যাওয়া চাই স্বামীজির।
হোরাজা অনেক করে বলে দিয়েছেন।

'কিন্তু, অসম্ভব, একতিশে মে আমি রওনা হচ্ছি আমেরিকা।' প্রতিবাদ করল খামীজি।

জগমোহনলাল, রাজার সেক্রেটারি, ছাড়বার পাত্র নর। বললে, 'আপনি না গেলে উৎসব মান হয়ে যাবে, রাজা মন:কুর হবেন।'

'বলেন কি, আমার গোছগাছ এখনো বাকি।'

'তা হোক, সব ব্যবস্থা করে দেবেন মহারাজা। অস্তত একদিনের জন্মেও চলুন।'

সেই আন্তরিকভার আভিশয্য এড়াতে পাষ্ক্রল না স্বামী **জি।** বললে, 'চলো, কিন্তু একদিন।'

সে কি বিপুল সংবর্ধনা। সমস্ত নগর আলোকে-আনন্দে ইন্দ্রপুরী হয়ে উঠেছে। নৃত্যগীতবাত উদ্বেশিত চারদিকে। কিসের উৎসব আজ । মহারাজের পুত্র হয়েছে তার জতে। না, মহারাজের গুরুজি এসেছেন তার জতে।

প্রাসাদের সিংহছারে দাঁড়াল এসে গাড়ি। প্রথবীরা খাপের ধেকে তলোরার তুলে অভিবাদন করলে একযোগে। রাজা কোথার ? খবর পেরে রাজা ছুটে এসে যামীজির পারের উপর লুটিয়ে পড়ল। স্বামীজি তুলল তার হাত ধরে।

রাজ্যভাগৃহে নিরে যাওয়া হল স্থামীজিকে। চারদিকে স্থাড়িশ্বিক্ষাভাদের ভিড়। স্বাই উঠে নতশিরে প্রণাম করল। সাল্ডার সিংহাসনে বসানো হল স্থামীজিকে। একে-একে সকলের সলে পরিচর করে দিল রাজা।

नवर्कतः वर् পतिका हैनि दिनाश्चर्मती हैनिहे शुक्रदाश्चम।

বেমন সর্বসংকরসন্মাসী ডেমনি নিম্নডকর্মী। সম্প্রতি চলেছেন পশ্চিমে। ভারতবর্ষের সনাতন হিন্দুধর্মের প্রচারে।

যুদ্ধ ও যোগ এই ভারতবর্ষের সার কথা। যুদ্ধও করো ও যোগীও হও—এই গীতার মর্মবাণী। যিনি সর্বলোকমহেশ্বর সর্বভূতের স্ফল তিনি আবার সমস্ত বিষয়কর্মের ভোক্তা। স্তরাং জীবন্মুক্ত হয়ে কর্ম করো। সেই কর্মই জ্ঞানীর কর্ম। আর জ্ঞান হলেই ঈশ্বরে অনন্তা। ভক্তি।

শিশু রাজকুমারকে আনা হল। তার মাধায় হাত রেখে স্বস্তি-বচন উচ্চারণ করল স্বামীজি।

এবার ভবে যেতে হয় বম্বে।

'সেখানে কি ?'

'সেৰান থেকেই আমার জাহাল ছাড়বে।'

চলুন আপনাকে জয়পুর পর্যস্ত পৌছে দিয়ে আসি।' রাজা ব্যস্ত<sup>্</sup> হয়ে উঠলেন।

'কেন জয়পুর কেন ?'

'জরপুরই আমার রাজ্যের শেষসীমা।' বললেন রাজা। 'অতিথিকে বিদার দিতে হলে রাজ্যের শেষসীমা পর্যস্ত যাওরা উচিত।'

রাজাকে নিরস্ত করা গেল না। ঈশরের ইচ্ছার বিরদ্ধে দাঁড়াই এমন আমার সাধ্য কি, আপনি যান সমুজপারে, কিন্ত ঈশর জানেন আপনাকে ছেড়ে দিতে বুক বিদীর্ণ হয়ে যাচ্ছে। রাজার ছই চোধ ছলছল করে উঠল।

শ্বরং জরপুর পর্যস্ত পৌছে দিলেন। জগমোহনলালকে বললেন,. একেবারে বন্ধে গিয়ে তুলে দিয়ে এস জাহাজে। এই নাও টাকা,. যা লাগে যত লাগে। সব বন্দোবস্ত পাকা করে দিয়ে এস।

জরপুরে রাজপ্রাসাদে এক প্রকোষ্ঠে রাত্রে বিশ্রাম করছে।

খামীজি, পাশেই দরবারকক্ষে মহারাজার নৃত্যসভা বসেছে। বীপা

বাজিরে গান গাইছে নাচওয়ালী। মহারাজ খামীজিকে খবর পাঠালেন, একবারটি আহুন, গান শুনে যান। বামীকি উত্তর পাঠাল: 'আমি সন্থাসী, আমার অভিকৃষ্টি নেই।' পারিকা মর্মাহত হল। এ বৃঝি তাকেই প্রত্যাখ্যান, বেহেতু সে হের, পদ্ধ-কলকে তার বসবাস। মনে হৃঃধ হল, কঠে এল সেই নত্রঃ আকৃতি। গান ধরল নর্তকী:

'প্রভূ মেরো অওগুণ চিত না ধরো সমদরশী হার নাম তুমারো। এক লোহ পৃক্ষামে রহত হৈ এক রহে ব্যাধ ঘর পরো। পারশকে মন দ্বিধা নাহি হোয় ছাঁতু এক কাঞ্চন করো।'

প্রভু, আমার দোষ ধরো না। তুমি তো স্কাদর্শী। স্পর্শমণির অন্তর বিধাহীন, সে সব লোহাকেই সোনা করে সে প্রভার স্বরের অন্তই হোক বা ব্যাধের হাতের খড়াই হোক বা তা হলে আমাকে তুমি কেন কুপা করবে না । আমি কলছী বলে জুমি কেন কুপণ হবে ।

বৈষ্ণবসাধু সুরদাসের গান। রাতের হাওঁয়ায় সে করুণ সুর স্থামীজির কানে গেল। এ আমি কাকে পরিষ্ঠাগ করতে চেয়েছি ? এ গায়িকাও কি ঈশরের প্রতিচ্ছায়া নয় ? আমার এখনো ভেদাভেদ ? আমি সন্থাসী আর ও পতিতা ? এই আমার সর্বভূতে ব্রহ্মামুভূতি ? স্থামীজি দাঁড়াল এসে দর্বার কক্ষে। প্রশামে লুঠিত হল নর্তকী। স্থামীজি আশীর্বাদ করে বিদায় নিল।

রাত্রে আবু রোড স্টেশনে নেমে পড়ল স্বামীক্সি। নিবিড় পর্বত-পুঞ্জের মধ্যে যেন কোন গৃঢ়গহনের শুনতে পেল সম্ভাষণ।

একটি রেলকর্মচারীর সঙ্গে আলাপ ছিল, রাত্রে ডার ওবানে গিয়ে উঠল। কোথার রাজার বিলাসপুরী আর কোথার রেলকেরানীর কোরার্টার। উপল ও উৎপল ছুইই স্বামীজির কাছে এক।

পরদিন সকালে ছই পদত্রকী সন্মাসীকে দেখতে পেল পথে। কড-সাধু চলেছে তীর্থভ্রমণে ভার ঠিক কি। সন্নাসীরা ভাকাল পিছন ফিরে। এ কে গৈরিকের দীপ্তশিখা। হাতে ভেলোকত লাঠি। চলেছে উদাসীনের মত, আবৃত্তি করছে সংস্কৃত প্লোক। সে প্লোকের তাংপর্য হচ্ছে অহন্ধার আর অলন্ধার, গৌরব আর প্রতিষ্ঠা—সমস্তই ভন্মমৃত্তি। কি হবে আমার বর্ণেরোপ্যে, কার্ছে-লোট্রে, বসনে-ভ্যণে, কারণে-উপকরণে? ভূপীভূত জড়ের জঞ্চালে? খেতড়ির রাজপ্রাসাদ আমাকে কি দেবে, পাশ্চাত্য ভূখওই বা আমাকে কি দেবে যে জিনিস ধুলো হয়ে যাবে তার ধুলো ঝেড়ে দিন কাটাতে আমি প্রস্তুত নই। আমি প্রতিষ্ঠা চাই না, সম্মান চাইনা, সিংহাসন চাইনা, সমস্ত ঘটনাপুঞ্জের মধ্যে যিনি মৃলশক্তি তাঁকে চাই।

আরে, একি রাখাল যে। আর তুমি হরি ? স্বামী ব্রহ্মানন্দ আর স্বামী তুরীয়ানন্দ।

ছুইজনকেই প্রণাম করল স্বামীজি। বললে, 'জানিস রাজা, ভামেরিকা যাচিছ।'

উৎসাহে কেটে পড়ছে। নিজের বুকের দিকে আঙ্গ দেখিরে বলহে, 'দেখছিস কি ? এই এঁরই জন্মে এ সব হচ্ছে।'

'मिथि आद्रा कछ इत्।' वलाल ताथानताका।

'নেতে যাবে, মেতে যাবে—চারিদিকে শুধু ঠাকুরের নাম আর ঠাকুরের প্রেম।'

'আমাদের জাতের কোনো ভরসা নেই। কোনো একটা স্বাধীন
চিন্তা কারু মাথার আসে না।' আমেরিকা থেকে চিঠি লিখছেন
বিবেকানন্দ: 'সেই ছেঁড়া কাঁথা সকলে পড়ে টানাটানি—রামকৃষ্ণ
পরমহংস এমন ছিলেন তেমন ছিলেন; আর আযাঢ়ে গল্পি—গল্পির
আর সীমাসীমান্ত নেই। হরে হরে, বলি একটা কিছু করে দেখাও
যে ভোমরা কিছু অসাধারণ—খালি পাগলামি! আজ ঘণ্টা হল, কাল
ভার উপর ভেঁপু হল, পরগুভার উপর চামর হল, আজ খাট হল, কাল
খাটের ঠ্যান্ডে কপো বাঁধানো হল—আর লোকে বিচুড়ি খেলে আর
লোকের কাছে আযাঢ়ে গল্প হ'হাজার মারা হল—একেই ইংরেজিভে

ইমবেসিলিটি বলে। দণ্টা ভাইনে বাজাবে না বাঁরে, চলনের টিপা মাধার কি কোথার পরা বার—পিদিন ছ'বার স্থরবে না চারবার—ঐ নিরে বাদের মাথা খামাতে চায়, তাদেরই নাম হতভাগা, আর ঐ বৃদ্ধিতই আমরা লক্ষীছাড়া ভ্তোখেকো—আর এরা ত্রিভূবনবিজয়ী। কুড়েমিতে আর বৈরাগ্যে আকাশ-পাতাল তফাং।'

ভূরীয়ানন্দ স্বামীকে কাছে টেনেনিল স্বামীজি। বললে, 'হরি ভাই, ভোমাদের ধর্ম কি জিনিস আমাকে বলভে পারো ? আমি ভো চারদিকে কেবল হংখই দেখতে পাচ্ছি, অপার অনপনের হংখ।' বলভে-বলভে স্বামীজির বিশাল চকু থেকে বড়-বড় জলের কোঁটা পড়ভে লাগল। নিজের বুকের উপর হাত রেখে বললে, 'সমগ্র মাহুবের হংখ যেন এই বুকের মধ্যে এসে বাসা নিয়েছে। হাদর ভাই বিস্তীর্ণ হয়েছে, দূরভম দীনভম মাহুযের হুংখও যেন আমারও হংখ। কে বোঝে আমার এই হংখের কথা? কেট না কেউ না। শিশুর মভ কাঁদতে লাগল স্বামীজি।

একটি বাঙালি ভজলোকের সঙ্গে গল্প হচ্ছে ট্রেনের কামরার।
এমন সমর খেতাঙ্গ এক টিকিট-কলেক্টর উঠে টিকিট দেখতে চাইল।
ভজলোক বললে, টিকিট নেই। তবে এই কামরাতে বদে আছো
কোন অধিকারে? ভজলোক বললে, গাড়ি স্টেশনে থেমে আছে,
আমি তাই উঠে বদেছি। গাড়ি না ছাড়া পর্যন্ত আমি যাত্রী নই।

'নেমে যান বলছি।'

'কোন আইনে ?'

এই নিয়ে শুরু হল তর্ক। ক্রমে বিতশু, প্রায় হাতাহাতির কাছাকাছি।

স্বামীজি এল মধ্যস্থতা করতে। বললে, 'আমাকে দেখে আমারঃ সঙ্গে কথা কইতে উঠেছে। গাড়ি ছাড়বার ঘণ্টা দিলেই নেমে বাবে।'

'ভূম কাহে ৰাভ করভে হো ?' শেভাঙ্গ টিকিট-কলেটার ছমকে: উঠল। 'ভূম বলছ কাকে ?' পালটা গৰ্জন করে উঠল স্বান্ধীকি : 'ভক্জা «শেখনি ? আপ্ বলতে জানো না ?'

স্বামীক্ষির ক্রুদ্ধ মৃতি দেখে কুঁকড়ে গেল সাহেব। ভেবেছিল সামান্ত ভেকধারী কিন্তু এ যে দেখছি কেশরকোলানো সিংহ।

সাহেব বললে, 'আমি হিন্দি ছালো জানি না কিনা! কিন্ধ ঐ ·লোকটা—' এবার ইংরেজিতে বলল সাহেব।

'ঐ লোকটা ?' স্বামীজি আবার ধমকে উঠল: 'ইংরিজিও ভালো জানো না দেখেছি। লোক না বলে ভজলোক বলতে পারো না ?'

গুটিগুটি নেমে গেল সাহেব।

জগমোহনকে বললে স্বামীজি, 'অপ্রতিবাদে নেব না কখনো অপমান। আত্মর্যাদাকে সব সময়েই অক্স্প্র রাখতেহবে। প্রাধীনভার নাগপাশ এমনি করেই মোচন হবে।'

গাড়ি ছেড়ে দিল। জানলা দিয়ে মুখ বের করে গুনগুন করে আবৃত্তি করতে লাগল আমীজি: 'রামং চিন্তয় চিত্তবর্বর চিরং চিন্তালতৈ: কিং ফলং।' রে বর্বরচিন্ত, সর্বদা রামকে চিন্তা করো, অক্ত শত শত চিন্তাতে কি ফল ? মুখ, সর্বদা রামনাম করো, বহু অনর্থক কথায় কি ফল ? কর্ণ, রামচন্দ্রচরিত শ্রবণ করো, গীতবাত শুনে কি হবে ? চক্লু, সকল জিনিস রামময় দেখ, রাম ছাড়া আর সব কিছু ত্যাগ করো। চক্লুন্তং রামময়ং নিরীক্ষ সকলং রামাৎ পরং ত্যজ্যতাম।

নাভাগের পুত্র অম্বরীষ। সপ্তরীপা পৃথীর অধিপতি, কিন্তু ভগবানে ভক্তি ছাড়া আর তার কোনোধন নেই। আর যা সব তার পার্ষিব বিবয়, সমস্ত মৃংপিণ্ডের মত অসার, স্বপ্নের মত মিথা।

শ্রীহরির আরাধনার সহংসর দাদশীত্রত অমুষ্ঠান করছেন অম্বরীষ।
ত্রতশেষে ত্রিরাত্রি উপবাসে থেকে যমুনার স্নান করে মধুবনে প্রীহরির
ক্রিনা শুরু করকেন। ত্রভপারশের উপক্রম করছেন, চুর্বাসা এসে
উপস্থিত। মহাভাগ অভিথিকে অভ্যর্থনা করে ভোজনে ছাম্মাণ

করলেন। ছ্র্বাসা গেল নদীতে স্থান করতে, কিছু আর ক্ষের্বার নাম নেই। বাদশী অভিক্রান্ত হতে আর অর্থমূহূর্ত মাত্র বাকি আছে তবু ঋষি অমুপস্থিত। ঋষিকে অভ্কুরেখে কি করে পারণ সম্ভব, অথচ বামুদেবকে চিন্তা করতে-করতে বিন্দুমাত্র জল পান করলেন। আর সেই মুহূর্তেই ফিরল ছ্র্বাসা। অভিথিকে না দিয়ে নিজে আগে থেয়েছে এই জেনে ছ্র্বাসা ক্রোধে উন্মত্ত হয়ে উঠল। এই রাজ্যমন্ত স্পরদর্শিত রাজার গুইতা দেখ, আমন্ত্রণ করেও আমাকে অভ্কুরেখেছে। এর সমুচিত শিক্ষা না দিয়েছি তো কি। রোধে একটি জটা উৎপাদন করে এক কৃত্যা নির্মাণ করল, সেই কৃত্যা খড়গহস্তা হয়ে ধাবিত হল রাজার দিকে। অম্বরীষ পদমাত্রও বিচলিত হলেন না। স্থিরশান্ত হয়ে দাড়িয়ে রইলেন স্বস্থানে।

তখন কি হল ? বাসুদেবের স্থাপন চক্র এসে আবিভূ ত হল।
নিমেষে দক্ষ করল কুত্যাকে। শুধু তাই নয় ছুবাসাকে লক্ষ্য করল।
প্রাণভয়ে ছুটল ছুবাসা। যেদিকে ছোটে স্কেদিকেই চক্র, সাপকে
কোন তাড়া করেছে দাবাগ্নি। স্থামক পর্বতের গুহার দিকে ছুটল,
সোধানেও চক্রের আগমন। স্থালে জলে অন্তরীক্ষে কোথাও ছুবাসার
ত্যাণ নেই। এমনকি স্থর্গেও সেই ছাসহ-মুদর্শন।

ব্রন্ধার কাছে আশ্রয় চাইলে ত্র্বাসা। ব্রন্ধা বললে, বিফ্রর চক্রেকে নিরোধ করতে পারি আমার এমন শক্তি নেই। তারপর সেল শঙ্করের কাছে। শঙ্কর বললে, আমার কিছুই করণীয় নেই, ভূমি বিফ্রম শরণাপর হও। ত্র্বাসা বৈকৃষ্ঠে গিয়ে বাস্থদেবের শরণ নিল। বাস্থদেব বললে, আমি ভক্তপরাধীন, স্তরাং অম্বরীবের কাছে যাও। ভক্তই আমার প্রদম, আমিও প্রদম্ম ভক্তেরই। আমাকে ছাড়া তারা আর কিছু জানে না, আমিও তাঁদের ছাড়া আর কিছু জানি না। তোমার পরিত্রাতা তাই অম্বরীষ।

ছুৰ্বাসা হেঁট মুখে চলল অম্বরীবের সন্ধানে। অম্বরীবের কথার কক্রে শাস্ত হল। 88

বন্ধেতে আলাসিঙ্গা পেক্সমাল এসে হাজির।
'এ কি, কোখেকে ?' এগিরে গেল স্বামীজি।
'সটান মাজাজ থেকে।'
'কি মতলব ?'

'অতি সামাক্ত।' হাসিতে বিস্তৃত হল আলাসিকা: 'আপনাকে জাহাজে তুলে দিতে এসেছি।'

'একা জগমোহনই যথেষ্ট ছিল—যথেষ্টরও বেশি।' স্বামীক্ষি
বললে সসন্ত্রমে: 'জানো রাজপুতনার ও তাজিমি সর্দার। তাজিমি
সর্দারদের নাম জানো তো ? ওরা সভার-দরবারে গিয়ে দাঁড়ালে স্বয়ং
রাজাকেও উঠতে হয় আসন ছেড়ে। তারপর জানো তো, খেতড়ির
রাজার প্রাইভেট সেক্রেটারি। কিন্তু একবিন্দু জাঁক নেই শরীরে।
বৃষ্টির জলের মতই অনাড়ম্বর। এমন তার সেবা আর পরিচর্যা যে
লক্ষা হয় নিজের কাছে।'

বিদেশে বেতে এ লাগবে ও লাগবে কত জিনিস যে কিনে দিছে জগমোহন তার ইয়তা নেই। এখন বলছে আলখালা আর পাগজ়ি সিন্ধের হওরা চাই। তা যেমন-তেমন সিন্ধ নয়, একেবারে দামী প্রথম শ্রেণীর। তুমিও যেমন! সয়্যাসীর আবার ধড়াচ্ড়া কি— খামীজি আপত্তি করল—খানিকটা মোটা গেরুয়া কাপড় হলেই বথেষ্ট। তা কি হয়! 'রাজার মত সাজাব তোমাকে।' বললে জগমোহন: 'তুমি তো নিজের পক্ষে যাচ্ছ না, তুমি যাছ ভারতবর্ষের হয়ে। ভারতের জাগ্রতাত্মা হয়ে। তুমি তো দীন দরিন্দ্র সয়্যাসী নও, তুমি জ্যোভিষাং রবিরংশুমান, প্র্বিদগন্ত থেকে ভোমার নবীন উদয়, সেই বেশেই সাজবে তুমি।'

কৈন্ত কি নাম নিই। আগে ছিল সচিদানন্দ, বিবিদ্ধানন্দ, এখন মহারাজের কথায় বিবেকানন্দ!

মাজাজে বালাজী রাও-এর ছেলেটি মারা গেছে, খবর পেরে
মুবড়ে পড়ল স্বামীজি। ডাজার নাঞ্গু রাওকে সে সম্পর্কে লিখছে:
'প্রভূই দিয়ে থাকেন প্রভূই নিয়ে থাকেন, স্তরাং প্রভূরই জয় হোক।
আমরা শুখু জানি কিছুই নষ্ট হয় না, সবই নিট্ট থাকে, নিখুঁত থাকে।
বাই আস্ক না তাঁর কাছ থেকে শাস্ত মনে নিতে হবে মাথা পেতে।
সেনাপতি বদি সৈত্যকে কামানের মুখে যেতে বলে, সৈক্তের ভাতে
নালিশ করবার কিছু নেই। বালাজীকে বোলো আমরা নির্বিবাদে
মেনে নিয়েছি সে সেনাপতিত।'

বালান্ধীকেই লিখল সরাসরি: 'ভাই, দিনরাত তাঁর কাছে প্রার্থনা কোরো, আর বোলো, ভোমার ইচ্ছাই পূর্ণ হোক।

কোনো প্রশ্নে আমাদের নেই অর্থিকার। কান্ধ করো, করে মরো, এই হোর্ক সার।

ভাই, শোকার্তরাই ধক্ত, তারাই সাম্বন্ধ পাবে। তারাই সমীপবর্তী হবে প্রভ্রুর সিংহাসনের। দৃঢ়তা ও ইনির্ভরের সঙ্গে বলো, ওঁ শ্রীকৃষ্ণার্পণমস্ত। প্রভূ তোমার হাদয়ে শান্তি দিন এই দিবারাত্রি সচ্চিদানন্দের প্রার্থনা।'

'এ জগতের সব কিছুই মৃত্যতঃ সং।' বিহারীদাস দেশাইকে
লিখছে স্বামীজি: 'উপরের ঢেউ যে চেহারারই হোক, তার গভীরতম
দেশে শাশ্বত এক শান্তির ক্ষেত্র বিরাজমান। যতক্ষণ সেইখানে
পৌছুতে না পারছি ততক্ষণই অশান্তি, বিক্ষোভ-বিক্ষেপ। একবার
সেই শান্তিমগুলে পৌছুতে পারলে ঝগার তর্জনগর্জন কিছুই করতে
পারে না। পাষাণভিত্তির উপর প্রতিষ্ঠিত যে গৃহ তার গারে একটা
রেখাও পড়ে না।'

বিহারীদাসও শোক পেরেছে। ডাই লিখছে বামীজি: 'বে আঘাত আপনি পেরেছেন তা আপনাকে বিরাট সন্তারই কাছাকাছি নিরে যাক, যিনি এলোক ও ওলোক উভয় লোকেরই একমাত্র প্রেমাশ্পদ। আর তাহলেই আপনি ব্রুতে পারবেন, তিনিই সর্বত্র, সর্বকালে সর্বভূতান্তরাত্মরতেই তাঁর অধিষ্ঠান।'

ওরিরেন্ট কোম্পানির জাহাজ "পেনিনমুলার"-এ কার্ন্ট ক্লাশের টিকিট কাটা হরেছে। আলাসিকা আর জগমোহন স্বামীজিকে তুলে দিতে এল। সব ব্যবস্থা নিখুঁত। খেতড়ির মহারাজা কোধাও কাঁক রাখেননি।

১৮৯৩ সালের একত্রিশে মে স্বামীন্দির জাহাজ ছাড়ল।

কড পুরোনো কথা মনে পড়ছে এখন। বেশি করে মনে পড়ছে বরানগর মঠের কথা, গুরুভায়েদের কথা—কেকোথায় আছে নাজানি কোন বনে-পর্বতে ঘুরে বেড়াছে। যেখানেই যাক আর থাক, অন্তহীন রহস্ত যে ঈশ্বর তাকে পাবারই তাদের অনির্বাণ অরেষণ।

শুধু মেঝেছে বা একটা ছেঁড়া চ্যাটাইরে স্বাই পড়ে আছে।
মৃষ্টিভিক্ষা করে চাল নিয়ে এসেছে তাই সেই সেজ করে একটা
কাপড়ে ঢেলে স্বাই খাছে। কি দারুণ কৃছে । রাত্রে উতুন জেলে
একটা কেরোসিনের বাল্পের উপর বসে রুটি সেঁকা, হাঁড়ি মাজা, পুকুর
থেকে জল আনা। কিন্তু দারুণ ছঃখছর্দিব সন্ত্রেও পরস্পরের প্রতি
কি ভালোবাসা। কি অপার্থিব আকর্ষণ।

কারু থেকে একবিন্দু সাহায্য নেব না এই তথন পণ সকলের।
অনিকেত ও স্থিরমতি হয়ে থাকব। সাধু ও সাপ পরের গর্তে বাস
করে, নিজেদের জন্মে কোনো গৃহ নেই, আশ্রের নেই, আসজি নেই।
আমরাও তেমনি নিরাশী, নির্মম, জরশৃক্ষ।

হীরানন্দ এসেছে, সিন্ধু প্রদেশে হায়জাবাদে বাড়ি। প্রীরাম-কৃষ্ণের ভক্তেরা বরানগরে মঠ করেছে খবর পেরে খুঁজভে-খুঁজভে এসেছে এখানে। কেশব সেনের বাড়িভেই প্রথম দেখে ঠাকুরকে আর সেই থেকে ঠাকুরেই মনপ্রাণ।

जिशाशन करन, 'आभनामित हान कि करत ?'

'সকলে সৃষ্টি ভিক্তে করে নিয়ে আসে তাইতেই চলে যায় একয়কস।' বললে নরেন।

হীরানস্থ পকেট হাটকিরে দেখল ছ আনা পরসা আছে। বললে, 'এই পরসায় এবেলা চলুক।'

'না, না, পরসার দরকার নেই। এবেলার মত চাল আছে। আর আছে তেলাকুচো পাতা। তাই দিয়ে মুন লছা মিশিয়ে অপূর্ব ঝোল হবে। তুমি আজ থেকে যাও হীরানন্দ। জল খাবার কিন্তু একটিমাত্র ঘটি।'

লোভ সামলাতে পারল না হীরানন্দ। থেকে গেল সেবেলা।

ছ আনায় কি হবে ? বাজি নিরে নরেনের আবার মোকন্দমার খরচ। শরীরের উপর আবার মনের যন্ত্রণা। একদিকে ঈশর আরেকদিকে মা ভাই বোন। একদিকে মঠ আরেকদিকে মা ভাই বোনের মাথা গোঁজবার ঠাই। উভয় সঙ্কট। এই সংগ্রামে কে পারে নিরপেক্ষ থাকতে ? নরেন পারে।

কিন্তু টাকা কই ?

শরং আর শশী বললে, 'ভাই আমরা এক কাজ করি। আমরা গিয়ে স্থলের মাস্টারি নিই। যদি কিছু পাই মাইনেবাবদ তা বাবে না হয় আমাদের মামলার খরচে। কিছু সম্ভূত উপকারে আসতে পারি ভোমার।'

নরেন বললে, 'ভোরা আমার জন্মে প্রাণ দিতে পারিস তা কি আমি জানি না? আমার জন্মে টাকা রোজগার করতে যাবি এ পারব না সইতে।' বলেই হাঁক দিল যোগেনকে: 'ওরে যোগে, আমার ঠিকুজি দেখবি? কি আছে জানিস? তাত্রবর্ণ কেশ হবে, ভস্মাখা দেহ হবে, ছারে ছারে ভিক্ষে করে বেড়াব, আর —'

'আর ?'

'উন্মাদ হয়ে যাব। যা হবার হোকগে। মরণের যেন বড় ভয়-ভর রাধি।'

রাখালের বাপ হারান খোষ এদেছে সেবার মঠে। গুপ্ত মহারাজ, মানে সদানন্দ আমী তাঁকে খুব সম্মান করে বসাল। বললে, 'আপনার ছেলে তো সাধু হয়েছেন, আপনি কেন হন না ? 'ওরে বাবা', ভরে আঁতকে উঠলেন হারান, বললেন, 'আমি সাধু হব কি! আমি ঘোর বিভবশালী, আরাম-বিরামের ডিপো। আমাকে তেল মাখিরে দেবে কে? আমাকে তামাক সেকে দেবে কে? কে দেবে আমার গা টিপে? তারপর তোমাদের মন্ত এসব কচ্-বেঁচু খেতে পারব? বাবা, পালাই, চোখের উপর তোমাদের এই কষ্ট দেখতেও বুক ফেটে যায়।' তাড়াডাড়ি রওনা হলেন হারান খোব।

नवारे वनन, 'मांजान, এकটা গাড়ি ডাকিয়ে দি।'

'দরকার নেই, পারে হেঁটেই চলে যাব। ছেলের হালচালটা একটু দেখতে এসেছিলাম, এসে হালে আর পানি পাচ্ছি না। ভোমরা এভ কঠোর সাধনা করছ আর আমি সামাশ্য পথ পারে হেঁটে যেভে পারবনা ?'

তথন বরানগর বাজার থেকে গরানহাটার চৌমাথার গাড়িভাড়া এক আনা, আর যদি গাড়ির ছাদে বসে যাও, তা হলে তিন পরসা।

একদিন অমনি কোচবাক্সে চড়ে যাচ্ছে নরেন। খালি পা, ময়লা কাপড়, কোঁচা খুলে গায়ে জড়ানো, ছয়ছাড়ার মত দেখতে, কিন্তু দিব্য দীপ্তিতে স্নান করা। বাগবাজারের পোলের কাছে গিরিশ ঘোষের ভাই অভূলের সঙ্গে দেখা।

নরেনের পোশাক দেকে চমকে উঠল অতৃল। 'এ কি, কি হল।' নরেন বললে, 'আমার মা মারা গেছে।'

'বলে কি ? কবে ? কি অমুখ করেছিল ?'

'আমার মা নর, আমার মারা মরে গেছে।' নরেন হেলে উঠল: 'যে মারার বন্ধন কাটিরে ফেলতে পেরেছে তার পথইবা কি, বিপথই বা কি। কি তার নিয়ম কি বা তার বারণ?'

লৈ কি কথা! এই লেদিনের ডেঁপো ইরার, দিব্যি বড় লোকেব ছেলে, উকিল হডে বাচ্ছিল, হঠাৎ ভার এই ভীত্র বৈরাগ্য ! এভ ভীত্র যে দিকবিদিক হঁশ নেই। খালি পায়ে খালি গায়ে গাড়ির কোচ-বাঙ্গে চড়ে চলেছে। হ'লনেই ভো বেড়ুম ঠাকুরের কাছে। হঠাৎ ওর এই অবস্থা আর আমি কিনা সামাস্ত এক হাইকোর্টের উকিল। কিছ কি করব, তিনি যেমন করান তেমনি করি। নরেনকে দিরে নরেনের কাজ, আমাকে দিরে আমার। আমি তো আর নরেন নই!

শরীরে আর দহ্য হচ্ছে না বৈরাগ্য, বহন করা বাচ্ছে না আর কটের গন্ধমালন। অনেকেরই মুখ মান হয়ে উঠেছে। তার উপর বাড়ি থেকে আসছে নানান স্থরের অলুনরবিনর। নানান আরামের প্রলোভন। কেউ-কেউ ভাবলে ফিরে যাই, হুম্ম পরিমিত জীবনেই নিজের আয়তন খুঁজি। এখানে নিরবয়ব নিশ্ছিত্ম অন্ধকার ছাড়া আর কী প্রান্তি, কী ভবিশ্বং! প্রাণহীন, প্রতিধ্বনিহীন স্তব্দুভার সমুক্তই কি ঈশর ! কী হচ্ছে দিবারাত্র এই হুঃসহ কটের বোঝা টেনে, অনাহারে অনিজার নিক্ষান আসনে বসে জ্বাধ্যান করে! তার কি কথনো খোলে! খোলে তো তার কত দেরি ই

শশী বললে, 'নরেন, আর তো পারি না শৃঁইতে। এ ভূমি কোথার সকলকে নিয়ে এলে, কোন শোকাবহ মৃত্যুর গুঁহবরে ?'

নরেনের মুখ মেঘাক্রান্ত আকাশের মত গাঁন্তীর। বললে. 'শশী, একখানা বাইবেল দে।'

भनी वाहरवन अस मिन।

বাইবেলটা খুলেই সহসা এক জায়গায় আঙুল রাখল নরেন। বললে, 'পড়, কি আছে এখানটায় গ'

শলী পড়ল: 'লাঙলে একবার হাত দিরে আর পিছন কিরে ডাকানো চলবে না। লাঙলে হাত দিরেও বে পিছন কিরে ডাকার ডার কসল হয় না।'

দ 'কী বলতেন ঠাকুর।' লাফিরে উঠল নরেন: 'বলভেন, বে খানদানী চাবা শত অক্ষা হলেও সে চাব ছাড়ে না। এক ক্ষেপ বৃষ্টি হয়নি বলেই ডোরা চাষবাস বন্ধ করে দিয়ে দোকানপাট করবি ? এক ডুবে রম্ম না পেলেই কি বলবি সমুক্ষে রম্ম নেই ?

সে বন্ধভরা আশার মন্ত্রে সবাই উদ্দীপ্ত হরে উঠল।
কি হয় এক জন্ম যদি এমনি দরজার করাবাত করভে-করভেই

কেটে বার, দেরালে মাথা কৃটভে-কৃটভে ? কভ জন্ম গিরেছে এর আগে, না হর আরো একটা গেল। সংকরের ধনেই আমরা বিভাগন, আরেকটা জন্মের অপব্যারে কি এমন এসে বাবে আমাদের ? ভূব যখন দিরেইছি ভখন দেখেই যাই না কোথার সেই ভল-অভল রসাভল।'

অভয়মন্ত্রের, আশাসমন্ত্রের প্রতিমৃতি নরেনের দিকে স্বাই ভাকিয়ে রইল একদৃষ্টে ।

নে, পড় পড় আবার এ জারগাটা।' বাইবেলের আরেক পৃষ্ঠা খুলে ধরল নরেন : 'সমস্ত জগং যদিলুপ্ত হয়েও যার তবু আমি আমার পথ ছাড়ব না। সমস্ত পরাভূত মামুব যদি তার আত্মসুখের বিবরে গিয়েও আঞ্র নের, আমি একা সর্যাসী হয়ে থাকব।'

'ভোমার সঙ্গে সাগে আমরাও।' স্বাই বলে উঠল একবাক্যে। 'কি, বৃষ্টি হয়নি সন্ত্রেও আরেকবার চাষ করবি', হাসল নরেন: 'না দোকান দিবি ?'

'দ্বিভীয়বার চাষ করব।'

'সহস্রবার চাষ করব। পাথর বিদীর্ণ করে ফোটাব ভূণাস্কুর।'

ডেকে দাড়িরে স্বামীজি ভাকাল ভটভূমির দিকে, ভার ভারতবর্ষের ভটভূমি। ভার মহিমময় ভারতবর্ষ, তার পরাধীন পরপদশীড়িত ভারতবর্ষ। একদিকে সে কভ ধনী আবার আরেকদিকে সে কভ ছঃছ কত ছুর্গত। একদিকে সে কভ উজ্জ্বল, আরেকদিকে সে কভ নির্জীব। মাধার ভার সোনার মুকুট পায়ে ভার দাসদ শৃত্বল। ভারতবর্ষ ছাড়া আর কিছুই ভাবতে পারছে না স্বামীজি। ভারতবর্ষের প্রতিষ্ঠাই ভার একমাত্র স্বপ্ন।

আমি কি পারব ? প্রভূ কি আমাকে এ সাধনের যোগ্য করে ভূলবেন ?

## প্রথম খণ্ড লিখতে নিমলিখিত স্ভলন্দেনার উপর নির্ভর করেছি:

শ্রীম-কথিত শ্রীশ্রীরামকৃষ্ণকথামৃত
থামী সারদানন্দকৃত শ্রীশ্রীরামকৃষ্ণলীলাপ্রসঙ্গ
প্রমথনাথ বস্থ লিখিত খামী বিবেকানন্দ
মহেন্দ্রনাথ দন্ত প্রণীত শ্রীমং বিবেকানন্দ খামীজির জীবনের ঘটনাবলী
The Life of Swami Vivekananda (Advaita Ashrama)

জ্রীশরচ্চন্দ্র চক্রবর্তীকৃত স্বামীশিয়সংবাদ স্বামী বিবেকানন্দের পত্রাবলী স্বামী বিবেকানন্দের গ্রন্থনিচয়